२য়ঃ খণ্ডঃ।

সটীকং

শ্রীগোবিন্দলীলামৃতম্।

শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামি প্রণীতম্।

শ্রীধাম নবদ্বীপনিবাসি

শ্রীশ্রীশচীনন্দন গোস্বামি ভক্তিরত্নেন অনূদিতং

সংশোধিতঞ্চ।

শ্রীবৃন্দাবনবাসি পরমভাগবত রাজর্ষি রায়

শ্রীযুক্ত বনমালি রায় বাহাদুর ভক্তিভূষণস্য

সম্পূর্ণ সাহায্যেন

শ্রীযুক্ত নিত্যস্বরূপ ব্রহ্মচারি কর্ত্তৃক

শ্রীধাম বৃন্দাবনস্থ স্বকীয় "শ্রীদেবকীনন্দনাখ্যযন্ত্রেণ"

মুদ্রিতং প্রকাশিতঞ্চ।

শ্রীচৈতন্যাব্দাঃ ৪২২।

মূল্যঞ্চ সার্দ্ধমুদ্রাত্রয়ং।

ঘুসৃণমদবিলিপ্তোরোজয়োঃ পক্বতালৈ-
র্লসদলকততীনাং পক্বজম্বূফলৈঃ সা।
ত্বয়ি তব দয়িতায়াঃ স্বঙ্গুলীপর্ব্বকাণা-
মুপমিতিমভিধত্তে পক্বখর্জ্জূরকৈশ্চ ॥ ১০০ ॥

কৃষ্ণং বিনা সুলীলঃ কোবা ব্রজবনমৃতে ক্ব বা লীলা।
ভণ্যত ইতি দাত্যূহৈঃ,
কোবা কোবা ক্ব বা ক্ব বা বিরুতৈঃ ॥ ১০১ ॥

সা প্রাবৃট্‌লক্ষ্মীঃ ত্বয়ি ত্বন্নিমিত্তে বিষয়ে বা তব দয়িতায়াঃ কুঙ্কুমমৃগমদ-লিপ্তয়োঃ কুচয়োরুপমিতিং, পক্বতালৈঃ ; লসদলকততীনামুপমিতিং, পক্বজম্বূ-ফলৈঃ ; স্বঙ্গুলীপর্ব্বকাণামুপমিতিং পক্বখর্জ্জূরকৈরভিধত্তে ॥ ১০০ ॥

কৃষ্ণং বিনা সুলীলঃ শোভনলীলাকর্ত্তা কঃ ? ন কোঽপীত্যর্থঃ। ব্রজবনং বিনা ক্ব বা কুত্র লীলা ? এতাদৃশী লীলা ন ক্বাপীত্যর্থঃ। দাত্যূহৈঃ বিরুতৈঃ-বিশিষ্টশব্দৈঃ কোবা কোবা ক্ববা ক্ববা ইতি ভণ্যতে ॥ ১০১ ॥

কেতকী দ্বারা কিরীট এবং রঙ্গণ সহিত প্রস্ফুটিত যূথিকাপুষ্প, কদম্বপুষ্প, অর্জ্জুন-পুষ্প ও প্রফুল্লিত যূথীসমূহ দ্বারা নানাপ্রকার হার সমর্পণ করিতেছে। ৯৯ ॥

এই বর্ষালক্ষ্মী তোমার নিমিত্ত ত্বদীয় প্রিয়তমা শ্রীরাধিকার কুঙ্কুম ও মৃগ-মদ অর্থাৎ কস্তূরীলিপ্ত স্তনযুগলের সাদৃশ্য, পক্ক তালফল দ্বারা শোভমান অলক্তক শ্রেণীর সাদৃশ্য এবং সুপক্ক জম্বুফল দ্বারা ও সুপক্ক খর্জ্জুর ফল দ্বারা সুন্দর অঙ্গুলিদলের পর্ব্ব (পাব) সকলের উপমান বিধান করিতেছে। ১০০ ॥

অপর শ্রীকৃষ্ণ ব্যতিরেকে কোন্ ব্যক্তি সুন্দর লীলাশালী আছে ? এবং বৃন্দাবন ভিন্ন কোন্ স্থানেই বা এতাদৃশী লীলা সম্পন্ন হইয়া থাকে ? এই বিবেচনাতেই দাত্যূহ (ডাহুক পক্ষিগণ) "কোবা কোবা, ক্ববা ক্ববা" অর্থাৎ "কে কোথায় কে কোথায়' এই শব্দ উচ্চারণ করিতেছে। ১০১ ॥

কৃষ্ণং শশ্বৎস্বলীলাঘনরস-বিতরৈঃ প্রাবৃষং সংসৃজন্তং
হিত্বা কে বা পয়োদাঃ ক্বচিদপি চ কদাপ্যম্বুবৃষ্টিং দদানাঃ।
প্রাবৃট্‌কালঃ স কোবা ষড়্‌ঋতুষু গণিতো মাসযুগ্মপ্রমাণঃ
কেকোনাদৈঃ প্রহর্ষাদিতি দিশি দিশি তাং-
তঞ্চ নিন্দন্তি ভেকাঃ॥ ১০২॥

বর্ষায়তে মধুস্রাবো মধু-পালী ঘনায়তে।
পুরঃ কদম্ববাটীয়ং পশ্যাকং দুর্দিনায়তে॥ ১০৩॥

শশ্বৎ স্বস্য লীলয়া ঘনরসস্য ঘনীভূতদাস্যসখ্যবাৎসল্যশৃঙ্গারাদিরসস্য বিতরৈর্বিতরণৈর্দানৈঃ প্রাবৃষং বৃষ্টিং বর্ষাকালং চ সংসৃজন্তং কৃষ্ণং হিত্বা পয়োদাঃ মেঘাঃ কেবা কীদৃশাঃ! ক্বচিদ্দেশে কদা কস্মিন্ বর্ষাদিকালেঽপ্যম্বু-বৃষ্টিং নতু অন্যবৃষ্টিং দদানাঃ। ষড়্‌ঋতুষু মধ্যে গণিতো মাসযুগ্মপ্রমাণঃ স প্রাবৃট্‌ কালঃ কোবা ইতি প্রহর্ষাৎ ভেকাঃ কেকোনাদৈঃ তান্ পয়োদান্ তঞ্চ প্রাবৃট্‌কালং নিন্দন্তি। বর্ষাকালীয়মেঘসমূহকৃতজলবৃষ্টিতোঽপি কৃষ্ণলীলা-বৃষ্টীনামাধিক্যং তাপাদিহারিত্বং সুখাদিজনকত্বং চানুভূয় তান্ তঞ্চ গর্হ-য়ন্তি॥ ১০২॥

মধূনাং স্রাবঃ ক্ষরণং বর্ষমিবাচরতি বর্ষায়তে, মধুপানাং পালী ভ্রমরশ্রেণী

স্বীয় লীলায় ঘনীভূত দাস্য, সখ্য, বাৎসল্য ও শৃঙ্গারাদি রসের বিতরণে যিনি নিরন্তর বর্ষাকাল রচনা করিতেছেন, এতাদৃশ রসদাতা শ্রীকৃষ্ণকে পরিত্যাগ করিয়া জলদাতা জলধর সকল কে? অর্থাৎ তাহারা ত কোন এক প্রদেশে বর্ষাদি কালেই জল বর্ষণ করে এবং সেই বর্ষাকালই বা কি? যাহা ছয় ঋতুর মধ্যে গণিত ও দুই দুই মাস যাহার প্রমাণ। এই বলিয়াই ভেক-গণ অত্যন্ত হৃষ্টান্তঃকরণে দিক্‌বিদিকে "কে কো" এইরূপ অব্যক্ত ধ্বনিতে সেই জলধরগণকে ও সেই বর্ষাকালকে নিন্দা করিতেছে অর্থাৎ বর্ষাকালীন মেঘসমূহকৃত জলবর্ষণ হইতেও কৃষ্ণলীলাবর্ষণ আধিক্য এবং তাপহারিত্ব ও সুখাদিজনকত্ব বিবেচনা করিয়া মেঘ ও বর্ষাকালকে 'কে কো' নাদে নিন্দা করিতেছে॥ ১০২॥

আর দেখ, এই মধুস্রাব অর্থাৎ বৃক্ষগণের নির্যাস ক্ষরণ বৃষ্টিধারার ন্যায়,

স্বপ্রেষ্ঠয়াসৌ বিলসন্ শিখণ্ডী
শিখণ্ডিনীর্বীক্ষ্য পুরঃ সমেতাঃ ।
আচ্ছাদয়ংস্তাং নিজ-পিঞ্ছতত্যা
নৃত্যত্যসৌ তাঃ পুরতো বিধায় ॥ ১০৪ ॥

ইত্থং পুষ্ণন্ প্রাবৃষেণ্যাং শ্রিয়ং তাং
রাধাশম্পালিঙ্গিতঃ কৃষ্ণমেঘঃ ।
আলীচক্ষুশ্চাতকান্ সুষ্ঠু ধিম্বন্
বিশ্বং সিঞ্চত্যেষ লীলামৃতৈঃ স্বৈঃ ॥ ১০৫ ॥

বর্ণসাম্যাৎ ঘন ইব মেঘ ইবাচরতি ঘনায়তে, ইয়ং কদম্ববাটী দুর্দ্দিনমিবাচরতি। "মেঘাচ্ছন্নেহহ্নি দুর্দিন"মিত্যমরঃ ॥ ১০৩ ॥

অসৌ শিখণ্ডী ময়ূরঃ স্বস্য প্রেষ্ঠয়া প্রিয়য়া সহ বিলসন্ পুরঃ সমেতাঃ মিলিতাঃ শিখণ্ডিনী বীক্ষ্য তাঃ শিখণ্ডিনীঃ পুরতো বিধায় নিজপিঞ্ছতত্যা তাং স্বপ্রেষ্ঠাং শিখণ্ডিনীমাচ্ছাদয়ন্ নৃত্যতি ॥ ১০৪ ॥

রাধৈব শম্পা বিদ্যুৎ তয়ালিঙ্গিতঃ কৃষ্ণমেঘঃ প্রাবৃষেণ্যাং প্রাবৃষি ভবাং তাং শ্রিয়মিত্থং পুষ্ণন্ আলীনাং চক্ষুশ্চাতকান্ ধিম্বন্ প্রীণন্ স্বৈ লীলামৃতৈ বিশ্বং সিঞ্চতি। ভাবার্থে প্রাবৃষ এণ্য প্রত্যয়ঃ ॥ ১০৫ ॥

॥ * ॥ ইতি শ্রীগোবিন্দলীলামৃতে সদানন্দবিধায়িন্যাং দ্বাদশসর্গার্থঃ ॥ * ॥

ভ্রমরশ্রেণী—জলধরের ন্যায় এবং এই অগ্রবর্ত্তি কদম্ববাটী—দুর্দ্দিনের ন্যায় আচরণ করিতেছে ॥ ১০৩ ॥

অপর, এই ময়ূর—স্বীয় প্রিয়তমা ময়ূরীর সহিত বিলাস করিতে করিতে সম্মুখে মিলিত অপরাপর ময়ূরী সকলকে অবলোকন পূর্ব্বক তাহাদিগকে অগ্রে করিয়া স্বীয় পিঞ্ছশ্রেণী দ্বারা স্বপ্রিয়াকে আচ্ছাদন করত নৃত্য করিতেছে ॥ ১০৪ ॥

শ্রীকৃষ্ণরূপ জলধর, শ্রীরাধারূপিণী সৌদামিনী কর্তৃক আলিঙ্গিত হইয়া

শ্রীচৈতন্য-পদারবিন্দ-মধুপ শ্রীরূপসেবা-ফলে
দিষ্টে শ্রীরঘুনাথদাসকৃতিনা শ্রীজীব-সঙ্গোদ্গতে।
কাব্যে শ্রীরঘুনাথভট্টবরজে গোবিন্দলীলামৃতে
সর্গো দ্বাদশ এষ গুষ্ঠু নিরগান্মধ্যাহ্নলীলামনু॥ *॥

॥ ১২ ॥ *॥

এই প্রকার বর্ষাকালীন শোভা বিস্তার করত সখীগণের নেত্ররূপ চাতককে প্রীতিযুক্ত করিয়া লীলামৃত দ্বারা বিশ্বকে সিঞ্চন করিতেছেন॥ ১০৫॥

শ্রীকৃষ্ণ চৈতন্যমহাপ্রভুর পদারবিন্দের মধুপায়ি ভ্রমর স্বরূপ শ্রীরূপ গোস্বামীর সেবার ফল, শ্রীরঘুনাথ দাস গোস্বামি কর্তৃক প্রেরিত, শ্রীমজ্জীব গোস্বামীর সঙ্গ হেতু সমুদ্ভূত এবং শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীর বর প্রভাবে প্রাদুর্ভূত শ্রীগোবিন্দলীলামৃত মহাকাব্যে মধ্যাহ্নলীলানামক দ্বাদশ সর্গ সমাপ্ত হইল।

ত্রয়োদশঃ সর্গঃ।

—:*:—

ততস্তৈরাগতঃ কৃষ্ণঃ সীমাং কাননভাগয়োঃ।
তচ্ছোভামাহ কান্তায়ৈ ঋতুযুগ্ম-শ্রিয়ান্বিতাম্॥ ১॥
নির্যদ্বর্ষাখ্যবাল্যোদ্যচ্ছরত্তরুণিমাঙ্কুরা।
কিশোরীতনুবদ্ভাতি প্রিয়ে! পশ্যাটবী পুরঃ॥ ২॥
প্রবিগতকুসুমাং কালে, প্রবয়সমিব যূথিকাং হিত্বা।
প্রোদ্যৎকুসুমাং জাতীং, মুগ্ধামিব সংমিলত্যসৌ ভ্রমরঃ॥৩

কৃষ্ণস্তৈঃ স্বজনৈঃ সহ প্রাবৃট্শারদীয়কাননভাগয়োঃ সীমামাগতঃ ঋতুযুগ্ময়োঃ প্রাবৃট্শরদোঃ শ্রিয়াম্বিতাং তচ্ছোভাং বনশোভাং কান্তায়ৈ আহ॥১॥

হেপ্রিয়ে কিশোর্য্যাস্তনুবৎ অটবী ভাতি, পশ্য। উভয়সাম্যমাহ নির্যৎ নির্গচ্ছৎ বর্ষাখ্যং বাল্যং যস্যাঃ সা চাসৌ উদ্যচ্ছরদ্রূপতরুণিমাঙ্কুরো যস্যাঃ সা চ॥ ২॥

কালে প্রবয়সং প্রাপ্তবৃদ্ধাবস্থাং অতঃ প্রকর্ষেণ বিগতং রহিতং কুসুমং ঋতুকালো যস্যাস্তাং। প্রবিগতকুসুমাং নারীমিব। প্রবয়সং সময়াতীতাং

অনন্তর শ্রীকৃষ্ণ স্বজন সকলের সহিত বর্ষা ও শরৎকালীন কাননের দুই বিভাগের সীমায় অর্থাৎ উভয় ঋতুর সন্ধিতে মনোজ্ঞ কাননে উপস্থিত হইয়া প্রিয়তমা শ্রীরাধার নিকট ঐ ঋতুদ্বয়ের শ্রীযুক্ত বনশোভা বর্ণন করিতে লাগিলেন॥ ১॥

হে প্রিয়ে! এই দেখ, এই অটবী কিশোরীর অর্থাৎ একাদশবর্ষীয়া স্ত্রীর শরীরের ন্যায় শোভা পাইতেছে, কারণ ইহার অঙ্গ হইতে বর্ষানামক বাল্য ও শরৎরূপ তারুণ্যাঙ্কুর উদ্গত হইতেছে॥ ২॥

প্রিয়ে! দেখ, এই ভ্রমর পুষ্পবিহীনা যূথিকাকে বৃদ্ধা নারীর ন্যায় পরি-

ত্রয়োদশঃ সর্গঃ।

—:*:—

ততস্তৈরাগতঃ কৃষ্ণঃ সীমাং কাননভাগয়োঃ।
তচ্ছোভামাহ কান্তায়ৈ ঋতুযুগ্ম-শ্রিয়ান্বিতাম্ ॥ ১ ॥
নির্যদ্বর্ষাখ্যবাল্যোদ্যচ্ছরত্তরুণিমাঙ্কুরা।
কিশোরীতনুবদ্ভাতি প্রিয়ে! পশ্যাটবী পুরঃ ॥ ২ ॥
প্রবিগতকুসুমাং কালে, প্রবয়সমিব যূথিকাং হিত্বা।
প্রোদ্যৎকুসুমাং জাতীং, মুগ্ধামিব সংমিলত্যসৌ ভ্রমরঃ ॥৩

কৃষ্ণস্তৈঃ স্বজনৈঃ সহ প্রাবৃট্‌শারদীয়কাননভাগয়োঃ সীমামাগতঃ ঋতুযুগ্মযোঃ প্রাবৃট্‌শরদোঃ শ্রিয়ান্বিতাং তচ্ছোভাং বনশোভাং কান্তায়ৈ আহ ॥১॥

হেপ্রিয়ে কিশোর্য্যাস্তনুবৎ অটবী ভাতি, পশ্য। উভয়সাম্যমাহ নির্যৎ নির্গচ্ছৎ বর্ষাখ্যং বাল্যং যস্যাঃ সা চাসৌ উদ্যচ্ছরদ্রূপতরুণিমাঙ্কুরো যস্যাঃ সা চ ॥ ২ ॥

কালে প্রবয়সং প্রাপ্তবৃদ্ধাবস্থাং অতঃ প্রকর্ষেণ বিগতং রহিতং কুসুমং ঋতুকালো যস্যাস্তাং। প্রবিগতকুসুমাং নারীমিব। প্রবয়সং সময়াতীতাং

অনন্তর শ্রীকৃষ্ণ স্বজন সকলের সহিত বর্ষা ও শরৎকালীন কাননের দুই বিভাগের সীমায় অর্থাৎ উভয় ঋতুর সন্ধিতে মনোজ্ঞ কাননে উপস্থিত হইয়া প্রিয়তমা শ্রীরাধার নিকট ঐ ঋতুদ্বয়ের শ্রীযুক্ত বনশোভা বর্ণন করিতে লাগিলেন ॥ ১ ॥

হে প্রিয়ে! এই দেখ, এই অটবী কিশোরীর অর্থাৎ একাদশবর্ষীয়া স্ত্রীর শরীরের ন্যায় শোভা পাইতেছে, কারণ ইহার অঙ্গ হইতে বর্ষানামক বাল্য ও শরৎরূপ তারুণ্যাঙ্কুর উদ্গত হইতেছে ॥ ২ ॥

প্রিয়ে! দেখ, এই ভ্রমর পুষ্পবিহীনা যূথিকাকে বৃদ্ধা নারীর ন্যায় পরি-

পরিণতবরগুঞ্জা-পুঞ্জশোণাটবীয়ং
পতিতশিখিশিখণ্ডা কাশপুষ্পৈঃ সিতা ভূঃ।
শিখিভিরপি মূকা বাগ্মিনী হংসপঙ্‌ক্তিঃ
কথয়তি ঋতুলক্ষ্মীং শারদীমাগতাং নঃ ॥ ৪ ॥
সেফালিকাকুসুমপালিমলিঃ সতৃষ্ণো
যাং যাং মুদা স্পৃশতি সংস্খলতি স্ম সা সা।

অতঃ প্রবিগতপুষ্পাং যূথিকাং ত্যক্ত্বা অসৌ ভ্রমরো ভ্রমর ইব কামুক পুরুষ ইব মুগ্ধাং বালিকামতঃ প্রোদ্যৎকুসুমাং প্রোদ্যৎঋতুমুগ্ধাং প্রাপ্তসময়াং অতঃ প্রোদ্যৎকুসুমাং জাতীং সংশ্রয়তি। "ভ্রমরঃ কামুকে ভৃঙ্গে"ইতি। "কুসুমং স্ত্রী-রজোনেত্ররোগয়োঃ ফলপুষ্পয়ো"রিতি চ মেদিনী ॥ ৩ ॥

ইয়মটবী নঃ অস্মভ্যং আগতাং শারদীং ঋতুলক্ষ্মীং কথয়তি। চিহ্নমাহ কীদৃশী অটবী? পরিণতাঃ পক্বা যা বরগুঞ্জাস্তাসাং পুঞ্জেন শোণা রক্তা। ভূশ্চ কথয়তি; কীদৃশী? পতিতানি শিখিনাং ময়ূরাণাং শিখণ্ডানি পুচ্ছানি যত্র সা। পুনঃ কাদৃশী? কাশানাং কাশিয়া ইতি খ্যাতানাং উড্ডীয়পতিতপুষ্পৈঃ সিতা শুক্লা মূকা। শিখিভিরপি কথয়তি। বাগ্মিনী অতিবাক্‌যুতা হংসপঙ্‌ক্তিঃ কথয়তি ॥ ৪ ॥

সতৃষ্ণোঽলির্ভ্রমরঃ যাং যাং সেফালিকাকুসুমপালিং মুদা স্পৃশতি সা সা

ত্যাগ পূর্ব্বক মুগ্ধা নারীর তুল্য প্রস্ফুটিত কুসুমজাতীকে আশ্রয় করিতেছে ॥ ৩ ॥

প্রিয়ে! দেখ, এই অটবী আমাদিগকে সমাগত শরৎ ঋতুর শোভা বলিয়া দিতেছে, কারণ এই অটবী পরিপক্ব সুন্দর গুঞ্জাফলে রক্তবর্ণ, ইহার ভূভাগে ময়ুর সকলের শিখণ্ড (পিচ্ছ) সমূহ নিপতিত এবং ইহার ভূভাগ কাশপুষ্পে শুভ্রবর্ণ তথা মেঘাপগমে ইহাতে ময়ুরগণ নিস্তব্ধ ও হংসী সকল বহুবাক্যযুক্তা হইয়াছে ॥ ৪ ॥

হে সুমুখি! আমি বংশী অন্বেষণ সময়ে যে যে সখীর সমীপে গমন

আলীততিং সুমুখি ! যদ্বদহং তদানীং
যাং যাং সসার চকিতাপসসার সা সা ॥ ৫ ॥
অথাবদৎ কুন্দলতা নিচায়তং
বৃন্দাবনেশৌ ! বনভাগমগ্রতঃ ।
ইমং শরচ্চারুতয়েহ বিশ্রুতং
বয়স্যয়া বাং শরদা বিভূষিতম্ ॥ ৬ ॥
চঞ্চৎখঞ্জনলোচনাম্বুজমুখী লোলালিমালালকা
খেলৎকোককুচা সিতাভ্রসিচয়া রক্তোৎপলৌষ্ঠাধরা ।

সংস্খলতি । হে সুমুখি ! বংশান্বেষণসময়ে যদ্বৎ তদানীং যাং যাং আলীততিং অহং সসার । সা সা চ চকিতা সতী অপসসার পলায়নপরা বভূব তদ্বদিত্যর্থঃ ॥ ৫

অথানন্তরং কুন্দলতাহ—হে বৃন্দাবনেশৌ ইহাগ্রতোঽগ্রে ইমং বনভাগং নিচায়তং পশ্যতং, কীদৃশং ? বাং যুবয়োর্বয়স্যয়া সহ শরদা কর্ত্র্যা বিভূষিতং, অতঃ শরচ্চারুতয়া শরদি শরদা চারুরিতি শরচ্চারুস্তস্যা ভাবেন বিশ্রুতং খ্যাতং ॥ ৬ ॥

হে নাথৌ ইয়ং শরৎসখী বাং যুবয়োঃ সেবোৎসুকাস্তে যুবাং পশ্যতং, সখীরূপমাহ—চঞ্চৎখঞ্জনলোচনে যস্যাঃ সা । অম্বুজানি মুখং যস্যাঃ । চঞ্চল-

---

করিয়াছিলাম তাহারা সকলেই চকিত হইয়া যেমন ইতস্ততঃ পলায়নপরা হইয়াছিল, তদ্রূপ এই সতৃষ্ণ ভ্রমর আনন্দসহকারে যে যে সেফালিকা-পুষ্পগুলিকে স্পর্শ করিতেছে, সে সে স্খলিত হইয়া পতিত হইতেছে ॥ ৫ ॥

অনন্তর কুন্দলতা কহিলেন, হে বৃন্দাবনাধীশ্বর শ্রীরাধাকৃষ্ণ ! তোমরা উভয়ে এই অগ্রবর্ত্তি বনভাগ দর্শন কর । কারণ, তোমাদের বয়স্যা শরৎ ঋতু ইহাকে বিভূষিত করিয়াছে, অতএব মনোজ্ঞ শারদীয় শোভায় বিখ্যাত হইয়াছে ॥ ৬ ॥

হে নাথদ্বয় ! এই শরৎ সখী—তোমাদিগের উভয়ের সেবনার্থ উৎসুক হইয়াছে, কারণ ঐ দেখ, চঞ্চল খঞ্জনই ইহার নয়ন, কমলই বদন, ইতস্ততঃ

কূজৎসারসপালিরম্যরসনা নীলোৎপলোত্তংসিকা
নাথৌ! পশ্যতমত্র বাং শরদিয়ং সেবোৎসুকাস্তে সখী ॥ ৭ ॥
জাতীভিঃ সহরঙ্গণাভিরখিলাঙ্গালঙ্কৃতীঃ কৈরবৈ-
রুত্তংসানবতংসকাংশ্চ সুভগৌ ! রক্তোৎপলেন্দীবরৈঃ ।
শয্যাং কুঞ্জগৃহে স্বয়ং নিপতিতৈঃ সেফালিকাসঞ্চয়ৈ-
র্নির্ম্মায়ার্পয়িতুং শরৎসহচরী বাং বর্ত্ম সংবীক্ষ্যতে ॥ ৮ ॥

ভ্রমরশ্রেণী অলকা যস্যাঃ। খেলন্তঃ কোকাশ্চক্রবাকাঃ কুচৌ যস্যাঃ, সিতঃ শুক্লোমেঘ এব (ইব)সিচয়ঃ বস্ত্রং যস্যাঃ। কূজন্তী সারসপালিঃ সারসশ্রেণী-রম্যা রসনা কাঞ্চী যস্যাঃ। নীলোৎপলানি উত্তংসাঃ কর্ণভূষাঃ যস্যাঃ সা। সখীপক্ষে চঞ্চৎখঞ্জনাবিব লোচনে যস্যাঃ। এবং সর্ব্বত্র জ্ঞেয়ং ॥ ৭ ॥

শরৎ সহচরী ইদং সর্ব্বং নির্ম্মায় বাং যুবাভ্যাং অর্পয়িতুং বর্ত্ম যুবয়োর্বর্ত্ম সংবীক্ষ্যতে। কিং কিং তদাহ—রঙ্গণপুষ্পৈঃ সহ বর্ত্তমানা সহরঙ্গণাস্তাভিঃ জাতীভিরখিলাঙ্গানামলঙ্কৃতীঃ। কৈরবৈঃ কুমুদৈরুত্তংসান্ শিরোভূষণানি। রক্তোৎপলেন্দীবরৈরবতংসকান্ কর্ণভূষণানি সেফালিকাভিঃ শয্যাং ॥ ৮ ॥

চঞ্চল অলিকুলই অলক অর্থাৎ চূর্ণ কুন্তল, ক্রীড়াপর চক্রবাকই স্তন, ধবলবর্ণ মেঘমণ্ডলই বসন, রক্তোৎপলই ওষ্ঠাধর, শব্দায়মান সারসশ্রেণীই রমণীয় চন্দ্রহার এবং নীলোৎপলই কর্ণভূষণ হইয়াছে। (সখীপক্ষে, সখীগণও খঞ্জন-লোচনা ও পদ্মমুখী ইত্যাদি) ॥ ৭ ॥

এবং এই শরৎসহচরী রঙ্গণপুষ্পযুক্ত জাতিপুষ্পে অঙ্গনাগণের অলঙ্কার সমূহ, কুমুদপুষ্প শিরোভূষণ সকল, সুন্দর রক্তোৎপল ও ইন্দীবরে কর্ণভূষণচয় এবং কুঞ্জগৃহে স্বয়ং নিপতিত সেফালিকা পুষ্পনিচয়ে শয্যা রচনা করত তোমাদিগকে অর্পণ করিবার নিমিত্ত পথ নিরীক্ষণ করিতেছে ॥ ৮ ॥

প্রফুল্লসপ্তচ্ছদদান-সৌরভঃ
সিতাম্বুদালীকুথসংবৃতাঙ্গকঃ।
কাশপ্রসূনাবলিচারুচামরঃ
স্মরোন্মদোক্ষালিবিরাববৃংহিতঃ ॥ ৯ ॥
নভোনদৎসারসকিঙ্কিণী-কলঃ
সোঽয়ং শরৎকালমনোজবারণঃ।
স্বনন্মরালাদিকপত্রিনিস্বনদ্-
ঘণ্টাচয়ো দীব্যতি কাননে পুরঃ ॥ ১০ ॥ যুগ্মকম্ ॥

সোঽয়ং শরৎকাল এব মনোজস্য কামস্য বারণো হস্তী পুরঃ কাননে দীব্যতীতি পরশ্লোকস্থেনান্বয়ঃ, কীদৃশঃ প্রফুল্লসপ্তচ্ছদঃ ছাতনা ইত্যাখ্যঃ স এব দানস্য মদস্য সৌরভো যত্র সঃ। সিতাম্বুদশ্রেণী কুথেন কম্বলবিশেষেণ সংবৃতমঙ্গং যস্য সঃ। কাশস্য কাশ ইতি মুঞ্জা ইত্যাখ্যস্য প্রসূনাবলিশ্চারুচামরং যস্য সঃ। স্মরেণ উন্মদা মত্তা উক্ষা বৃষা অলয়ো ভ্রমরাঃ বয়ঃ পক্ষিণ এষাং রাবঃ শব্দ এব বৃংহিতং যত্র সঃ ॥ ৯ ॥

নভোনদৎসারসৈঃ কিঙ্কিণীনাং কলমধুরধ্বনি র্যত্র সঃ। যদ্বা। নভসি-নদন্তঃ সারসা এব কিঙ্কিণ্যস্তাঃ কলয়তীতি সঃ। স্বনন্তো মরালাদিকাঃ হংসাদয়ঃ পত্রিণঃ পক্ষিণ ইব নিস্বনৎশব্দযুক্‌ঘণ্টাসমূহো যস্য সঃ ১০ ॥

আর, এই দেখ কন্দর্পরাজের বিখ্যাত শরৎকালরূপী গজরাজ পুরোবর্ত্তি কাননমধ্যে শোভা পাইতেছে, প্রফুল্ল সপ্তচ্ছদ (ছাতিনা) বৃক্ষের সৌরভই ইহার মদজল, ধবলবর্ণ মেঘশ্রেণীরূপ কম্বলে অঙ্গ আবৃত, কাশকুসুম সমূহই মনোজ্ঞ চামর, কামোন্মত্ত বৃষ, ভ্রমর ও পক্ষিগণের শব্দই বৃংহণ, গগনমার্গে শব্দায়মান সারস সকলই কিঙ্কিণীর অব্যক্ত ধ্বনি এবং শব্দায়মান হংসাদি পক্ষিগণের শব্দই নিনাদিত ঘণ্টানিচয় হইয়াছে ॥ ৯—১০ ॥

কমলা-করলালিতা সদা, পরমহংসসমূহৈকসংশ্রয়া।
বিলসচ্চক্ররুচি র্বভৌ পুরঃ, শরদেষা ভগবত্তনূরিব ॥ ১১॥
অথ তে শুশ্রুবুঃ সর্ব্বে পক্কামৃতফলদ্রুমে।
শুকানাং শারিকাবৃন্দৈ বিতণ্ডাং তদধঃস্থিতাঃ ॥ ১২ ॥
বেদান্তাধ্যাপনাচার্য্যা অনূচানা বয়ং দ্বিজাঃ।
শ্রীভিরাস্পৃষ্টবৃক্ষাণাং পক্কাঃ ফলভক্ষণাৎ ॥ ১৩ ॥

ভগবতস্তনু মূর্ত্তিরিব এষা শরৎ পুরে হগ্রে বভৌ। উভয়সাম্যমাহ কমলায়াঃ লক্ষ্যাঃ করেণ লালিতা সেবিতা। শরৎপক্ষে, কমলস্য পদ্মস্য আকরেণ উৎপাদকেন সরোবরেণ শোভাযুক্তা। পরমহংসাশ্রয়যুগানামেকসংশ্রয়া। পক্ষে, শ্রেষ্ঠহংসপক্ষিণামেকসংশ্রয়া, বিলসচ্চক্ররূপচিহ্নেন চক্রাখ্যাস্ত্রেণ বা রুচি র্যস্যা সা। পক্ষে, চক্রবাকেন ॥ ১১ ॥

অথানন্তরং তে সর্ব্বে পক্কামৃতফলদ্রুমে শুকানাং শারিকাবৃন্দৈঃ সহ বিতণ্ডাং শুশ্রুবুঃ। কিম্ভূতাঃ? তস্য বৃক্ষস্যাধঃ স্থিতাঃ ॥ ১২ ॥

শুকবাক্যং। বয়ং দ্বিজাস্তথাপি বেদান্তশাস্ত্রস্যাধ্যাপনে পাঠনে আচার্য্যাঃ।

ভগবান্ শ্রীবিষ্ণুর বিগ্রহ যেমন লক্ষ্মীর করলালিত, পরমহংসগণের নিত্য আশ্রয় ও বিলাসান্বিত চক্র দ্বারা শোভমান, তদ্রূপ এই শরৎ—কমলাকার অর্থাৎ কমলের উৎপত্তি স্থান তড়াগে সুশোভিত, উৎকৃষ্ট হংস সকলের একমাত্র নিবাসভূমি এবং চক্রবাক পক্ষি দ্বারা শোভা পাইতেছে ॥ ১১ ॥

অতঃপর শুকশারিকাগণের বিতণ্ডাই বর্ণিত হইতেছে—

অনন্তর, শ্রীরাধা, শ্রীকৃষ্ণ মধুমঙ্গল, পৌর্ণমাসী, বৃন্দাদেবী, কুন্দবল্লী ও অন্যান্য সখীসকল বৃক্ষের অধোদেশে অবস্থিত হইয়া অমৃতময় সুপক্ক ফলযুক্ত বৃক্ষের উপরি শারিকাগণের সহিত শুকপক্ষিদিগের বিতণ্ডা শ্রবণ করিতে লাগিলেন ॥ ১২ ॥

শুকপক্ষী কহিল, আমরা দ্বিজ ও অনূচান অর্থাৎ গুরুর নিকট নিখিল বেদ বেদাঙ্গ অধ্যয়ন করিয়া বেদান্ত শাস্ত্রের অধ্যাপনা করত আচার্য্য হইয়াছি

বনং বৃন্দাবনেশেন দত্তমেতং প্রতুষ্যতা।
অস্মভ্যং শারিকাস্তস্মাদ্গচ্ছতান্যত্র দাসিকাঃ! ॥ ১৪ ॥
যুগ্মকম্ ॥

প্রভু-দ্বিষঃ প্রজা যূয়ং রাধৈব যদ্বনেশ্বরী।
পুরাণেষ্বিদমেবোক্তং "রাধা বৃন্দাবনে বনে" ॥ ১৫ ॥
শ্রুত্যা কৃষ্ণবনত্বেন মদেতদ্ গীয়তে বনম্।
রাধাতে হি স্মৃতিঃ শ্রুত্যা তদ্বিচারয়ত স্বয়ম্ ॥ ১৬ ॥

তত্রাপি অনূচানাঃ গুরোঃ সকবেদাধ্যাপনকৃতাঃ। "অনূচানঃ প্রবচনে সাঙ্গে হধীতী গুরোস্তু য" ইত্যমরঃ স্ত্রীভিরাসম্যক্স্পৃষ্টবৃক্ষাণাং ফলভক্ষণাৎ পতামঃ ॥ ১৩ ॥

প্রতুষ্যতা বৃন্দাবনেশেন কৃষ্ণেন এতদ্বনমস্মভ্যং দত্তং। তস্মাৎ দাসিকা শারিকা যূয়মন্যত্র গচ্ছত ॥ ১৪ ॥

শারীবাক্যং। প্রজা যূয়ং প্রভোঃ শ্রীরাধায়াঃ দ্বিষঃ। যদবস্মাৎ বনেশ্বরী রাধৈব। অত্র শাস্ত্রপ্রমাণমাহ পুরাণেষ্বিত্যাদি। "রুক্মিণী দ্বারবত্যাস্তু রাধা বৃন্দাবনে বনে" ইত্যাদি ॥ ১৫ ॥

শুকবাক্যং। শ্রুত্যা কৃষ্ণবনত্বেন বৃন্দাবনং গীয়তে যৎ স্বয়ং বিচারয়ত।

কিন্তু এই সকল স্ত্রীগণের সংস্পৃষ্ট, ইহাদের ফল ভোজন করিলে আমরা পতিত হইব ॥ ১৩ ॥

বিশেষতঃ বৃন্দাবনপতি শ্রীকৃষ্ণ সন্তোষ হইয়া এই বন আমাদিগকে সমর্পণ করিয়াছেন, অত এব হে দাসিকা শারিকাগণ! তোমরা অন্যত্র গমন কর ॥ ১৪ ॥

এই কথা শ্রবণ করিয়া শারিকা সকল কহিল, অহে শুকগণ! তোমরা সকলে প্রভুর বিদ্বেষি প্রজা, যে হেতু শ্রীরাধাই এই বনের অধীশ্বরী। এবং পুরাণশাস্ত্রে বর্ণিত হইয়াছে যে, "শ্রীরাধাই বৃন্দাবনের অধীশ্বরী" ॥ ১৫ ॥

অনন্তর শুকসকল বলিল হে শারিকাগণ! শ্রুতিতে যখন এই বনকে

হরেরিয়ং বনেশতা সমস্তলোকবিশ্রুতা।
শ্রুতিস্মৃতিপ্রমাণিকা জগন্মনঃপ্রমোদিকা ॥ ১৭ ॥
নাত্র স্বস্বামিসম্বন্ধো রাধায়াঃ কেবলো বনে।
অপি চাঙ্গাঙ্গিসম্বন্ধ স্তদঙ্গপ্রতিবিম্বকাত্র সৎ ॥ ১৮ ॥

হে শারিকা! "তৎ কিং নো বেথ" ইতি পাঠান্তরং। হি যস্মাৎ শ্রুত্যা স্মৃতি-বাঁধোত তস্মাৎ কৃষ্ণস্যৈবেদং বনং ॥ ১৬ ॥

হরেরিয়ং বনেশতা বনেশ্বরত্বং সমস্তলোকেষু জনেষু চ বিশ্রুতা খ্যাতা কিম্ভূতা শ্রুতিঃ স্মৃতিশ্চ প্রমাণং যস্যাং সা; জগতাং মনঃ প্রমোদো যস্যাং তথাভূতা চ অতঃ সর্ব্বত্র প্রসিদ্ধ্যা বেদাদিসম্মত্যাচ শ্রীকৃষ্ণস্যৈব বনেশতা দৃঢ়েত্যর্থঃ ॥ ১৭ ॥

বনে শ্রীকৃষ্ণৈকাত্মাধিকারশ্রবণং অসহমানাঃ শার্য্য আহুঃ। অত্র বনে যুষ্মদুক্তং কৃষ্ণস্য স্বস্বামিসম্বন্ধ ইব যঃ শ্রীরাধায়াঃ কেবলঃ স্বস্বামিসম্বন্ধো ন অপি চাঙ্গাঙ্গিসম্বন্ধো বর্ত্ততে। অঙ্গাঙ্গিসম্বন্ধমাহ—যদস্মাদত্র বনে তস্যাঃ রাধায়াঃ অঙ্গবিম্বতাস্তি। অতোঽস্মদীশ্বর্য্যা এবেদং বনং ॥ ১৮ ॥

কৃষ্ণবন বলিয়া কীর্ত্তন করিয়াছেন, তখন তোমরা স্বয়ং তাহা বিচার কর, যখন শ্রুতি প্রমাণে দ্বারা স্মৃতিপ্রমাণ বাধিত হইয়া থাকে তখন শ্রীকৃষ্ণেরই এই বন নিশ্চয় জানিবে ॥ ১৬ ॥

অপর, শ্রীকৃষ্ণই যে এই বনের অধীশ্বর, ইহা সকল লোকেই প্রসিদ্ধ আছে শ্রুতি স্মৃতি ইহার প্রমাণিকা অর্থাৎ প্রমাণকারিণী এবং জগজ্জনের প্রমোদ-স্বরূপা ॥ ১৭ ॥

অনন্তর "বনে শ্রীকৃষ্ণেরই একমাত্র অধিকার" এবম্বিধ শুকের বাক্য সহ্য করিতে না পারিয়া শারিকাগণ কহিতে লাগিল—হে শুক! এই বনে কেবল যে শ্রীকৃষ্ণেরই স্বীয় স্বামিত্ব সম্বন্ধ আছে, শ্রীরাধার স্বস্বামিত্বসম্বন্ধ নাই সত্য, কিন্তু এই বনে তাঁহার অঙ্গাঙ্গি সম্বন্ধও আছে যে হেতু এই বনে শ্রীরাধার অঙ্গপ্রতিবিম্ব বর্ত্তমান রহিয়াছে, অতএব আমাদের ঈশ্বরী শ্রীরাধারই এই বন ॥ ১৮ ॥

অন্তঃকৌটিল্যমালিন্যা বহির্বীক্ষণরঞ্জনাঃ ।
গোপালা ভান্ত্যমী পক্বমহাকালফলোপমাঃ ॥ ১৯ ॥
বাম্যবল্কলসংছন্না দৃঢ়মানাস্থিসংবৃতা ।
নারিকেলফলানাং বা গোপিকানাং রসস্থিতিঃ ॥ ২০ ॥

ইত্থং বনাধিকারবিষয়ে শার্যাঃ শুকান্নির্বচনীকৃত্য শ্রীরাধায়া উৎকর্ষবর্ণনাবেশেন গোপালা ইতি সামান্যেন কৃষ্ণস্য লঘুত্বমুদ্ঘাটয়ন্ত্য আহুরন্তরিতি। পক্বমহাকালফলং মাখালাখ্যং ফলং উপমা যেষাং তেঽমী গোপালা ভান্তি। ফলেন সাম্যমাহ—অন্তর্মধ্যে কৌটিল্যরূপং মালিন্যং যেষাং তে। বহির্বীক্ষণে রঞ্জনা মনোহরাঃ। ফলস্য মধ্যে মালিন্যং রক্তবর্ণস্থ বহিঃ ॥ ১৯ ॥

বাম্যরূপবল্কলেন ত্বচা সংছন্না সম্যগাবৃতা। দৃঢ়মানরূপাস্থিনা সংবৃতা নারিকেলফলানাং বা ইব গোপিকানাং রসস্থিতিরিতি। বা শব্দ ইবার্থে ॥২০॥

এইরূপে বনাধিকার বিষয়ে শারিকাসকল শুকদিগকে নির্ব্বচন করিয়া শ্রীরাধার উৎকর্ষ বর্ণন আবেশে "গোপালক" এই সামান্য শব্দ দ্বারা শ্রীকৃষ্ণের লঘুত্ব উদ্ঘাটন পূর্ব্বক কহিতে লাগিল—

হে শুক! এই সকল গোপাল দিগের অন্তঃকরণ কুটিলতা ও মলিনতায় পরিপূর্ণ, কিন্তু বাহ্যদৃষ্টিতে ইহারা অতি মনোহর, অতএব সুপক্ব মহাকালের ন্যায় অর্থাৎ মাকাল ফল যেমন ভিতরে কৃষ্ণবর্ণ বাহিরে সুন্দর রক্তবর্ণ তদ্রূপ শোভা পাইতেছে ॥ ১৯ ॥

শুক সকল কহিল হে শারিকাগণ! ব্রজাঙ্গনাদিগের যে রস বিষয়ে অবস্থিতি তাহা শঠতারূপ বল্কলে এবং সুদৃঢ়মানরূপ অস্থিতে সমাচ্ছন্ন, যেমন নারিকেল ফলে জলের অবস্থিতি দুর্ভেদ্য বল্কলে ও সুদৃঢ় অস্থিমালায় আচ্ছাদিত থাকে তদ্রূপ ॥ ২০ ॥

বহিরন্তশ্চৈকরূপা দোষহেয়াংশবর্জ্জিতা।
দ্রাক্ষাফলোৎকরস্যেব স্বামিনো মে রসস্থিতিঃ ॥ ২১ ॥
অন্তঃ সদা রসময়োঽপি বহিঃসমুদ্যৎ-
কৌটিল্যধার্ষ্ট্যবরবল্কলপর্ব্বরুক্ষঃ।
মানাখ্যযন্ত্রণমৃতে ন রসপ্রদোঽসা-
বিক্ষুপ্রকাণ্ড ইব বঃ প্রভুরচ্যুতাখ্যঃ ॥ ২২ ॥

শুকোক্তিঃ মে স্বামিনঃ কৃষ্ণস্য রসস্থিতি দ্রাক্ষাফলসমূহস্যেব সাম্যমাহ— বহিরন্তশ্চৈকরূপা দোষরূপহেয়াংশো বল্কলাষ্ঠ্যাদিস্তেন বর্জ্জিতা। অত্র বহূনামপি শুকানাং কৃষ্ণে মদীয়তা দার্ঢ্যাদেকৈকস্য মে ইত্যেকবচনং ॥ ২১॥

শারীবাক্যং। বো যুষ্মাকং প্রভুরচ্যুতাখ্যঃ অন্তর্মধ্যে সদা রসময়োঽপি বহিঃ সমুদ্যদ্ভিঃ কৌটিল্যধার্ষ্ট্যরূপবরবল্কলপর্ব্বভিঃ রুক্ষঃ নীরসঃ ইক্ষুপ্রকাণ্ডো যন্ত্রজনাং যন্ত্রণং নিষ্পীড়নং বিনা যথা রসপ্রদো ন। তথা মানাখ্যযন্ত্রণং বিনা অসৌ বঃ প্রভুঃ রসপ্রদো ন ভবতি ॥ ২২ ॥

কিন্তু আমাদের স্বামি শ্রীকৃষ্ণের রসাবস্থিতি এমনই যে, যাহার বাহ্য ও অন্তর একরূপ' দোষরূপ হেয়াংশ অর্থাৎ পরিত্যাজ্য অংশ বল্কল ও অষ্ঠ্যাদি (আঁঠী) শূন্য, সুতরাং দ্রাক্ষা ফল সমূহের ন্যায় ॥ ২১ ॥

শারিকা সকল কহিল শুকগণ! তোমাদের প্রভু অচ্যুতের অন্তঃকরণ সর্ব্বদা রসময় হইলেও বহির্ভাগে কুটীলতা ও ধৃষ্টতারূপ অত্যুত্তম বল্কল এবং পর্ব্ব (পাব) সমূহ বর্ত্তমান থাকায় রুক্ষ অর্থাৎ নিরস হইয়াছে অতএব ইক্ষুদণ্ড যেমন নিষ্পেষণ যন্ত্রে নিষ্পেষিত না হইলে স্বীয় রস প্রদান করিতে সক্ষম হয় না তদ্রূপ তোমাদের শ্রীকৃষ্ণও রসিক চূড়ামণি হইলেও মানরূপ যন্ত্র ব্যতিরেকে কখনই রস দানে সক্ষম হইতে পারেন না ॥ ২২ ॥

অন্তঃস্নিগ্ধাদ্বহিঃশাঠ্যবল্কলাৎ স্নেহলম্ভনম্ ।
বাম্যনিষ্পীড়নাদেব কৃষ্ণাৎ কৃষ্ণতিলাদিব ॥ ২৩ ॥
গোপীশ্রেণী জবালীবাসৌরভা বহিরুজ্জ্বলা ।
নীলোৎপলনিভঃ কৃষ্ণঃ সুরুচিঃ সৌরভান্বিতঃ ॥ ২৪ ॥
মঞ্জিষ্ঠেব মদীশা, স্বান্তর্বহিরপি সদৈকরাগেয়ম্ ।
স্ফটিকমণিবদীশস্তে, নবনবসঙ্গাদ্বিভিন্নরাগোঽয়ং ॥ ২৫ ॥

শ্রপ্রাপ্ত্যাং পুনর্দৃষ্টাস্তান্তরমাহ। অন্তঃস্নিগ্ধাৎ বহিঃশাঠ্যরূপবল্কলং যস্য তস্মাৎ কৃষ্ণাৎ অপাদানাৎ বাম্যনিষ্পীড়নাদ্ধেতোরেব স্নেহস্য প্রেম্নো লম্ভনং প্রাপ্তি র্ভবেৎ। কিমিব? কৃষ্ণতিলাৎ যন্ত্রনিষ্পীড়নাদ্ধেতোঃ স্নেহস্য তৈলস্য লম্ভনমিব ॥ ২৩ ॥

শুকবাক্যং। জবাশ্রেণীব গোপীশ্রেণী অসৌরভা গুণহীনা কেবলং বহিরুজ্জ্বলা। কৃষ্ণঃ নীলকমলমিব যথা দ্রষ্টুং সুরুচিস্তথা সদ্গুণযুক্তঃ ॥ ২৪ ॥

শ্রীগোপীভ্যঃ শ্রীকৃষ্ণোৎকর্ষং শ্রুত্বা শার্য্যঃ উদ্ভটাঃ সত্যঃ একৈকং শুকং প্রতি একৈকশঃ আহুঃ। মঞ্জিষ্ঠেব। মদীশা রাধা মঞ্জিষ্ঠারাগো যথা তথান্তর্বহিঃ সদৈকরাগা। তে তব ঈশঃ কৃষ্ণঃ স্ফটিকমণিবৎ নব নব সঙ্গাদ্বিভিন্নরাগঃ ॥ ২৫ ॥

"যন্ত্র নিষ্পীড়ন ভিন্ন রসদানে সক্ষম নহেন" এই রূপ শুকবাক্যকে নিজেরই অনুকূল জ্ঞানে শারিকা গণ কহিতেছেন—

যেমন কৃষ্ণতিলের বহির্দ্দেশে বল্কল ও অন্তরে সুস্নিগ্ধ তৈল বর্ত্তমান থাকে কিন্তু নিষ্পেষণ ব্যতিরেকে সেই তৈল বহির্গত হয় না, তদ্রূপ তোমাদের শ্রীকৃষ্ণের অন্তঃকরণ স্নিগ্ধ অথচ বাহ্যদেশে শঠতা পূর্ণ, সুতরাং মানরূপ যন্ত্রে নিষ্পেষণ করিলেই স্নেহ বহির্গত হইয়া থাকে ॥ ২৩ ॥

শুকগণ কহিল, তোমাদের গোপীগণ, জবাপুষ্প সমূহের ন্যায় সৌরভহীন ও বাহিরে উজ্জ্বল, পরন্তু আমাদের শ্রীকৃষ্ণ, নীলোৎপল সদৃশ সুরুচি ও সৌরভ সম্পন্ন অর্থাৎ সদ্গুণ যুক্ত হয়েন ॥ ২৪ ॥

শারিকা কহিল, মদীশ্বরী শ্রীরাধা মঞ্জিষ্ঠার ন্যায় সর্ব্বদাই অন্তর্বাহ্যে এক-

দাহিতা দৈত্যশলভাঃ প্রজ্বাল্য স্ববলানলম্।
যেন যেনোদ্ধৃতোঽদ্রীশস্তেন সাম্যং ক আপ্নুয়াৎ ॥ ২৬ ॥
ব্রজেশ্বরারাধনতুষ্টবিষ্ণুনা
কৃষ্ণে নিধায়াদ্ভুতশক্তিমাত্মনঃ।
বকীবকাদ্যা নিহতাঃ সুরারয়ঃ
কৃষ্ণেহনভিজ্ঞৈরিহ কীর্ত্তিরর্পিতা ॥ ২৭ ॥

শুকবাক্যং। যেন কৃষ্ণেন স্ববলাগ্নিং প্রজ্বাল্য দৈত্যকীটা দাহিতা ভস্মীকৃতাঃ। যেন গোবর্দ্ধনো ধৃতঃ ॥ ২৬ ॥

শারীবাক্যং। নন্দস্যারাধনেন তুষ্টো যো বিষ্ণুস্তেনাত্মনঃ অদ্ভুতাং শক্তিং কৃষ্ণে নিধায় পূতনাবকাদ্যা নিহতাঃ। ঈদৃশে কৃষ্ণে অজ্ঞৈঃ এতৎ অজানদ্ভিঃ কীর্ত্তিরর্পিতা ॥ ২৭ ॥

রাগ অর্থাৎ একরূপ অনুরাগ, কিন্তু হে শুক! আর তোমার শ্রীকৃষ্ণ, স্ফটিক-মণির ন্যায় নব নব সঙ্গ গুণে বিভিন্ন রাগ অর্থাৎ স্ফটিক মণি যখন যে বর্ণের নিকটে থাকে তখন তাহারই বর্ণে নিজে রঞ্জিত হয় ॥ ২৫ ॥

শুক কহিল, যে শ্রীকৃষ্ণ নিজ সামর্থ্যরূপ অগ্নি প্রজ্বালিত করিয়া দৈত্যরূপ কীট সকলকে ভস্মীভূত করিয়াছেন এবং যিনি গিরিবর গোবর্দ্ধনকেও ধারণ করিয়াছেন,, সেই শ্রীকৃষ্ণের সহিত কে সাদৃশ্য লাভ করিবে? ॥২৬॥

শারী কহিল, ব্রজরাজ শ্রীনন্দের আরাধনায় শ্রীনারায়ণদেব সন্তুষ্ট হইয়া শ্রীকৃষ্ণেতে স্বীয় অদ্ভুতশক্তি আরোপণ করত পূতনা ও বকাসুর প্রভৃতি দেব-শত্রু অসুর বংশকে ধ্বংস করিয়াছিলেন, বস্তুত শ্রীকৃষ্ণ কিছুই করেন নাই কিন্তু অজ্ঞ অর্থাৎ এবিষয়ে অজ্ঞাত ব্যক্তি সকল—শ্রীকৃষ্ণে এই কীর্ত্তি আরোপ করিয়া থাকে মাত্র ২৭ ॥

তুষ্টোঽয়মদ্রি র্বলিভুগ্‌ব্রজস্য
স্বয়ং সমুত্থায় নভস্যতিষ্ঠৎ ।
অধোঽস্য হস্তং বিনিধায় কৃষ্ণো
ধরোদ্ধৃতো কীর্ত্তিমুরীচকার ॥ ২৮ ॥

সৌন্দর্য্যং ললনালিধৈর্য্যদলনং লীলা রমা-স্তম্ভিনী
বীর্য্যং কন্দুকিতাদ্রিবর্য্যমমলাঃ পরে পরার্দ্ধং গুণাঃ ।
শীলং সর্ব্বজনানুরঞ্জনমহো যস্যায়মস্মাদৃশাং
বিশ্বং বিশ্বজনীনকীর্ত্তিরবতু স্বামী জগন্মোহনঃ ॥ ২৯ ॥

ব্রজস্য বলিঃ পূজোপহারস্তদ্ভুক্‌ অয়মদ্রিঃ স্বয়ং সমুত্থায় নভসি আকাশে অতিষ্ঠৎ। অস্যাদ্রেরধঃ হস্তং বিনিধায় কৃষ্ণঃ ধরোদ্ধৃতো কীর্ত্তিং স্বীচকার ॥২৮॥

শুকবাক্যং। অস্মাদৃশাং স্বামী জগন্মোহনঃ বিশ্বমবতু বিশ্বমবতি। কীদৃশঃ? বিশ্বজনীনা বিশ্বজনায় হিতা কীর্ত্তির্যস্য সঃ, অত্র হিতার্থে ঈনঃ। যস্য সৌন্দর্য্যং ললনালেধৈর্য্যং দলতীতি ধৈর্য্যদলনং। লীলা রমায়া লক্ষ্ম্যাঃ স্তম্ভিনী বিস্ময়াদিনা স্তম্ভকারিণী। বীর্য্যং কন্দুকিতঃ কন্দুকীকৃতঃ অদ্রিবর্য্যো গোবর্দ্ধনো যেন তৎ। গুণাঃ পরার্দ্ধতোঽপ্যধিকা অমলাশ্চ। শীলং সর্ব্বজনান্‌ অনুরঞ্জয়তি সুখয়তীতি তৎ॥ ২৯ ॥

এবং এই গিরিবর গোবর্দ্ধন, ব্রজবাসি সকলের বলি অর্থাৎ পূজোপহার ভোগ করিয়া সন্তুষ্ট হইয়া স্বয়ং গাত্রোত্থান পূর্ব্বক আকাশে অবস্থিত হয়েন, সেই গোবর্দ্ধনের নিম্ন দেশে শ্রীকৃষ্ণ হস্ত স্থাপন করিয়া জগন্মণ্ডলে "আপনার গোবর্দ্ধনধারী" এই নামে কীর্ত্তি বিস্তার করিয়াছিলেন ॥ ২৮ ॥

অনন্তর শুক কহিল হে শারিকে! যাহার সৌন্দর্য্য, অসংখ্য রমণী কুলের ধৈর্য্য ধন অপহরণ করে, যাঁহার বিশ্ববিখ্যাত কীর্ত্তি, লক্ষ্মীদেবীকে স্তম্ভিত করিয়া-থাকে, যাঁহার বীর্য্য, গিরিবর গোবর্দ্ধনকে বালকগণের ক্রীড়নক অর্থাৎ গেঁড়-

শ্রীরাধিকায়াঃ প্রিয়তা স্বরূপতা
সুশীলতা নর্ত্তনগানচাতুরী।
গুণালিসম্পৎ কবিতা চ রাজতে
জগন্মনোমোহন-চিত্তমোহিনী ॥ ৩০ ॥
রসয়তি রাধাকৃষ্ণে
রসয়তি তচ্চরণসেবাতিসৌখ্যম্।

শারীবাক্যং। শ্রীরাধায়াঃ প্রিয়তা প্রেম, "প্রেমা না প্রিয়তা হার্দ্দং প্রেম স্নেহ" ইত্যমরঃ। সুরূপতা সৌন্দর্য্যং, সুশীলতা সুস্বভাবঃ, নর্ত্তনে গানেচ চাতুরী চতুরত্বং, গুণশ্রেণিরূপা সম্পৎ, কবিতাচ পাণ্ডিত্যঞ্চ রাজতে, কীদৃশী সতী? জগন্মনোমোহনঃ শ্রীকৃষ্ণস্তস্য চিত্তমোহিনী ॥ ৩০ ॥

শুকবাক্যং। কৃষ্ণে রসয়তি রসং পরিহাসালিঙ্গনচুম্বনসম্ভোগাদিকং কুর্ব্বতি সতি রাধা তস্য কৃষ্ণস্য চরণয়োঃ সেবারূপমতিসৌখ্যং সুখং রসয়তি আস্বাদয়তি চরণসেবাং করোতীত্যর্থঃ। অস্যাং রাধায়াং রসয়ন্ত্যাং রসং রাগ-

---

ভাঁটা রূপে বিধান করিয়াছে, যাঁহার গুণ সকল পরার্দ্ধ সংখ্যার অধিক অর্থাৎ অনন্ত, যাঁহার স্বভাব সাধারণের অনুরঞ্জন করিতেছে এবং যাঁহার কীর্ত্তি নিখিল ব্রহ্মাণ্ডের হিত বিধান করিতেছে, সেই আমাদের স্বামী জগন্মোহন শ্রীকৃষ্ণ সমস্ত বিশ্বকে রক্ষা করুন ॥ ২৯ ॥

এই কথা শ্রবণ পূর্ব্বক শারিকা সকল কহিল, হে শুক! শ্রীরাধিকার প্রেম, সৌন্দর্য্য, সুশীলতা, নৃত্য ও গানের চাতুরী, গুণশ্রেণীরূপসম্পত্তি এবং কবিতা অর্থাৎ পাণ্ডিত্য জগন্মনোমোহন শ্রীকৃষ্ণের মনোমোহিনী হইয়া শোভা পাইতেছে ॥ ৩০ ॥

শুক কহিল যেমন মল্লীলতা রস (গুণ) অর্থাৎ স্বীয় সদ্গুণকে বিকাশ করিলে ভ্রমর ঐ বিকসিত লতাতে কেবলমাত্র মধুপানই করিয়া থাকে, কিন্তু মূল, শাখা ও উপশাখাদির কিছুই বৃদ্ধি করিতে পারে না, তদ্রূপ শ্রীকৃষ্ণ,

অলিরিব মল্ল্যাং মোহস্যাং
রসয়ন্ত্যাং রসয়তি তদধরমাত্রম্ ॥ ৩১ ॥
কৃষ্ণস্য সঙ্গমিহ নাথতি রাধিকা তং
লব্ধং তু নাথতি সুমানবৃষার্কতাপৈঃ ।
তৎপ্রীতিসেবনততেরপি নাথমানা
নাথত্যলং বিপিননীবৃতি তস্য চিত্রম্ ॥ ৩২ ॥

মনুরাগং কুর্ব্বত্যাং সত্যাং স কৃষ্ণস্তস্যা রাধায়া অধরমাত্রং রসয়তি আস্বাদয়তি পদসেবাদিকং তু ন। কস্যাং ক ইব? যথা মল্ল্যাং রসয়ন্ত্যাং রসং গুণং স্বসদ্‌গুণং বিকাশং কুর্ব্বন্ত্যাং অর্থাদ্বিকসন্ত্যাং সত্যাং অলির্ভ্রমরস্তস্যা মধুমাত্রমাস্বাদয়তি নতু মূলশাখোপশাখাদিকং কিমপি তথা। "শৃঙ্গারাদৌ বিষে বীর্য্যে দ্রবে রাগে গুণে রস" ইতি বিশ্বঃ। "দ্রব কেলি পরিহাসা" ইত্যমরঃ। "রস আস্বাদনে" ধাতুঃ ॥ ৩১ ॥

শারীবাক্যং—ইহ বৃন্দাবনে রাধিকা কৃষ্ণস্য সঙ্গং নাথতি যাচতে। লব্ধং তং কৃষ্ণং তু পুনঃ সুমানবৃষার্কতাপৈঃ সুষ্ঠু মান এব জ্যৈষ্ঠসূর্য্যতাপস্তৈর্নাথতি উপতাপয়তি। ততস্য কৃষ্ণস্য প্রীতিসেবাততের্নাথমানা যাচমানা অপি বিপিননীবৃতি বৃন্দাবনদেশে তস্য কৃষ্ণস্য অলং নাথতি নাথ ইব ঈশ্বরীব

পরিহাস, আলিঙ্গন, চুম্বন ও সম্ভোগাদি প্রকাশ করিলে শ্রীরাধা—সেই শ্রীকৃষ্ণের চরণকমলদ্বয়ের সেবারূপ সুখাতিশয় আস্বাদন করেন অর্থাৎ পদসেবা করেন, পরন্তু শ্রীরাধা অনুরাগ উৎপাদন করিলে শ্রীকৃষ্ণ ঐ শ্রীরাধার কেবল অধর পান মাত্রই করেন, কিন্তু পাদ সম্বাহনাদি কার্য্য কিছুই করেন না ॥ ৩১ ॥

শারী কহিতে লাগিল, হে শুক! এই বৃন্দাবনে শ্রীরাধা, শ্রীকৃষ্ণের সহিত মিলন প্রার্থনা করেন, পরন্তু শ্রীকৃষ্ণকে লাভ করিলে তাঁহাকে প্রগাঢ় মানরূপ জ্যৈষ্ঠমাসীয় রবিতাপে তাপিত করিয়া থাকেন এবং শ্রীরাধা,

যা সরিৎ স্তম্ভিনী বিশ্বাকর্ষিণী সর্ব্বমোহিনী।
সদ্ধর্ম্মোচ্চাটিনী স্ত্রীণাং সা বংশী সঙ্গিনী হরেঃ ॥ ৩৩ ॥
কথয়তু মহিমানং কো নু কৃষ্ণস্য বংশ্যা-
স্তদিতরপুরুষে যা রাগপঙ্কং বিধূয়।
হৃদি জগদবলানাং নাদপীযূষবৃষ্ট্যা
সহজদয়িতকৃষ্ণে রাগমাবিষ্করোতি ॥ ৩৪ ॥

আচরতি ইতি চিত্রং। নাথৃ নাধৃ যাচ্ঞোপতাপৈশ্বর্য্যাশীঃষু "নীবৃজ্জনপদো দেশ" ইত্যমরঃ ॥ ৩২ ॥

শারীবাক্যং। যা বংশী সরিতাং নদীনাং স্তম্ভিনী স্ত্রীণাং সদ্ধর্ম্মোচ্চাটিনী। সা বংশী হরেঃ সঙ্গিনী। সঙ্গদোষেণ সাধূনামপি দুষ্টত্বং স্যাদেব ॥ ৩৩ ॥

শুকবাক্যং। কৃষ্ণস্য বংশ্যা মহিমানং কঃ কথয়তু। যা বংশীনাদপীযূষবৃষ্ট্যা জগদবলানাং হৃদি তদিতরপুরুষেষু তস্মাৎ কৃষ্ণাদিতরেষু পুরুষেষু স্বপতিষু যো রাগ আসক্তিঃ স এব পঙ্কস্তং বিধূয় দূরীকৃত্য সহজদয়িতে কৃষ্ণে "কুর্ব্বন্তি হি ত্বয়ি রতিং কুশলাঃ স্ব আত্মন্নিত্যপ্রিয়" ইত্যাদ্যুক্ত্যা স্বতঃ প্রসিদ্ধপ্রাণনাথে শ্রীকৃষ্ণে রাগং জনয়তি ॥ ৩৪ ॥

শ্রীকৃষ্ণের প্রীতিসেবা সমূহকে প্রার্থনা করিলেও বৃন্দাবন প্রদেশে সেই শ্রীকৃষ্ণের সমীপে যেন তাঁহার ঈশ্বরীর ন্যায় আচরণ করেন, ইহা অতীব আশ্চর্য্য! ॥ ৩২ ॥

এবং যে বংশী নদীগণকে স্তম্ভিত, চরাচর বিশ্বমণ্ডলকে আকর্ষণ এবং কুলকামিনীগণের কুলধর্ম্মকে উচ্চাটন অর্থাৎ বিদূরিত করিয়া থাকে, সেই দুষ্ট বংশীই ত শ্রীকৃষ্ণের সঙ্গিনী অতএব সঙ্গদোষে সাধুদিগেরও দুষ্টত্ব অর্থাৎ স্বভাব হইয়া থাকে ॥ ৩৩ ॥

শুক কহিল, হে শারিকাগণ! শ্রীকৃষ্ণের বংশীর মহিমা, কে বর্ণন করিতে পারে? কারণ—যে বংশীধ্বনিরূপ অমৃতবৃষ্টি দ্বারা ত্রিভুবনস্থ অবলাসমূহের

অথ কীরাশ্চ শার্য্যশ্চ স্বেশয়োঃ প্রণয়োন্মদাঃ ।
চক্রুঃ প্রশ্নোত্তরালাপং স্বস্বগোষ্ঠ্যাং মুদা মিথঃ ॥ ৩৫ ॥
বিভ্রৎ করৈকেন নভস্যহার্য্যং
মহেন্দ্র-গর্ব্বাদ্রিমধো হ্যনয়ৎ কঃ ।
কঃ কালিয়াহেঃ ফণবৃন্দরঙ্গে
ননর্ত্ত তং ভো বদ কৃষ্ণ এষঃ ॥ ৩৬ ॥

অথ কীরাশ্চ শার্য্যশ্চ রাধাকৃষ্ণয়োঃ প্রণয়েনোন্মত্তা মিথঃ স্ব স্ব গোষ্ঠ্যাং প্রশ্নোত্তরালাপং চক্রুঃ ॥ ৩৫ ॥

ক একেন করেণ নভস্যহার্য্যং পর্ব্বতং বিভ্রৎ সন্ মহেন্দ্রস্য গর্ব্বরূপমদ্রিং পর্ব্বতমধো হ্যনয়ৎ। অহার্য্যধরপর্ব্বতাঃ অদ্রিগোত্রগিরিগ্রাবাচল শৈল-শিলোচ্চয়া" ইত্যমরঃ। কঃ পুনঃ কালিয়ফণাসমূহরূপরঙ্গভূমৌ ননর্ত্ত। তং বদেতি প্রশ্নং শারীঃ শ্রাবয়তি। কস্মিন্ শুকে কং প্রতি কুর্ব্বতি সতি। এষঃ কৃষ্ণ ইত্যুত্তরং তস্মৈ সোহৃদাৎ ॥ ৩৬ ॥

হৃদয়ে কৃষ্ণ ভিন্ন অন্য পুরুষে অর্থাৎ নিজ পতিতে আসক্তিরূপ পঙ্ক প্রক্ষালিত করিয়া সহজ দয়িত অর্থাৎ স্বতঃসিদ্ধ পতি শ্রীকৃষ্ণে প্রগাঢ় অনুরাগ জন্মাইয়া দেয় ॥ ৩৪ ॥

অনন্তর শুকগণ ও শারিকাগণ নিজেশ্বর শ্রীরাধাকৃষ্ণের প্রণয়ে উন্মত্ত হইয়া সানন্দান্তঃকরণে আপন আপন সভায় পরস্পর প্রশ্নোত্তরে আলাপ করিতে লাগিল ॥ ৩৫ ॥

এক শুক, অন্য শুককে কহিল হে শুক! বল দেখি, গিরিবর গোবর্দ্ধনকে এক হস্তে গগণমার্গে ধারণ করিয়া কে দেবরাজ মহেন্দ্রের গর্ব্বরূপ পর্ব্বতকে অধঃপাতিত করিয়াছেন? এবং কেই বা কালিয় নাগরাজের ফণামণ্ডলরূপ রঙ্গভূমিতে নৃত্য করিয়াছেন? শুক উত্তর করিল এই কৃষ্ণই করিয়াছেন ॥৩৬॥

নিজ-হৃদি ধৃতবক্ষোজাদ্রিযুগ্মে গরিষ্ঠা-
গিরিধরমপি লীলাম্ভোজবৎ কা বিভর্ত্তি।
ভুজগদমনচেতোবৃত্তিচঞ্চদ্ভুজঙ্গী
শিরসি নটতি কা তং ব্রূহি সা শ্রীল রাধা ॥ ৩৭ ॥
সদৈব মুক্তাশ্চ কথাতিমুক্তা
জাতা বনেঽস্মিন্ পরিফুল্লিতাঙ্গাঃ।

শারী শুকং প্রতি প্রশ্নদ্বয়ং চকার এষ কৃষ্ণ ইতি তদুত্তরং শুকোঽবদৎ। নিজহৃদ্ধৃতস্তনপর্ব্বতযুগ্মোপরি ধৃতগোবর্দ্ধনধরং শ্রীকৃষ্ণং নীলকমলমিব কা বিভর্ত্তি। ভুজগদমনস্য কৃষ্ণস্য চিত্তবৃত্তিঃ সৈব ভুজঙ্গী সর্পী তস্যাঃ শিরসি কা নটতি তাং ব্রূহীতি কস্যাশ্চিৎ শার্য্যাং তথা পৃচ্ছন্ত্যাং কাচিদাহ সা শ্রীরাধেতি ॥ ৩৭ ॥

শুকং শুকঃ। সদৈব মুক্তা ব্রহ্মৈকনিষ্ঠাঃ প্রেমগন্ধরহিতা অপি অস্মিন্ বনে শ্রীবৃন্দাবনে শ্রীবৃন্দাবনবিষয়ে পরিফুল্লতাঙ্গাঃ প্রেমপুষ্টাঃ সন্তো জাতা জন্মপ্রাপ্তাঃ সন্তঃ তৈঃ রসৈঃ প্রেমভিঃ সারঙ্গগণান্ ভক্তগণান্ পুষ্ণন্তি। "সারঙ্গঃ পুংসি হরিণে চাতকে চ মতঙ্গজে। সরলে ত্রিষ্বি"ত্যাদি মেদিনী। আস্তা-

---

শারী কহিল, হে শুক! বল দেখি, স্ব বক্ষঃস্থিত স্তনযুগলরূপ পর্ব্বতোপরি গিরিধর শ্রীকৃষ্ণকেও লীলাকমলের ন্যায় ক্ষুদ্রবোধে কোন্ রমণী ধারণ করিয়া থাকেন? এবং কালিয়মর্দ্দন শ্রীকৃষ্ণের চিত্তবৃত্তিরূপ চঞ্চলা ভুজঙ্গিনীর শিরোদেশেই বা কে নৃত্য করিয়া থাকেন? এই প্রশ্নদ্বয়ে কোন এক শারী কহিল, সে আর কেহই নহে তিনিই শ্রীরাধা ॥ ৩৭ ॥

এক শুকের প্রতি অন্য এক শুক কহিল, নিত্য মুক্ত অর্থাৎ একমাত্র ব্রহ্ম-নিষ্ঠ মুনিগণ প্রেমগন্ধরহিত হইয়াও এই বৃন্দাবনে সম্যক্ প্রফুল্লিতাঙ্গ অর্থাৎ

পুষ্ণন্তি সারঙ্গগণান্ রসৈঃ স্বৈঃ
কস্য প্রভাবাদ্বদ মাধবস্য ॥ ৩৮ ॥

মেষাং জঙ্গমানাময়ং প্রেমবিষয়ঃ, স্থাবরা অপি অতিমুক্তা মাধব্যস্তিনিশবৃক্ষাশ্চ তথা সদৈব মুক্তা ইব পরিফুল্লিতাঙ্গাঃ পত্রপুষ্পাদিপূর্ণা স্তচ্ছলেন প্রেমপুষ্টা-জাতাঃ সন্তঃ স্বৈঃ রসৈ র্মধুভি স্তচ্ছলেন প্রেমভিঃ সারঙ্গগণান্ ভ্রমরগণান্ তচ্ছলেন ভক্তগণান্ পুষ্ণন্তি। কস্য প্রভাবাৎ বদেতি পৃচ্ছন্তং পৃষ্ট আহ। মাধবস্য কৃষ্ণস্য প্রভাবাৎ। "মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্তী"তি প্রমাণাৎ। স্থাবরপক্ষে তু। বসন্তস্য তচ্ছলেন কৃষ্ণস্যেতার্থঃ। "বনলতাস্তরব আত্মনি বিষ্ণুং ব্যঞ্জয়ন্ত্য ইব পুষ্পফলাঢ্যাঃ। প্রণতভারবিটপা মধুধারাঃ প্রেমহৃষ্টতনবো ববৃষুঃ স্ম" ইত্যাদ্যুক্তেঃ। "অতিমুক্তঃ পুণ্ড্রকঃ স্যাদ্বাসন্তী মাধবীলতে"তি। "তিনিশে স্যন্দনো নেমী রথদ্রুরতিমুক্তক" ইতি চামরঃ ॥ ৩৮ ॥

প্রেমপুষ্ট হওত জন্ম গ্রহণ করিয়া স্বকীয় রস অর্থাৎ প্রেমদ্বারা ভক্তগণকে পোষণ করিতেছেন, ব্রহ্মনিষ্ঠ মুনিগণের প্রেমবিষয়ক কথা দূরে থাকুক, স্থাবর বৃক্ষ লতাদিও অর্থাৎ মাধবীলতা ও তিনিশ বৃক্ষ প্রভৃতিও নিত্যমুক্ত পুরুষের ন্যায় প্রফুল্লিতাঙ্গ ও পত্র পুষ্পাদিতে পরিপূর্ণ হইয়া অর্থাৎ ঐ পত্র পুষ্পাদিচ্ছলে প্রেমপরিপুষ্ট হইয়া স্বকীয় রস অর্থাৎ মধুচ্ছলে প্রেমদ্বারা সারঙ্গ অর্থাৎ চাতক ও ভ্রমরদিগকে তচ্ছলে ভক্তগণকে পোষণ করিতেছে, বল দেখি এই ব্যাপার কাহার প্রভাবে সঙ্ঘটিত হয়? শুক জিজ্ঞাসিত হইয়া প্রশ্নকারি শুককে কহিল, ইহা শ্রীকৃষ্ণের প্রভাবেই হইয়া থাকে ॥ ৩৮ ॥

সদৈব মুক্তাশ্চ তথাতিমুক্তা
মাধ্বীককারা মধুপালিসঙ্গাঃ।
উৎপদ্য জাতা বদ তত্র হেতুং
কস্যাপি রামানুগতস্য সঙ্গাৎ ॥৩৯॥

এবং শ্রীকৃষ্ণস্যোৎকর্ষং শ্রুত্বা শ্রীরাধাপক্ষপাতিন্যঃ শার্য্যোঽন্তরতিমুদিতা অপি বহিরসহমানাঃ সত্যস্তং নিকর্ষন্ত্য আহুঃ। শারীং শারী। সদৈব মুক্তাঃ সংসারাতীতা অপি মাধ্বীককারা মাধ্বীকং মধু তদ্বৎ সর্ব্বসারত্বাৎ মাধ্বীকং প্রেম তচ্ছলেন মদ্যং কুর্ব্বন্তীতি মাধ্বীককারা উৎপদ্য অতো মধুপালিসঙ্গা মধুপা ইব মধুপাঃ সারগ্রাহিণো ভক্তা স্তচ্ছলেন মদ্যপা স্তেষাং শ্রেণী সঙ্গাজ্জাতা ভবন্তি; তথা অতিমুক্তা মাধবীতি নিশাশ্চ মাধ্বীকং তচ্ছলেন মদ্যং কুর্ব্বন্তীতি তে উৎপদ্য মধুপানাং ভ্রমরাণাং তচ্ছলেন মদ্যপানং শ্রেণী সঙ্গাজ্জাতা ভবন্তি। তত্র হেতুং বদেতি পৃচ্ছন্তী পৃষ্টাহ,—রামানুগতস্য সঙ্গাৎ রামঃ শ্রীবলরাম-স্তস্যানুগতঃ কনিষ্ঠত্বাৎ পশ্চাদ্গতঃ শ্রীকৃষ্ণঃ। স্থাবরপক্ষেতু। আরামানুগতো বসন্তঃ "একদেশবিকৃতমনন্যবদি"তি বচনাৎ স তু রামানুগতঃ। অতো নাম্না কৃষ্ণমিত্রং শ্লেষেণ কৃষ্ণ এব বসন্ত এব চ রামানুগতো রামা স্ত্রী তদনুগত-স্তৎসঙ্গী বিষয়িজনস্তস্য সঙ্গাৎ। যতো যোষিৎ সঙ্গাৎ মুক্তানামপি ভ্রংশো ভবতি। "ন তথাস্য ভবন্মোহো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ। যোষিৎসঙ্গাদ্যথা পুংসো যথা তৎসঙ্গিসঙ্গত" ইত্যুক্তেঃ ॥ ৩৯ ॥

এইরূপে শ্রীকৃষ্ণের উৎকর্ষ শুনিতে পাইয়া শ্রীরাধার পক্ষপাতিনী শারী সকল অন্তরে অত্যন্ত আনন্দযুক্ত হইলেও বাহ্যে যেন ঐ উৎকর্ষ সহ্য করিতে না পারিয়াই, এক শারিকার প্রতি অন্য শারী কহিতে লাগিল—

হে শারিকে! যাহারা সংসারাতীত হইয়াও মাধ্বীককার অর্থাৎ মধুকারী এবং মধুপালি সঙ্গ অর্থাৎ মদ্যপায়িদিগের সঙ্গী হইয়া জন্মিয়াছে, তাহাদের এইরূপ হইবার কারণ বল? উত্তর, কোন এক রামানুগত অর্থাৎ শ্রীকৃষ্ণের সঙ্গহেতুই হইয়া থাকে। স্থাবর পক্ষে—আরাম অর্থাৎ উপবনগত ঋতুরাজ বসন্তের সমাগমেই বৃক্ষগণ অতিমুক্ত অর্থাৎ বৃদ্ধ হইলেও মকরন্দস্রাবী ও ভ্রমরসঙ্গী হইয়া থাকে ॥ ৩৯ ॥

হৃত্বাংশুকং পশ্যতি কোট্টবীঃ কঃ
সাধ্বীততেঃ কঃ সুকৃতং ভিনত্তি ।
কো বা স্ত্রিয়ং বৎসবৃষৌ চ নিঘ্নন্
ন লজ্জতে তং বদ কৃষ্ণ এষঃ ॥ ৪০ ॥
তাং মাতৃকাং কঃ কিল মাতৃকাবকঃ

কঃ অংশুকং বস্ত্রং হৃত্বা কোট্টবীঃ নগ্নিকাঃ পশ্যতি। কঃ সাধ্বীততেঃ সুকৃতং ভিনত্তি। কো বা স্ত্রিয়মত্র পূতনাং বৎসাসুরং বৃষাসুরঞ্চ ছলেন স্ত্রীবৎস-বৃষাংশ্চ নিঘ্নন্ ন লজ্জতে ? তং বদ। তত্রাহ,—এষ কৃষ্ণঃ ॥ ৪০ ॥

শুকং শুকো দ্বাভ্যাং। কঃ ব্রজে তাং মাতৃকাং নিঘ্নন্ মারয়ন্ মাতৃকায়া মাতৈব মাতৃকা তস্যা অবকো রক্ষকঃ সুখবর্দ্ধকঃ। যো হন্তা যস্য স এব তস্য রক্ষক ইতি বিরোধঃ। অত্র বিরোধাভাসালঙ্কারঃ। প্রথমমাতৃকাশব্দোঽত্র পূতনাবাচকত্বয়া বিরোধবৎ ভাসতে নতু বিরোধঃ, এবমগ্রেঽপি জ্ঞেয়ং। বৎসাসুরং নিঘ্নন্ বৎসপালকঃ। ধেনুকং ধেনুকাসুরং নিঘ্নন্ ধেনুকরক্ষকঃ।

(অনন্তর শুক অন্য শুককে কহিল বল দেখি,) কোন ব্যক্তি ললনাগণের বস্ত্র হরণ করিয়া তাহাদিগকে উলাঙ্গিনী অবলোকন করে ? কেই বা সাধ্বীগণের সুকৃত অর্থাৎ পুণ্য নাশ করে ? এবং কোন ব্যক্তিইবা স্ত্রীলোক, বৎস্য ও বৃষকে বধ করিয়াও লজ্জিত নাহয়। উত্তর যে—শ্রীকৃষ্ণ ॥ ৪০ ॥

শুক, অপর শুককে দুই শ্লোকে কহিল—এই বৃন্দাবনে কোনব্যক্তি মাতাকে বধ করিয়া মাতার সুখবর্দ্ধক* হইয়াছেন ? কেই বা বৎসকে বিনাশ করিয়া

---

* "মাতাকে বিনাশ করিয়া মাতার আনন্দ প্রদ" ইত্যাদি স্থলে যিনি হন্তা তিনিই রক্ষক, ইহা অসঙ্গতবিধায় এস্থলে ইহাই বিরোধ। বাস্তবার্থে মাতা অর্থাৎ মাতৃবেশধারিণী পুতনাকে বিনাশ করিয়া মাতা শ্রীযশোদারাণীর সুখ- বর্দ্ধন করিয়াছেন, এইরূপ অপর স্থলেও বুঝিতে হইবে। বৎসাসুরকে বিনাস পূর্ব্বক বৎস রক্ষক, ধেনুকাসুরকে মারিয়া ধেনুরক্ষক এবং বৃষাসুরকে

কো বৎসকং বৎসকপালকো ব্রজে।
কো ধেনুকং ধেনুকরক্ষকোঽপ্যলং
বৃষঞ্চ নিঘ্নন্ বৃষবর্দ্ধনোঽভবৎ ॥ ৪১ ॥
নীতিঃ কুমারীবরণে তদঙ্গ-
হৃদ্বাক্ পরীক্ষেত্যকরোচ্চ তাং কঃ।
সতীত্বমাচ্ছিদ্য মহাসতীত্বং
চক্রেঽবলানাং বদ, তং স কৃষ্ণঃ ॥ ৪২ ॥ যুগ্মকম্ ॥

ধেনুরেব ধেনুকো ধেনুকং বা তেষাং রক্ষকঃ। "স্বার্থিকাঃ প্রকৃতিতো লিঙ্গ-বচনান্যতিবর্ত্তন্তে" ইতি পাণিনীয়সূত্রাৎ স্বার্থে কপ্রত্যয়ে কৃতে নিত্যস্ত্রীধেনু-শব্দস্য পুংস্ত্বং ক্লীবত্বং বা। যদ্বা ধেনূনাং কস্য সুখস্য রক্ষকো বর্দ্ধকঃ। বৃষাসুরং নিঘ্নন্ বৃষং সুকৃতং বর্দ্ধয়তীতি বৃষবর্দ্ধনোঽভবৎ। "পুণ্যশ্রেয়সী সুকৃতং বৃষ" ইত্যমরঃ ॥ ৪১ ॥

কুমারীণাং বরণে বিবাহোদ্যমে তত্তাসাং কুমারীণাং অঙ্গহৃদ্বাক্পরীক্ষা নীতির্ন্যায়ঃ ইতি বিচার্য্য "নন্দগোপসুতং দেবি! পতিং মে কুরুতে নম" ইতি বৃতঃ সন্ তাসাং কুমারীণাং তাং নীতিং কোঽকরোৎ। পুনঃ কঃ অবলানাং সতীত্বমাচ্ছিদ্য মহাসতীত্বং চক্রে। তং বদেতি প্রশ্নোত্তর এষ কৃষ্ণ ইতি ॥৪২॥

বৎসপালক হইয়াছেন? কে ধেনুককে বধ করিয়া ধেনু রক্ষক হইয়াছেন? এবং কেই বা বৃষকে হত্যা করিয়া সুকৃতবর্দ্ধন হইয়াছেন? "কুমারীগণের বিবাহোদ্যম উপস্থিত হইলে উক্ত কুমারীদিগের অঙ্গ মন ও বাক্যের পরীক্ষা করা উচিত" ইহাই নীতিশাস্ত্র, কিন্তু সেই নীতি কে করিয়াছে? এবং অবলাগণের সতীত্ব অপহরণ করিয়া তাহাদিগের মহাসতীত্বই বা কোন্ ব্যক্তি স্থাপন করিয়াছেন? এই প্রশ্নের উত্তর সেই শ্রীকৃষ্ণ ॥ ৪১—৪২ ॥

নাশ করিয়া বৃষরক্ষক হইয়াছেন, ইহাতেই বিরোধ ভঞ্জন হওয়ায় এস্থলে বিরোধাভাস নামক অলঙ্কার হইয়াছে। ইহার তাৎপর্য্য এই যে বিরোধের ন্যায় প্রকাশ পায় বস্তুতঃ বিরোধ নহে॥

ইতিপটু বিহগানাং বাগ্বিলাসামৃতানি
শ্রবণচষকপূরং তৌ পিবন্তৌ সগন্তৌ।
নিজনিজসুহৃদং তৎ প্রীণনায়াদিশন্তৌ
ততশরদৃতুলক্ষ্মীং চেরতু র্লোকয়ন্তৌ ॥ ৪৩ ॥
পক্কদ্রাক্ষাবলজকং শারীভ্যো ললিতা দদৌ।
কীরেভ্যঃ সুবলঃ প্রাদাৎ পক্কদাড়িমবাটিকাম্ ॥ ৪৪ ॥
নান্দীমুখী তদনু তাববদদ্বনেশৌ
নিধ্যায়তং স্বপুরতো বনভাগমেতম্।

ইত্যনেন পটূনাং নিপুণানাং বিহগানাং পক্ষিণাং বাগ্বিলাসামৃতানি শ্রবণরূপচষকস্য পানপাত্রস্য পূরং পূরণং যথা স্যাৎ তথা পিবন্তৌ সগন্তৌ তৌ রাধাকৃষ্ণৌ। তত্রৈষাং বিহগানাং। দাড়িমবীজাদিভিঃ প্রীণনায় নিজনিজসুহৃদং ললিতাং সুবলঞ্চ দিশন্তৌ ততাং বিস্তৃতাং শরদৃতুলক্ষ্মীং লোকয়ন্তৌ চেরতুঃ ॥ ৪৩ ॥

ললিতা শারীভ্যঃ পক্কদ্রাক্ষাবলজকং দ্রাক্ষাক্ষেত্রং দদৌ। সুবলঃ কীরেভ্যঃ পক্কদাড়িমবাটিকাং প্রাদাৎ ॥ ৪৪ ॥

তদনু তৎপশ্চাৎ নান্দীমুখী তৌ রাধাকৃষ্ণৌ অবদৎ। স্বপুরত এতং

অনন্তর শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ স্বীয় সভ্য সখীগণে পরিবেষ্টিত হইয়া সুনিপুণ পক্ষিদিগের বাক্‌বিন্যাস রূপ অমৃতধারাকে শ্রবণ রূপ পানপাত্রে পরিপূর্ণ করিয়া পান করত, স্ব স্ব সুহৃদ্বর্গ ললিতা ও সুবলাদির প্রতি ঐ সকল পক্ষিকুলকে দাড়িম্ব বীজাদি দ্বারা সন্তুষ্ট করিতে আদেশ করিয়া বিস্তৃত শারদীয় ঋতু শোভা দর্শন করিতে করিতে ভ্রমণ করিতে লাগিলেন ॥ ৪৩ ॥

তখন ললিতা, শারী সকলকে সুপক্ক দ্রাক্ষা ফলের ক্ষেত্র এবং সুবল, শুক সকলকে পক দাড়িম্বের উদ্যান অর্পণ করিলেন ॥ ৪৪ ॥

তদনন্তর নান্দীমুখী,—রাধা ও কৃষ্ণ দুই জনকেই বলিলেন, হে বৃন্দাবনাধীশ্বরি! হে বৃন্দাবনাধীশ্বর! তোমাদের সম্মুখবর্ত্তি এই হেমন্তশস্তম নামক

হেমন্তশস্যুমতয়া প্রথিতং নিজৈঃ সং-

সম্পত্তয়ৈশ্চরণমর্চ্চিতুমুৎসুকং বাম্ ॥ ৪৫ ॥

চিত্রাম্লানকুরণ্টকৈঃ কুরুবকৈঃ ফুল্লৈর্লসৎসৌরভা

মাদ্যত্তিত্তিরি-লাব-ষট্‌পদ-কিখী-কীরা-রবৈর্মঞ্জুলা।

হৃদ্যা পক্বিমনাগরঙ্গরুচকৈঃ শীতা তুষারানিলৈঃ

সেয়ং ভাতি বনস্থলীহ ভবতোঃ পঞ্চেন্দ্রিয়হ্লাদিনী ॥৪৬॥

বনভাগং হেমন্তশস্যমতয়া খ্যাতং নিজৈঃ সংসম্পত্তিসমূহৈ র্বাং যুবয়োশ্চরণ-মর্চ্চিতুমুৎসুকং। নিধ্যায়তং পশ্যতং ॥ ৪৫ ॥

ভবতোঃ পঞ্চেন্দ্রিয়হ্লাদিনী সেয়ং বনস্থলীহ ভাতি। অম্লানকুরণ্টকৈঃ ঝিণ্টীপুষ্পৈশ্চিত্রা নেত্রস্য। ফুল্লৈঃ কুরুবকৈঃ রক্তঝিণ্টীভি র্লসৎসৌরভা নাসায়াঃ। তিত্তির্য্যাদীনাং রবৈঃ শব্দৈঃ মঞ্জুলা কর্ণস্য। তিত্তিরিরিতি। লাবঃ গুড়্‌গুড়িতি, ষট্‌পদো ভ্রমরঃ। কিখী ভিটা সকুলা গৌড়ে প্রসিদ্ধা যস্য পক্ষঃ কর্ণবেদনাং নাশয়তি। কীরাঃ শুকাঃ। পক্বিমনাগরঙ্গরুচকৈঃ নারঙ্গ ইতি বীজপুর ইত্যাখ্যে হৃদ্যা রসনায়াঃ। তুষারো হিমকণা তৎ-সহিতপবনৈস্ত্বচঃ। "সহা কুমারী তরণিরম্লানস্তু মহাসহা। তত্র শোণে কুরুবক স্তত্র পীতে কুরুণ্টকং। নীলাঝিণ্টী দ্বয়োর্বাণা দাসী চার্ত্তগলশ্চ সা। সৈরেয়কস্তু ঝিণ্টী স্যা"দিত্যমরঃ ॥ ৪৬ ॥

বনভাগ দর্শন কর, এই বনভাগ সম্পত্তি অর্থাৎ ফলপুষ্পাদির দ্বারা তোমাদের দুই জনের পদসম্বাহন করিতে উৎসুক হইয়াছেন ॥ ৪৫ ॥

আহা! এই বনস্থলী বিকসিত ঝিণ্টী পুষ্প দ্বারা চিত্রিতা প্রফুল্লিত কুরু-বক কুসুম সমূহে সুন্দর সৌরভশালিনী, মদমত্ত তিত্তির (বসন্ত গৌরপক্ষী) লাব (ছাতার পক্ষী) ভ্রমর, কিখী, (গৌড়দেশ প্রসিদ্ধ পক্ষী) শুক ও পক্ষির রবে মনোহারিণী, সুপক্ব নাগরঙ্গ ফল নিচয়ে হৃদয় গ্রাহিণী এবং তুষার (হিম) যুক্ত সুশীতল অনলে শীতলাঙ্গী হইয়া তোমাদের পঞ্চেন্দ্রিয়ের অর্থাৎ চক্ষু কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বকের আনন্দদায়িনী হইয়াছে ॥ ৪৬ ॥

স্ফুরিতসহচরালীবেষ্টিতোঽম্লানকান্তি-
স্ততকুসুমধনুর্মূর্চ্ছালিগোপীপ্রগীতঃ।
বিকচকুসুমবাণঃ কৃষ্ণ! তে দেহতুল্যো
মুখরিতশুকলীলো ভাতি হেমন্তকালঃ॥ ৪৭ ॥

হে কৃষ্ণ! তে দেহতুল্যো হেমন্তকালো ভাতি। তে দেহপক্ষে স্ফুরিতানাং মুদিতানাং সহচরাণাং সখীনামালীভিঃ শ্রেণীভিঃ বেষ্টিতঃ। কালপক্ষে পীতা ঝিণ্টী তস্যাঃ শ্রেণীভি র্বেষ্টিতঃ। দেহপক্ষে অম্লানা কান্তি র্যস্য সঃ। পক্ষে অম্লানেন ঝিণ্টীপুষ্পেণ শোভা যত্র সঃ। ততো বিস্তৃতং সমৃদ্ধঃ কুসুমধনুঃ কন্দর্পো যস্মাৎ। কালপক্ষেঽপ্যয়মেবার্থঃ। যদ্বা ততানি বিস্তৃতানি কুসুমান্যেব ধনুঃকন্দর্পধনু র্যত্র সঃ। দেহপক্ষে মূর্চ্ছালিনীভি র্গোপীভিঃ প্রগীতঃ। "প্রবীত" ইতি পাঠে প্রকর্ষেণ বেষ্টিতঃ। পক্ষে মূর্চ্ছালিনী হর্ষযুক্তা ফুল্লা গোপী লতাস্তাভিঃ প্রগীতঃ শোভিতঃ। প্রবীতো বেষ্টিতঃ। "গোপী শ্যামা শারিবা স্যা"দিত্যমরঃ। বিকচঃ প্রফুল্লঃ কুসুমবাণঃ কন্দর্পো যতঃ সঃ। অয়মর্থঃ কালপক্ষেঽপি। যদ্বা বিকচানি কুসুমানি এব বাণাঃ কন্দর্পবাণা যত্র সঃ। যদ্বা বিকচানি কুসুমানি যেষাং তথাভূতা বাণাস্তৎপুষ্পবৃক্ষা যত্র সঃ। "নীলা ঝিণ্টী দ্বয়োর্বাণা" ইত্যমরঃ। মুখরিত উচ্চৈর্বহুজল্পকীকৃতঃ শুকঃ শ্রীশুকদেবো যয়া। কিম্বা মুখরিতাঃ

হে কৃষ্ণ! এই হেমন্তকাল তোমার দেহ তুল্য শোভা পাইতেছে দেখ তোমার দেহ যেমন সহচরশ্রেণীতে পরি বেষ্টিত তদ্রূপ এই বসন্তকাল সহচর অর্থাৎ পীত ঝিণ্টী শ্রেণী দ্বারা পরিবেষ্টিত। তোমার দেহ যেমন অম্লান কান্তি যুক্ত তদ্রূপ এই হেমন্ত কাল অম্লান অর্থাৎ আমলপুষ্পসকলে শোভিত, তোমার দেহদ্বারা কুসুমধনু কন্দর্পের যেমন সমৃদ্ধি তদ্রূপ এই হেমন্তকালেও কন্দর্প সমৃদ্ধিশালী তোমার দেহ যেমন হর্ষযুক্ত গোপীগণ কর্ত্তৃক শোভিত তদ্রূপ এই হেমন্ত, ফুল্লা গোপী নাম্নী লতাসমূহে সুশোভিত, তোমার দেহের লাবণ্যে কন্দর্প যেমন প্রফুল্ল এই হেমন্তে কুসুমবাণ কন্দর্প তদ্রূপ প্রফুল্ল

হিমঋতুলক্ষ্মীং মতিমুদিতস্তাম্ ।
হরিরথ কান্তাং, প্রতিকুরুতে স্ম ॥ ৪৮ ॥
রুচিরবিবিধবর্ণাপক্কশাল্যংশুকাঙ্গী
মদকলশুকপালী-নাদনান্দীমুখীব ।
সুমুখি ! পরিণতোচ্চৈর্নাগরঙ্গস্তনীয়ং
কলয় বরনটীবাভাতি হেমন্তলক্ষ্মীঃ ॥ ৪৯ ॥

শুকাঃ পূর্ব্বোক্তশুকা যয়া তাদৃশী লীলা যস্য সঃ। কালপক্ষে মুখরিতশুকানাং লীলা যত্র সঃ ॥ ৪৭ ॥

অতিমুদিতো হরিস্তাং হিমঋতুলক্ষ্মীং কান্তাং রাধাং প্রতি কুরুতে স্ম। উপমানান্তরেণ দর্শ্যতে স্ম ॥ ৪৮ ॥

ইয়ং হেমন্তলক্ষ্মী বরনটী ইহ আভাতি। কীদৃশী ? মনোজ্ঞো বিবিধো বর্ণো যস্যাঃ সা। আপক্কা আ ঈষৎপক্কা বা শালী ধান্যং অংশুকং বস্ত্রং অঙ্গে যস্যাঃ সা। মদকলানাং মদোৎকটানাং শুকশ্রেণীনাং নাদএব নান্দী নাট্যারম্ভে কৃতা স্তুতি র্যস্যাঃ সা। হে সুমুখি ! পরিণতাঃ পক্কাঃ নাগরঙ্গাঃ নারঙ্গ ইত্যাখ্যফলানি স্তনৌ যস্যাঃ সা ॥ ৪৯ ॥

এবং তোমার লীলা যেমন শ্রীশুকদেব কীর্ত্তন করিতেছেন, তদ্রূপ এই হেমন্ত কালেও শুকপক্ষিগণ মহানন্দে কলরব করিতেছে ॥ ৪৭ ॥

অনন্তর, শ্রীকৃষ্ণ অত্যন্ত হর্ষান্বিত হইয়া প্রিয়তমা শ্রীরাধার প্রতি পূর্ব্বোক্ত হেমন্ত ঋতুর শোভাকে অন্য এক উপমাদ্বারা প্রদর্শন পূর্ব্বক কহিতে-ছেন ॥ ॥ ৪৮ ॥

হে প্রিয়ে ! মনোহর ও নানাবিধ বর্ণের সুপক্ক ধান্যই যাহার অঙ্গের বসন, মদমত্ত শুকসকলের উচ্চ ধ্বনিই যাহার মুখে অর্থাৎ নাটকারম্ভ কালে নান্দী (দেবাদির স্তুতিপাঠ) হে সুমুখি ! সুপক্ক নারঙ্গ অর্থাৎ জম্বীর ফলই যাহার কুচযুগল হইয়াছে, সেই এই হেমন্তশোভা উৎকৃষ্ট নাটীর ন্যায় শোভা পাই-তেছে, অবলোকন কর ॥ ৪৯ ॥

ঔষ্ণ্যং হিমর্ত্তুমনু তে হৃদয়াখ্যদুর্গং
ভানোঃ সমাশ্রয়তি সাধ্বি ! তুষারভীত্যা ।
তৎসঙ্গমাদনুপলব্ধবিয়োগদুঃখং
রাত্রিন্দিবং বিলসতি স্তনকোকযুগ্মম্ ॥ ৫০ ॥

হে সাধ্বি ! তুষারস্য হিমস্য ভীত্যা হিমর্ত্তুমনু হিমঋতৌ ভানোঃ সূর্য্যস্য ঔষ্ণ্যং তে হৃদয়াখ্যং দুর্গং সমাশ্রয়তি। তৎসঙ্গমাৎ ভানোরৌষ্ণ্যসঙ্গাৎ। ভানুরস্তীতি বুদ্ধ্যা তব স্তনরূপকোকযুগ্মং অনুপলব্ধং বিয়োগদুঃখং সূর্য্যাভাবজন্যং দ্বয়োর্বিচ্ছেদরূপং যেন তাদৃশং সৎ রাত্রিন্দিবং বিলসতি বিশেষেণ লসতি। "লসদীপ্তৌ" রাত্রৌ চক্রবাকস্য বিয়োগঃ। "কূপোদকং বটচ্ছায়া শ্যামা স্ত্রী ইষ্টকালয়ং। শীতকালে ভবেদুষ্ণং উষ্ণকালে চ শীতলং" ইতি প্রমাণাৎ। "তপ্তকাঞ্চনবর্ণাভ ইন্দ্রনীলমণিদ্যুতিঃ। দ্ব্যর্থঃ শ্যামস্বরূপস্য কবিভিঃ পরিকীর্ত্তিত" ইতি। "শ্যামা তু কঠিনস্তনী" ইতি চ। তস্যাঃ শীতে উষ্ণত্বং চ প্রসিদ্ধং ॥ ৫০ ॥

হে সাধ্বি ! হিমঋতু অর্থাৎ শীতকালে শ্রীসূর্য্যদেবের উষ্ণতা শীতভয়ে ভীত হইয়া তোমার হৃদয়রূপ দুর্গকে (গড়কে) আশ্রয় করিতেছে, এই নিমিত্তই উষ্ণতার সম্মিলনে স্তনরূপ চক্রবাক যুগল, বিয়োগ দুঃখ দূর করিয়া ঐ হৃদয় দুর্গে দিবানিসি অবস্থিতি করিতেছে, তাৎপর্য্য এই যে চক্রবাক রজনীতে নিজপ্রিয়া চক্রবাকীর সহিত বিযুক্ত হইয়া পৃথক্ স্থানে অবস্থিতি করে ইহাই প্রসিদ্ধ আছে, কিন্তু তোমার স্তন যুগরূপ চক্রবাকযুগল, সূর্য্যের উষ্ণতালাভে দিবারাত্রই মিলিত হইয়া বাস করিতেছে ॥ ৫০ ॥

ঋতাবিহাগ্নেঃ প্রবলোষ্ণভাবা
ভিয়া হিমান্যাঃ পরিতো দ্রবন্তঃ।
কূপাপ্সু কেচিদ্বিনিপত্য লীনাঃ
ক্রোড়ে দ্রুমস্যাদ্রিদরীষু চান্যে ॥ ৫১ ॥
হিমানী ডাকিনী সেয়মলক্ষিতমহর্নিশম্।
ইহ ভানুবৃহদ্ভান্বোঃ প্রপিবত্যৌষ্ণ্যশোণিতম্ ॥ ৫২ ॥
আলিঙ্গ্য কান্তাং তরুণৈঃ শয়ানৈঃ
কুচোষ্ণতাসঙ্গবিভঙ্গদীনৈঃ।

হিমান্যা হিমসমূহস্য ভিয়া ইহ শীতঋতৌ অগ্নেঃ প্রবলোষ্ণভাবাঃ পরিতঃ পলায়নপরাঃ কেচিৎ কূপজলে অন্যেচ বৃক্ষক্রোড়ে পর্ব্বতকন্দরাসু চ বিনিপত্য লীনা অভবন্। "হিমানী হিমসংহতি" রিত্যমরঃ ॥ ৫১ ॥

সেয়ং হিমানী ডাকিনী ইহ ঋতৌ অহর্নিশং সূর্য্যবহ্ন্যোরৌষ্ণ্যশোণিতং প্রপিবতি ॥ ৫২ ॥

কুচোষ্ণতা সঙ্গস্য বিভঙ্গেন দীনৈঃ শয়ানৈ স্তরুণৈরারাধিতোঽর্ক সূর্য্যঃ বিলম্বং কৃত্বা প্রোদ্যন্ উদয়ং কুর্ব্বন্ নিশাবৃদ্ধিং বিধত্তে ॥ ৫৩ ॥

হে প্রিয়ে! এই শীতঋতুতে বহ্নির প্রবল উষ্ণতা হিমধাতুর ভয়ে ইতস্ততঃ পলায়নপর হইয়া কেহ কেহ কূপজলে, কেহ বৃক্ষক্রোড়ে এবং কেহ কেহ গিরি কন্দরে গিয়া লীন হইয়া রহিয়াছে ইহার তাৎপর্য্য এই যে শীত এমন প্রবল হইয়াছে যে অগ্নিতাপও হ্রাস হইয়াছে এবং শীতকালে কূপোদক, বৃক্ষতল ও গিরি গহ্বরে কিছু কিছু উষ্ণতা বোধ হইয়া থাকে ॥ ৬১ ॥

হে প্রিয়তমে! সেই এই হিমসংহতিরূপা ডাকিনী অলক্ষিতভাবে এই শীতঋতুতে দিনরাত্রি সূর্য্য ও অগ্নির উষ্ণতারূপ শোণিত পান করিতেছে ॥ ৫২ ॥

অপর হে প্রিয়ে! যুবকসকল নিশাকালে শয্যায় শয়ন পূর্ব্বক স্বীয় কান্তাকে আলিঙ্গন করিয়া স্তনদ্বয়ের উষ্ণতা অনুভব করতঃ পরে বিভঙ্গ অর্থাৎ

আরাধিতোঽর্কঃ কৃপয়া বিলম্ব্য
প্রোদ্যন্ বিধত্তে হ্যদ্য নিশাভিবৃদ্ধিম্ ॥৫৩॥
রাসে কুমারীগণ-কুঙ্কুমাঙ্কিত-
স্তনাবলী যাং স্মৃতিমানিনায় নৌ।
সা পক্বনারঙ্গফলালিরগ্রত-
স্তৎস্মারকত্বং স্বগুণং ব্যনক্ত্যসৌ ॥ ৫৪ ॥
অথালোকয়ন্তৌ, পুরোঽরণ্যভাগম্।
সমুৎকৌ নিজেশাববাদীদ্বনেশা ॥ ৫৫ ॥

রাসে কুমারীগণকুঙ্কুমযুক্তস্তনাবলী যাং পক্বনারঙ্গফলাবলিং নৌ আবয়োঃ স্মৃতিং আনিনায় স্মৃতিবিষয়ীভূতাং চকার। ইদানীং অগ্রতঃ সাঽসৌ বনভাগবর্ত্তিনী পক্বনারঙ্গফলালিস্তৎস্মারকত্বং রাসে কুমারীগণস্তনাবলিস্মারকত্বং স্বগুণং স্বধর্ম্মং ব্যনক্তি প্রকাশয়তি ॥ ৫৪ ॥

বনেশা বৃন্দা পুরোঽগ্রে অরণ্যভাগং লোকয়ন্তৌ সমুৎকৌ নিজেশৌ রাধাকৃষ্ণৌ ॥ ৫৫ ॥

আলিঙ্গনাবসানে ঐ উষ্ণতার অভাব হওয়ায় কাতরচিত্ত সূর্য্যদেবকে আরাধনা করিয়াছিল, এই নিমিত্ত সূর্য্যদেব, অনুগ্রহপূর্ব্বক বিলম্ব করিয়া উদিত হওত এই শীতকালের রাত্রিকে দীর্ঘ করিয়াছেন ॥ ৫৩ ॥

রাসক্রীড়ায় কুমারীগণের কঙ্কুমান্বিত স্তনাবলী আমাদিগকে যে সুপক্ক নারঙ্গ ফলের স্মরণ করাইয়া দিয়াছিল ইদানীং অগ্রবর্ত্তিনী সেই নারঙ্গফলাবলী "স্মরণ করিয়া দেওয়া রূপ" নিজ গুণ স্বধর্ম্মকে প্রকাশ করিতেছে অর্থাৎ স্তনাবলী স্মরণ করাইতেছে ॥ ৫৪ ॥

অনন্তর বৃন্দাবনের অধীশ্বরী বৃন্দাদেবী, শ্রীরাধাকৃষ্ণকে অগ্রবর্ত্তি বনভাগ অবলোকন করিতে সমুৎসুকচিত্ত দর্শন করিয়া বলিতে লাগিলেন ॥ ৫৫ ॥

প্রবিশদখিলজন্তূৎকম্পরোমাঞ্চকারী
ক্বচিদলঘুনগাধঃকোষ্ণতাশীতহারী।
মৃদুলিতরবিকান্তি দক্ষিণাশাগতার্কঃ
শিশিররুচিরনামা ভাত্যরণ্যৈকদেশঃ ॥ ৫৬ ॥
জবাবন্ধূকাভারুণবরদুকূলং দমনক-
প্রভাচোলীং কুন্দদ্যুতিসিতনিচোলং চ দধতী।

শিশিররুচিরনামা বনৈকদেশো ভাতি। প্রবিশতামখিলজন্তূনাং কম্পাদিকারী। ক্বাপি অলঘূনাং বৃহতাং নগানাং বৃক্ষাণাং অধঃকোষ্ণতা অল্পোষ্ণতা তয়া করণেন শীতহারী। মৃদুলিতা মৃদুলা ইব আচরিতা সূর্য্যস্য কান্তির্যত্র সঃ। দক্ষিণদিগ্‌গতোঽর্কো যত্র সঃ ॥ ৫৬ ॥

শিশির ঋতুলক্ষ্মী বাং যুবাভ্যাং প্রেম্ণা মিলতি। কীদৃশী? জবাবন্ধূকপুষ্পাণামাভয়া কান্ত্যা অরুণবর্ণং বরদুকূলং শ্রেষ্ঠবস্ত্রং দধতী। দমনকপ্রভয়া-

---

হে রাধে! হে কৃষ্ণ! শিশিররুচিরনামক এই বনের এক প্রদেশ শোভা পাইতেছে, আহা! এই বন—প্রবিষ্ট হইবা মাত্র জন্তুগণকে কম্পিত করিতেছে, কোন স্থানে অত্যুচ্চ বৃক্ষসকলের অধঃস্থিত ঈষৎ উষ্ণতায় শীতহরণ করিতেছে, তথা এই অরণ্যে সূর্য্যকিরণও মৃদুলের ন্যায় আচরণ করিতেছে এবং ইহাতে শ্রীসূর্য্যদেবও দক্ষিণদিকে গমন করিতেছেন অর্থাৎ দক্ষিণায়ন হইয়াছে ॥ ৫৬ ॥

এবং এই শীতঋতুর শোভা অধিক আর কি বর্ণন করিব, এই শীতঋতু ও বন্ধূকপুষ্পের প্রভায় অরুণবর্ণ উত্তমবস্ত্র, দমনকের অর্থাৎ দোনাপুষ্পের কান্তিতে কঞ্চুলী (কাঁচুলী) কুন্দপুষ্পের দ্যুতিতে শুক্লবর্ণ উত্তরীয় ধারণ করিয়া ভরদ্বাজ

ভরদ্বাজশ্রেণী-বিরুতিযুতহারীতরুতিভিঃ
স্তুবন্তীব প্রেম্ণা শিশিরঋতুলক্ষ্মী র্মিলতি বাম্ ॥ ৫৭ ॥
নিবিড়দলতরূণাং বাসরাদ্যন্তকালা-
গতরবিকরকোষ্ণে সূর্য্যকান্তাঙ্কিতেঽঙ্কে ।
মৃগততিরুপবিষ্টা মন্দরোমন্থরম্যা
প্রকটপুলকবাষ্পা বাং সমীক্ষ্যাভ্যুপৈতি ॥ ৫৮ ॥

চোলীং কঞ্চুকীং দধতী । কুন্দত্বাতিভিঃ সিতনিচোলং শুক্লোত্তরীয়ং চ দধতী। ভরদ্বাজপক্ষিশ্রেণীনাং বিশিষ্টরুতিভিঃ শব্দৈঃ সহ হারীতপক্ষিরুতিভিঃ স্তুবন্তীব ॥ ৫৭ ॥

নিবিড়ানি দলানি পত্রাণি যেষাং তেষাং তরূণামঙ্কে ক্রোড়ে কীদৃশে ? দিবসস্যাদ্যন্তকালে প্রাতরপরাহ্নে চাগতরবিকিরণেন কোষ্ণে অল্পোষ্ণে। সূর্য্যকান্তমণিনা যুতে উপবিষ্টা মন্দরোমন্থেন তৃণস্য মৃদুচর্ব্বণেন রম্যা মৃগততির্বাং যুবাং সমীক্ষ্য প্রকটপুলকবাষ্পা সতী অভ্যুপৈতি সমীপমায়াতি ॥ ৫৮ ॥

নামক পক্ষিশ্রেণীর উচ্চ ধ্বনির সহিত হারীতপক্ষীর রবদ্বারা স্তব করিতে করিতেই যেন তোমাদের উভয়ের সহিত প্রেম সহকারে সম্মীলিত হইতেছে ॥ ৫৭ ॥

আরও দেখ প্রাতঃকাল ও অপরাহ্নকালীন রবিকিরণে ঈষৎ উষ্ণ এবং সূর্য্যকান্ত মণিযুক্ত নিবিড়তর দলশালি বৃক্ষগণের ক্রোড়-প্রদেশে হরিণসকল মন্দ মন্দ রোমন্থে (তৃণচর্ব্বণে) রমণীয়মূর্ত্তি হইয়া এবং তোমাদের উভয়কে দর্শন করিবার নিমিত্ত প্রকটিত পুলক ও বাষ্পজালে সমাকীর্ণ হইয়া আগমন করিতেছে ॥ ৫৮ ॥

ঋতাবস্মিন্ তেজঃক্ষতিরনুদিনং প্রাণসুহৃদাং
সরোজানাং নষ্টিঃ স্বসুখসময়াহ্নোঽপি লঘুতা।
তুষারৈশ্চণ্ডাংশোরপি মৃদুভিরুচ্চৈর্বত ! কৃতা
বিনৈকং বিশ্বেশং ভবতি ন হি কঃ কালবশগঃ ॥ ৫৭ ॥
প্রবলশিশিরভীত্যা ভানুরৌষ্ণ্যং স্ববিত্তং
স্তনযুগগিরিদুর্গে বল্লবীনাং ন্যধত্ত।

একং বিশ্বেশং ভগবন্তং বিনা কো বা কালবশগো নহি ভবতি। অন্যা কা বার্ত্তা। বত আশ্চর্য্যং। অস্মিন্ শিশিরঋতৌ মৃদুভিস্তুষারৈশ্চণ্ডাংশোঃ সূর্য্যস্যাপি উচ্চৈস্তেজসঃ ক্ষতিঃ ক্ষয়োঽনুদিনং কৃতা। চণ্ডাংশোঃ প্রাণসুহৃদাং সরোজানাং নষ্টির্নাশঃ কৃতা। স্বসুখসময়দিবসস্য লঘুতা কৃতা ॥ ৫৭ ॥

ভানুঃ প্রবলশিশিরভীত্যা বল্লবীনাং স্তনযুগরূপগিরিদুর্গে স্ববিত্তমৌষ্ণ্যং ন্যধত্ত। অমূভির্বল্লবীভিস্ত্বরিতং তৎ ঔষ্ণ্যং হে কৃষ্ণ! ভোগায় তব ভোগায় কৢপ্তং কৃতং তুভ্যং দত্তং। একস্য স্থাপিতং ধনং অন্যস্মৈ দানে ধর্ম্মাদিবিরুদ্ধিঃ স্যাত্ত-

---

আহা কি আশ্চর্য্য! এক জগৎপতি ভগবান্ ভিন্ন কোন্ ব্যক্তি কালের বশীভূত না হয়? অন্যের কথা কি! দেখ, এই শীতকালে অতিশয় মৃদুতর হিমকণায় প্রচণ্ডমার্ত্তণ্ডের তেজঃপুঞ্জ প্রতিদিন ক্ষয়প্রাপ্ত হইতেছে, সূর্য্যদেবের প্রাণসমা সুহৃদ্ কমলিনী বিনষ্ট হইতেছে, তথা সূর্য্যদেবের স্বীয় সুখসময় দিবসও ক্ষয় হইয়া যাইতেছে ॥ ৫৭ ॥

বিশেষতঃ সূর্য্যদেব প্রবল শিশিরের ভয়ে গোপীগণের স্তনযুগলরূপ গিরিদুর্গে উষ্ণতারূপ স্বকীয় ধন ন্যস্ত করিয়া রাখিয়াছিলেন কিন্তু হে কৃষ্ণ! এই সকল গোপী তোমার উপভোগের নিমিত্ত ধন সত্বর তোমাকে সমর্পণ

ত্বরিতমিদমমূভিঃ কৃষ্ণভোগায় কৢপ্তং
প্রভবতি নহি গাঢ়প্রেম্নি ধর্ম্মাদ্যপেক্ষা ॥ ৬০ ॥
ইতি তদ্গিরা প্রমুদিতোঽত্র, শিশিরঋতুজাং বনশ্রিয়ম্।
বকরিপুরথ কলয়ন্ স, তদা ললিতং জগাদ নিজপ্রিয়াম্ ॥ ৬১
ভ্রমদিন্দিন্দিরবৃন্দং, সুন্দরি! শিশিরাগমং দিশত্যত্র।
মন্দাদরমরবিন্দে, বিন্দতি কুন্দে যদানন্দম্ ॥ ৬২।

ত্রাহ। গাঢ়প্রেম্নি ধর্ম্মাদ্যপেক্ষা নহি প্রভবতি প্রভুঃ সমর্থা ন ভবতি। কিম্বা প্রকর্ষেণ নহি ভবতীতি নিষেধস্যৈব প্রকর্ষঃ কিঞ্চিদপি ন ভবতীতি ফলিতার্থঃ ॥ ৬০ ॥

বৃন্দাগিরা প্রমুদিতঃ কৃষ্ণঃ ললিতং যথা স্যাৎ নিজপ্রিয়াং রাধাং জগাদ। শিশিরঋতুজামিতি। কৌমুদ্যাং "ঋত্যকঃ" ইতি সূত্রাং সন্ধে বিকল্পঃ। হরিনামামৃতেচ "ঋরয়াদ্বয়য়ো"রিতি সূত্রাৎ "হিমঋতাবপি তাঃ স্ম ভৃশান্বিদ" ইতি মাঘঃ ॥ ৬১ ॥

হে সুন্দরি অত্র বনপ্রদেশে ভ্রমদিন্দিন্দিরাণাং ভ্রমরাণাং বৃন্দং যদযস্মাৎ অরবিন্দে মন্দাদরং কুন্দে আনন্দঞ্চ বিন্দতি তস্মাৎ শিশিরাগমং দিশতি ॥ ৬২ ॥

করিয়াছেন, "যদি বল একের স্থাপিত ধন অন্যকে দান করিলে ধর্ম্ম বিরুদ্ধ হয়" এই বিষয়ে কহিতেছেন প্রেম গাঢ়তর হইলে ধর্ম্মাদির অপেক্ষা থাকে না, অথবা নিষেধের প্রকর্ষ কিছুই থাকে না ॥ ৬০ ॥

এই রূপে বকরিপু শ্রীকৃষ্ণ বৃন্দাদেবীর বচনে আনন্দিত হইয়া বর্ত্তমান শীতকালে শিশির ঋতুজন্য বনশোভা দর্শন করিয়া স্বপ্রিয়তমা শ্রীরাধাকে সুললিত স্বরে বলিতে লাগিলেন ॥ ৬১ ॥

হে সুন্দরি! দেখ এই বনপ্রদেশে ভ্রমমাণ ভ্রমর সকল, যখন পদ্মপুষ্পে

পশ্যেন্দিরেন্দিন্দিরবৃন্দসংযুতা

দংদহ্যমানং প্রবলৈর্হিমৈর্নিজম্ ।

বিহায় সম্প্রত্যরবিন্দমন্দিরং

কুন্দাবলৌ সুন্দরি ! মন্দিরীয়তি ॥ ৬৩ ॥

হিমানী রাহুসেনানী সূর্য্যং নির্জ্জেতুমক্ষমা ।

তস্মিন্ প্রণয়িনীং জ্ঞাত্বাজ্বালয়ৎ পদ্মিনীততিম্ ॥ ৬৪ ॥

ইন্দিন্দিরবৃন্দেন ভ্রমরসমূহেন সংযুতা ইন্দিরা লক্ষ্মীঃ প্রবলৈর্হিমৈঃ সম্প্রতি দংদহ্যমানং নিজং অরবিন্দমন্দিরং বিহায় ত্যক্ত্বা কুন্দাবলৌ মন্দিরমিব করোতীতি মন্দিরীয়তি। কমলে ভ্রমরৈঃ সহ যা শোভা আসীৎ অধুনা কুন্দপুষ্পে অভূদিত্যর্থঃ ॥ ৬৩ ॥

রাহোঃ সেনানী হিমানী সূর্য্যং নির্জ্জেতুমসমর্থা তস্মিন্ সূর্য্যে প্রণয়যুক্তাং পদ্মিনীততিং অজ্বালয়ৎ ॥ ৬৪ ॥

তৌ শ্রীরমণীগণরমণৌ, বিধৃতং লঘুশুক্লবর্ণমংশুকং বস্ত্রং যাভ্যাং তৌ, রম্যাণি তাম্বূলপূর্ণানি আননানি যয়োস্তৌ। ধৃতৈস্তোয়যন্ত্রৈঃ রতিপতেঃ কামস্য রণযান্ত্রিকত্বং গতৌ। চঞ্চলকটাক্ষা এব কন্দর্পস্য নারাচা বাণাস্তেষাং বৃষ্ট্যা সমং যন্ত্রমুক্তাম্বুবৃষ্টিং বিসৃজতঃ ॥ ৩২ ॥

তত্র শ্রীরাধাদিব্রজসুন্দরীণাং ক্রীড়াসৌষ্ঠবং বর্ণয়তি চতুর্ভিঃ। তাঃ কণস্তুতাঃ ক্লিন্নাতিসূক্ষ্মবসনস্যান্তর্মধ্যে উদীর্ণাঙ্গাবলীনাং মধুরিমামৃতস্য সংপ্রবাহৈঃ সংসিক্তকান্তস্য নয়নাব্জে মনস্তটীকা যাভিস্তাঃ। তস্য কান্তস্য তৈস্তাদৃশামৃতসংপ্রবাহৈরতিনিষিক্তানি বিতৃষ্ণান্যতৃপ্তানি বিশেষেণ তৃপ্তানি বা নেত্রাণি যাসাং তাঃ ॥ ৩৩ ॥

আহা ঐ ক্রীড়া কি আশ্চর্য্য মাধুর্য্য! রমণীগণ ও রমণ শ্রীকৃষ্ণ সূক্ষ্ম শুক্লবস্ত্র পরিধান পূর্ব্বক রমণীয় তাম্বূল পূর্ণ বদনে কন্দর্পের রণবিষয়ক যন্ত্রধারক হইয়া সহর্ষে পরস্পর জলযন্ত্র সকল দ্বারা চঞ্চল কটাক্ষ রূপ কামবর্ষণের সহিত যন্ত্রযুক্ত জলধারা বর্ষণ করিতে লাগিলেন ॥ ৩২ ॥

শ্রীরাধাপ্রভৃতি ব্রজসুন্দরীগণের তদ্বিষয়ক ক্রীড়া সৌষ্ঠব চারি শ্লোক বর্ণন করিতেছেন যথা—

ব্রজসুন্দরীদিগের আর্দ্র সূক্ষ্মবস্ত্রের মধ্য হইতে অঙ্গ সমূহের মাধুর্য্যরূপ অমৃত প্রবাহে কান্ত শ্রীকৃষ্ণের সংসিক্ত নেত্রকমলে মনোরূপতট সমুদায় সমর্পণ

তাম্বূলচর্ব্বিতদরোচ্ছ্বসিতৈকগণ্ডাঃ
ক্লিন্নালকালিবৃতঘর্ম্মজলাক্তভালাঃ।
বিস্রস্তকেশবিগলৎকুসুমাবলীকা-
লোলৎকচাংসযুগচারুকুচাংশমধ্যাঃ ॥ ৩৪ ॥
বাসোঞ্চলাং বিবিধগন্ধসুচূর্ণপূর্ণাং
কাঞ্চ্যান্তিরঃসুদৃঢ়শৃঙ্খলিতাং দধানাঃ।
কন্দর্পদীপনসনর্ম্মমনোজ্ঞগানাঃ
কৃষ্ণাভিষিক্তিনিজগুপ্তিষু সাবধানাঃ ॥ ৩৫ ॥

তাম্বূলচর্ব্বিতেন দরোচ্ছ্বসিতং স্বল্পোচ্চমেকং গণ্ডং যাসাং তাঃ। ক্লিন্নাল-কাভি র্বৃতং চ তৎঘর্ম্মসমূহেনাক্তং যুক্তঞ্চ ভালং কপোলং যাসাং তাঃ। বিস্রস্ত-কেশেভ্যো বিগলন্তী কুসুমাবলী যাসাং তাঃ। লোলন্তশ্চলন্তঃ কচাঃ কেশা-অংসযুগে স্কন্ধযুগে চারুকুচাংশে কুচয়োরুপরিভাগে মধ্যে তনুমধ্যে চ যাসাং তাঃ ॥ ৩৪ ॥

বিবিধগন্ধদ্রব্যাণাং সুচূর্ণৈঃ পূর্ণাং বাসোঽঞ্চলীং পরিহিতবস্ত্রপ্রান্তভাগং। কীদৃশীং কাঞ্চ্যান্তিরোভূত্বা বক্রীভূয় সুদৃঢ়শৃঙ্খলিতাং সুদৃঢ়বদ্ধাং দধানাঃ। কন্দর্পস্য দীপনং যস্মাৎ তথাভূতং নর্ম্মসহিতং মনোজ্ঞং গানং যাসাং তাঃ।

করিলেন এবং কান্ত শ্রীকৃষ্ণেরও ঐ প্রকার দেহমাধুর্য্যরূপ অমৃতপ্রবাহ দ্বারা-ব্রজাঙ্গনাগণের নয়ন সকল, অতিশয় নিষিক্ত হইয়া পরিতৃপ্ত হইতে লাগিল এবং চর্ব্বিত তাম্বূলে যাঁহাদিগের এক গণ্ড কিঞ্চিৎ উচ্চ, আর্দ্র চূর্ণকুন্তল ও ঘর্ম্ম-জলে কপোল দেশ শোভমান, স্খলিত কেশকলাপ হইতে কুসুম সমূহ বিভ্রষ্ট এবং যাহাদের কেশসকল স্কন্ধদ্বয়ে স্তনযুগলের উপরিভাগ ও দেহমধ্যে দোদু-ল্যমান হইতেছে আর নানাবিধ গন্ধ দ্রব্যের চূর্ণসমূহে পরিপূর্ণ, পরিধেয় বসনের অঞ্চলভাগকে চন্দ্রহারের মধ্যে বক্রীভূত ও সুদৃঢ় বদ্ধ করিয়া যাঁহারা ধারণ করিয়াছেন এবং যাঁহারা কন্দর্পোদ্দীপনকারি পরিহাসময় মনোজ্ঞ সঙ্গীত

নানাপ্রকারপটবাস-চয়ান্ ক্ষিপন্ত্যঃ
পৌষ্পাদিকন্দুকগণান্ মৃদুকূপিকাশ্চ।
প্রেম্ণা সুগন্ধসলিলৈর্জলযন্ত্রমুক্তৈঃ
শ্রীরাধিকাপ্রভৃতয়ঃ সিষিচুঃ স্বকান্তম্ ॥ ৩৬ ॥

চতুর্ভিঃ কুলকং ॥

অংসালম্বিতপৌষ্পকার্ম্মুকলতাং বাণাবলীং কৌসুমীং
বংশীং চাতুলতুন্দবন্ধনিহিতাং রত্নাম্বুযন্ত্রং করে।

কৃষ্ণস্যাভিষিক্তিরভিষেকস্তাভ্যো নিজগুপ্তিষু স্বরক্ষাসু সাবধানাঃ ॥ ৩৫ ॥

এবম্ভূতাঃ শ্রীরাধিকাপ্রভৃতয়ো নানাপ্রকারপটবাসস্য সুগন্ধচূর্ণস্য চয়ান্। পৌষ্পসৈন্দূরাদিকন্দুকগণান্ মৃদুজাতুষকূপিকাশ্চ ক্ষিপন্ত্যঃ সত্যো জলযন্ত্রমুক্তৈঃ সুগন্ধসলিলৈঃ প্রেম্ণা স্বকান্তং সিষিচুঃ ॥ ৩৬ ॥

শ্রীহরিঃ অংসে স্কন্ধে আলম্বিতং পুষ্পধনুর্বিভ্রৎ। অতুলতুন্দবন্ধে তুলনারহিতজঠরপটবন্ধে কৌসুমীং কুসুমকৃতাং বাণাবলীং বংশীঞ্চ বিভ্রৎ করে রত্নাম্বুযন্ত্রং রত্ননির্ম্মিতপিচকারীতি খ্যাতং বিভ্রৎ। পিষ্টাতকৈঃ সুগন্ধচূর্ণৈ-

---

করিতেছেন ও শ্রীকৃষ্ণ জলসেচন করিলে তাহা হইতে যাঁহারা আপন আপন অঙ্গ রক্ষায় সাবধান হইতেছেন এতাদৃশী শ্রীরাধিকা প্রভৃতি ব্রজসুন্দরী সকল নানা প্রকার গন্ধচূর্ণ সমূহ তথা পুষ্পনির্ম্মিতসৈন্দূরাদি কন্দুকনিচয় এবং জতুনির্ম্মিত কূপিকা (কুঙ্কুমা) সকল নিক্ষেপ করত জলযন্ত্র মুক্ত সুগন্ধ সলিল সমূহ দ্বারা প্রেম সহকারে প্রাণবল্লভকে সেচন করিতে লাগিলেন ॥ ৩৩—৩৬ ॥

তৎপর শ্রীকৃষ্ণ, স্কন্ধে আলম্বিত পুষ্পধনু, মনোজ্ঞ উদর বন্ধন বসনমধ্যে কুসুমরচিত বাণশ্রেণী ও বংশী, হস্তে রত্ন নির্ম্মিত জলযন্ত্র [পিচকারী] এবং

বিভ্রৎ শ্রীঘটিকাঞ্চলঞ্চ নিভৃতং পিষ্টাতকৈঃ শ্রীহরিঃ
কান্তা যন্ত্রবিমুক্তগন্ধসলিলৈঃ সিঞ্চন্নিমা দীব্যতি ॥ ৩৭ ॥
একাস্য নিঃসরতি যা জলযন্ত্রধারা
ব্যোমাধ্বনীহ শতধা চ সহস্রধা চ।
আসন্নপাতসময়ে কিল লক্ষধাসৌ
লক্ষ্যেষু পাতসময়ে বত কোটিধা স্যাৎ ॥ ৩৮ ॥
জাতুষ্যো যা গন্ধচূর্ণৈঃ প্রপূর্ণাঃ
ক্ষিপ্তাস্তাভিস্তেন বা কূপিকান্তাঃ।

নিভৃতং পূর্ণং শ্রীযুক্তঘটিকাং চলং চ বিভ্রৎ। যন্ত্রবিমুক্তগন্ধসলিলৈঃ ইমাঃ কান্তাঃ সিঞ্চন্ দীব্যতি ক্রীড়তি ॥ ৩৭ ॥

অস্য কৃষ্ণস্য যা জলযন্ত্রধারা জলযন্ত্রান্নিঃসৃতা জলধারা কিম্বা যন্ত্রস্য জলং জলযন্ত্রঃ রাজদন্তাদিবৎ। তস্য যন্ত্রজলস্য ধারা। একা সতী নিঃসরতি যা ধারা ব্যোমাধ্বনি আকাশমার্গে শতধা চ ততঃ সহস্রধা চ স্যাৎ। অসৌ ধারা আসন্নপাতসময়ে পতনপূর্ব্বক্ষণে লক্ষধা স্যাৎ। লক্ষ্যেষু পাতসময়ে শ্রীব্রজাঙ্গনানামঙ্গেষু পতনসময়ে সা ধারা কোটিধা স্যাৎ। মথুরায়াং জরাসন্ধসেনায়াং শ্রীকৃষ্ণস্য শর ইব জ্ঞেয়ং। শরাদিক্ষেপোদ্দেশ্যং লক্ষ্যং ॥ ৩৮ ॥

তাভিঃ শ্রীরাধিকাদিভিঃ। তেন শ্রীকৃষ্ণেন বা ক্ষিপ্তা যা গন্ধচূর্ণৈঃ প্রপূর্ণাঃ

সুগন্ধ চূর্ণ সমূহে পরিপূর্ণ চঞ্চল ঘটিকা ধারণ পূর্ব্বক যন্ত্রবিমুক্ত সুগন্ধ সলিলদ্বারা এই কান্তাগণকে সেচন করত ক্রীড়া করিতে লাগিলেন ॥ ৩৭ ॥

শ্রীকৃষ্ণের জলযন্ত্র হইতে একটী জল ধারা নির্গত হইয়া গগণ পথে প্রথমতঃ শত ধারায় ও তৎপরে সহস্রধারায় বিভক্ত হইয়া আসন্নপাতসময়ে অর্থাৎ পতনের পূর্ব্বক্ষণে লক্ষ প্রকার হয় তাহার পর শ্রীব্রজসুন্দরীগণের অঙ্গ সকলে নিপতিত হইবার সময় ঐ ধারা কোটী প্রকারে বিভক্ত হইতে লাগিল ॥ ৩৮ ॥

তদনন্তর শ্রীরাধাদি ব্রজসুন্দরীগণও শ্রীকৃষ্ণকর্ত্তৃক সুগন্ধচূর্ণে পরিপূরিত জাতুষ্য অর্থাৎ জতুনির্ম্মিত কুপিকা নিক্ষিপ্ত হইল এবং তাহারা নিক্ষেপবেগে

ভূমৌ পেতুঃ ক্ষেপবেগৈর্বিশীর্ণা-
স্তন্মধ্যস্থা গোলিকালক্ষ্যমাপুঃ ॥ ৩৯ ॥
তাসাং তনৌ কুঙ্কুমবিন্দুজাল-
মধ্যে বিরাজন্মদবিন্দবস্তে।
সুবর্ণবল্লীততিপুষ্পবৃন্দ-
সুপ্তালিসঙ্ঘভ্রমমুন্নয়ন্তি ॥ ৪০ ॥

জাতুষাঃ কুপিকাস্তাঃ ক্ষেপবেগৈর্বিশীর্ণাঃ সত্যঃ ভূমৌ পেতুঃ। তন্মধ্যস্থাঃ সিন্দূরাদিগোলিকালক্ষ্যং শ্রীকৃষ্ণস্যাঙ্গং ব্রজাঙ্গনানামঙ্গঞ্চ পরস্পরমবাপুঃ ॥ ৩৯ ॥

শ্রীকৃষ্ণস্য জলযন্ত্রাদিভিঃ কুঙ্কুমানাং ক্ষেপেঽচিন্ত্যকৌশলযুক্তা জাতুষকুপিকাক্ষেপণেঽপ্যচিন্ত্যকৌশলমাহ—তাসাং শ্রীরাধাদীনাং তনৌ কুঙ্কুমবিন্দুসমূহমধ্যে বিরাজন্তো মৃগমদানাং যে বিন্দবস্তে। সুবর্ণলতাততিষু পুষ্পবৃন্দেষু সুপ্তানামলীনাং ভ্রমরাণাং সঙ্ঘস্য সমূহস্য ভ্রমং ভ্রান্তিমুন্নয়ন্তি প্রকাশয়ন্তি। তাসাং তনুষু স্বর্ণলতাভ্রমস্তনুসংলগ্নকুঙ্কুমবিন্দুষু পুষ্পভ্রমঃ কুঙ্কুমবিন্দুমধ্যসংলগ্নমৃগমদবিন্দুষু ভৃঙ্গভ্রমশ্চ জায়তে। তনুস্বর্ণলতাদীনামেকাকারত্বাদিত্যর্থঃ ॥ ৪০ ॥

বিশীর্ণ হইয়া ক্ষিতিতলে পতিত হইল এবং তাহাদের মধ্যস্থিত সিন্দূরাদি গোলিকা লক্ষ্য স্বরূপ শ্রীকৃষ্ণের ও ব্রজসুন্দরীগণের পরস্পর অঙ্গে সংলগ্ন হইয়া গেল ॥ ৩৯ ॥

শ্রীকৃষ্ণের জল যন্ত্রাদি দ্বারা কুঙ্কুম সকলের ক্ষেপণ বিষয়ে অচিন্ত্যকৌশল যুক্ত জাতুষ্য কূপিকা ক্ষেপণ বিষয়েও অচিন্ত্য কৌশল কহিতেছেন—

শ্রীকৃষ্ণ নিক্ষিপ্ত কুঙ্কুমবিন্দুসকল, শ্রীরাধা প্রভৃতি ব্রজসুন্দরীদিগের অঙ্গসংলগ্ন হইলে ঐ সকলের মধ্যগত মৃগমদের বিন্দুনিচয় স্বর্ণলতায় কুসুমবৃন্দ মধ্যে সুপ্ত ভ্রমরশ্রেণীর ভ্রম উৎপাদন করিতে লাগিল অর্থাৎ স্বর্ণলতায় স্বর্ণবর্ণ

শ্রীরাধিকা প্রথমকীর্ণসুসূক্ষ্মরন্ধ্র-
সদ্যন্ত্রকুঙ্কুমজলামলবিন্দুজালৈঃ।
ব্যাপ্তং পরিস্ফুরতি সংহননং বকারে-
রুদ্যৎসুধাকিরণবিম্বশতৈর্নভো বা ॥ ৪১ ॥
তাঃ ক্ষেপবেগগলিতাবৃতিকূপিকানাং
কর্পূরনাগজপরাগজগোলিকাভিঃ।
লগ্নাভিরঙ্গবসনেষু চ সুগন্ধিতোয়ৈঃ
পঙ্কত্বমেত্য বিচিত্রাঃ শবলাঙ্গভাসঃ ॥ ৪২ ॥

শ্রীরাধায়াঃ প্রথমক্ষিপ্তৈঃ সুসূক্ষ্মরন্ধ্রং ছিদ্রং যত্র তস্য যন্ত্রস্য কুঙ্কুমজলবিন্দু-সমূহৈর্ব্যাপ্তং মুরারেঃ সংহননং শরীরং উদয়সময়ে কুঙ্কুমবর্ণচন্দ্রকিরণৈর্নভ ইব স্ফুরতি বা ইবার্থে ॥ ৪১ ॥

ক্ষেপস্য বেগেন গলিতা গতা আবৃতি র্যাসাং তাসাং কূপিকানাং কর্পূরজ-ন্যাভির্নাগজং সিন্দুরং তজ্জন্যাভিঃ পুষ্পধুলিজন্যাভিশ্চ কিম্বা কর্পূরসিন্দুরাণাং পরাগাশ্চূর্ণস্তজ্জন্যাভির্গোলিকাভিঃ। কীদৃগ্ভিঃ। সুগন্ধিতোয়ৈঃ পঙ্কত্বং

কুসুম মধ্যে কৃষ্ণবর্ণ ভ্রমর যেমন শোভা পায়, তদ্রূপ ব্রজাঙ্গনাদিগের গৌরবর্ণ দেহস্থিত কুঙ্কুমবিন্দুতে মৃগমদবিন্দু সংলগ্ন হইয়া শোভা পাইতে লাগিল ॥ ৪০ ॥

শ্রীরাধা প্রথমতঃ সুন্দর সূক্ষ্ম রন্ধ্র বিশিষ্ট জলযন্ত্র দ্বারা কুঙ্কুম জল নিক্ষেপ করিলে, ঐ জলের নির্ম্মল বিন্দু নিচয়ে বকরিপু শ্রীকৃষ্ণের দেহ পরিব্যাপ্ত হইয়া শত শত শশধর বিম্বে সমাকীর্ণ নীলাকাশের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৪১ ॥

অনন্তর নিক্ষেপবেগে আবরণশূন্য কূপিকা (কুঙ্কুমা) সকলের কর্পূর সিন্দূর ও পুষ্পধূলি অথবা কর্পূর সিন্দুরের চূর্ণ জন্য গোলিকা সকল যাহারা

নানাবর্ণৈর্গন্ধচূর্ণৈ র্বিকীর্ণৈ-
রাদৌ ভূর্দ্যৌ র্ব্যানশে দিগ্বিদিক্চ ।
গন্ধাম্বূনাং বৃষ্টিসংছিন্নমূলৈ-
র্লেভে পশ্চাচ্চিত্রচন্দ্রাতপত্বম্ ॥ ৪৩ ॥
তং গন্ধলেপনচলং প্রিয়য়া স্বহস্ত-
স্পর্শোত্থকুট্টমিতয়া কলহায়মানম্ ।

প্রাপ্য তাসামঙ্গে বসনে চ লগ্নাভিস্তা রাধাদয়ঃ শবলাঙ্গবাসো বিচিত্রাঃ। অনেকস্য মিলনং শবলং । অনেকবর্ণযুতা বভূবুরিত্যর্থঃ ॥ ৪২ ॥

আদৌ বিকীর্ণৈঃ ক্ষিপ্তৈ র্নানাবর্ণৈর্গন্ধচূর্ণৈর্ভূঃ পৃথিবী দ্যৌরাকাশং চ দিগ্বিদিক্ চ ব্যানশে ব্যাপ্তা বভূব । পশ্চাৎ যন্ত্রনির্গতগন্ধজলবৃষ্টিভিঃ সংছিন্নমূলৈস্তৈ র্গন্ধচূর্ণৈশ্চিত্রচন্দ্রাতপত্বং লেভে । তাসাং মধ্যে দ্যৌরেবেতি জ্ঞেয়ং ॥ ৪৩ ॥

স্বস্য কৃষ্ণস্য হস্তস্পর্শেনোত্থঃ কুট্টমিতাখ্যো ভাবো যস্যাস্তয়া প্রিয়য়া রাধয়া গন্ধলেপনেন চলং চঞ্চলং কলহায়মানং তং রমণং কাচিৎ চলাক্ষী

সুগন্ধি জলে পঙ্কত্ব প্রাপ্ত হইয়া ব্রজাঙ্গনাগণের অঙ্গে ও বস্ত্র সংলগ্ন হইয়াছিল তৎসমুদায় দ্বারা শ্রীরাধিকা প্রভৃতি ব্রজসুন্দরী সকলে নানাবিধ বর্ণ বিশিষ্ট হইয়াছিলেন ॥ ৪২ ॥

অপর প্রথমতঃ নানাবিধ বর্ণের গন্ধচূর্ণ বিক্ষিপ্ত হইলে তদ্দ্বারা পৃথিবী, আকাশ ও দিক্ বিদিক্ পরিব্যাপ্ত হইল, অনন্তর যন্ত্রনির্গত গন্ধ জলের বর্ষণে ছিন্নমূল গন্ধচূর্ণ সমূহ দ্বারা যেন বিচিত্র চন্দ্রাতপকে লাভ করিয়াছিল ॥ ৪৩ ॥

তদনন্তর শ্রীকৃষ্ণ-করস্পর্শে শ্রীরাধার কুট্টমিত ভাব * উপস্থিত হওয়ায় তিনি শ্রীকৃষ্ণাঙ্গে গন্ধলেপন করিতেছিলেন তাহাতে চঞ্চল শ্রীকৃষ্ণ, শ্রীরাধার

স্তন ও অধরাদিগ্রহণ করায় হৃদয়ে প্রীত হইলেও সম্ভ্রমপ্রযুক্ত ব্যথিতের ন্যায় বাহ্যে ক্রোধ প্রকাশ করা হয়, পণ্ডিতগণ তাহাকে কুট্টমিত ভাব বলেন ॥

স্তনাধরাদিগ্রহণে হৃৎপ্রীতাবপি সম্ভ্রমাৎ ।
বহিঃ ক্রোধো ব্যথিতবৎ প্রোক্তং কুট্টমিতং বুধৈঃ ॥

কাচিৎ সুগন্ধিসলিলৈর্ঘটিকাত্তমুক্তৈঃ
সিঞ্চন্ত্যুপেত্য নিভৃতং রমণং চলাক্ষী ॥ ৪৪ ॥
যকা সকাভ্যেত্য যতস্ততোবপু-
ষ্যবাকিরৎ সৎপটবাসকান্ হরেঃ।
যকাং তকাং সোঽপ্যবরুধ্য বক্ষসা
তদাননং তৈঃ সমরূষয়ন্ পপৌ ॥ ৪৫ ॥
রাধাং কিরন্তীং পটবাসকান্ মুহু-
র্নিরোধিতাং বীক্ষ্য বকারিণোরসা।

নিভৃতমুপেত্য ঘটিকা ক্ষুদ্রঘটস্তত্রাদ্যৈরাত্তৈ গৃহীতৈঃ পশ্চাৎ মুক্তৈঃ সুগন্ধি-সলিলৈঃ সিঞ্চতি ॥ ৪৪ ॥

যকা সকা যা সা সামান্যা যতস্ততঃ অভ্যেত্যাগত্য হরের্বপুষি সৎপট-বাসকান্ শোভনসুগন্ধচূর্ণান্ অবাকিরৎ। স কৃষ্ণোঽপি যকাং তকাং যাং তামপি বক্ষসাঽবরুদ্ধ্য তৈঃ সুগন্ধচূর্ণৈস্তস্যা আননং সমরূষয়ন্ সজ্যর্ষয়ন্ পপৌ ॥ ৪৫ ॥

মুহুঃ পটবাসকান্ সুগন্ধচূর্ণান্ কিরন্তীং রাধাং বকারিণোরসা নিরোধিতাং

সঙ্গে কলহে প্রবৃত্ত হইলে ঐ সময়ে কোন এক চঞ্চলাক্ষী গোপাঙ্গনা নিভৃতে শ্রীকৃষ্ণের নিকট উপস্থিত হইয়া ক্ষুদ্রঘটদ্বারা গন্ধজলগ্রহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণকে সেচন করিতে লাগিলেন ॥ ৪৪ ॥

তৎপরে যে দিক্ সে দিক্ হইতে যে সে গোপী আগমন পূর্ব্বক শ্রীকৃষ্ণের অঙ্গে সুগন্ধচূর্ণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন, শ্রীকৃষ্ণও তখন যে সে গোপীকে নিজ বক্ষঃস্থলে অবরুদ্ধ করিয়া গন্ধচূর্ণদ্বারা তদীয় বদন বিভূষিত করত তাহা পান করিতে লাগিলেন ॥ ৪৫ ॥

অনন্তর শ্রীরাধা, শ্রীকৃষ্ণাঙ্গে মুহুর্মুহু গন্ধচূর্ণ নিক্ষেপ করিতে লাগিলে

সখীচয়েঽকাণ্ডপটায়িতে ঽভিত-
স্তেনাপি পূর্ণত্বমনায়ি বাঞ্ছিতম্ ॥ ৪৬ ॥
কৃষ্ণস্তীক্ষ্ণৈরতনুবিশিখৈর্নর্ম্মমন্ত্রপ্রবীণৈ-
স্তাসামাসীন্মদনবিবশো বিদ্ধমর্ম্মা কটাক্ষৈঃ।
তৎপ্রত্যস্ত্রৈঃ সদরহসিতাপাঙ্গলোকাশুগৈস্তান্
প্রত্যাবর্ত্ত্য ব্যদধদথ তা ব্যাকুলাঃ সোঽপি শশ্বৎ ॥ ৪৭ ॥
মহ্যাং মেঘঃ স চ নরবপুস্তং চ সিঞ্চন্ত্যজস্রং
শম্পাস্তস্মাৎ পৃথগিতলসন্মূর্ত্তয়ো গন্ধবারাম্

বীক্ষ্য সখীজনেঽসময়ে পরিতঃ পটায়িতে পটমিবাচরিতে সর্ব্বদিক্ষু আবরণীভূতে সতি তেন কৃষ্ণেন বাঞ্জিতং পূর্ণত্বমনায়ি ॥ ৪৬ ॥

তাসাং তীক্ষ্ণৈ নর্ম্মমন্ত্রেণ প্রবীণৈঃ কটাক্ষৈঃ কন্দর্পবাণৈ বিদ্ধমর্ম্মা কৃষ্ণো মদনবিবশ আসীৎ। সোঽপি কৃষ্ণঃ দরহসিতেন সহ কটাক্ষবাণৈস্তৎপ্রত্যস্ত্রৈ-স্তান্ প্রত্যাবর্ত্ত্য নিবার্য্য উত্তমনায়িকানাময়ং স্বভাবঃ স্বকৃতকটাক্ষে নায়ক-কটাক্ষপাতে সতি কটাক্ষং ন করোতি তা রাধাদীঃ শশ্বৎ ব্যাকুলা ব্যদধৎ সোঽপি কৃষ্ণঃ শশ্বৎ ব্যাকুলোঽভবৎ ॥ ৪৭ ॥

মহ্যাং মেঘ ইতি চিত্রং স চ মেঘো নরবপুরিত্যাতিচিত্রং। তং মেঘং শম্পা-বিদ্যুতোঽজস্রং সিঞ্চন্তীতি ততোঽপি চিত্রং। তস্মাৎ মেঘাৎ পৃথগিতাঃ

শ্রীকৃষ্ণ তাঁহাকে বক্ষঃস্থলে অবরুদ্ধ করিলেন, এই ব্যাপার দর্শন করিয়া সখীগণ সর্ব্বতোভাবে বস্ত্রের ন্যায় আচরণ অর্থাৎ চতুর্দ্দিকে আবরণ স্বরূপ হইয়া বেষ্টন করিলে তখন শ্রীকৃষ্ণ স্বমনোরথ পরিপূর্ণ করিলেন ॥ ৪৬ ॥

তৎপরে ঐ সকল ব্রজাঙ্গনাদিগের পরিহাসমন্ত্রে প্রবীণ ও তীক্ষ্ণ কটাক্ষ রূপ কন্দর্প বাণ সমূহে মর্ম্ম স্থান বিদ্ধ হওয়ায় মদনে বিবশ হইয়াছিলেন পরে তিনি ও ঈষৎ হাস্যের সহিত প্রতি অস্ত্র স্বরূপ কটাক্ষবাণসমূহ দ্বারা ঐ সকল ব্রজসুন্দরীদিগের কটাক্ষবাণকে নিবারণ করিয়া তাহাদিগকে ব্যাকুল করিলেন এবং আপনিও ব্যাকুল হইয়াপরিলেন ॥ ৪৭ ॥

প্রথমতঃ পৃথিবীতে মেঘ ইহা আশ্চর্য্য, তাহাতে আবার সেই মেঘ,

ধারাসারৈঃ সততমমুনা সিচ্যমানা মুদাস্মিন্
বৃন্দাদীনামপিবদমৃতং নেত্রবাপীহ বর্গঃ ॥ ৪৮ ॥
ক্রীড়ন্নিত্থমসাবমূভিরগমদ্দোলাজবেদ্যান্তিকং
বৃন্দাকুন্দলতে দৃগিঙ্গিতনয়ৈঃ কৃত্বা সহায়ে হসন্
কান্তায়াঃ করপঙ্কজাৎ কৃতপয়ো যন্ত্রাপহারো হরি-
হিন্দোলাম্বুজমারুরোহ স হঠাদাচ্ছিন্নবেণুস্তয়া ॥ ৪৯ ॥

পৃথগিবাচরিতাঃ পৃথগভূতাঃ সত্যো লসন্ত্যো মূর্ত্তয়ো যাসাং তাঃ শম্পা গন্ধবারাং গন্ধজলানাং ধারাসারৈর্ধারাসম্পাতৈস্তং মেঘমজস্রং সিঞ্চন্তি ইতি ততোঽপি চিত্রং। তাঃ কীদৃশ্যঃ তেন মেঘেন তৈর্গন্ধবারাং ধারাসারৈঃ সততং সিচ্যমানাঃ সত্যঃ অস্মিন্ মুদা বৃন্দাদীনাং নেত্রবাপীহবর্গঃ চাতকসমূহোঽমৃতমপিবৎ ইত্যত্র কৃষ্ণো মেঘঃ রাধাদয়ঃ শম্পাঃ ॥ ৪৮ ॥

অসৌ হরিঃ কৃষ্ণোঽমূভিঃ ক্রীড়ন্ হিন্দোলাবেদীনিকটং গত্বা দৃগেঙ্গিতৈর্বৃন্দাকুন্দলতে সহায়ে কৃত্বা রাধাকরাৎ কৃতং জলযন্ত্রস্থাপহরণং যেন সঃ।

নরদেহধারী, ইহাও অতি আশ্চর্য্য, সেই মেঘকে আবার বিদ্যুৎসকল সেচন করিতেছে ইহা পূর্ব্বাপেক্ষাও অত্যাশ্চর্য্য, পুনর্ব্বার ঐ বিদ্যুৎ সকল সেই মেঘ হইতে পৃথক্ হইয়া সবিলাসাঙ্গে শোভা পাইতেছে ও সুগন্ধ জলধারা দ্বারা যে নিরন্তর মেঘকে সেচন করিতেছে ইহা তদপেক্ষাও অতীব আশ্চর্য্য এবং ঐ মেঘে আবার বৃন্দাদির নয়নরূপ চাতকগণ আনন্দসহকারে সর্ব্বদা সুধা পান করিতে লাগিল ॥ ৪৮ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ, ব্রজঙ্গনাগণের সহিত ক্রীড়া করিতে করিতে হিন্দোলাবেদীর সমীপে গমন করত নেত্রভঙ্গিদ্বারা বৃন্দা ও কুন্দলতাকে সহায় করিয়া শ্রীরাধার করকমল হইতে, জলযন্ত্র হরণ করিলেন এবং শ্রীরাধা কর্ত্তৃকও বল

অবদদথ হসন্তী কুন্দবল্লী স্বমস্যৈ
বিসৃজ সুমুখি ! বংশীং কুট্টিনীং মা স্পৃশামূম্ ।
ত্বমপি সলিলযন্ত্রং স্ত্রীধনং মাধবাস্যৈ
ত্বরিতমিতি তয়োক্তং তৌ বিধাতুং প্রবৃত্তৌ ॥ ৫০ ॥
যচ্ছন্নসব্যেন করেণ যন্ত্রকং
সব্যেন গৃহ্ণন্ মুরলীং তয়ার্পিতাম্ ।
তাভ্যাং নিজাভ্যাং স দধার তচ্ছলাৎ
তদ্দ্যুতে তৎকরপঙ্কজে হরিঃ ॥ ৫১ ॥

তয়া রাধয়া চ ছিদ্মো বলাদ্‌গৃহীতো বেণুর্যস্য তথাভূতঃ সন্ হিন্দোলাসুখমারুরোহ ॥ ৪৯ ॥

কুন্দবল্লী অবদৎ হে সুমুখি ! অস্মৈ কৃষ্ণায় কুট্টিনীং বংশীং বিসৃজ । অমূং বংশীং মা স্পৃশ যতঃ কুট্টিনীং । হে মাধব ! ত্বমপ্যস্যৈ রাধায়ৈ স্ত্রীধনং জলযন্ত্রং বিসৃজ । তৌ তয়োক্তং কর্ত্তুং প্রবৃত্তৌ ভবতঃ ॥ ৫০ ॥

হরিরসব্যেন দক্ষিণেন করেণ যন্ত্রং যচ্ছন্, সব্যেন রাধার্পিতাং মুরলীং

পূর্ব্বক তাঁহার বেণু অপহৃত হইল, তখন শ্রীকৃষ্ণ হিন্দোলা পদ্মে আরোহণ করিলেন ॥ ৪৯ ॥

তৎপরে কুন্দলতা হাস্য করিতে ২ শ্রীরাধাকে বলিলেন হে সুমুখি ! তুমি এই বংশী শ্রীকৃষ্ণকে অর্পণ কর, এ কুট্টিনী (কুটনী) অতএব ইহাকে তুমি স্পর্শ করিও না এবং শ্রীকৃষ্ণকে কহিলেন, হে মাধব ! তুমিও শ্রীরাধার এই জলযন্ত্র অবিলম্বে শ্রীরাধাকে দাও, এই স্ত্রীধন ইহা স্পর্শ করিও না, কুন্দলতার এই বাক্যে উভয়েই তদ্রূপ কার্য্য করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৫০ ॥

তখন শ্রীকৃষ্ণ, দক্ষিণ হস্তে, শ্রীরাধাকে জলযন্ত্র অর্পণ ও বাম হস্তে শ্রীরাধাপ্রদত্ত মুরলী গ্রহণ করিতে প্রবৃত্ত হইয়া নিজের দুই হস্ত দ্বারা আদান

অধস্তাদ্বৃন্দয়া কুন্দবল্ল্যাচোত্থাপিতাং হরিঃ।
দোলামারোহয়ামাস প্রতীপামপি তাং বলাৎ ॥ ৫২ ॥
হিন্দোলমধ্যং প্রিয়য়া গতেঽচ্যুতে
গায়ন্ত্য উচ্চৈর্মুদিতাস্তদালয়ঃ।
পশ্চাদ্গতাঃ কাশ্চিদথাগ্রতঃ পরা-
হিন্দোলিকান্দোলনমুদ্বিতেনিরে ॥ ৫৩ ॥

গৃহ্ণন্। নিজাভ্যাং তাভ্যাং করাভ্যাং তচ্ছলাৎ দানগ্রহণচ্ছলাৎ তত্তদ্যুতে যন্ত্রবংশীযুতে রাধায়াঃ তে করপঙ্কজে স দধার ॥ ৫১ ॥

অধস্তাদ্বৃন্দয়া কুন্দবল্ল্যা চোত্থাপিতাং প্রতীপাং দোলারোহণেঽনিচ্ছাবতীমপি তাং রাধাং বলাৎ হরি র্দোলামারোহয়ামাস ॥ ৫২ ॥

হিন্দোলমধ্যং রাধাকৃষ্ণে গতে সতি আলয়ঃ কাশ্চিৎ পশ্চাদ্গতাঃ পরাঃ অগ্রতঃ স্থিতাঃ গায়ন্ত্যঃ সত্যো হিন্দোলিকায়াঃ আন্দোলনং উদ্বিতেনিরে কৃতবত্যঃ ॥ ৫৩ ॥

প্রদান ছলে জল যন্ত্র ও বংশীযুক্ত শ্রীরাধার দুইটী করকমল ধারণ করিলেন ॥ ৫১ ॥

তখন বৃন্দা ও কুন্দলতা নিম্নদেশ হইতে দোলারোহণে অনিচ্ছাবতী শ্রীরাধাকে উত্থাপিত করিলে শ্রীকৃষ্ণ বলপূর্ব্বক তাঁহাকে দোলায় আরোহণ করাইলেন ॥ ৫২ ॥

এইরূপে শ্রীরাধাকৃষ্ণ, উভয়ে হিন্দোলার মধ্যগত হইলে সখীগণ আনন্দচিত্তে উচ্চস্বরে গান করিতে করিতে কেহ কেহ অগ্রভাগে ও কেহ কেহ পশ্চাৎভাগে অবস্থিত হইয়া হিন্দোলা সঞ্চালিত করিতে লাগিলেন ॥ ৫৩ ॥

হিন্দোলিকায়াং সহসালিবৃন্দৈ-
রান্দোলিতায়াং বলবচ্চলন্ত্যাম্।
উদ্বেল্লিতাঙ্গী কিল চঞ্চলাক্ষী
সালিঙ্গ্য কান্তং ললনা ললম্বে॥ ৫৪॥
তয়োর্ভ্রশ্যৎ কৈশ্যং মিথ ইহ চলৎকুণ্ডলযুগে
তথা চঞ্চৎকাঞ্চীস্তবকপটলং তৎসমুদয়ে।
পরিম্লায়ন্মাল্যদ্বয়মপি চলৎকঙ্কণবরে
দৃঢ়ং দোলান্দোলে সতি সপদি সন্দানিতমভূৎ॥ ৫৫॥

সহসা আলীবৃন্দৈরান্দোলিতায়াং ততএব বলবদতিচলন্ত্যাং হিন্দোলিকায়াং উদ্বেলিতানি অতিচালিতানি অঙ্গানি যস্যাঃ সা ললনা রাধা কান্তমালিঙ্গ্য ললম্বে তং আলম্ব্য স্থিতা॥ ৫৪॥

দৃঢ়ং দোলান্দোলে সতি তয়োঃ রাধাকৃষ্ণয়োঃ ভ্রশ্যৎকৈশ্যং কেশসমূহঃ মিথঃ পরস্পরং চলৎকুণ্ডলযুগে সন্দানিতং সংযুক্তমভূৎ। তথা চঞ্চৎকাঞ্চ্যাঃ স্তবকপটলং স্তবকসমূহস্তৎ সমুদয়ে কাঞ্চীসমুদয়ে সন্দানিতমভূৎ। পরিম্লায়ন্মাল্যদ্বয়ং কঙ্কণবরে সন্দানিতমভূৎ॥ ৫৫॥

তখন সখীগণ সহসা হিন্দোলা সঞ্চালিত করিতে লাগিলে ঐ হিন্দোলা দ্রুতগতি সঞ্চালিত হইতে লাগিল, তাহাতে শ্রীরাধা, কম্পিতাঙ্গী ও চঞ্চলনয়নে প্রাণকান্ত শ্রীকৃষ্ণকে আলিঙ্গন পূর্ব্বক তাঁহাকে অবলম্বন করিলেন॥ ৫৪॥

অনন্তর হিন্দোলিকা এমন সবেগে সঞ্চালিত হইতে লাগিল যে, শ্রীরাধাকৃষ্ণের কেশপাশ স্খলিত হইয়া পরস্পরের কম্পিত কুণ্ডল যুগলে আবদ্ধ হইল, চঞ্চল চন্দ্রহারের স্তবক সমূহ ঐ চন্দ্রহারসমুদায়ে সংযুক্ত হইল এবং মাল্যযুগল চঞ্চল কঙ্কণে দৃঢ়ভাবে সংলগ্ন হইল॥ ৫৫॥

দোলায়ামতিলোলায়াং রাধা চঞ্চললোচনা।
সখীসাহায্যমিচ্ছন্তী ব্যতর্কি তাভিরিঙ্গিতৈঃ ॥ ৫৬ ॥
তাভির্লোলিতদোলামীশামত্যামতিলোলা-
মাপ্তাত্মেপ্সিতশস্তাং গাঢ়ান্দোলবিহস্তাম্।
স্বালীনাং পরিচর্য্যাং বাঞ্ছন্তীং হৃদি বর্য্যাং
প্রেঙ্খোলীঞ্চ মুহুস্তামাজ্ঞায়ারুরুহুস্তাঃ ॥ ৫৭ ॥
তাম্বূলবীটী র্ললিতা বিশাখয়া
চম্পালিকা সা ব্যজনে চ চিত্রয়া।

রাধা সখীসাহায্যমিচ্ছন্তী তাভিঃ সখীভিরিঙ্গিতৈর্ব্যতর্কি ॥ ৫৬ ॥

বিতর্কমাহ,—তাভিঃ সখীভির্মুহুর্লোলিতা দোলা যস্যাঃ তাং। ঈশা-মীশ্বরীং, আপ্তাত্মেপ্সিতেন প্রাপ্তস্ববাঞ্ছিতেন শস্তাং প্রশস্তাং, গাঢ়ান্দোলেন বিহস্তাং ব্যগ্রাং। হৃদি স্বসখীনাং পরিচর্য্যাং বাঞ্ছন্তীং, যতো বর্য্যাং তাং রাধামাজ্ঞায়। প্রেঙ্খোলীঞ্চাতিলোলামাজ্ঞায় তাঃ সখ্যস্তাং প্রেঙ্খোলীঃ আরুরুহুঃ ॥ ৫৭ ॥

পরিচর্য্যাসামগ্র্যা সহ সখীনাং আরোহণমাহ,—বিশাখয়া সহ ললিতা

হিন্দোলা অত্যন্ত দোলিতে থাকিলে শ্রীরাধা চঞ্চলনেত্রে সখীদিগের সাহায্য ইচ্ছা করিলে, সখীগণ ইঙ্গিত দ্বারা এইরূপ বিতর্ক করিতে লাগি-লেন ॥ ৫৪ ॥

বিতর্ক এই যে, সখীসকল হিন্দোলা মুহুর্মুহু আন্দোলিত করিলে যিনি অত্যন্ত সন্দোলিত হইতেছেন এবং যিনি স্বীয়াভিলাষে প্রশস্তা অর্থাৎ সুস্থ চিত্তা ও প্রগাঢ় আন্দোলনভরে অধীরা হইয়া মনে মনে স্বীয় বয়স্যাগণের পরিচর্য্যা অভিলাষ করিতেছেন! সখীগণ শ্রীরাধার এইরূপ অভিপ্রায় বুঝিতে পারিয়া হিন্দোলার উপরে গিয়া আরোহণ করিলেন ॥ ৫৭ ॥

পরিচর্য্যাসামগ্রীর সহিত সখীসকলের দোলারোহণের প্রকার এই যে,

শ্রীতুঙ্গবিদ্যা সহিতেন্দুলেখয়া
পানীয়জাম্বূনদঝার্ঝরীযুগম্ ॥ ৫৮ ॥
সার্দ্ধং সুদেব্যা কিল রঙ্গদেবী
সুগন্ধপঙ্কান্ পটবাসকাংশ্চ ।
প্রেম্না সমুৎকাণ্ঠিমুদা গৃহীত্বা
হিন্দোলিকাং তূর্ণমথারুরোহ ॥ ৫৯ ॥

যুগ্মকম্ ॥

তাভিঃ সেবিতয়োস্তৈস্তৈঃ প্রেষ্ঠয়োর্নয়নেঙ্গিতৈঃ ।
ক্রমাৎ পূর্ব্বাদিদলগা বিরেজুর্ললিতাদয়ঃ ॥ ৬০ ॥

তাম্বূলবীটী গৃহীত্বা হিন্দোলিকামারুরোহ ইতি পরশ্লোকস্থেনান্বয়ঃ । এবমগ্রেঽপি । চিত্রয়া সহ চম্পালিকা ব্যজনে গৃহীত্বারুরোহ । ইন্দুলেখয়া সহ তুঙ্গবিদ্যা পানীয়স্বর্ণপাত্রযুগং ॥ ৫৮ ॥

পটবাসকান্ সুগন্ধচূর্ণান্ ॥ ৫৯ ॥

তাভিস্তৈস্তৈস্তাম্বূলবীটিকাদিভিঃ সেবিতয়োঃ রাধাকৃষ্ণয়োর্নয়নেঙ্গিতৈঃ ললিতাদয়ঃ অষ্টদলকমলাকারদোলায়াঃ পূর্ব্বাদিদলগাঃ সত্যঃ বিরেজুঃ ॥ ৬০ ॥

বিশাখার সহিত ললিতা তাম্বূলবীটিকা, চিত্রার সহিত চম্পকলতা—ব্যজন, ইন্দুলেখার সহিত তুঙ্গবিদ্যা—জলপূর্ণ দুইটী স্বর্ণঝারী এবং সুদেবীর সহিত রঙ্গদেবী উৎকণ্ঠিতা হইয়া সুগন্ধ পঙ্ক ও সুগন্ধি চূর্ণ গ্রহণ পূর্ব্বক আনন্দান্তঃকরণে হিন্দোলিকার উপরে আরোহণ করিলেন ॥ ৫৮—৫৯ ॥

তৎপরে সখীসকল সেই সেই তাম্বূল প্রভৃতি সেব্য বস্তু দ্বারা প্রিয়তম শ্রীরাধাকৃষ্ণের পরিচর্য্যা করিলেন এবং শ্রীরাধাকৃষ্ণের ইঙ্গিত দ্বারা আদিষ্ট হইয়া ঐ ললিতাদি সখীগণ, যথাক্রমে পূর্ব্বাদি দলে অর্থাৎ অষ্টদল পদ্মের-

তত্রাশ্চর্য্যমভূদেকং রাধাকৃষ্ণৌ পুরঃস্থিতৌ।
যুগপদ্দদৃশুঃ সর্ব্বাঃ স্বস্বাভিমুখতাং গতৌ ॥ ৬১ ॥
পুনরান্দোলনাত্তাভি র্বৃন্দাকুন্দলতাদিভিঃ।
দোলায়ামতিলোলায়াং চিত্রমাসীদিদং পরম্ ॥ ৬২ ॥
তাসাং দলাল্যাং পরিতঃ স্থিতানাং
পার্শ্বে হরিঃ স্বপ্রতিবিম্বদম্ভাৎ।
তিষ্ঠন্নমূভিঃ সহসোপগূঢ়ঃ
শ্রীরাধয়ান্যাভিরপি ব্যলোকি ॥ ৬৩ ॥

তত্রৈকমাশ্চর্য্যমভূৎ। সর্ব্বাঃ সখ্যঃ যুগপদেকদা রাধাকৃষ্ণৌ স্বস্বাভিমুখতাং গতৌ দদৃশুঃ ॥ ৬১ ॥

দোলায়ামিদং পরং চিত্রমভূৎ ॥ ৬২ ॥
চিত্রমাহ দলাল্যাং পরিতঃ স্থিতানাং তাসাং সখীনাং পার্শ্বে হরিঃ স্বপ্রতিবিম্বচ্ছলাত্তিষ্ঠন্ সন্ অমূভিঃ সখীভি সহসা শীঘ্রমুপগূঢ় আলিঙ্গিতোহস্তীতি রাধয়া তথা অন্যাভিশ্চ ব্যলোকি ॥ ৬৩ ॥

আকারে দোলার চতুর্দ্দিকে অবস্থিত হইয়া শোভা পাইতে লাগিলেন ॥ ৬০ ॥

তখন সেই হিন্দোলিকাতে এই একটী আশ্চর্য্য হইল যে, সকল সখীই এক সময়ে আপন আপন সম্মুখে শ্রীরাধাকৃষ্ণকে দেখিতে লাগিলেন ॥ ৬১ ॥

অনন্তর বৃন্দা ও কুন্দলতাদি সখীসকল পুনর্ব্বার সেই হিন্দোকাকে আন্দোলিত করিলে তাহাতে অপর এই একটি আশ্চর্য্য প্রকাশ হইল যে সেই অষ্টদলে অবস্থিত সখীগণের পার্শ্বে শ্রীকৃষ্ণ, প্রতিবিম্বচ্ছলে অবস্থিত হইয়া ঐ সকল সখী কর্ত্তৃক সহসা আলিঙ্গিত হইলেন ইহা দর্শনকরিয়া শ্রীরাধা ও অন্যান্য সখী সকল শ্রীকৃষ্ণকে এক দৃষ্টিতে দর্শন করিতে লাগিলেন ॥ ৬২—৬৩ ॥

অনাচ্ছন্নেঽম্ভোদৈ র্দিবসকরবিম্বোপরি স

চেন্নবাম্ভোদব্যূহঃ প্রকটচলাভিঃ স্থবলিতঃ।

মহাবাত্যোদ্‌ভ্রান্তঃ সততমভবিষ্যত্তত ইত-

স্তদা তস্যাঘারেরুপমিতিমলপ্স্যন্ত কবয়ঃ॥ ৬৪॥

রাধাদৃগিঙ্গিতনয়াল্ললিতামঘারি-

রাকৃষ্য দক্ষিণভুজং বিনিধায় তস্যাঃ।

কণ্ঠে পরং ভুজমসৌ দয়িতাংসদেশে

মধ্যে তয়োঃ স বিবভৌ তড়িতোরিবাব্দঃ॥ ৬৫॥

মেঘৈরনাচ্ছন্নে সূর্য্যবিম্বোপরিভাগে প্রকটচপলাভিঃ স্থিরবিদ্যুদ্ভির্যুতঃ স নবমেঘস্য ব্যূহঃ চেৎ যদি মহাবায়ুসমূহেন উদ্ভ্রান্তঃ সন্ ইতস্ততঃ সততমভবিষ্যৎ তদা কবয়স্তস্যাঘারেরুপমিতিমলপ্স্যন্ত দোলাত্র সূর্য্যবিম্বঃ। কৃষ্ণো মেঘঃ। গোপ্যস্তড়িতঃ॥ ৬৪॥

অঘারিঃ রাধাদৃগিঙ্গিতাৎ ললিতামাকৃষ্য তস্যাঃ কণ্ঠে দক্ষিণভুজং বিনিধায় বামং ভুজং রাধাকণ্ঠে নিধায় তড়িতো র্মধ্যে মেঘ ইব বিবভৌ॥ ৬৫॥

এই সময়ে শ্রীকৃষ্ণের আশ্চর্য্য শোভা এই যে, সূর্য্যবিম্বের উপরিভাগে যদি মেঘ সকল দ্বারা আচ্ছাদিত না হয় এবং স্থিরসৌদামিনী সমূহে যদি অভিনব জলধর মণ্ডল সংযুক্ত ও মহাবায়ুসমূহে উদ্‌ভ্রান্ত হইয়া ইতস্ততঃ নিয়ত পরিভ্রমণ করে তবেই পণ্ডিত সকল তদ্দ্বারা এই সখীগণবেষ্টিত হিন্দোলিকোপবিষ্ট অঘরিপু শ্রীকৃষ্ণের উপমা লাভ করিতে পারেন॥ ৬৪॥

অঘারি শ্রীকৃষ্ণ, শ্রীরাধার ইঙ্গিতে ললিতাকে আকর্ষণ করিয়া তাঁহার স্কন্ধোপরি দক্ষিণ বাহু এবং শ্রীরাধার স্কন্ধে বাম বাহু অর্পণপূর্ব্বক উভয়ের মধ্যে অবস্থিত হওয়ায় বিদ্যুৎদ্বয়ের মধ্যগত মেঘের ন্যায় শোভা পাইতে লাগিলেন॥ ৬৫॥

কৌন্দ্যব্রবীৎ পশ্যতাল্যো ! জ্যোতিশ্চক্রে চলে পুরঃ।
রাধানুরাধয়োর্মধ্যে পূর্ণোঽয়মুদিতো বিধুঃ ॥ ৬৬ ॥
এবং বিশাখিকাদ্যাস্তাঃ ক্রমাদাকৃষ্য মাধবঃ।
আলিঙ্গ্য দক্ষিণাংসেঽমূ হিন্দোলসুখমন্বভূৎ ॥ ৬৭ ॥
অথাবরুহ্য হিন্দোলাদ্দ্বাভ্যাং দ্বাভ্যাং বিরাজিতম্।
বিশাখাললিতাদিভ্যাং শ্রীরাধান্দোলয়ৎ প্রিয়ম্ ॥ ৬৮ ॥

কুন্দলতা অব্রবীৎ—হে আলাঃ ! পশ্যত পুরোঽগ্রে রাধানুরাধয়োঃ শ্রীরাধা-ললিতয়োর্মধ্যে পূর্ণঃ সমস্তকেলিকলাকুশলো বিধুঃ শ্রীকৃষ্ণোঽয়মুদিত উদয়তি ॥ ৬৬ ॥

মাধবঃ এবং ক্রমাৎ তা বিশাখাদ্যা আকৃষ্য দক্ষিণাংসে অমূরালিঙ্গ্য হিন্দোল-সুখমন্বভূৎ ॥ ৬৭ ॥

শ্রীরাধা হিন্দোলাৎ অবরুহ্য দ্বাভ্যাং দ্বাভ্যাং বিশাখাললিতাদিভ্যাং বিরাজিতং প্রিয়মান্দোলয়ৎ ॥ ৬৮ ॥

অনন্তর কুন্দলতা কহিলেন অহে সখীগণ ! দেখ পুরোবর্ত্তি চঞ্চল জ্যোতিশ্চক্রে রাধা ও অনুরাধা অর্থাৎ শ্রীরাধা ও ললিতার মধ্যবর্ত্তী এই পূর্ণ অর্থাৎ নিখিল কেলিকলা কুশল বিধু (শ্রীকৃষ্ণ) উদিত হইয়াছেন ॥ ৬৬ ॥

এইরূপে শ্রীকৃষ্ণ যথাক্রমে সেই বিশাখা প্রভৃতি সখীগণকে দক্ষিণস্কন্ধে ধারণ পূর্ব্বক আলিঙ্গন করিয়া হিন্দোললীলার সুখানুভব করিতে লাগিলেন ॥ ৬৭ ॥

অনন্তর শ্রীরাধা, হিন্দোলা হইতে অবতরণ পূর্ব্বক হিন্দোলিকার উপরি বিশাখা ও ললিতাদি দুইটী দুইটী সখীর সহিত বিরাজিত প্রিয়তম শ্রীকৃষ্ণকে স্থাপন করিয়া আন্দোলিত করিতে লাগিলেন ॥ ৬৮ ॥

ততোঽবরূঢ়া ললিতাদয়স্তদা
রাধেঙ্গিতৈঃ কাঞ্চনবল্লিকাদিকাঃ ।
আরোহয়ামাসুরধঃস্থিতাঃ সখী-
র্হিন্দোলিকাং তাং ক্রমশো বলাচ্ছলৈঃ ॥ ৬৯ ॥
তাসাং দ্বয়ীদ্বয়ীপূর্ণপার্শ্বং তং ক্রমশো মুদা ।
গোবিন্দং দোলয়ামাসু র্গায়ন্ত্যস্তাঃ সরাধিকাঃ ॥ ৭০ ॥
রাধায়াঃ শ্রুতিলগ্নায়াং ললিতায়াং হসন্ত্যসৌ ।
আরুহ্য দোলামালীনাং চকার বহুমণ্ডলীঃ ॥ ৭১ ॥

রাধায়া ইঙ্গিতৈ র্হিন্দোলিকায়া অবরূঢ়া ললিতাদয়ঃ। অধঃস্থিতাঃ কাঞ্চনবল্লিকাদিকাঃ সখীঃ তাং হিন্দোলিকাং ক্রমাৎ বলাচ্ছলৈরারোহয়ামাসুঃ ॥ ৬৯ ॥

সরাধিকাস্তা ললিতাদয়ঃ তাসাং কাঞ্চনবল্লিকাদীনাং দ্বয্যা দ্বয্যা দ্বাভ্যাং দ্বাভ্যাং পূর্ণপার্শ্বং তং কৃষ্ণং দোলয়ামাসুঃ ॥ ৭০ ॥

রাধায়াঃ শ্রুতৌ কর্ণে লগ্নায়াং কথয়ন্ত্যাং ললিতায়ামসৌ রাধা হসন্তী দোলামারুহ্যালীনাং বহুমণ্ডলীশ্চকার ॥ ৭১ ॥

তৎপর শ্রীরাধার ইঙ্গিতে ললিতাদি সখীসকল, হিন্দোলিকা হইতে অবতরণ করিয়া কাঞ্চনলতাদি সখীগণকে অধঃস্থিত দর্শন পূর্ব্বক সামর্থ্য প্রদর্শনচ্ছলে ক্রমে ক্রমে তাঁহাদিগকে হিন্দোলার উপরি আরোহণ করাইতে লাগিলেন ॥ ৬৯॥

তদনন্তর শ্রীরাধার সহিত ললিতাপ্রভৃতি সখীসকল গান করিতে করিতে ক্রমশঃ ঐ সকল কাঞ্চনলতাদি দুই দুইটি সখী দ্বারা শ্রীকৃষ্ণের বাম ও দক্ষিণ দিক্ পূর্ণ করিয়া তাঁহাকে দোলাইতে লাগিলেন ॥ ৭০ ।

অনন্তর ললিতা, শ্রীরাধার কর্ণে সংলগ্ন হইয়া সঙ্কেত করায় শ্রীরাধা ঈষৎ হাস্য করিতে করিতে দোলারোহণ পূর্ব্বক সখীগণের বহুতর মণ্ডলী রচনা করিলেন ॥ ৭১ ॥

তস্যাং স্থিতায়াং প্রিয়বামপার্শ্বে
প্রান্দোলয়ন্তীষু সখীষু দোলাম্।
একং পুনশ্চিত্রমভূদমূষাং
দ্বয়োর্দ্বয়োরাস হরিঃ স মধ্যে ॥ ৭২ ॥
তাপিঞ্ছশ্চেৎ খচরকনকক্ষ্মাভৃদুত্থোঽভবিষ্যৎ
প্রোৎফুল্লাঙ্গ্যা পুরটলতয়া বেষ্টিতাঙ্গঃ পরীতঃ।
তাপিঞ্ছানাং কনককদলীসংযুজাং মণ্ডলীভিঃ
সাম্যং শৌরের্জগতি স তদা তাদৃশস্যাপ্যলপ্স্যৎ ॥৭৩।

তস্যাং রাধায়াং প্রিয়স্য বামপার্শ্বে স্থিতায়াং দোলাং সখীষু প্রান্দোলয়ন্তীষু একং চিত্রং পুনরভূৎ। চিত্রমাহ,—অমূষাং সখীনাং দ্বয়োর্দ্বয়োর্মধ্যে স হরিঃ আস বভূব ॥ ৭২ ॥

জগতি প্রোৎফুল্লাঙ্গ্যা পুরটলতয়া বেষ্টিতাঙ্গস্তাপিঞ্ছস্তমালশ্চেৎ খচর আকাশগামী কনকস্য ক্ষ্মাভৃৎ পর্ব্বতস্তদুত্থোঽভবিষ্যৎ। কনককদলীসংযুজাং তাপিঞ্ছানাং মণ্ডলীভিঃ পরীতো ব্যাপ্তঃ সন্ কনকলতাবেষ্টিতঃ তাপিঞ্ছঃ অভবিষ্যৎ। তদা তাদৃশস্য হরেঃ সাম্যমবাপ্স্যৎ। দোলায়াঃ খচরপর্ব্বতেন। রাধায়াঃ স্বর্ণলতয়া। কৃষ্ণস্য তাপিঞ্ছেন। সখীভিঃ সহ কৃষ্ণস্য মূর্ত্তীনাং স্বর্ণকদলীযুক্ততমালৈঃ সাম্যং ॥ ৭৩ ॥

তৎপরে শ্রীরাধা, শ্রীকৃষ্ণের বামপার্শ্বে অবস্থিত হইলে সখীগণ হিন্দোলা আন্দোলিত করায় একটী আশ্চর্য্য ঘটনা হইয়াছিল। আশ্চর্য্য এই যে, ঐ সখীসকলের দুই দুইটীর মধ্যে শ্রীকৃষ্ণ অবস্থিত হইয়াছিলেন ॥ ৭২ ॥

সে যাহা হউক জগন্মধ্যে যদি প্রফুল্ল স্বর্ণলতা দ্বারা বেষ্টিতাঙ্গ তমালবৃক্ষ গগনগামি স্বর্ণপর্ব্বতের উপরিভাগে উৎপন্ন হয় এবং সুবর্ণকদলীসংযুক্ত তমালতরুর মণ্ডলী সকল দ্বারা ব্যাপ্ত কনকবেষ্টিত তমালবৃক্ষ হয় তাহা হইলে দোলারূঢ় শ্রীকৃষ্ণের সাদৃশ্য হইতে পারে ॥ ৭৩ ॥

অথাবরূঢ়াসু বিশাখিকেঙ্গিতৈঃ
সখীষু সখ্যো ললিতাদয়ো মুদা।
রাধাচ্যুতৌ সংভ্রময়ন্ত্য উচ্চকৈঃ
প্রেঙ্খোলিকান্দোলনমাশু চক্রিরে ॥ ৭৪ ॥
ব্যাকুলাং রাধিকাং প্রেক্ষ্য গাঢ়ালিঙ্গিতবল্লভাম্।
স্মেরাস্বালীষু গৃহ্ণংস্তাং হসন্নবরুরোহ সঃ ॥ ৭৫ ॥
আভীরীভিঃ সচ্ছম্পাভিঃ সম্বীতাঙ্গঃ কৃষ্ণাব্দঃ
কৌন্দীবৃন্দাদীনাং চক্ষুর্ব্বাপীহালী-তৃষ্ণাহৃৎ।

বিশাখেঙ্গিতৈঃ সখীষু দোলাতো ভূমাববরূঢ়াসু। ললিতাদয়ঃ সখ্যঃ মুদা রাধাকৃষ্ণৌ সম্যক্ ভ্রময়ন্ত্যঃ প্রেঙ্খোলিকায়া আন্দোলনং উচ্চৈরাশু চক্রিরে ॥ ৭৪ ॥

স কৃষ্ণঃ ব্যাকুলাং রাধিকাং বীক্ষ্য হসন্ তাং গৃহ্ণন্নবরুরোহ ॥ ৭৫ ॥

আভীরীভিঃ সচ্ছম্পাভিঃ শোভনবিদ্যুদ্ভিঃ সম্বীতাঙ্গঃ বেষ্টিতাঙ্গঃ কৃষ্ণমেঘঃ কৌন্দ্যাদীনাং চক্ষুর্ব্বাপীহালী নেত্রচাতকশ্রেণী তস্যাঃ তৃষ্ণাহৃৎ ॥

অতঃপর বিশাখার ইঙ্গিতে সখীগণ হিন্দোলা হইতে ভূমিতে অবতরণ করিলে ললিতা প্রভৃতি সখীসকল আনন্দ সহকারে শ্রীরাধাকৃষ্ণকে সম্যক্‌রূপে হিন্দোলায় ঘূর্ণিত করিয়া শীঘ্র শীঘ্র প্রেঙ্খোলিকার অর্থাৎ ঝুলনার আন্দোলন করিতে লাগিলেন ॥ ৭৪ ॥

তখন সখীগণ ঈষৎ হাস্য করিতে থাকিলে শ্রীকৃষ্ণ দৃঢ়তর আলিঙ্গিত প্রিয়তমা শ্রীরাধাকে ব্যাকুলিত হইতে দর্শন করিয়া হাস্য করিতে করিতে তাঁহাকে ধারণ পূর্ব্বক হিন্দোলা হইতে অবতারিত করিলেন ॥ ৭৫ ॥

আহা! সেই সময়ে শ্রীকৃষ্ণের মাধুর্য্য আর কি বর্ণন করিব, দোলালীলায় তৎপর শ্রীকৃষ্ণরূপী নবজলধর গোপাঙ্গনা রূপ সৌদামিনী গণে বেষ্টিতাঙ্গ

লীলাকীলালালী-ধারাপাতৈঃ সিঞ্চন্ বিশ্বং শ্রী-
বৃন্দারণ্যেহসৌ জীয়াদেবং দোলালীলাখেলঃ ॥৭৬॥
অথ তাভিঃ সমং কৃষ্ণো মাধবীকপানকুট্টিমে।
নিবিষ্টঃ শীতলচ্ছায়ে বিশ্রামসুখমন্বভূৎ ॥ ৭৭ ॥
গোপীনামরবিন্দসুন্দরদৃশাং শ্রীকৃষ্ণপার্শ্বদ্বয়া-
দারভ্যাগ্রত এব মণ্ডলতয়া তত্রোপবেশস্থিতিং।
লব্ধানাং পুরতঃ স রাজতি ধৃতালঙ্কারপীতাম্বরো
রত্নালীখচিতো যথা হরিমণিঃ সৌবর্ণহারান্তরে ॥ ৭৮ ॥

লীলারূপকীলালস্য জলস্য শ্রেণীনাং ধারাপাতৈ বিশ্বং সিঞ্চন্ বৃন্দাবনে এবং দোলালীলায়াং খেলা যস্য সোহসৌ কৃষ্ণো জীয়াৎ ॥ ৭৬ ॥

মধুপানবেদিকায়াং নিবিষ্টঃ কৃষ্ণঃ বিশ্রামসুখমন্বভূৎ ॥ ৭৭ ॥

শ্রীকৃষ্ণস্য দক্ষিণবামপার্শ্বদ্বয়াদারভ্যাগ্র এব তত্র বেদ্যাং মণ্ডলাকারতয়া উপবেশপূর্ব্বকস্থিতিং লব্ধানাং গোপীনাং পুরতো ধৃতালঙ্কারপীতাম্বরঃ স কৃষ্ণো রাজতি। সৌবর্ণহারমধ্যে রত্নালীখচিতো হরিমণিরিন্দ্রনীলমণিরিব ॥ ৭৮ ॥

হইয়া কুন্দলতা প্রভৃতির নেত্ররূপ চাতকীসকলের তৃষ্ণা হরণ পূর্ব্বক লীলারূপ সলিল নিচয়ের ধারাপাতে বিশ্বকে সেচন করত বৃন্দাবনে জয় যুক্ত হইতেছেন ॥ ৭৬ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ সেই ব্রজাঙ্গনাদিগের সহিত সুশীতল ছায়াযুক্ত মাধ্বীক-পানকুট্টিমে অর্থাৎ মধুপানবেদিকায় প্রবেশ করিয়া বিশ্রাম সুখ অনুভব করিতে লাগিলেন ॥ ৭৭ ॥

সে যাহা হউক, স্বর্ণ হারের মধ্যে বিবিধ রত্নাবলী খচিত ইন্দ্র নীলমণির যে রূপ শোভা হইয়া থাকে তদ্রূপ শ্রীকৃষ্ণের বাম দক্ষিণ উভয় পার্শ্ব হইতে অগ্রভাগ পর্য্যন্ত মণ্ডলাকারে অবস্থিত কমলনয়না ব্রজসুন্দরী সকলের মধ্যে নানা অলঙ্কার ও পীতাম্বরধারী শ্রীকৃষ্ণ শোভা পাইতে লাগিলেন ॥ ৭৮ ॥

অথালয়ঃ স্বকে করে সরোজসঞ্চয়াদ্বরে
নিধায় পঞ্চচামরং চিতা ভরৈর্মুদামরং।
নিবিষ্টমত্র কান্তয়া নিতান্তকেলিতান্তয়া
ন্যবীজয়ন্নিজং প্রিয়ং রুচা জিতস্মরশ্রিয়ম্ ॥ ৭৯ ॥
গতশ্রমেঽস্মিন্ সগণে সখীভিঃ
পদাব্জসম্বাহনবীজনাদ্যৈঃ।
মাধ্বীকপূর্ণং চষকং পুরস্তা-
ত্তয়োঃ সমানীয় দধার বৃন্দা ॥ ৮০ ॥

মুদাং ভরৈশ্চিতা ব্যাপ্তা আলয়ঃ সরোজসমূহাদ্বরে শ্রেষ্ঠে স্বকে করে স্বীয়ে হস্তে অরং শীঘ্রং পঞ্চচামরং বিস্তৃতং নিধায়। অত্র বেদ্যাং নিতান্তকেলিভিস্তান্তয়া ক্ষীণয়া প্রিয়য়া সহ নিবিষ্টং রুচা (নিবিষ্টরুচা) কান্ত্যা জিতা স্মরস্য শ্রীঃ শোভা যেন তং নিজং প্রিয়ং ন্যবীজয়ন্ ॥ ৭৯ ॥

সখীভিঃ পাদসম্বাহনবীজনৈঃ সগণেঽস্মিন্ কৃষ্ণে গতশ্রমে সতি। বৃন্দা মধুপূর্ণং চষকং পানপাত্রমানীয় তয়োরগ্রে দধার ॥ ৮০ ॥

অনন্তর সখীসকল আনন্দ সহকারে পরিব্যাপ্ত হইয়া কমল নিচয় হইতেও উৎকৃষ্টতম নিজকরে শীঘ্র পঞ্চচামর স্থাপন পুর্ব্বক বেদিকা মধ্যে কেলিবিশ্রান্তা প্রিয়তমা শ্রীরাধিকার সহিত প্রবিষ্ট ও স্বশোভায় মদনজয়ি শ্রীকৃষ্ণকে ব্যজন করিতে আরম্ভ করিলেন ॥ ৭৯ ॥

সখীগণ, পাদসম্বাহন ও চামরব্যজন দ্বারা গণসহ শ্রীকৃষ্ণের শ্রম বিদুরিত করিলে বৃন্দাদেবী মধুপূর্ণ পানপাত্র আনিয়া শ্রীরাধাকৃষ্ণের সম্মুখে স্থাপন করিলেন। ৮০ ॥

বিকসিতমনু নৃত্যৎখঞ্জনাভ্যাং বিরাজৎ
কনককমলমেকং নীলরাজীবমন্যৎ।
বরতনুবকশত্রেোঃ পশ্যতোঃ প্রাদুরাসী-
দধিচষকমকস্মাৎ পদ্মযুগ্মং বিচিত্রম্ ॥ ৮১ ॥
নয়নমধুপযুগ্মং রাধিকায়াঃ প্রলুব্ধং
ঝটিতি পতিতমাসীন্নীলপদ্মেঽথ তস্মাৎ।
দ্যুতিভরমধুপূর্ণান্নালমুত্থাতুমাসীৎ
কনককমলমধ্যে তদ্বদেবাচ্যুতস্য ॥ ৮২ ॥

পশ্যতো রাধাকৃষ্ণয়োরধিচষকং চষকমধ্যে অকস্মাৎ বিচিত্রং পদ্মযুগ্মং তয়ো মুখপ্রতিবিম্বযুগ্মং প্রাদুরাসীৎ কীদৃশং? বিকসিতং ফুল্লং অনু লক্ষীভূয় স্বস্মিন্ নৃত্যৎখঞ্জনাভ্যাং বিরাজৎ। একং কনককমলং রাধাবদনং অন্যৎ নীলকমলং কৃষ্ণমুখং ॥ ৮১ ॥

রাধায়াঃ নেত্রভ্রমরযুগ্মং নীলপদ্মে ঝটিতি পতিতমাসীৎ। কান্ত্যতিশয়-মধুভিঃ পূর্ণাৎ তস্মাৎ নীলপদ্মাৎ কৃষ্ণমুখপ্রতিবিম্বাদুত্থাতুং নালং ন সমর্থ-মাসীৎ। তদ্বদচ্যুতস্য নেত্রভ্রমরযুগ্মং কনকপদ্মে রাধামুখপ্রতিবিম্বে পতিতং তস্মাদুত্থাতুং নালং ন সমর্থমভূৎ ॥ ৮২ ॥

তৎপর বরতনু শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ উভয়ে ঐ পানপাত্রের প্রতি একসময়ে নেত্র পাত করায় উভয়ের নয়ন তাহাতে প্রতিবিম্বিত হইল, তাহাতে বোধ হইতে লাগিল যেন নৃত্যকারী দুইটী খঞ্জন শোভিত বিকসিত কনককমল ও অপরটী নীলকমল ঐ পান পাত্র মধ্যে এই দুইটী পদ্ম আবির্ভূত হইল ॥ ৮১ ॥

ঐ সময়ে শ্রীরাধার নয়নরূপ ভ্রমরদ্বয় তৎক্ষণাৎ নীলপদ্মে পতিত হইলে, অতিশয় কান্তিরূপ মধুপূর্ণ নীলপদ্ম অর্থাৎ কৃষ্ণ-বদনরূপ নীলপদ্ম হইতে উত্থিত হইতে যেমন অসমর্থ হইল সেইরূপ শ্রীকৃষ্ণের নয়ন ভ্রমর যুগল স্বর্ণপদ্মে অর্থাৎ রাধামুখের প্রতিবিম্বে পতিত হইয়া উত্থিত হইতে অসমর্থ হইল ॥ ৮২

সৌন্দর্য্যং মধুতাং মুখং চষকতাং মাধ্বীকমাদর্শতাং
নেত্রদ্বন্দ্বমবাপ সন্মধুপতাং সর্ব্বেন্দ্রিয়ং নেত্রতাম্।
অন্যাঙ্গং জড়তাং তয়োঃ সপুলকং চিত্তং স্মরোন্মত্ততাং
সামগ্র্যেব তদেতরেত্থমভবৎ পানক্রিয়াপ্তোন্নতিম্ ॥ ৮৩ ॥
কৌন্দ্যব্রবীৎ পেয়মিদং স্বচক্ষুষা
পীতং যুবাভ্যাং মধু পঙ্কজাননৌ!।
নেত্রোৎপলাস্যাব্জসুবাসিতং দ্বয়ো-
রসজ্ঞয়া পেয়মিদং নিপীয়তাম্ ॥ ৮৪ ॥

তয়োঃ রাধাকৃষ্ণয়োঃ সৌন্দর্য্যং মধুতাং পেয়ত্বমবাপ। মুখং চষকতাং পানপাত্রত্বমবাপ। মাধ্বীকমাদর্শতাং দর্পণত্বমবাপ। নেত্রদ্বন্দ্বং সন্মধুপতাং ভ্রমরত্বমবাপ। সর্ব্বেন্দ্রিয়ং নেত্রতাং নেত্রধর্ম্মং দর্শনেচ্ছারূপমবাপ। অন্যাঙ্গং, ইন্দ্রিয়ভিন্নাঙ্গং সপুলকং জড়তামবাপ। চিত্তং স্মরোন্মত্ততামবাপ। ইত্থমনেন প্রকারেণ মধুপানেনাপ্তা যা উন্নতিস্তাং প্রতি ইতরা সামগ্র্যেব তদাভবৎ। মধুপানজন্যভ্রমাদিকং মধুপানসামগ্র্যেবাভবদিত্যর্থঃ। ৮৩ ॥

হে পঙ্কজাননৌ পেয়মিদং মধু যুবাভ্যাং স্বচক্ষুষা পীতং দ্বয়োঃ যুবয়োর্নেত্রোৎপলাভ্যাং সহ আস্যপদ্মাভ্যাং সুবাসিতমিদং পেয়ং রসনয়া নিপীয়তাং ॥ ৮৪ ॥

তখন শ্রীরাধাকৃষ্ণের সৌন্দর্য্য—মধুতা অর্থাৎ পেয়ত্ব, মুখ—চষকতা (পানপাত্রত্ব) মধু—আদর্শতা (দর্পণত্ব) নয়নযুগল—সন্মধুপতা (ভ্রমরত্ব) ইন্দ্রিয় সকল নেত্রতা (নেত্রের ধর্ম্মদর্শনেচ্ছা) অন্যাঙ্গ অর্থাৎ ইন্দ্রিয় ভিন্ন অঙ্গ পুলকের সহিত জড়তা এবং চিত্ত মদনোন্মততা প্রাপ্ত হইল, এই প্রকারে পানের উন্নতি সাধনে পূর্ব্ব কথিত ব্যাপার গুলি যেন পৃথক্ পৃথক্ সামগ্রী হইয়া উঠিল ॥ ৮৩

তৎপর কুন্দলতা শ্রীরাধাকৃষ্ণকে বলিলেন হে কমলনয়নে রাধে! হে কমলনয়ন কৃষ্ণ! এই মধু পূর্ব্বে তোমরা উভয়ে নিজ নিজ চক্ষু দ্বারা পান করিয়াছিলে, অধুনা নয়ন কমলে ও বদন কমলে সুবাসিত এই মধু তোমরা দুইজনে রসনা দ্বারা পান কর ॥ ৮৪ ॥

আদায় নিন্যে চষকং বলানুজঃ
পিবেতি কান্তাবদনাব্জসন্নিধিম্।
তির্য্যঙ্মুখী তদ্দয়িতাপি লজ্জয়া
করেণ জগ্রাহ নিজেন তৎকরাৎ ॥ ৮৫ ॥
আবৃত্য বক্ত্রং বসনাঞ্চলেন সা
মাধ্বীকমাঘ্রায় সকৃৎ সুধামুখী।
নিজাধরস্পর্শসুবাসিতীকৃতং
সমর্পয়ামাস করে প্রিয়স্য সা ॥ ৮৬ ॥
প্রিয়াটবীবৃক্ষলতোদ্ভবং প্রিয়ং
প্রিয়াধরস্পর্শসুসৌরভং মধু।
নিজপ্রিয়ালীপরিহাসবাসিতং
প্রিয়ার্পিতং সম্প্রহৃষ্যাপপৌ প্রিয়ঃ ॥ ৮৭ ॥

বলানুজশ্চষকমাদায় পিবেত্যুক্ত্বা কান্তাবদননিকটং নিন্যে। তদ্দয়িতা রাধাপি লজ্জয়া তির্য্যঙ্মুখী সতী তচ্চষকং তৎকরাৎ নিজেন করেণ জগ্রাহ ॥ ৮৫ ॥

সা মাধ্বীকমাঘ্রায় নিজাধরস্পর্শসুবাসিতং মধু প্রিয়স্য করে দদৌ ॥ ৮৬ ॥

প্রিয়াটবী শ্রীবৃন্দাটবী তস্যা বৃক্ষলতাসমুদ্ভবো জন্ম যস্য তৎ প্রিয়ং প্রিয়ায়া অধরস্পর্শসুবাসিতং মধু প্রিয়ঃ সম্প্রহৃষ্যাপপৌ ॥ ৮৭ ॥

রামানুজ শ্রীকৃষ্ণ—চষক অর্থাৎ পানপাত্র গ্রহণ পূর্ব্বক হে প্রিয়ে! "পান কর" এই কথা বলিয়া প্রিয়তমার মুখকমলের সন্নিকটে লইয়া গেলে শ্রীরাধাও লজ্জায় নতমুখী হইয়া সেই চষক (পানপাত্র) শ্রীকৃষ্ণের হস্ত হইতে নিজ হস্তে গ্রহণ করিলেন ॥ ৮৫ ॥

অনন্তর সুধামুখী শ্রীরাধা বস্ত্রাঞ্চলে বদন আবৃত করতঃ একবার মাত্র মধু আঘ্রাণ পূর্ব্বক স্বীয় অধরস্পর্শে সুবাসিত করিয়া প্রিয়তম শ্রীকৃষ্ণের হস্তে অর্পণ করিলেন ॥ ৮৬ ॥

এ মধু প্রিয়াটবী অর্থাৎ বৃন্দাবনস্থ বৃক্ষলতোৎপন্ন হেতু প্রিয়, তথা প্রিয়ার

দয়িতাগুণমেদুরেণ তদ্দয়িতা-পাণিতলেঽমুনার্পিতম্ ।
দয়িতাধরবাসিতং পপৌ দয়িতাপ্যংশুকসংবৃতাননা ॥৮৮॥
তদ্বক্ত্রশেষামৃতমিশ্রিতাসবৈঃ
পূর্ণানি কৃত্বা চষকাণি সাদরম্ ।
বৃন্দা সবৃন্দা সহকুন্দবল্লিকা
ন্যধাৎ সখীনাং পুরতঃ প্রমোদতঃ ॥ ৮৯ ॥
তাভিঃ সখীনাং চষকেষ্বথাগ্রতো-
ন্যস্তেষু কৃষ্ণঃ স্ববিচিত্রবিদ্যয়া ।

দয়িতায়াঃ শ্রীরাধায়াঃ গুণৈর্মেদুরেণ স্নিগ্ধেন অমুনা কৃষ্ণেন দয়িতায়াঃ তস্যা রাধায়াঃ পাণিতলেঽর্পিতং, দয়িতস্য তস্য কৃষ্ণস্যাধরেণ বাসিতং তন্মধু বস্ত্রাবৃতমুখী দয়িতা সা রাধাপি পপৌ ॥ ৮৮ ॥

তয়োঃ রাধাকৃষ্ণয়োর্বক্ত্রশেষামৃতমিশ্রিতাসবৈস্তয়োরধরামৃতশেষমন্যমধুনা সহ মিশ্রিতং কৃত্বা তৈশ্চষকাণি পানপাত্রাণি পূর্ণানি কৃত্বা বৃন্দা বৃন্দেন স্বগণেন কুন্দলতয়া চ সহিতা সতী সখীনাং পুরতো ন্যধাৎ ॥ ৮৯ ॥

তাভির্বৃন্দাদিভিঃ সখীনামগ্রতস্তেষু চষকেষু ন্যস্তেষু সৎসু শ্রীকৃষ্ণঃ স্বস্ত

অধরস্পর্শে সুরভিত ও নিজ প্রিয়াগণের পরিহাসে সুবাসিত এবং শ্রীরাধা কর্ত্তৃক অর্পিত বিধায় প্রিয়তম শ্রীকৃষ্ণ সস্পৃহ হইয়া তাহা পান করিতে লাগিলেন ॥ ৮৭ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ, প্রিয়তমা শ্রীরাধার গুণে সাতিশয় স্নিগ্ধ হইয়া স্বীয়-বদনসুবাসিত মধু প্রিয়তমার করকমলে সমর্পণ করিলে শ্রীরাধা—বসনে বদনাবৃত করিয়া প্রিয়তমের মুখসুবাসিত মধু পান করিলেন ॥ ৮৮ ॥

অনন্তর বৃন্দাদেবী—শ্রীরাধাকৃষ্ণের পানাবশিষ্ট মধু দ্বারা চষক সকল পরিপূর্ণ করিয়া সাদরে কুন্দলতার সহিত সখীগণের অগ্রে সমর্পণ করিলেন ॥ ৮৯ ॥

বৃন্দাদি সকলে সখীগণের সম্মুখে চষক (পানপাত্র) অর্পণ করিলে

পার্শ্বেঽখিলানাং যুগপৎ স দক্ষিণে
নালোকি কেনাপি পরিস্ফুরন্নপি ॥ ৯০
সখ্যস্তাঃ কেবলং স্বস্য স্বস্যৈব পার্শ্বমাগতম্।
পায়য়ন্তং পিবন্তঞ্চ মধু তং দদৃশুঃ প্রিয়ম্ ॥ ৯১ ॥
কাদম্বরীমদবিঘূর্ণিতশোণকোণ-
প্রোৎফুল্ললোচনসরোজবিরাজিতানি।

বিচিত্রবিদ্যয়া অখিলানাং সখীনাং দক্ষিণে পার্শ্বে স পরিস্ফুরন্নপি কেনাপি নালোকি ॥ ৯০ ॥

তাঃ সখ্যঃ স্বস্য স্বস্য পার্শ্বমাগতং তং কৃষ্ণং মধু পায়য়ন্তং পিবন্তঞ্চ কেবলং দদৃশুর্নত্বন্যাঃ ॥ ৯১ ॥

অস্য কৃষ্ণস্যাতিপানে তৃট্ তৃষ্ণা তস্যাঃ পরিপূরণায় অমুষাং সুদৃশাং বক্ত্রাণি চষকতাময়ুঃ প্রাপুরিতি পরশ্লোকেনান্বয়ঃ। বক্ত্রাণি বিশিনষ্টি, কাদম্বরী-মদেন বিঘূর্ণিতং চ তৎ শোণবর্ণং কোণঞ্চ যত্র তাদৃশৈঃ প্রোৎফুল্ললোচনৈর্বিরাজিতানি। আমোদেন সৌরভেণ মোদিতানি চ তানি নিমন্ত্রিতষট্-

---

শ্রীকৃষ্ণ স্বীয় বিচিত্র বিদ্যা দ্বারা নিখিল সখীসমূহের দক্ষিণ পার্শ্বে পরিস্ফুরিত হইয়া বর্ত্তমান থাকিলেন অথচ তাঁহাকে কেহই দর্শন করিতে পাইলেন না ॥ ৯০ ॥

কিন্তু সুধাপানকারিণী সেই সমস্ত সখী আপন আপন শ্রীকৃষ্ণকে মধুপান করাইতেছেন এবং আপনারাও পান করিতেছেন, এইমাত্র দর্শন করিতে পাইলেন ॥ ৯১ ॥

অনন্তর কাদম্বরী (কদম্বপুষ্পরস) পানজনিত মত্ততা দ্বারা বিঘূর্ণিত রক্তবর্ণ নেত্রকোণ যাহাতে বর্ত্তমান তাদৃশ প্রফুল্ল নয়ন সমূহে বিরাজিত এবং সৌরভ দ্বারা অলিকুল যাহাতে আমোদিত ও আহূত হইতেছে, হাস্যচন্দ্রিকার

আমোদমোদিতনিমন্ত্রিতষট্‌পদানি
হাসেন্দু-কান্তিবলিতাধরপল্লবানি ॥ ৯২ ॥
কৃষ্ণস্য নেত্ররসনাস্বদনীয়ভূরি-
সৌন্দর্য্যসল্লবণিমাসবপূরিতানি ।
অস্যাতিপানমনু তৃট্‌পরিপূরণায়
বক্ত্রাণ্যমুশ্চষকতাং সুদৃশামমুষাম্ ॥ ৯৩ ॥

যুগ্মকম্‌ ॥

স্মরযুজাং সরকায় মৃগীদৃশাং
সরকপানমদোন্মদচেতসঃ ।

পদানিচ যত্র তানি। হাসেন্দোঃ কান্তিভির্বলিতানি যুক্তানি অধরপল্লবানি যত্র তানি ॥ ৯২ ॥

কৃষ্ণস্য নেত্রাভ্যাং রসনয়া জিহ্বয়াচ সুষ্ঠু অদনীয়মাস্বাদনীয়মাস্বাদ্যস্বা ভূরি সৌন্দর্য্যং সল্লবণিমা চাসবং মধু তেন পূরিতানি বক্ত্রাণি ॥ ৯৩ ॥

সরকপানমদেনোন্মদচেতসঃ কৃষ্ণস্য সরকায় পানার্থং স্মরযুক্তানাং মৃগী-দৃশাং মুখপঙ্কজে সরকতাং পাণপাত্রতাং অন্বিতে গতে সতি। হরেরধরোঽপি

সম্মিলিত অধরপল্লব যাহাতে সংসক্ত এবং যাহাতে শ্রীকৃষ্ণের নয়নযুগল ও জিহ্বা দ্বারা সুন্দর আস্বাদনীয় প্রচুরতর সৌন্দর্য্যরূপ প্রশস্ত লাবণ্য এবং আসব অর্থাৎ মধু দ্বারা পরিপূরিত, সখীগণের সেই সকল বদন—শ্রীকৃষ্ণের পান-বিষয়ক তৃষ্ণা পরিপূর্ণ করিবার নিমিত্ত পানপাত্র হইয়াছিল ॥ ৯২—৯৩ ॥

সে যাহা হউক, মধুপান মদে উন্মত্তচিত্ত শ্রীকৃষ্ণের মধুপান নিমিত্ত কামোন্মত্তা মৃগীনেত্রা ব্রজসুন্দরীদিগের বদনকমলই পানপাত্ররূপে পরিণত হইল, শ্রীকৃষ্ণের অধরও ঐ মৃগীলোচনা সকলের পানপাত্র হইয়াছিল অর্থাৎ

সরকতামগয়িতে মুখপঙ্কজে

সরকতাং সমগাদধরো হরেঃ ॥ ৯৪ ॥

মাধ্বীকভেদান্ বিবিধান্ স বৃন্দা

বৃন্দাথ বৃন্দাবন-নাথয়োঃ সা।

নানাবিদংশৈঃ সহিতান্ পুরস্তাৎ

সমর্পয়ামাস তথা সখীনাম্ ॥ ৯৫ ॥

তাংস্তান্ প্রপিবতাং তেষাং পানপায়নমাধুরী।

নেত্রোন্মাদায় বৃন্দাদেশ্চিরায় মদিরায়তে ॥ ৯৬ ॥

তাসাং মৃগীদৃশাং সরকতামগাৎ। কৃষ্ণেন তাসাং মুখপঙ্কজে পীতে সতি তা অপি তস্যাধরং পপুরিত্যর্থঃ। "চষকোঽস্ত্রী পানপাত্রং সরকোঽপ্যনু তর্পণং" ॥ ৯৪ ॥

অথ সা বৃন্দা বৃন্দেন স্বগণেন সহিতা রাধাকৃষ্ণয়োঃ সখীনাঞ্চাগ্রে নানা-বিদংশৈ মধুপানানন্তরভোজ্যৈঃ সহিতান্ বিবিধান্ মাধ্বীকভেদান্ সমর্পয়া-মাস ॥ ৯৫ ॥

তেষাং মিথুনানাং স্বকর্তৃকপানে অন্যকর্তৃকপায়নে মাধুরী বৃন্দাদে-র্নেত্রোন্মাদায় চিরায় মদিরা ইবাচরতি মদিরায়তে ॥ ৯৬ ॥

শ্রীকৃষ্ণ—প্রিয়াগণের বদনকমল পান করিলে তাঁহারাও শ্রীকৃষ্ণের অধর পান করিতে লাগিলেন ॥ ৯৪ ॥

তৎপর বৃন্দা স্বগণের সহিত বৃন্দাবনের নাথ শ্রীরাধাকৃষ্ণের ও সখীসকলের সম্মুখে নানাবিধ বিদংশ অর্থাৎ মধুপানানন্তর ভোজ্যবস্তু নিচয়ের সহিত নানাবিধ মাধ্বীক ভেদ সমস্ত সমর্পণ করিলেন ॥ ৯৫ ॥

তখন বৃন্দা কর্তৃক আনীত বিদংশ (মধু পানানন্তর ভোজ্যবস্তু) সমূহ শ্রীকৃষ্ণ ও গোপীগণ পরস্পর পরস্পরকে পান করাইলে এবং পান করিলে যে একটী মাধুরী উৎপন্ন হইয়াছিল, তাহা বৃন্দা প্রভৃতি সখীগণের চিরকালের জন্য নেত্রোন্মত্ততার নিমিত্ত মদিরার ন্যায় হইয়াছিল ॥ ৯৬ ॥

অবিরতমধুপানে স্বাদু কান্তা-ধরৌষ্ঠং
সততমধরপানে মধ্বভূত্তদ্বিদংশঃ।
মদনমধুমদাভ্যাং তৃষ্ণয়া পানভাজাং
মিথ ইহ মিথুনানাং নিশ্চয়ো নাস পানে ॥ ৯৭ ॥
মাধবাগত্যনঙ্গোথৈর্মদৈর্মাধবপানজৈ
র্মাধবস্পর্শজৈশ্চাসন্ ব্যাকুলাস্তা বরাঙ্গনাঃ ॥ ৯৮ ॥
স্খলিতবসনভূষাঙ্গাদ্যসম্ভালনং যৎ
স্ফুটহসিতমকাণ্ডেহপ্রশ্নপূর্ব্বোত্তরঞ্চ।

অবিরতমধুপানে কৃতে স্বাদু কান্তাধরোষ্ঠং বিদংশোহভূৎ। সততমধর-পানে কৃতে সতি তন্মধুমদাভ্যাং ইতস্তৃষ্ণয়া মিথঃ পরস্পরং পানভাজাং মিথুনানাং শ্রীকৃষ্ণব্রজসুন্দরীণাং ইহ অধরমধুপানে নিশ্চয়ো নাস ন বভূব॥ কিং মধু কো বিদংশ ইতি কঃ কান্তঃ কা কান্তা ইতি বা নিশ্চয়ো ন বভূব।৯৭

মাধবস্য বসন্তস্যাগতিরাগমনং তজ্জন্যৈরনঙ্গোথৈশ্চ মদৈঃ মাধবপানজৈ-র্মধুপানজৈর্মদৈর্মাধবস্য কৃষ্ণস্য স্পর্শজৈর্মদৈস্তা বরাঙ্গনা ব্যাকুলা আসন্ ॥৯৮॥

বল্লবীনাং বারুণীমদিরাপানজং তদন্তর্মদং পূর্ব্বোক্তং প্রথয়তি। পূর্ব্বোক্তং তত্তদেবাহ,—স্খলিতবসনাদেরসম্ভালনং অদর্শনং অজ্ঞানমিতি যাবৎ। পুনর-

অনন্তর নিরন্তর মধুপান করায় কান্তার সুস্বাদু অধরোষ্ঠ—বিদংশ (মধু-পানান্তে ভোজ্য বস্তু) হইল এবং সতত অধরপান করা হইলে মদনমদ ও মধুমদ হেতু মত্ততা বশতঃ তৃষ্ণায় পরস্পর পান করিতে থাকিলে ব্রজসুন্দরী-দিগের এই অধর মধুপানে নিশ্চয় হয় নাই অর্থাৎ কে মধু, কে বিদংশ, কে কান্ত এবং কেই বা কান্তা ইহার কিছুই বোধ হয় নাই ॥ ৯৭ ॥

ঐ সময়ে বসন্তের সমাগমে মদনজনিত মদ, মধুপান নিমিত্ত মদ এবং কৃষ্ণস্পর্শসঞ্জাত মদ এই ত্রিবিধ মদে উত্তমাঙ্গী ব্রজাঙ্গনাসকল অত্যন্ত ব্যাকুল হইয়া পড়িলেন ॥ ৯৮ ॥

অঙ্গ প্রত্যঙ্গের বসন ভূষণ স্খলিত হইতেছে তথাপি অজ্ঞানবশতঃ তাহার

প্রলপিতমনিদানং চোত্থিতং বল্লবীনাং
প্রথয়তি মদমন্তর্ব্বারুণীপানজং তৎ ॥ ৯৯ ॥
নিধুবনমনুপূর্ব্বং যৎ প্রিয়েণ প্রিয়াণাং
স্খলনময়নবাসঃকেশবাচাং বিধেয়ম্।
মধুমদ ইহ কুর্ব্বন্ তদ্বধূনামমূষা-
মকুরুত মুরশত্রোঃ প্রীতিসাহায্যমস্য ॥ ১০০ ॥
উক্তৌ লোহলতা গতৌ স্খলিততা কেশাংশুকে স্রস্ততা
নেত্রান্তেঽরুণতা মুখে সুরভিতা নেত্রে তথোদ্ঘূর্ণতা।

বন্ধনাদিনা অকাণ্ডে কারণং বিনা অসময়ে স্ফুটহসিতং। প্রশ্নং বিনোত্তরং নিদানং কারণং বিনা প্রলপিতং জল্পিতমুত্থিতঞ্চ ॥ ৯৯ ॥

নিধুবনমনু নিধুবনে রহস্যলীলায়াং পূর্ব্বমাদৌ প্রিয়েণ প্রিয়াণাং যৎ অয়নং গমনং তৎ। গমনবাসঃকেশবাচাং চতুর্ণাং স্খলনং বিধেয়ং। ইহ মধুপানকেলৌ মধুমদঃ অমূষাং বধূনাং তৎ তেষাং স্খলনং কুর্ব্বন্ মুররিপোরস্য প্রীত্যাঃ সাহায্যং স্বয়মেবাকুরুত ॥ ১০০ ॥

তদা সুদৃশাং ত্রিসরকোৎপন্না। ত্রিভ্যো বৃক্ষজগুড়জপুষ্পজেভ্যঃ সরকেভ্যো মধুভ্য উৎপন্না যা যা চেষ্টাঽভূৎ সা সা প্রিয়ং কৃষ্ণমধিনোৎ প্রীণয়ামাস সা সা-

প্রতি দৃষ্টিপাত না করা, হাস্যের কারণ না থাকিলেও অসময়ে উচ্চ হাস্য, প্রশ্ন না থাকিলেও উত্তর দান এবং কারণ ব্যতিরেকে প্রলাপবাক্য, বারুণী-পানজন্য মত্ততা, গোপাঙ্গনাদিগের এই সকল প্রকাশ পাইতে লাগিল ॥ ৯৯ ॥

মধুপান জন্য মত্ততা, রহস্যলীলাতে প্রথমতঃ প্রিয়ের সহিত প্রিয়াগণের গমন, বসন, কেশ ও বচনের স্খলন এবং এই মধুপানকেলিতে গোপসুন্দরী-দিগের উল্লিখিত স্খলনাদি কার্য্য সকল সম্পাদন করত নিজেই শ্রীকৃষ্ণের প্রীতির সাহায্য করিয়াছিল ॥ ১০০ ॥

অপর বাক্যে গদ্গদতা, গমনে স্খলিততা, কেশ ও বসনে স্রস্ততা, নেত্র-প্রান্তে অরুণতা, বদনে সুগন্ধিতা, নয়নে উদ্ঘূর্ণতা, পরিহাস বচনে প্রস্ফুটতা,

নর্ম্মোক্তৌ স্ফুটতা দৃশি ভ্রমিততা তত্তৎকৃতৌ ধৃষ্টতা
যা যাসীৎ সুদৃশাং তদা ত্রিসরকোৎ-
পন্নাধিনোৎ সা প্রিয়ম্ ॥ ১০১ ॥

কৃষ্ণে ব্রজাম্বুজদৃশাং হৃদি গাঢ়রাগো
নারীস্বভাবজহ্রিয়া বিনিগূহিতো যঃ ।
আড়ম্বরং মধুমদস্য ন সোঢ়ুমীশো
নেত্রোৎপলেষু বহিরেত্য চকার বাসম্ ॥ ১০২ ॥

নবেন মধুপানেন কাচিন্নবকিশোরিকা ।
মদোদ্রেকাদ্‌ভ্রান্তনেত্রা প্রললাপাতিবিহ্বলা ॥ ১০৩ ॥

কা । উক্তৌ কথনে লোহলতা গদ্গদতা । গতৌ স্খলিততা । কেশাংশুকে স্রস্ততা নেত্রান্তে হরুণতা । মুখে সুরভিতা । নেত্রে উদ্ঘূর্ণতা । নর্ম্মোক্তৌ স্ফুটতা । দৃশি ভ্রমিততা । তত্তৎকৃতৌ তত্তল্লীলাদিচেষ্টায়াং ধৃষ্টতা ॥ ১০১ ॥

ব্রজাম্বুজদৃশাং কৃষ্ণে যো গাঢ়রাগঃ স্ত্রীস্বভাবজহ্রিয়া হৃদি বিনিগূহিতো গুপ্তোহস্তি সরাগমধুমদস্যাড়ম্বরং সোঢ়ুং নেশঃ ন সমর্থঃ সন্ বহিরেত্য নেত্রোৎপলেষু বাসং চকার । রাগস্যারুণবর্ণত্বং নেত্রস্য মদজন্যারুণ্যঞ্চ প্রসিদ্ধং ॥ ১১২ ॥

ললল ললিতে! পপপ পশ্য রাধাচ্যুতৌ
সসস সহ বো মমম মণ্ডলৈ র্ভ্রাম্যতঃ।
বিবিবি বিপিনং মমম মহীচ তাভ্যাং সমং
গগগ গগনং ললল লম্বতে হা কথং ॥ ১০৪ ॥
ত্রিস্থত্বরামোদবিকৃষ্টভৃঙ্গ-
বিকস্বরাম্ভোজবিনিন্দিবক্তুঃ।

ললিতে! পশ্য। রাধাচ্যুতৌ বো যুষ্মাকং মণ্ডলৈঃ সহ ভ্রাম্যতঃ। বিপিনং মহীচ তাভ্যাং রাধাচ্যুতাভ্যাং সমং গগনং লম্বতে গচ্ছতি কথং হা ইতি বিস্ময়ে কথমেবং ভবতি। পদমিদমাদৌ সদর্থাভাবাৎ সল্লগ্নার্থং ন। তত্রাপি ললিতাদি শব্দকথনে অধিকলকারাদেঃ স্খলনং সুতরামেব ব্যর্থং ॥ ১০৪ ॥

অব্জিনীষু পদ্মিনীষু সতৃষ্ণভ্রমর ইব লোলল্ললনাসু চঞ্চলগোপীষু সুধৃষ্টক কৃষ্ণো ললাস। কীদৃশঃ কৃষ্ণঃ বিস্থত্বরামোদেন দূরগামিসৌগন্ধেন বিকৃষ্টা

হেতু উদ্‌ভ্রান্ত-লোচনা ও অত্যন্ত বিহ্বলা হইয়া প্রলাপ অর্থাৎ অনর্থক বাক্য প্রয়োগ করিতে লাগিলেন ॥ ১০৩ ॥

প্রলাপ যথা—ললিতে! দেখ শ্রীরাধাকৃষ্ণ তোমাদিগের মণ্ডলের সহিত পরিভ্রমণ করিতেছেন এবং কানন ও পৃথিবীও শ্রীরাধাকৃষ্ণের সহিত আকাশে গমন করিতেছে। হায়! ইহা কিরূপে সম্পন্ন হইল? তাৎপর্য্য—এই শ্লোকে কিশোরীর মদ জন্য প্রলাপ এই যে, "ললিতে" এই কথায় ল ল ল ললিতে! "পশ্য" অর্থাৎ দেখ এই কথায় প প প পশ্য, "সহ" অর্থাৎ সহিত এই কথায় স স স সহ, "বিপিনং" এই কথায় বি বি বি বিপিনং। "মহী" এই কথায় ম ম ম মহী। "গগনং" এই কথায় গ গ গ গগনং এবং "লম্বতে" অর্থাৎ গমন করিতেছে এই কথায় ল ল ল লম্বতে, প্রলাপবশতঃ এইরূপ এক এক বর্ণের তিনবার উচ্চারণ করিয়া বলিতে লাগিলেন ॥ ১০৪ ॥

অনন্তর পদ্মিনী সমূহে সতৃষ্ণ ভ্রমরের ন্যায় গোপাঙ্গনাসকলে সুধৃষ্ট শ্রীকৃষ্ণ

মধ্বাসবেষ্টাধরসীধুপান-
প্রোদ্বুদ্ধকন্দর্পমদাতিলোলঃ ॥ ১০৫ ॥
অন্তর্বিলোলালিসমীরবেল্লৎ-
প্রোৎফুল্লরক্তোৎপলজৈত্রনেত্রঃ।
ললাস লোলল্ললনাস্বধৃষ্ণক্
কৃষ্ণঃ সতৃষ্ণালিরিবাব্জিনীষু ॥ ১০৬ ॥
যুগ্মকং ॥

মদেরিতাভ্যামথ তৌ সখীভ্যাং
রিরংসয়ান্তশ্চ সুষুপ্সয়া চ।
নিষেবিতাবাসতুরালিপালিঃ
সুষুপ্সয়া কেবলয়াশ্রিতাসীৎ ॥ ১০৭ ॥

আকৃষ্টা ভৃঙ্গা যেন তাদৃশং বিকস্বরং প্রফুল্লমম্ভোজং বিনিন্দিতুং শীলং যস্য তাদৃশং মুখং যস্য সঃ। মধ্বাসবস্য ইষ্টাধরামৃতস্য চ পানেন প্রোদ্বুদ্ধো যঃ কন্দর্প-মদস্তেনাতিলোলঃ। অন্তর্মধ্যে বিলোলোঽলির্যত্র তাদৃশস্য তৎসমীরেণ বায়ুনা বেল্লং চালিতং প্রোৎফুল্লরক্তোৎপলং তস্য জৈত্রং জয়শীলং নেত্রং যস্য সঃ ॥ ১০৫ ॥ ১০৬ ॥

তৌ রাধাকৃষ্ণৌ মদেরিতাভ্যাং সখীভ্যাং সখীরূপাভ্যাং রিরংসা রমণেচ্ছা

বিলাস করিতে লাগিলেন। আহা! বিলাসের মাধুর্য্য এই যে, তৎকালীন বিদূরগামি সৌগন্ধে সমাকৃষ্ট অলিপুঞ্জ পরিব্যাপ্ত প্রফুল্ল পঙ্কজ অপেক্ষাও যাঁহার বদন অত্যন্ত শোভাযুক্ত এবং মধ্বাসব অর্থাৎ অভিলষিত অধরামৃতের পানে প্রবুদ্ধ কামমদ দ্বারা তিনি অতিশয় চঞ্চল এবং তাঁহার নয়ন মধ্যদেশে চঞ্চল ভ্রমরবিশিষ্ট ও বায়ুচালিত রক্তোৎপলের জয়শীল হইয়া শোভা পাইতে লাগিল ॥ ১০৫—১০৬ ॥

অনন্তর শ্রীরাধাকৃষ্ণ মদোন্মত্ত রমণেচ্ছা ও শয়নেচ্ছা রূপ দুইটী সখী

তয়োর্মদোৎপন্ননিগূঢ়লীলা-
স্পৃহাবিদঃ প্রেরণয়াথ কৌন্দ্যাঃ।
কান্তাবতংসার্থমশোকপুষ্প-
গুচ্ছায় গচ্ছত্যরবিন্দনেত্রে ॥ ১০৮ ॥
কান্তাপি ঘূর্ণা পরিপূর্ণিতাক্ষী
সেবাপরালীততিসেব্যমানা।
নিকুঞ্জকুঞ্জাভিধকুঞ্জরাজে
সুষ্বাপ পুষ্পাবলিতল্পভাজি ॥ ১০৯ ॥
যুগ্মকম্ ॥

সুষুপ্সা শয়নেচ্ছা তাভ্যাং নিষেবিতৌ আসতু র্বভূবতুঃ। আলিপালিঃ সখী-শ্রেণী কেবলয়া সুষুপ্সয়াঞ্চিতা যুতাসীৎ ॥ ১০৭ ॥

তয়োঃ রাধাকৃষ্ণয়োঃ মদোৎপন্ননিগূঢ়লীলায়াং যা স্পৃহা তাং জানাতি যা তস্যাঃ কৌন্দ্যাঃ প্রেরণয়া কান্তায়াঃ রাধায়াঃ অবতংসার্থং কর্ণভূষণার্থমশোক-পুষ্পগুচ্ছায় অরবিন্দনেত্রে কৃষ্ণে গচ্ছতি সতি কান্তাপি রাধাপি ঘূর্ণয়া পরি-পূর্ণিতাক্ষী সেবাপরালীনাং ততা সেব্যমানা। পুষ্পাবলিতল্পভাজি নিকুঞ্জ-কুঞ্জাভিধকুঞ্জরাজে। নিকুঞ্জোঽয়ং কুঞ্জাভিধঃ কুঞ্জাকারত্বাৎ নিকুঞ্জকুঞ্জা-ভিধঃ উত্তরপদবিশেষণঃ কর্ম্মধারয়ঃ। স এব কুঞ্জানাং কুঞ্জেষু বা রাজা কুঞ্জরাজঃ। অবধারণপূর্ব্বপদঃ। কিম্বা, নিকুঞ্জেষু মধ্যে কুঞ্জাভিধঃ কুঞ্জরাজঃ

কর্ত্তৃক নিষেবিত অর্থাৎ রমণানন্তর নিদ্রাগত হইলেন, তৎপরে অন্যান্য সখীগণ কেবল নিদ্রায় বিবশ হইয়া শয়ন করিলেন ॥ ১০৭ ॥

পরে শ্রীরাধাকৃষ্ণের মদোৎপন্ন নিগূঢ়লীলাবিষয়িণী স্পৃহার সম্যক্ জ্ঞান-বতী কুন্দলতার প্রেরণায় পঙ্কজনয়ন শ্রীকৃষ্ণ—শ্রীরাধার কর্ণভূষণ নিমিত্ত অশোক পুষ্পের গুচ্ছ অন্বেষণ করিতে গমন করিলে শ্রীরাধাও ঘূর্ণাদ্বারা পরিপূর্ণিতাক্ষী ও সেবাপরায়ণা সখীগণ কর্ত্তৃক সেব্যমানা হইয়া বিবিধ

গন্ধোত্তমাঃ পরিমলাধিকবাসিতোদ্য-
জ্জৃম্ভোদ্গমাস্যকমলাগলদম্বরাঙ্গ্যঃ ।
ঘূর্ণায়মাননয়নাঃ শয়নাভিলাষাঃ
সখ্যোঽপ্যয়ুস্তত ইতঃ স্খলিতাঙ্ঘ্রিপাতাঃ ॥ ১১০ ॥
তল্পোপকল্পনগৃহীতদলালিকঞ্জ-
কিঞ্জল্কধূলিপরিপিঞ্জরিতান্তরেষু ।

নিকুঞ্জকুঞ্জাভিধকুঞ্জরাজস্তস্মিন্ বিশেষতঃ পদ্মকুল্যবর্ণিতে শ্রীমল্ললিতাকুঞ্জে সুষ্বাপ ॥ ১০৮ ॥ ১০৯ ॥

তথা সখ্যোঽপ্যয়ুঃ কুঞ্জান্ গতাঃ। কথম্ভূতাঃ সত্যঃ গন্ধেন শ্রীমদঙ্গসৌরভেনোত্তমাঃ পরিমলো দূরগামিজনমনোহরগন্ধেনাধিকং যথা স্যাত্তথা বাসিতানি যুক্তানি চ তানি উদ্যন্ জৃম্ভায়া উদ্গমো যেষু তাদৃশানি চেতি কিম্বা পরিমলেনাধিকং বাসিতঃ সন্ উদ্যন্ জৃম্ভোদ্গমো যেষু তাদৃশানি আস্যকমলানি যাসাং তাঃ। গলন্তি অম্বরাণি অঙ্গেভ্যো যাসাং তাঃ। ঘূর্ণিতনেত্রাঃ শয়নেঽভিলাষো যাসাং তাঃ। তত ইতঃ স্খলিতানি চরণানি যাসাং তাঃ ॥ ১১০ ॥

সর্ব্বা বয়স্যাঃ পৃথক্ পৃথগিতাঃ গতাঃ কুঞ্জেষু সুষুপুঃ। কীদৃশেষু? তল্পানাং

কুসুমশয্যান্বিত নিকুঞ্জ নামক কুঞ্জরাজে অর্থাৎ শোভমান ললিতাকুঞ্জে গমন করিয়া তথায় শয়ন করিয়া রহিলেন ॥ ১০৮—১০৯ ॥

তৎপরে অন্যান্য সখীসকলও সৌরভশালিনী সমুদিত জৃম্ভার উদ্গমে অত্যন্ত সুবাসিত বদনা এবং নিদ্রাগমে ঘূর্ণিতনেত্রা হইয়া ইতস্ততঃ চরণবিন্যাস ও স্খলিতগতিতে শয়নাভিলাষে অন্যান্য কুঞ্জে গমন করিলেন ॥ ১১০ ॥

যে শয্যার মধ্যভাগ শয্যারচনার্থ আনীত সুকোমল পত্র নিচয় এবং পদ্ম

সম্বর্ত্তিকাব্জদলপল্লবপুষ্পতল্প-
পুঞ্জেষু চঞ্চদলিগুঞ্জিতমঞ্জুলেষু ॥ ১১১ ॥
গুঞ্জাবলীকুসুমমঞ্জরিচিত্রিতেষু
তাম্বূলগন্ধজলভাজনরাজিতেষু।
কুঞ্জেষু কঞ্জবদনা মদখঞ্জনাক্ষ্যঃ
সর্ব্বাঃ পৃথগ্ পৃথগিতাঃ সুষুপুর্ব্বয়স্যাঃ ॥ ১১২ ॥
যুগ্মকম্ ॥

শয্যানাং উপকল্পনায় করণায় উপকল্পনে বা গৃহীতা যে দলালিঃ কোমলপত্র-সমূহশ্চ কঞ্জানাং পদ্মানাং কিঞ্জল্কাঃ কেশরাশ্চ ধূলয়শ্চ তৈঃ কিম্বা গৃহীতায়া দলালিশ্চ পদ্মকিঞ্জল্কানাং ধূলয়ঃ সূক্ষ্মচূর্ণাশ্চ তাভিঃ পরি সর্ব্বতঃ পিঞ্জরিতং ব্যাপ্তমন্তরং মধ্যং যেষাং তেষু। পুনঃ কীদৃশেষু? নবীনপত্রপদ্মদলপল্লবৈশ্চ পুষ্পশয্যানাং পুঞ্জঃ সমূহো যেষু তেষু। চঞ্চদলীনাং গুঞ্জিতেন মনোজ্ঞেষু ॥১১১॥

গুঞ্জাবলিভিঃ সহ কুসুমমঞ্জরীভিশ্চিত্রিতেষু। তাম্বূলস্য গন্ধজলস্য যথা চন্দনকেশরকস্তূর্য্যাদিগন্ধস্য জলস্য চ ভাজনানি পাত্রাণি তৈ রাজিতেষু ॥১১২॥

শ্রীগোবিন্দলীলামৃতকাব্যস্য মধ্যাহ্নলীলায়াং চতুর্দ্দশতয়া গণিতঃ সর্গঃ সমাপ্তোভূৎ ॥ ১১৩ ॥

ইতি সদানন্দবিধায়িন্যাং চতুর্দ্দশসর্গার্থঃ ॥ ১৪ ॥

কেশর ও তৎরেণুতে পরিব্যাপ্ত, অভিনব কমলচয়ে ও পুষ্প সমূহে সমাকীর্ণ, গুঞ্জিত ভ্রমর শ্রেণীতে শব্দিত, গুঞ্জাবলী ও পুষ্পমঞ্জরী দ্বারা চিত্রিত এবং তাম্বূল ও সুরভিত বারিপূর্ণ পাত্রসমূহে সুশোভিত কুঞ্জমধ্যে এতাদৃশ শয্যায় গিয়া পদ্মবদনা খঞ্জনাক্ষী সখীসকল শয়ন করিলেন ॥ ১১১—১১২ ॥

শ্রীচৈতন্য-পদারবিন্দমধুপশ্রীরূপ-সেবাফলে
দিষ্টে শ্রীরঘুনাথভট্টবরজে শ্রীজীব-সঙ্গোদ্গতে ।
কাব্য শ্রীরঘুনাথদাসকৃতিনা গোবিন্দলীলামৃতে
সর্গোঽগাদ্গণিতশ্চতুর্দ্দশতয়া মধ্যাহ্নলীলাময় ॥ ১১৩ ॥

শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভুর পদারবিন্দের মধুপায়ি ভ্রমর স্বরূপ শ্রীরূপ গোস্বামীর সেবার ফল, শ্রীরঘুনাথ দাস গোস্বামি কর্ত্তৃক প্রেরিত, শ্রীমজ্জীব গোস্বামীর সঙ্গ হেতু সমুদ্ভূত এবং শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীর বর-প্রভাবে প্রাদুর্ভূত শ্রীগোবিন্দলীলামৃত নামক মহাকাব্যে মধ্যাহ্ন লীলাময় চতুর্দ্দশ সর্গ সম্পূর্ণ হইল ॥

পঞ্চদশঃ সর্গঃ।

কঙ্কেল্লিপল্লবকতল্লজকর্ণপূরঃ
কঙ্কেল্লিবল্লিনবকস্তবকাঞ্চিপাণিঃ।
তত্রাগতোঽথ স হরিঃ প্রবিবেশ তূর্ণং
বৃন্দাদৃশোদিতনিকুঞ্জসরোজমুৎকঃ ॥ ১ ॥
রাধাস্বরধুনীং প্রাপ্তে কৃষ্ণমত্তমতঙ্গজে।
উড্ডীয়াপসসারালীমরালীপালিরঞ্জসা ॥ ২ ॥

কঙ্কেল্লিরশোকস্তস্য পল্লবকতল্লজঃ প্রশস্তঃ পল্লবঃ স এব কর্ণপূরঃ কর্ণভূষা যস্য সঃ। কঙ্কেল্লিবল্লিনবকস্তবকেন নবীনপুষ্পগুচ্ছেনাঞ্চী যুক্তঃ পাণির্যস্য সঃ। উৎকো হরিস্তত্রাগতঃ সন্ বৃন্দাদৃশা কথিতং নিকুঞ্জসরোজং নিকুঞ্জোঽয়ং সরোজং সরোজনামা। কিম্বা নিকুঞ্জেষু সরোজং সরোজনামা তং প্রবিবেশ ॥ ১ ॥

রাধাস্বরধুনীং গঙ্গাং কৃষ্ণমত্তমতঙ্গজে প্রাপ্তে সতি সখীশ্রেণীরূপমরালীপালিঃ হংসীশ্রেণী উড্ডীয়াপসসার। কৃষ্ণমাগতং দৃষ্ট্বা রাধানিকটস্থাঃ সখ্যো গতাঃ ॥ ২ ॥

অনন্তর সেই শ্রীকৃষ্ণ—অশোক তরুর প্রশস্ত পল্লবে কর্ণভূষণ এবং অশোকবৃক্ষের অভিনব কুসুমগুচ্ছ হস্তে ধারণ করিয়া উৎসুক চিত্তে তথায় আগমন করিলে বৃন্দার ইঙ্গিতে পূর্ব্বোক্ত সরোজনামক নিকুঞ্জ মধ্যে প্রবেশ করিলেন ॥ ১ ॥

শ্রীরাধারূপ স্বরধুনীতে (গঙ্গায়) কৃষ্ণরূপমতঙ্গজ আসিয়া উপনীত হইলে সখীশ্রেণীরূপ হংসীশ্রেণী উড্ডীমানা হইয়া প্রস্থান করিল অর্থাৎ শ্রীকৃষ্ণকে সমাগত দর্শন করিয়া শ্রীরাধার সমীপস্থ সখীগণ স্থানান্তরে চলিয়া গেলেন ॥২॥

পিবন্নসৌ লোচনপুষ্করেণ
লাবণ্যরূপামৃতমম্বুজাক্ষ্যাঃ ।
ব্যদালয়ৎ কঞ্চুকশৈবলং শ্রী-
করেণ নীবীনলিনীং চ লোলঃ ॥ ৩ ॥
কান্তাপি তন্দ্রাবিনিমীলিতাক্ষী
স্বপ্নে দদর্শ প্রিয়মন্তিকাপ্তম্ ।
নীবীকুচাকর্ষণযত্নবন্তং
তং বারয়ন্তী প্রললাপ বাম্যাৎ ॥ ৪ ॥

লোলোঽসৌ কৃষ্ণঃ রাধায়াং লাবণ্যরূপামৃতং লোচনপুষ্করেণ নেত্রপদ্মেন শ্লেষাৎ শুণ্ডেন পিবন্ করেণ পাণিনাশ্লেষাৎ কঞ্চুকশৈবলং নীবীনলিনীং চ ব্যদালয়ৎ অমোচয়ৎ ॥ ৩ ॥

তন্দ্রয়া নিমীলিতাক্ষী কান্তাপি স্বপ্নে নিকটপ্রাপ্তং নীবীকুচাকর্ষণে যত্নবন্তং প্রিয়ং কৃষ্ণং বাম্যাৎ বারয়ন্তী সতী প্রললাপ ॥ ৪ ॥

তখন শ্রীকৃষ্ণ, নয়নকমলে শ্রীরাধার লাবণ্যামৃত পান করিয়া চঞ্চল চিত্তে কঞ্চুকরূপ শৈবাল ও নীবীরূপ নলিনীকে শ্রীহস্ত দ্বারা অপসারিত করিলেন অর্থাৎ হস্তী যেমন নদীতে অবতরণ পূর্ব্বক প্রথমতঃ জলপিপাসু হইয়া চঞ্চল চিত্তে শুণ্ডাদ্বারা শৈবাল ও পদ্মিনীকে অপসারিত করে, তদ্রূপ শ্রীকৃষ্ণ, শ্রীরাধার সৌন্দর্য্য অবলোকন করিয়া চঞ্চলচিত্তে কঞ্চুলিকা ও পরিধেয় বস্ত্রের বন্ধনরজ্জু মোচন করিলেন ॥ ৩ ॥

এদিকে কান্তা শ্রীরাধাও তন্দ্রায় নিমীলিতাক্ষী হইয়া স্বপ্নাবস্থায় স্বীয় প্রাণকান্তকে সমীপাগত এবং নীবী ও কুচাকর্ষণে যত্নবান্ অবগত হইয়া প্রতিকূলভাবে নিবারণ করিয়া প্রলাপ বাক্যে প্রয়োগ বলিতে লাগিলেন ॥ ৪ ॥

ম ম ম মাপি পিপি স্পৃশ মাং হরে !
কি কি কি কিং বিধাতুমিহেচ্ছসি।
শশয়িতুং দ দ দেহি মম ক্ষণং
ককলিতাক্ষিযুগাস্মি ঘুঘূর্ণয়া ॥ ৫ ॥
স্মিতরুদিতবিমিশ্রং গদ্গদাস্পষ্টবর্ণং
রমণমনু তদেতি ব্যাহরন্তী করাভ্যাম্।
প্রিয়করমতিলোলং বারয়ন্তী প্রবুদ্ধা
প্রিয়মথ তমপশ্যৎ স্বঞ্চ তাদৃক্ক্রিয়ং সা ॥ ৬ ॥

প্রলাপমাহ। মা স্পৃশ মাং, হরে ! কিং বিধাতুমিহ ইচ্ছসি ? শয়িতুং দেহি মম ক্ষণং কলিতাক্ষিযুগাস্মি ঘূর্ণয়া ইতি বক্তব্যে মমমেত্যাদ্যক্ষরাণাং পুনঃ পুনরুচ্চারণং মদাবেশেন প্রলপনং ॥ ৫ ॥

তদা নিদ্রাবস্থায়াং স্মিতরুদিতমুক্তগদ্গদাস্পষ্টবর্ণং যথা স্যাৎ তথা রমণমনুলক্ষীকৃত্যেতি ব্যাহরন্তী সতী অতিলোলং প্রিয়স্য করং করাভ্যাং বারয়ন্তী সা রাধা অথানন্তরং প্রবুদ্ধাপি তং প্রিয়ং তাদৃক্ক্রিয়ং নীবিকঞ্চুকাদিমোচনপরং স্বঞ্চ তাদৃক্ক্রিয়ং স্মিতাদিসহিতপ্রিয়করং বারয়ন্তীমপশ্যৎ ॥ ৬ ॥

প্রলাপ যথা—আমাকে স্পর্শ করিও না, হে কৃষ্ণ! তুমি কি করিতে ইচ্ছা করিতেছ, নিদ্রা যাইতে দাও, এইক্ষণ মাত্র নিদ্রার ঘোরে চক্ষু মুদ্রিত করিয়াছি। অর্থাৎ "মাপি" বলিতে ম ম ম মাপি। "কিং" বলিতে কি কি কিং। "দেহি" বলিতে দ দ দেহি। "কলিত" বলিতে ক কলিত এবং "ঘূর্ণা" বলিতে ঘুঘূর্ণা। এইরূপে মত্ততাবেশে এক এক বর্ণের বার বার উচ্চারণ করাই প্রলাপ ॥ ৫ ॥

শ্রীরাধা নিদ্রাবস্থাতেই মৃদু মন্দহাস্য, রোদন, গদ্গদ ও অস্ফুট বর্ণ-বিন্যাসপূর্ব্বক হস্তদ্বয় সঞ্চালন করত প্রিয়তমকে নিষেধ করিতে লাগিলেন এবং প্রিয়তমের অতিচঞ্চল হস্তকে স্বীয় কর দ্বারা অপসারিত করিলেন, অনন্তর

মীলিতোন্মীলিতাক্ষী সা স্মরমাধ্বীকমাদিতা ।
স্বপ্নজাগরয়োরাসীৎ সমবাক্ চেষ্টিতাদিকা ॥ ৭ ॥
বিষমেষুরণাদ্বাম্যহ্রীভ্যাং তাং বিমুখীমপি ।
বলাদাক্রম্য নির্জ্জেতুমারব্ধেঽত্যুন্মদেঽচ্যুতে ॥ ৮ ॥
কাঞ্চীং বীক্ষ্যাক্রমামান্ন কাং ভয়াদিব নভোগতম্ ।
মঞ্জীরযুগলং তস্যাঃ ফুৎকরোতীব নিস্বনৎ ॥ ৯ ॥
যুগ্মকম্ ॥

স্বপ্নে যথা স্মিতাদিসহিতপ্রিয়করবারণক্রিয়া তথা জাগরেঽপ্যাসীৎ ॥ ৭ ॥

বিষমেষোঃ কন্দর্পস্য রণাৎ বাম্যহ্রীভ্যাং বিমুখীমপি তাং বলাদাক্রম্য নির্জ্জেতুমত্যুন্মদে অচ্যুতে আরব্ধে সতি । কাঞ্চীং আক্রমাান্ন কাং বীক্ষ্য তস্যাঃ মঞ্জীরযুগলং নভোগতং ভয়াৎ ফুৎকরোতীব নিস্বনৎ নিস্বনতীত্যর্থঃ ॥ ৮—৯ ॥

নিজে জাগরিত হইয়াও সেই কান্তকে তাদৃশ ক্রিয়াসম্পন্ন অর্থাৎ নীবী কঞ্চুকাদি উন্মোচনে তৎপর এবং আপনাকে তাদৃশ ক্রিয়া অর্থাৎ হাস্যাদি সহিত প্রিয়তমের হস্ত নিবারণ করিতে দর্শন করিতে লাগিলেন ॥ ৬ ॥

সে যাহা হউক, নিদ্রাভঙ্গের পর শ্রীরাধা নয়নযুগল উন্মীলিত করিয়া কন্দর্প ও মধুপানে উন্মত্তা হওয়ায় তাঁহার স্বপ্ন এবং জাগরণ উভয় অবস্থাতেই বাক্য ও চেষ্টাদি সমূহ সমান হইল অর্থাৎ স্বপ্নে যেমন করসঞ্চালন ও কান্তকে নিষেধ করিয়াছিলেন জাগ্রদবস্থাতেও সেইরূপ করিতে লাগিলেন ॥ ৭ ॥

অনন্তর শ্রীরাধা মদনসমরে বাম্য ও লজ্জাবশতঃ বিমুখী হইলেও শ্রীকৃষ্ণ অতিশয় উন্মত্ত হইয়া বলপূর্ব্বক তাঁহাকে পরাজয় করিতে আরম্ভ করায় আক্রমণ হেতু কাঞ্চীকে (মেখলাকে) মূক দর্শন করিয়া শ্রীরাধার মঞ্জীর (চরণ নূপুর) আকাশগত হইয়া ভয়েই যেন অত্যন্ত ফুৎকার করিতে লাগিল ॥ ৮—৯ ॥

গ্রীবাগ্রহণতো ব্যগ্রঃ কণ্ঠঃ কুণ্ঠোঽপি সুভ্রুবঃ।
বিচিত্রৈঃ কূজিতৈশ্চক্রে সকাকু প্রার্থনং হরৌ ॥ ১০ ॥
পৃথুলভুজগদাভ্যাং বাম্যদুর্গং বিভিদ্যা-
ঽধরনখদশনোরঃপাণিদোরাননাদ্যৈঃ।
দ্রুতমথ স নিজৈস্তৈঃ প্রেষ্ঠসামন্তবীরৈঃ
সুতনু-তনুপুরীং তাং লুণ্ঠয়ামাস কৃষ্ণঃ ॥ ১১ ॥

সুভ্রুবো গ্রীবাগ্রহণাৎ ব্যগ্রঃ কুণ্ঠোঽপি কণ্ঠঃ বিচিত্রৈঃ কূজিতৈঃ শব্দৈঃ সকাকু সবিনয়ং হরৌ প্রার্থনং চক্রে ॥ ১০ ॥

অথ চতুরশিরোমণিগ্রন্থকর্ত্তা রাধাকৃষ্ণয়োঃ শৃঙ্গাররসমতিরহস্যত্বাৎ সাক্ষান্নোক্ত্বা বীররসরূপকেণ বর্ণয়তি পৃথুলেত্যাদিভিঃ। স কৃষ্ণঃ পৃথুল-ভুজরূপগদাভ্যাং বাম্যরূপদুর্গং পুরীরক্ষকভিত্তিং বিভিদ্যাধরাদিভি নিজৈস্তৈঃ প্রেষ্ঠৈঃ সামন্তরূপৈঃ প্রিয়ৈঃ সেনাপতিরূপৈর্বীরৈঃ সুতনো রাধায়াস্তনুরূপাং তাং পুরীং লুণ্ঠয়ামাস। নায়িকয়া কৃতং নায়ককৃতাধরপানাদিবারণং বাম্যং ॥ ১১ ॥

তখন শ্রীকৃষ্ণ, শোভমান ভ্রূ শ্রীরাধার গ্রীবাদেশ ধারণ করিলে তদীয় কণ্ঠ—ব্যগ্র অথচ কুণ্ঠিত হইয়াও আশ্চর্য্য শব্দ করিয়া বিনয় সহকারে শ্রীকৃষ্ণের সমীপে প্রার্থনা করিতে লাগিল ॥ ১০ ॥

অতঃপর চতুরশিরোমণি গ্রন্থকর্ত্তা শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামি মহাশয় শ্রীরাধাকৃষ্ণের শৃঙ্গার রস অতিনিগূঢ় বিবেচনায় সাক্ষাৎরূপে বর্ণন না করিয়া বীররসের রূপক-ছলে বর্ণন পূর্ব্বক কহিতেছেন এই যে,—অনন্তর শ্রীকৃষ্ণ অধর, নখ, দশন, বক্ষঃস্থল, হস্তদ্বয়, ভুজযুগল ও বদন প্রভৃতি স্বীয় প্রিয়তম সামন্ত বীরগণ এবং বিশাল বাহুরূপ দুইটী গদা দ্বারা বাম্যরূপ দুর্গ অর্থাৎ পুরীরক্ষিকা ভিত্তিকে ভেদ করিয়া পরমাসুন্দরী শ্রীরাধার তনুরূপ পুরীকে লুণ্ঠন করিতে লাগিলেন ॥ ১১ ॥

নিখাতগূঢ়রত্নজ্ঞৈরুৎখাতাৎ খনকৈর্নখৈঃ ।
তারুণ্যরত্নং জগৃহে পাণিভ্যাং স্তনকুম্ভতঃ ॥ ১২ ॥
অধরাকুশলৈঃ খাতাদ্বদনেনাধরামৃতম্ ।
বাহুভ্যাং পীড়িতাদঙ্গাৎ স্পর্শরত্নং তু বক্ষসা ॥ ১৩ ॥
করাভ্যাং কুন্তলগ্রাহং তত্তৎস্থানেষু গূহিতম্
চুম্বকাখ্যং বরং রত্নমধরেণাঘবৈরিণঃ ॥ ১৪ ॥
ত্রিভিঃ সন্দানিতকং ॥

কেনাঙ্গেন কিং লুণ্ঠিতং তত্রাহ,—নিখাতং ভূম্যাদৌ খননং কৃত্বা স্থাপিতং গূঢ়রত্নং জানন্তি যে তৈঃ খনকৈর্নখৈস্তাদৃশখনককরূপনখৈরুৎ-খাতাৎ স্তনকুম্ভতঃ অঘবৈরিণঃ পাণিভ্যাং কর্ত্তৃভ্যাং তারুণ্যরত্নং জগৃহে ॥ ১২ ॥

দশনৈঃখাতাৎ অধরাৎ বদনেনাধরামৃতং জগৃহে। বাহুভ্যাং পীড়িতাৎ অঙ্গাৎ বক্ষসা স্পর্শরত্নং জগৃহে ॥ ১৩ ॥

করাভ্যাং কুন্তলগ্রাহং কৃত্বা তত্তৎস্থানেষু গণ্ডদ্বয়ললাটেষু পঞ্চস্থানেষু গূহীতং চুম্বকাখ্যং বরং রত্নং অধরেণ জগৃহে ॥ ১৪ ॥

কোন্ অঙ্গে কি লুণ্ঠিত হইল তদ্বিষয়ে বলিতেছেন,—নিখাত গূঢ় রত্নজ্ঞ অর্থাৎ ভূম্যাদি খনন করিয়া তথায় স্থাপিত গূঢ়রত্নের যে পরিজ্ঞাতা এতাদৃশ খননকারি নখসকল দ্বারা শ্রীকৃষ্ণের হস্তযুগল শ্রীরাধার স্তনকুম্ভ হইতে যৌবন-রত্ন অপহরণ করিতে লাগিল ॥ ১২ ॥

তৎপরে দশনশ্রেণী দ্বারা নিখাত অধর হইতে শ্রীকৃষ্ণের বদন—শ্রীরাধার অধরামৃত এবং বাহুযুগলে প্রপীড়িত অঙ্গ হইতে শ্রীকৃষ্ণের বক্ষঃস্থল শ্রীরাধার স্পর্শরত্ন হরণ করিল ॥ ১৩ ॥

আর শ্রীকৃষ্ণের করযুগল শ্রীরাধার কেশকলাপ গ্রহণ করিলে এবং শ্রীকৃষ্ণের অধর—তদীয় গণ্ডদ্বয় ও ললাট এই পঞ্চ স্থানে গোপন ভাবে রক্ষিত

ত্রপাদংশে ছিন্নেঽমৃতমুখধনে তৈর্বিমুষিতে
চমূনাথং ধার্ষ্ট্যং নখদশনসামন্তসহিতম্।
পুরঃ কৃত্বা ব্যক্তীকৃতনিজমহাপৌরুষমসৌ
মহামারারম্ভং ব্যদধদথ কান্তাপ্যসহনা॥ ১৫॥
আক্রম্য কান্তং নিজপৌরুষং তৎ
প্রদর্শয়ন্ত্যাং হরিবল্লভায়াম্।
কাঞ্চীধ্বনির্দুন্দুভিশব্দ উচ্চৈঃ
শীৎকার আসীদ্বরসিংহনাদঃ॥ ১৬॥

অথ ত্রপাকপদাংশে কবচে ছিন্নে সতি। অমৃতাদিধনে তৈঃ কৃষ্ণাধরাদিভি-র্বিমুষিতে বলাম্নীতে সতি। অসৌ কান্তা শ্রীরাধাপি অসহনা ভূত্বা ব্যক্তীকৃতং নিজং মহাপৌরুষং যেন তং নখদশনরূপসামন্তৈঃ সহিতং ধার্ষ্ট্যং চমূনাথং ধার্ষ্ট্যরূপসেনাপতিমগ্রে কৃত্বা মহামারারম্ভং মহাকন্দর্পযুদ্ধং ব্যদধৎ "দধ ধারণে" ধাতুঃ, ব্যদধাদিত্যর্থঃ॥ ১৫॥

হরিবল্লভায়াং শ্রীরাধায়াং কান্তমাক্রম্য তন্নিজপৌরুষং দর্শয়ন্ত্যাং কাঞ্চীধ্বনি-রূপদুন্দুভিশব্দস্তথা উচ্চৈঃশীৎকাররূপবরসিংহনাদশ্চাসীৎ॥ ১৬॥

চুম্বন নামক শ্রেষ্ঠ রত্নকে হরণ করিয়া লইলে, অর্থাৎ শ্রীকৃষ্ণ অধরদ্বারা শ্রীরাধার এই পঞ্চ স্থানে চুম্বন করিতে লাগিলেন॥ ১৪॥

অনন্তর শ্রীরাধার লজ্জারূপ কবচ ছিন্ন ও মুখধনরূপ অমৃত, শ্রীকৃষ্ণের অধ-রাদি কর্তৃক বলপূর্ব্বক অপহৃত হইলে কান্তা শ্রীরাধা অসহমানা হইয়া নখ ও দশনরূপ সামন্ত সকলের সহিত ধার্ষ্ট্য নামক সেনাপতিকে অগ্রে করিয়া নিজ পরাক্রম প্রকাশ করিয়া মহান্ কন্দর্পযুদ্ধ আরম্ভ করিলেন॥ ১৫॥

তৎপরে কৃষ্ণকান্তা শ্রীরাধা স্বীয় কান্তকে আক্রমণ পূর্ব্বক স্বকীয় পৌরুষ প্রদর্শন করিলে কাঞ্চীধ্বনিরূপ নিজ দুন্দুভিধ্বনি ও উচ্চ শীৎকাররূপ মহান্ সিংহনাদ হইতে লাগিল॥ ১৬॥

তং কান্তয়াক্রান্তমবেক্ষ্য চঞ্চলং
কান্তাবতংসোদ্ভটনর্ত্তকদ্বয়ম্ ।
মত্বাথ কেনাপ্যজিতং জিতং মুদা
মুক্তাবলীলাসিকয়া ননর্ত্ত তৎ ॥ ১৭ ॥
হৃদধরগতরত্নং যদবদ্দাহৃত্য তস্যা
নিভৃতমঘভিদা স্বে গোপিতং রত্নবৃন্দে ।
রদনখখনকৈস্তৎ সর্ব্বমস্যা গৃহীতং
হৃতমিহ পরবিত্তং স্বার্থনাশীতি সত্যম্ ॥ ১৮ ॥

চঞ্চলং তং কান্তং কান্তয়াক্রান্তমবেক্ষ্য কেনাপ্যজিতং তং কৃষ্ণং জিতং মত্বা মুদা কান্তা অবতংসঃ কর্ণভূষা তদ্রূপোদ্ভটনর্ত্তকদ্বয়ং তদ্বন্যা মুক্তাবলীরূপলাসিকয়া নর্ত্তক্যা সহ ননর্ত্ত। "নর্ত্তকী লাসিকে সমে" ইত্যমরঃ ॥ ১৭ ॥

অঘভিদা তস্যা হৃদধরগতং রত্নং যদবদাহৃত্য স্বে রত্নবৃন্দে গোপিতং তৎ সর্ব্বং অস্যা রদনখখনকৈর্গৃহীতং। ইহ জগতি যৎ পরবিত্তং হৃতং ভবতি। তৎ স্বার্থং নাশয়িতুং শীলং যস্য তথাভূতং ভবতীতি সত্যং ॥ ১৮ ॥

তৎপর চঞ্চল কান্তকে কান্তা কর্ত্তৃক আক্রান্ত হইতে দর্শন করিয়া যিনি সকলের অজিত অর্থাৎ সমস্ত কর্ত্তৃক পরাজিত হয়েন না সেই কৃষ্ণ পরাজিত হইয়াছেন মনে করিয়া হর্ষভরে কান্তার অবতংস অর্থাৎ কর্ণভূষারূপ দুইটী উদ্ভট নর্ত্তক শ্রীরাধার মুক্তাবলীরূপা নর্ত্তকীর সহিত নৃত্য করিতে আরম্ভ করিল ॥ ১৭ ॥

অঘহন্তা শ্রীকৃষ্ণ, শ্রীরাধার হৃদয় ও অধরস্থিত যে যে রত্ন রহিয়াছে তৎসমুদয় অপহরণ পূর্ব্বক স্বকীয় রত্ন সমূহের মধ্যে সঙ্গোপন করিয়া রাখিলেন, শ্রীরাধার দশন ও নখরূপ খনক শ্রীকৃষ্ণের রত্নের সহিত ঐ সকল রত্ন পুনরায় গ্রহণ করিল। প্রাকৃত সংসারে এ রূপই রীতি আছে যে, যে জন পরধন অপহরণ করে, ঐ হৃতধন তাহার পূর্ব্ব সঞ্চিত আপন ধনও বিনাশ করিয়া থাকে, ইহা সত্য ॥ ১৮ ॥

মুখকমলরথস্থৌ সুভ্রুবৌ নেত্রবীরৌ
বদননলিনকোষাৎ শ্রীহরের্ভামরন্দম্ ।
নয়নমধুকরাভ্যাং রক্ষিতাল্লুণ্ঠিতো যৌ
দ্রুতমপসৃতবন্তৌ তৌ তয়োঃ সম্মুখত্বে ॥ ১৯ ॥

ইত্থং ধার্ষ্ট্যং প্রকাশয়ন্ত্যা অপি শ্রীরাধায়া লজ্জাসৌকুমার্য্যাদিসহজগুণানামুদয়ং দর্শয়তি, শ্রীহরের্নয়নরূপমধুকরাভ্যাং রক্ষকপুরুষাভ্যাং রক্ষিতাৎ বদনরূপকমলমেব কোষো ভাণ্ডারস্তস্মাৎ ভা শোভা তদ্রূপো মরন্দঃ পুষ্পরস এব রত্নাদি ধনং তৎ লুণ্ঠিতো যৌ সুভ্রুবৌ মুখকমলরথস্থৌ নেত্রবীরৌ তৌ নেত্রবীরৌ তয়ো হরের্নয়নমধুকরয়োঃ সম্মুখত্বে সতি দ্রুতমপসৃতবন্তৌ পলায়িতৌ বভূবতুঃ । ইত্যত্র বীরয়ো র্মধুলুণ্ঠনে সম্ভবাভাবাৎ । মধুনো রত্নাদিধনত্বং পদ্মস্য ধনাধারকত্বাসম্ভবাৎ কোষত্বং ভ্রমরয়োঃ কোষরক্ষকত্বাসম্ভবাৎ রক্ষকপুরুষত্বং ধ্বনিতং, শ্রীকৃষ্ণমুখারবিন্দদর্শনাসক্তে শ্রীরাধানেত্রে শ্রীকৃষ্ণেনালোকিতে সতী লজ্জয়া মুদ্রিতে বভূবতুরিত্যর্থঃ ॥ ১৯ ॥

শ্রীরাধা এইরূপ ধার্ষ্ট্য অবলোকন করিলেও তাঁহার লজ্জা ও সৌকুমার্য্যাদি স্বাভাবিক গুণসমূহের প্রকাশ দেখাইয়া গ্রন্থকর্ত্তা কহিতেছেন,—শ্রীরাধার বদনপদ্মরূপ রথারূঢ় সুন্দর ভ্রূযুক্ত দুইটী নয়নরূপ বীরপুরুষ—শ্রীকৃষ্ণের মুখকমলরূপ সুরক্ষিত ভাণ্ডার হইতে শোভারূপ মকরন্দ অর্থাৎ পুষ্পরসরূপ রত্নাদি ধন লুণ্ঠন করিতে থাকিলে শ্রীকৃষ্ণের নেত্রভৃঙ্গরূপ দুই জন রক্ষক পুরুষ আগমন করিয়া যেমন সম্মুখীন হইল, অমনি তাহারা পলায়ন করিল। তাৎপর্য্য এই যে শ্রীকৃষ্ণের বদনারবিন্দ অবলোকনে শ্রীরাধার নয়ন যুগল অত্যন্ত আসক্ত হইলে শ্রীকৃষ্ণ তাহাদের প্রতি নেত্রপাত করায় তাহারা লজ্জায় মুদ্রিত হইল ॥ ১৯ ॥

শ্রীকৃষ্ণনেত্রদ্বয়বীরবর্গ্য-
প্রদর্শনাদেব ভয়াদিবাস্যাঃ ।
অগ্রেসরে নেত্রভটেঽপযাতে
সর্ব্বাঙ্গসৈন্যেঽপি বভূব ভঙ্গঃ ॥ ২০ ॥

তদাস্যাঃ শ্রীভালং শ্রমসলিললোলালকবৃতং
নিতম্বো নিষ্পন্দঃ স্তনযুগলমুচ্ছ্বাসচপলম্ ।
ভুজদ্বন্দ্বং মন্দং নয়নযুগমামীলিতমভূৎ
পরাভূতেতীয়ং সমিতি দয়িতানন্দমতনোৎ ॥ ২১ ॥

স্মরনৃপতিনিদিষ্টা কৃষ্ণমাক্রম্য রাধা
নিজমতিশয়যত্নাৎ পৌরুষং দর্শয়ন্তী ।

শ্রীকৃষ্ণস্য নেত্ররূপবীরস্য দর্শনাদেবাস্যা অগ্রেসরে নেত্রভটে ভয়াদিব অপযাতে পলায়িতে সতি সর্ব্বাঙ্গসৈন্যেঽপি ভঙ্গো বভূব ॥ ২০ ॥

ভঙ্গপ্রকারমাহ,—শ্রীভালং ললাটং শ্রমজলেন লোলালকেন চাবৃতং। নিষ্পন্দশ্চেষ্টারহিতঃ। আ ঈষন্মীলিতং নয়নযুগমভূৎ। ইত্যনেন রূপেণ সমিতি যুদ্ধে পরাভূতা ইয়ং রাধা দয়িতস্যানন্দমতনোৎ ॥ ২১ ॥

আদৌ স্মরনৃপতিনিদিষ্টা রাধা কৃষ্ণমাক্রম্যাতিশয়যত্নাৎ নিজং পৌরুষং

অনন্তর শ্রীকৃষ্ণের দুইটী নয়নরূপ বীরপুরুষের অবলোকন মাত্রে ভীত হইয়াই যেন অগ্রসর শ্রীরাধার নেত্ররূপ ভট পলায়ন পরায়ণ হইলে তদীয় সমস্ত অঙ্গপ্রতঙ্গ রূপ সৈনিক সকলের মধ্যে সুমহান্ রণভঙ্গ উপস্থিত হইল ॥ ২০ ॥

ভঙ্গের প্রকার এই যে ললাটদেশ—শ্রমজলে ও চঞ্চল অলক দ্বারা আবৃত, নিতম্ব—স্পন্দহীন, স্তনযুগল—উচ্ছ্বাসে চপল, ভুজদ্বয়—মন্দ এবং নেত্রদ্বয়—ঈষন্মুদ্রিত হইল, তখন শ্রীরাধা কন্দর্পযুদ্ধে পরাজিতা হইয়া শ্রীকৃষ্ণের পরমানন্দ বিস্তার করিলেন ॥ ২১ ॥

শ্রীরাধা, প্রথমতঃ কন্দর্পনৃপতি কর্ত্তৃক আদিষ্টা হইয়া স্বীয় কান্ত শ্রীকৃষ্ণকে

স্মরসমরভরেণ কান্তমাক্রম্য সা শ্রমার্ত্তা
তদিহ নহি বিচিত্রং সাবলা সাবলৈব ॥ ২২ ॥
শ্রমজলকণলিপ্তস্নিগ্ধনিষ্পন্দমূর্ত্তি-
র্গলিতবসনভূষা কম্রতন্দ্রপ্রজল্পা।
প্রিয়হৃদি পরিতাঙ্গী রাধিকা মীলিতাক্ষী
স্থিরতড়িদিব নব্যাম্ভোধরে সা ররাজ ॥ ২৩ ॥
তস্যাঃ শ্বাসোচ্ছলত্তুন্দং মুহুঃ কৃষ্ণোদরং স্পৃশৎ।
কিমানন্দজড়ং তস্যাঃ সেবার্থে চেতয়ত্যমুং ॥ ২৪ ॥

স্বয়ং দর্পবতী সতী সা অকস্মাৎ যত্ন্মাৎ শ্রমার্ত্তা অতএব তদ্বিচিত্রং নহি। চিত্রা ভাবমাহ। যা নাম্না অবলা সা দুর্ব্বলৈব ॥ ২২ ॥

সা রাধা নব্যমেঘে স্থিরবিদ্যুদিব ররাজ। কীদৃশী? শ্রমজলকণৈর্লিপ্তা যুক্তা স্নিগ্ধা নিষ্পন্দা চ মূর্ত্তি র্যস্যাঃ সা। গলিতং বসনাদি যস্যাঃ সা। কৃষ্ণহৃদি ন্যস্তাঙ্গী ॥ ২৩ ॥

তস্যা রাধায়াঃ শ্বাসেনোচ্ছলত্তুন্দমুদরং কৃষ্ণস্যোদরং মুহুরস্পৃশৎ সৎ। তস্যাঃ রাধায়াঃ সেবার্থে সেবার্থমমুমানন্দজড়ং শ্রীকৃষ্ণং চেতয়তি। কিমিতি

আক্রমণ পূর্ব্বক অভিবক্ষে আপন পৌরুষ দেখাইয়াও নিজে যে অকস্মাৎ যুদ্ধশ্রমে শিথিলাঙ্গী হইলেন ইহা আশ্চর্য্য নহে; কারণ যাহার নাম অবলা সে ত স্বভাবতই দুর্ব্বল হইয়া থাকে ॥ ২২ ॥

শ্রীরাধা—যুদ্ধশ্রম জন্য ঘর্ম্মবিন্দুতে লিপ্তা স্নিগ্ধা ও স্পন্দন বিহীনা মূর্ত্তি হইলে তাহার অঙ্গ হইতে বসন, ভূষণ ও অন্যান্য বেশ বিগলিত হইল এবং পুনঃ পুনঃ জল্পনা করিতে করিতে প্রাণকান্তের অঙ্গে আপন অঙ্গ বিন্যাস পূর্ব্বক ঈষন্নিদ্রাগমে কিঞ্চিন্মাত্র মুদ্রিতনয়না হইয়া নবজলধরে স্থিরতরা সৌদামিনীর ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ২৩ ॥

শ্রীরাধার উদর শ্বাসবশতঃ উচ্ছলিত হইয়া মুহুর্মুহুঃ শ্রীকৃষ্ণের উদরকে স্পর্শ করিতে লাগিল, বোধ করি ঐ উদর শ্রীরাধার সেবার নিমিত্ত আনন্দজড়

দীপ্ত্যোদয়াদ্যোদিতমাধুরীণাং
স্পর্শেক্ষণেচ্ছা দয়িতাঙ্গকানাম্।
সমাগতালীব হরেমৃগাক্ষ্যা-
স্ত্রানিস্তদৈকা তনুসেবিকাসীৎ ॥ ২৫ ॥
তাভ্যাস্তু সন্ধৌ বিহিতে তদা তয়োঃ
প্রেষ্ঠা প্রিয়ায়াঃ স্বকরাম্বুজন্মনা।

তর্কয়ামি। লোকে রীতিরিয়ং কস্যাপি চেতনার্থমুদ্যতো জনো হস্তেন তস্যোদরং চালয়তি ॥ ২৪ ॥

তদা হরেঃ শ্রীকৃষ্ণস্য দীব্যন্তী তদাত্বোদিতা তৎকালোৎপন্না মাধুরী যেষাং তেষাং দয়িতায়াঃ শ্রীরাধায়া অঙ্গকানামঙ্গানাং স্পর্শে ঈক্ষণে চ যা ইচ্ছা সা। আলীব সমাগতা আসীৎ। মৃগাক্ষ্যাঃ শ্রীরাধায়াঃ একা ম্লানিস্তনুসেবিকা আসীৎ ॥ ২৫ ॥

তদা তাভ্যাং শ্রীকৃষ্ণকর্তৃক শ্রীরাধাঙ্গস্পর্শেক্ষণেচ্ছা শ্রীরাধায়াঃ ম্লানিরূপ-তনুসেবিকাভ্যাং তয়োঃ রাধাকৃষ্ণয়োঃ সন্ধৌ বিহিতে অর্থাৎ স্মরক্রীড়ান্তে শ্রীকৃষ্ণস্য শ্রীরাধাঙ্গস্পর্শদর্শনাভিলাষে জাতে সতি শ্রীরাধায়াশ্চ তৎ কায়ন্নিত্বং

শ্রীকৃষ্ণকে চেতন করাইতেছে। সংসারে নিয়মও আছে যে, যদি কেহ নিদ্রিত জনকে জাগাইবার নিমিত্ত উদ্যত হয় তবে প্রথমতঃ স্বীয় হস্তদ্বারা তাহার উপর সঞ্চালন করিয়া নিদ্রিতজনকে জাগ্রত করিয়া থাকে ॥ ২৪ ॥

শ্রীরাধার শোভমান তৎকালোৎপন্ন মাধুর্য্যময় অঙ্গ প্রত্যঙ্গের স্পর্শন ও দর্শন বিষয়ে শ্রীকৃষ্ণের যে অভিলাষ হইয়াছিল তাহাই শ্রীরাধিকার তনুসেবিকা হইল সত্য বটে, পরন্তু মৃগাক্ষী শ্রীরাধার একমাত্র অঙ্গম্লানিই অঙ্গসেবিকা হইল ॥ ২৫ ॥

তৎপর শ্রীকৃষ্ণকর্তৃক শ্রীরাধার অঙ্গপ্রত্যঙ্গস্পর্শ ও দর্শনেচ্ছা, শ্রীরাধার ম্লানিরূপ তনুসেবিকা এই দুই দ্বারা শ্রীরাধাকৃষ্ণের সন্ধি বিহিত হইলে অর্থাৎ কন্দর্প ক্রীড়ান্তে শ্রীকৃষ্ণের শ্রীরাধাঙ্গস্পর্শ ও দর্শনবিষয়ক অভিলাষ

উত্থায় চক্রে শ্রমতোয়মার্জনং
কৈশ্যালকাল্যম্বরসংবৃতিঞ্চ সঃ ॥ ২৬ ॥
সংপ্রার্থিতো বপুরলঙ্কৃতয়ে তয়া তাং
নৈচ্ছৎ স তাং বিহসিতুং পুরতঃ সখীনাম্।
আম্রেড়িতঃ পুনরিমাং বিদধন্নিষিদ্ধ-
স্তৎস্পর্শসম্মদজবিভ্রময়ানয়োচে ॥ ২৭ ॥

যোগ্যায়াঃ গ্লানৌ জাতায়াং সত্যাঞ্চ স কৃষ্ণঃ উত্থায় স্বকরকমলেন প্রেম্না প্রিয়ায়াঃ শ্রমজলমার্জ্জনং চক্রে কেশশ্রেণী অলকাশ্রেণ্যোরম্বরেণ বস্ত্রেণ মার্জ্জনং সংবৃতিং চক্রে ॥ ২৬ ॥

তয়া রাধয়া স্ববপুষোঽলঙ্কৃতয়ে ভূষার্থং প্রার্থিতঃ স কৃষ্ণস্তামলঙ্কৃতিং নৈচ্ছৎ তত্র কারণমাহ,—সখীনামগ্রে তাং রাধাং বিহসিতুং। পুনস্তয়া স কৃষ্ণ আম্রেড়িতো দ্বিস্ত্রিরুক্তঃ সন্নিমাং বপুরলঙ্কৃতিং বিদধৎ সন্। ততস্যা কৃষ্ণস্য স্পর্শসম্মদেন জাতো বিভ্রমাখ্যো ভাবো যস্যাঃ তয়াঽনয়া রাধয়া নিষিদ্ধঃ সন উচে ॥ ২৭ ॥

হইলে এবং তাহাই করাইবার নিমিত্ত যোগ্যা শ্রীরাধার গ্লানি উৎপন্ন হইলে শ্রীকৃষ্ণ গাত্রোত্থান করিয়া স্বীয় করকমলে প্রেমাবশতঃ কান্তার শ্রমজল মার্জ্জন এবং কেশশ্রেণী ও অলক (চূর্ণকুন্তল) শ্রেণীকে বসনদ্বারা মার্জ্জন ও সম্বরণ করিতে লাগিলেন ॥ ২৬ ॥

অনন্তর শ্রীরাধা স্বীয় অঙ্গের ভূষণার্থ অর্থাৎ স্খলিত অলঙ্কারে অলঙ্কৃত করিবার নিমিত্ত নিবেদন করিলে তিনি তাহা করিতে ইচ্ছা করিলেন না। কারণ এই যে, সখী সকলের অগ্রে শ্রীরাধাকে পরিহাস করিবেন, পুনর্ব্বার শ্রীরাধা, শ্রীকৃষ্ণকে দুই তিন বার বেশরচনা করিতে কহিলে তিনি তাঁহার

ময়া কিং ভূষায়ৈ ত্বমসি রমণ ! প্রার্থিত ইহ
ত্যজ ব্যর্থাং শ্রান্তিং বিরম নহি ভূষা মম মুদে ।
নচাহং শক্তালঙ্করণচয়ভারস্য বহনে
দুনোত্যুদ্ঘূর্ণা মাং ক্ষণমবসরং দেহি শয়িতুম্ ॥

ইতি গদিতমরন্দং প্রেয়সী-বক্ত্রপদ্মাৎ
স্মিতরুদিতসুরম্যান্মীলিতাক্ষাৎ সতৃষ্ণঃ ।

কথং নিষিদ্ধস্তদাহ,—হে রমণ ময়া ভূষায়ৈ কিং ত্বং প্রার্থিতোঽসি নহীতি ইহ ভূষাকরণে ব্যর্থাং শ্রান্তিং ত্যজ বিরম নিবর্ত্তস্ব। মম মুদে আনন্দায় ভূষা ন হি ভবতি। কিমর্থং ? তত্রাহ,—অলঙ্করণসমূহভারস্য বহনেঽহং ন শক্তা। উদ্ঘূর্ণা চ মাং দুনোতি। ক্ষণং শয়িতুং অবসরং দেহি ॥ ২৮ ॥

প্রেয়স্যা বক্ত্রপদ্মাৎ কীদৃশাৎ স্মিতসহিতরুদিতেন সুরম্যাৎ। অস্পষ্ট-

---

বেশরচনা করিতে প্রবৃত্ত হইলেন, তখন শ্রীকৃষ্ণের স্পর্শে হর্ষজনিত বিভ্রম* নামক ভাবের উদয় হওয়ায় শ্রীরাধা, শ্রীকৃষ্ণকে নিষেধ করিয়া কহিলেন ॥২৭॥

হে রমণ ! আমি কি ভূষণ করিবার নিমিত্ত তোমাকে প্রার্থনা করিয়াছিলাম ? কখনই না, এই ভূষাকরণে বৃথা শ্রম পরিত্যাগ কর ; ক্ষান্ত হও, ভূষা আমার হর্ষের নিমিত্ত হইতেছে না, যে হেতু আমি অলঙ্কার সমূহের ভারবহন করিতে সমর্থ হইতেছি না, উদ্ঘূর্ণা আমাকে কষ্ট দিতেছে, ক্ষণকাল আমাকে নিদ্রা যাইতে অবসর দাও ॥ ২৮ ॥

এইরূপে শ্রীকৃষ্ণ সতৃষ্ণ হইয়া প্রেয়সীর হাস্য ও রোদন বশতঃ সুরম্য ও

---

* বল্লভ সমীপে অভিসারকালীন প্রবল মদনাবেগবশতঃ হারমাল্যাদির যে অযথা স্থানে ধারণ তাহার নাম বিভ্রম ॥

হরিরথ স নিপীয়াস্পষ্টবর্ণাত্তদাসী-
দুদিতমদনমত্তঃ সস্মিতো বিস্মিতশ্চ ॥ ২৯ ॥
যুগ্মকম্ ॥

তাবত্তয়োঃ সেবনমাত্রসৌখ্যাঃ
প্রতীক্ষমাণাঃ সময়ং বহিষ্ঠাঃ।
সেবোপচারান্বিতপাণিকঞ্জাঃ
কুঞ্জালয়ং তা বিবিশুঃ প্রিয়াল্যঃ ॥ ৩০ ॥
তাম্বূলশীতলজলামলগন্ধমাল্যৈঃ
পাদাম্বুজাদিমৃদুমর্দ্দনবীজনাদ্যৈঃ।

বর্ণমক্ষরং যত্র তস্মাৎ। গদিতমরন্দং বচনরূপং মধু স সতৃষ্ণো হরির্নিপীয় উদিতেন মদনেন মত্তঃ সস্মিতো বিস্মিতশ্চাসীৎ ॥ ২৯ ॥

তয়োঃ রাধাকৃষ্ণয়োঃ সেবনমাত্রমেব সৌখ্যং যাসাং তাঃ। সেবাসময়ং প্রতীক্ষমাণাঃ প্রিয়াল্যঃ। সেবোপযোগিতাম্বূলাদি পাণিপদ্মে যাসাং তাঃ। কুঞ্জালয়ং বিবিশুঃ ॥ ৩০ ॥

তাভিঃ প্রিয়াভিস্তাম্বূলাদিভিঃ পাদসম্বাহনবীজনাদ্যৈশ্চ নিষেবিতপাদৌ তৌ রাধাকৃষ্ণৌ আমোদং হর্ষং আপতুঃ ॥ ৩১ ॥

অস্ফুট বর্ণময় বদনকমল হইতে নির্গত বাক্যরূপ মধু পান করিয়া সমুদিত মদনে উন্মত্ত, ঈষৎ হাস্যান্বিত ও বিস্মিত হইলেন ॥ ২৯ ॥

সে যাহা হউক শ্রীরাধাকৃষ্ণের সেবামাত্রই যাঁহাদের সুখ সেই সেবাপরায়ণা প্রিয় সখীসকল সেবার সময় প্রতীক্ষা করিয়া কুঞ্জের বাহিরে দণ্ডায়মানা ছিলেন, তখন তাঁহারা রাধাকৃষ্ণের সেবার উপযোগি তাম্বূল প্রভৃতি সেবনীয় বস্তু হস্তে গ্রহণ পূর্ব্বক কুঞ্জভবনে আসিয়া প্রবেশ করিলেন ॥ ৩০ ॥

এবং সখীসকল শ্রীরাধাকৃষ্ণের প্রণয়ে উন্মত্ত হইয়া তাম্বূল, সুশীতল সলিল, সুনির্ম্মল গন্ধ, মাল্য, চরণকমলের মৃদু মর্দ্দন ও চামর ব্যজনাদি কার্য্য

তাভির্নিষেবিতপদৌ প্রণয়োন্মদাভি-
রামোদমাপতুরলং বিগতশ্রমৌ তৌ ॥ ৩১ ॥
সাকূতসস্মিতদৃশা প্রিয়মীরয়ন্তী
কান্তাব্রবীৎ প্রিয় ন শর্ম্ম লভে বিনা যাঃ ।
কুঞ্জেষু কঞ্জবদনা মদবিহ্বলাঙ্গ্যঃ
সখ্যঃ স্বপন্তি রমণানয় তাঃ প্রবোধ্য ॥ ৩২ ॥
তদনিচ্ছন্নপ্যর্থিণাসৌ প্রিয়য়া মুহুরর্থিতঃ ।
নির্যযৌ তা রময়িতুং মত্তেভ ইব পদ্মিনীঃ ॥ ৩৩ ॥

কান্তা রাধা আকূতেন স্বাভিপ্রায়েণ সস্মিতেন চ সহ বর্ত্তমানয়া দৃশা প্রিয়ং ঈরয়ন্তী অব্রবীৎ, যাঃ সখীর্বিনা শর্ম্ম সুখং ন লভে, যাঃ সখ্যঃ কুঞ্জেষু স্বপন্তি হে রমণ ! তাঃ প্রবোধ্য আনয় ॥ ৩২ ॥

অসৌ কৃষ্ণঃ, তৎ শ্রীরাধাং ত্যক্ত্বা তাসু রমণমনিচ্ছন্নপি তয়া প্রিয়য়া মুহুঃ পুনঃ পুনর্নর্ম্মণা অর্থিতঃ সন্ মত্তেভঃ পদ্মিনীরিব তাঃ সখীঃ রময়িতুং নির্যযৌ। মত্তেভ ইব পদ্মিনীরিত্যুক্তে তাসাং রতিজনকং শ্রীকৃষ্ণস্য সামর্থ্যং দর্শিতং। "প্রায়ো বীররতাঃ স্ত্রিয়" ইতি শাস্ত্রোক্তিঃ । বীরঃ সমর্থঃ ॥ ৩৩ ॥

দ্বারা তাহাদের পাদপদ্ম সেবন করিলে পরমানন্দময় শ্রীরাধাকৃষ্ণ পরমানন্দ লাভ করিতে লাগিলেন ॥ ৩১ ॥

অনন্তর শ্রীরাধা স্বীয় কোন একটি অভিপ্রায়ের সহিত সহাস্য নয়নভঙ্গি দ্বারা নিজ কান্তকে প্রেরণ করিয়া কহিলেন, হে প্রিয়তম ! আমি যাঁহাদিগের ব্যতীত সুখলাভ করিতে পারি না, সেই কমলাননা সখীসকল মধু পানে বিহ্বলাঙ্গী হইয়া কুঞ্জগৃহে শয়ন করিয়া রহিয়াছে, হে রমণ ! তুমি তাঁহাদিগকে জাগরিত করিয়া আনয়ন করিয়া দাও ॥ ৩২ ॥

যদিও শ্রীরাধাকে পরিত্যাগ করিয়া সখীগণের সহিত শ্রীকৃষ্ণের রমণ করিতে অভিলাষ নাই, তথাপি প্রিয়তমা পরিহাস ছলে পুনঃপুনঃ প্রার্থনা

কৃষ্ণশ্চক্রে মনসি ললিতাং যামি কিম্বা বিশাখা-
মাদৌ চিত্রামিতি স নিখিলা ভাবয়ংস্তাঃ প্রিয়ালীঃ।
গচ্ছন্ হর্ষাদ্‌যুগপদখিলে প্রাবিশৎ কুঞ্জবৃন্দে
আত্মানং ত্বে নিজবিরচিতে জীবদেহে যথৈকঃ ॥ ৩৪ ॥
তাসাং কুঞ্জেষু সর্ব্বাসাং তেন লীলা মনোহরা।
স্বপ্নজাগরয়োরাসীদ্‌যূথেশায়া যথা পুরা ॥ ৩৫ ॥

কৃষ্ণো মনসি চক্রে, কিমিত্যাহ আদৌ কিং ললিতাং যামি কিম্বা বিশাখাং চিত্রাং বাদৌ যামি ইত্যাদি প্রকারেণ স তা নিখিলাঃ প্রিয়ালীর্ভাবয়ন্ গচ্ছন্ সন্ হর্ষাদখিলে কুঞ্জবৃন্দে যুগপদেকদা প্রাবিশৎ। লীলায়াং ইচ্ছাশক্তেঃ প্রাধান্যাৎ, যদৈব কৃষ্ণমনসি সর্ব্বত্র গন্তুমিচ্ছাভূত্তদৈব স কৃষ্ণস্তাবৎ প্রকাশো হভূদিতি সিদ্ধান্তঃ শ্রীভাগবতাদৌ দৃষ্টঃ। যথা, "কৃত্বা তাবন্তমাত্মানং যাবতীর্গোপযোষিত" ইত্যাদি। অত্র দৃষ্টান্তমাহ,—যথা হনন্তে জীবদেহে এক আত্মা পরমাত্মা ॥ ৩৪ ॥

তেন কৃষ্ণেন সহ তাসাং সর্ব্বাসাং কুঞ্জেষু মনোহরা লীলাসীৎ। পুরা পূর্ব্বে যথা যূথেশায়া রাধায়াঃ স্বপ্নদশায়াং কৃষ্ণাগমনাদিকং তথৈব জাগ্রদ্দশায়াং শ্রীকৃষ্ণাগমনবিলাসাদিপরিপাটী অভূৎ তথৈব অত্রাপি অভূদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

করিলে মদমত্ত হস্তী যেমন পদ্মিনীগণের সহিত রমণ করিবার নিমিত্ত গমন করে, তদ্রূপ শ্রীকৃষ্ণ ঐ সকল সখীদিগকে রমণ করাইবার নিমিত্ত গমন করিলেন ॥ ৩৩ ॥

শ্রীরাধার কুঞ্জ হইতে বহির্গত হইয়া শ্রীকৃষ্ণ মনে করিলেন, "অগ্রে কি ললিতার নিকট যাইব, কি বিশাখার সমীপে যাইব কিম্বা চিত্রার কাছে গমন করিব" এই প্রকারে প্রত্যেক সখীকে ভাবিতে ভাবিতে যেমন স্বনির্ম্মিত নিখিল জীবদেহে এক আত্মা এক কালীন প্রবেশ করেন, তদ্রূপ এক সময়েই সমস্ত কুঞ্জমধ্যে প্রবেশ করিলেন ॥ ৩৪ ॥

অনন্তর যূথেশ্বরী শ্রীরাধার যেমন স্বপ্নাবস্থায় কৃষ্ণাগমনাদি ও জাগ্রদাবস্থায়

আলীমল্লীমতল্লীস্তা দোর্যুদ্ধে তৎকৃতে মিথঃ।
জিগায় যুগপৎ সর্ব্বাঃ শ্রীকৃষ্ণো মল্লতল্লজঃ॥ ৩৬॥
তাবচ্ছ্রীরাধিকাকুঞ্জে সেবিতালীজনৈঃ ক্ষণং।
বিশ্রম্য তৈঃ সমায়াতা স্বসরস্তীর্থকুট্টিমম্॥ ৩৭॥

পূর্ব্ববৎ তাং লীলাং বীররসরূপকেণাহ, শ্রীকৃষ্ণএব মল্লতল্লজঃ, আল্যএব মল্লীমতল্ল্যঃ প্রশস্তা মল্ল্যঃ স্ত্রীমল্লরূপাঃ শ্লেষেণ প্রশস্তমল্লিকাপুষ্পতুল্যাঃ তাঃ সর্ব্বাস্তৎকৃতে তদর্থং তাসাং সুখার্থং। মিথঃ পরস্পরং। দোর্যুদ্ধে বাহুযুদ্ধে। কিম্বা তাভিঃ কৃষ্ণেন সহ কৃতে দোর্যুদ্ধে কৃষ্ণএব মল্লতল্লজঃ প্রশস্তমল্লঃ স যুগপদেকদা জিগায়। "মতল্লিকামচর্চ্চিকা প্রকাণ্ডমুদ্ঘতল্লজৌ প্রশস্তবাচকান্যমূনীত্যমরঃ॥ ৩৬॥

তাবৎসময়ে শ্রীরাধিকা আলীজনৈঃ সেবিতা সতী ক্ষণং কুঞ্জে বিশ্রম্য তৈরালীজনৈঃ সহ স্বকুণ্ডস্য তীরস্থবেদিকাং সমায়াতা॥ ৩৭॥

কৃষ্ণাগমনবিলাসাদি পরিপাটী লীলা হইয়াছিল, তদ্রূপ শ্রীকৃষ্ণের সহিত সেই সকল সখীগণের কুঞ্জ সমূহে মনোমুগ্ধকারিণী সেই লীলা হইতে লাগিল॥৩৫॥

পূর্ব্ববৎ সেই লীলা বীররসে বলিতেছেন,—প্রশস্তমল্ল শ্রীকৃষ্ণ, প্রশস্ত মল্লস্বরূপিণী সখীসকলের সুখোৎপাদন করাইবার নিমিত্ত বাহুযুদ্ধ দ্বারাই পরস্পর সমস্ত সখীগণকে এক সময় মধ্যে পরাজয় করিলেন॥ ৩৬॥

তখন ঐ সময়ের মধ্যে শ্রীরাধিকা, সখীসকল কর্তৃক সেবিতা হইয়া ক্ষণকাল কুঞ্জে বিশ্রাম করত তাহাদিগের সহিত স্বীয় কুণ্ড অর্থাৎ শ্রীরাধাকুণ্ডের তীরস্থ বেদিকাতে আসিয়া উপস্থিত হইলেন॥ ৩৭॥

স্বাধীনকান্তকরকারিতভূরিভূষা
সংছাদিতাঙ্গরতিলক্ষণসঞ্চয়াপি।
প্রৌঢ়স্মরাহববিমর্দ্দনসূচকাঙ্গী
ভূয়োভিমার্জ্জিতসমাপ্তমখস্থলীব ॥ ৩৮ ॥
স্বালীং প্রতি প্রণয়রোষবিভঙ্গুরভ্রূ-
র্লজ্জাবিনম্রবদনা স্খলিতাঙ্ঘ্রি পাতা।

তদা তত্র শ্রীরাধাং সা আলীততিরালিশ্রেণী ইতস্ততোঽভ্যুপেত্য মিলিতা ইতি পরশ্লোকেনান্বয়ঃ। তদা তত্র শ্রীরাধামিতি প্রকরণলব্ধং। আলীততিঃ কীদৃশী? স্বাধীনকান্তস্য করেণ কারিতা ভূরিভূষা যয়া সা। সংছাদিতঃ স্বাঙ্গে যো রতিলক্ষণানাং সঞ্চয়ঃ সমূহঃ স যয়া সা। স্বাধীনকান্তকরকারিতভূরিভূষয়া সংছাদিতো রতিলক্ষণসঞ্চয়ো যয়া সা ইত্যেকপদস্থা। এবম্ভূতাপি প্রৌঢ়ে কন্দর্পাহবে কন্দর্পযুদ্ধে যদ্বিমর্দ্দনং স্বকুচাদিবিমর্দ্দনং তস্য সূচকানি অঙ্গানি যস্যাঃ সা। কেব? দৃষ্টান্তমাহ,—সমাপ্তঃ মখঃ যত্র সা স্থলী ভূয়োভিমার্জ্জিতাপি তত্র কৃতং যজ্ঞং যথা সূচয়তি তথেত্যর্থঃ ॥ ৩৮ ॥

পুনঃ কীদৃশী। স্বস্যাঃ সখীং রাধাং প্রতি প্রণয়গর্ভরোষেণ বিভঙ্গুরে ভ্রুবৌ যস্যাঃ সা। লজ্জয়া বিনম্রং বদনং যস্যাঃ সা। স্খলিতোঽঙ্ঘ্রীনাং পাতঃ

যে স্থানে যজ্ঞ হয় ঐ স্থানকে পুনঃ পুনঃ মার্জ্জন করিলেও যদ্রূপ তাহা যজ্ঞ-স্থান বলিয়া প্রতীত হয়, তদ্রূপ বিলাসান্তে শ্রীকৃষ্ণের করযুগল প্রচুররূপে সখী-সকলের ভূষণচয় যথা স্থানে সংযোজিত এবং নিজাঙ্গে রতি চিহ্ন সমূহ আচ্ছাদিত করিলেও সখীগণ গাঢ়তর কন্দর্প সমরে যে বিমর্দ্দন অর্থাৎ স্বকুচাদির মর্দ্দন, তাহার সূচক অঙ্গ নিচয় প্রকাশ করিতে লাগিলেন এবং স্ববয়স্যা শ্রীরাধার প্রতি প্রণয়গর্ভ ক্রোধে ভ্রূভঙ্গী, লজ্জায় অধোবদন, গমনে পাদস্খলন, শ্রমবশতঃ

আয়াসবিশ্লথভুজার্দ্ধনিমীলিতাক্ষী
সালীতভিস্তত ইতো মিলিতাভ্যুপেত্য ॥ ৩৯ ॥
যুগ্মকং ॥

কৃষ্ণোঽপি নির্গত্য নিকুঞ্জবৃন্দা-
ন্মিলন্নথৈকো মধুমঙ্গলাদ্যৈঃ ।
স্মেরাননাং বীক্ষ্য হসন্ স কান্তাং
তদন্তিকং তৈঃ সহিতঃ সমায়াৎ ॥ ৪০ ॥
নর্ম্মদ্যূতং দয়িতসভিকং ধূর্ত্তয়া কুন্দবল্ল্যা
তাসাং লজ্জাবিতরণপণং ভোগচিহ্নাবিতানৈঃ ।

পাদপতনং যস্যাঃ সা। আয়াসেন বিশ্লথা ভূজা যস্যাঃ সা। অর্দ্ধং নিমীলিতান্যক্ষীণি যস্যাঃ সা ॥ ৩৯ ॥

কৃষ্ণঃ কুঞ্জবৃন্দান্নির্গত্য একঃ সন্ মধুমঙ্গলাদ্যৈঃ সহ কান্তাং স্মেরাং বীক্ষ্য তস্যা অন্তিকং তৈ র্মধুমঙ্গলাদিভিঃ সহ হসন্ সমায়াৎ ॥ ৪০ ॥

তদা বৃন্দাদীনাং সদসি সভায়াং ধূর্ত্তয়া কুন্দবল্ল্যা সহ তাসাং বল্লবীনাং গোপীনাং নর্ম্মৈব দ্যূতক্রীড়া তৎ আসীৎ । তন্নর্ম্মদ্যূতং কীদৃশং। দয়িতঃ শ্রীকৃষ্ণঃ সভিকঃ সভাপতি র্যত্র তৎ । লজ্জায়া বিতরণমেব পণং দানং যত্র তৎ। পুনঃ কীদৃশং। যস্মিন্ দ্যূতে ধূর্ত্তয়া কুন্দবল্ল্যা ভোগচিহ্নাবিতানৈর্ভোগচিহ্নানাং

ভুজের শৈথিল্য তথা লোচনদ্বয় অর্দ্ধ নিমীলিত করত ইতস্ততঃ নিকটে আগমন করিয়া শ্রীরাধার সঙ্গে মিলিত হইতে লাগিলেন ॥ ৩৮ ॥ ৩৯ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ একাকী কুঞ্জসকল হইতে বহির্গত হইয়া মধুমঙ্গলাদি প্রিয়নর্ম্মসখাগণের সহিত মিলিত হওত হাস্যমুখী শ্রীরাধাকে দর্শন করিয়া হাস্য বদনে বয়স্যগণের সঙ্গেই প্রিয়তমা সমীপে উপস্থিত হইলেন ॥ ৪০ ॥

ঐ সময়ে বৃন্দা প্রভৃতির সভায় ধূর্ত্ত স্বভাবা কুন্দলতার সহিত সখীসমূহের পরিহাস রূপ দ্যূতক্রীড়া অর্থাৎ পাশাখেলা উপস্থিত হইলে ঐ দ্যূতক্রীড়ায়

বৃন্দাদীনাং সদসি বল্লবদ্বল্লবীনাং তদাসী-
দযস্মিন্ সর্ব্বাঃ সপদি বিজিতা হ্রেপিতাস্তাস্তয়া সন্ ॥৪১॥
মধুরিপুরতিলীলাগাধপীযূষসিন্ধুঃ
সততদুরবগাহঃ প্রেমতীর্থাবগাহৈঃ।

দৃষ্টানাং কথনাদিনা আ সম্যক্ বিস্তারৈঃ করণৈঃ। "ভোগচিহ্নাভিধানৈ"রিতি পাঠে ভোগচিহ্নানামভিধানৈঃ কথনৈঃ করণৈঃ সর্ব্বা গোপ্যঃ সপদি তৎক্ষণাৎ বিজিতাঃ হ্রেপিতা লজ্জিতাশ্চাসন্। ৪১॥

অথ লীলায়াঃ পরমোৎকর্ষবর্ণনাবেশেন তৎস্পর্শাদাত্মনস্তু ভাগ্যং সূচয়তি অসৌ মধুরিপুরতিলীলৈব অগাধোঽতিগভীরঃ পীযূষসিন্ধুঃ। কীদৃশঃ? কেশশেষাদ্যগম্যা ইত্যুক্তেঃ কবিভির্ব্রহ্মরুদ্রাদিভিরপি অন্যৈশ্চ মহদ্ভিঃ সততং সদৈব দুরবগাহঃ অবগাহিতুং প্রবেষ্টুং দুঃসাধ্যঃ অগম্য ইত্যর্থঃ। পুনঃ কিম্ভূতঃ? আস্তামেষামগম্যতা প্রণয়িবিরললোকৈঃ প্রণয়িষু দাস্যসখ্যবাৎসল্যপ্রেমবৎসু মধ্যে বিরললোকৈর্মধুরপ্রেমবজ্জনৈঃ। কীদৃশৈঃ? প্রেমতীর্থাবগাহৈর্মধুরপ্রেমরূপতীর্থে বগাহো মজ্জনং যেষাং তথাভূতৈস্তৈরেব স্বাদ্যতে আস্বাদ্যতে। "স্বদ আস্বাদনে" ধাতুঃ। এবম্ভূতোঽপি তটস্থৈঃ। অপ্যটুরতি তটস্থেতি পূর্ব্বো-

শ্রীকৃষ্ণ সভাপতি হইলেন লজ্জা বিতরণই ঐ দ্যূতক্রীড়া পন (দান) হইল এবং যে দ্যূতক্রীড়ায় ধূর্ত্ততমা কুন্দলতা কর্ত্তৃক সখীদিগের সম্ভোগচিহ্ন সম্যক্ রূপে প্রকটিত হইলে সকল গোপাঙ্গনাগণ পরাজিত ও লজ্জিত হইলেন ॥ ৪১॥

অনন্তর গ্রন্থকর্ত্তা লীলার পরম উৎকর্ষ বর্ণনের আবেশে ঐ লীলার স্পর্শ হেতু নিজ সৌভাগ্য সূচনা পূর্ব্বক বলিতেছেন, যথা—

মধুসূদন শ্রীকৃষ্ণের এই মধুর রতিলীলারূপ অগাধ অমৃতসাগর যাহা ব্রহ্ম রুদ্রাদি ও অপরাপর মহজ্জনদিগেরও দুরবগাহ অর্থাৎ প্রবেশ করা দুঃসাধ্য এবং প্রেমরূপ তীর্থে অবগাহন পরায়ণ দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর রসে প্রেমিকজন সকলেই যাহার আস্বাদন করিয়া থাকেন, তাহাতে যে আমা-

প্রণয়িবিরললোকৈঃ স্বাদ্যতেঽসৌ যদন্যৈঃ
কবিভিরপি তটস্থৈঃ স্পৃশ্যতে ভাগ্যমেতৎ ॥ ৪২ ॥
অথ বিবিধবিলাসশ্রান্তিতঃ ক্লান্তিপূর্ণা
অবসরনিজসেবাভিজ্ঞয়োপেত্য তূর্ণং ।
জলমনু জললীলাবাঞ্ছয়াল্যা তদান্ত-
র্হরিহরিদয়িতাল্যশ্চাল্যমানা বভূবুঃ ॥ ৪৩ ॥

ক্তেরস্মাভির্যৎ স্পৃশ্যতে তৎ অযোগ্যানামপি অস্মাকং ভাগ্যং স্পৃশ্যতে। ইত্যাবেশেনাত্মানং ধন্যং মত্বা তটস্থৈরিতি স্বাভাবিকদৈন্যোক্ত্যা অপি বহুবচনং মাদৃশৈঃ তটস্থৈরন্যৈর্বা ॥ ৪২ ॥

অথাবসরসময়ে যা নিজসেবা তত্রাভিজ্ঞয়া জললীলায়াং বাঞ্ছা যস্যাস্তয়াল্যা কিম্বা তাদৃশ্যা জললীলাবাঞ্ছারূপাল্যাঃ। তদা তস্মিন্ কালে অন্তস্তন্মধ্যে। সখীপক্ষে সভামধ্যে। ইচ্ছাপক্ষে অন্তঃকরণে তূর্ণমুপেত্য বিবিধবিলাসেন শ্রান্তিতঃ ক্লান্তিভিঃ পূর্ণাঃ। হরিঃ কৃষ্ণঃ হরিদয়িতা রাধা আল্যো ললিতাদয়স্তে সর্ব্বে জলমনুলক্ষ্য নীয়মানা বভূবুঃ জলক্রীড়ার্থং তয়া প্রেরিতাঃ সন্তো জলমধ্যং জগ্মুরিত্যর্থঃ ॥ ৪৩ ॥

দিগের মত অরসজ্ঞ তটস্থ ব্যক্তিগণও যে ইহাকে স্পর্শ করিতেছে, ইহার পর আর সৌভাগ্য কি আছে ? ॥ ৪২ ॥

অনন্তর সখীসকল বিবিধ বিলাস শ্রমে শ্রান্ত হইয়াও অবসর প্রাপ্ত স্ব স্ব সেবার বাসনা করিয়া অবিলম্বে তথায় উপস্থিত হইলে শ্রীকৃষ্ণ, হরিপ্রিয়া শ্রীরাধা এবং ললিতাদি সখীগণ—সকলেই সরোবরের জল মধ্যে বিহারার্থ গমন করিলেন ॥ ৪৩ ॥

গ্রীবান্তসংযমিতকেলিবিমুক্তকেশাঃ
সংবস্ত্রিতাভিনবশুক্লসুচীনচেলাঃ।
সেবাপরালিনিচয়ৈরবতারিতাতি-
ভারাঙ্গভূষণচয়াঃ সুদৃশো বভুস্তাঃ ॥ ৪৪ ॥
উদ্যৎসুধাংশুশতপুষ্করনিন্দিকান্তিঃ
প্রোদ্যদ্দিবাকরবিকস্বরপুষ্করাক্ষ্যঃ।

অদৌ জলক্রীড়োপযোগিবেষভূষাঞ্চিতা গোপ্যঃ বভুরিত্যাহ,— গ্রীবায়া অন্তে সংযমিতা বদ্ধাঃ কেলিভির্বিমুক্তাঃ কেশা যাসাং তাঃ। সম্বস্ত্রিতানি পরিহিতান্যভিনবানি শুক্লানি সুচীনানি সুসূক্ষ্মাণি চেলানি বস্ত্রাণি যাভিস্তাঃ সেবাপরালিসমূহৈরবতারিতা অতিভারোহঙ্গভূষণসমূহো যাসাং তাঃ। এবম্ভূতাঃ সুদৃশো গোপ্যো বভুঃ ॥ ৪৪ ॥

শ্রান্তো বিলাসশ্রমযুক্তঃ স্বৈরী স্বেচ্ছাচারী বনেচরমদমত্তপুষ্করী আরণ্যমত্তহস্তী শ্রমাকুলিতানাং পুষ্করিণীনাং হস্তিনীনাং ঘটাভিঃ সহ যথা সরসীমবগাহতে তথা স কৃষ্ণঃ করে পুষ্করং পদ্মং যাসাং তাভির্গোপীভিঃ সম্বেষ্টিতঃ প্রিয়া রাধা তস্যা দয়িতাং প্রিয়াং পুষ্করিণীং কুণ্ডং জগাহে ইতি পরশ্লোকেনান্বয়ঃ। কীদৃশঃ কৃষ্ণঃ? উদ্যৎসুধাংশূনাং চন্দ্রাণাং শতং যত্র তৎপুষ্কর

প্রথমতঃ জলক্রীড়ার উপযোগি বেষ ভূষায় গোপীসকল বিভূষিত হইলেন এই বিষয় বর্ণন পূর্ব্বক বলিতেছেন,—জলক্রীড়া সময়ে সখীগণের কেশপাশ লীলাবশতঃ গ্রীবা সমীপে বিগলিত হইল, সকলেই অতিসূক্ষ্ম ও অভিনব শুক্ল বস্ত্র পরিধান করিলেন এবং জলক্রীড়ার্থ যাঁহাদিগের সেবাপরায়ণা সখীগণ অঙ্গ হইতে "যাহা অতিশয় ভার" সেই সমস্ত ভূষণ উন্মোচন করিলে সুলোচনা গোপাঙ্গনা সকল অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥ ৪৪ ॥

যাঁহার অঙ্গকান্তি—সমুদিত শত শত শশধর ও পদ্মকে তিরস্কার করে, প্রভাশীল প্রভাকরের করস্পর্শে বিকসিত কমলের ন্যায় যাঁহার নেত্রপদ্ম, মদনের পুষ্পবাণ স্বরূপ কমলশ্রেণীর বিজেতা যাহার কটাক্ষপাত, শ্রান্তিপ্রশা-

কন্দর্পসৌমনসপুষ্করজিৎকটাক্ষঃ

শ্রান্তিপ্রশান্তিকরপুষ্করকেলিলোলঃ ॥ ৪৫ ॥

সম্বেষ্টিতঃ সকলপুষ্করিণীভিরালিঃ

কৃষ্ণঃ প্রিয়াদয়িতপুষ্করিণীং জগাহে ।

শ্রান্তঃ শ্রমাকুলিতপুষ্করিণীঘটাভিঃ

স্বৈরী বনেচরমদোৎকটপুষ্করীব ॥ ৪৬ ॥

যুগ্মকম্ ॥

নেত্রোৎপলাস্যকমলাহ্বলকলোলভৃঙ্গা-

বক্ষোজকোকযুগলা তনুদোর্মৃণালা ।

মাকাশং নিন্দিতুং শীলং যস্যাস্তাদৃশী কান্তিঃ শোভা যস্য সঃ। প্রোদ্যতা বিভাকরেণ সূর্য্যেণ হেতুনা বিকস্বরে বিকশিতে পুষ্করে পদ্মে ইবাক্ষিণী নেত্রে যস্য সঃ। কন্দর্পস্য সৌমনসপুষ্করং কুসুমখড়্গাফলকং জয়তীতি তজ্জিৎ কটাক্ষো যস্য সঃ। শ্রান্তেঃ শ্রমস্য প্রশান্তিকরে নাশকরে পুষ্করকেলৌ জলকেলৌ লোলশ্চঞ্চলঃ। সতৃষ্ণো বা। "লোলশ্চলসতৃষ্ণয়ো"রিতি। "পুষ্করং করিহস্তাগ্রে বাদ্যভাণ্ডমুখে জলে। ব্যোম্নি খড়্গফলে পদ্মে তীর্থৌষধি বিশে-ষয়ো"রিতি চামরঃ ॥ ৪৫—৪৬ ॥

কৃষ্ণস্য নেত্ররূপমত্তগজয়োর্জলকেলিতুষ্ট্যৈ প্রথমত আদৌ গোপীততিঃ সরসী আসীৎ। সরসীসাম্যমাহ,—নেত্রাণ্যুৎপলানি যস্যাঃ সা। আস্যানি

ন্তিকর পদ্মক্রীড়ায় যিনি সতৃষ্ণ, সেই শ্রীকৃষ্ণ—পুষ্করিণী রূপ এই গোপাঙ্গনাগণে সম্যক্ বেষ্টিত হইয়া "পরিশ্রান্ত ও স্বেচ্ছা বিহারশীল বনচারী মদমত্ত উৎকট পুষ্করধারী গজরাজ যে রূপ পরিশ্রান্ত করিণীগণে সমাবৃত হইয়া কমলশ্রেণী বিরাজিত সরোবর অবগাহন করে, সেইরূপ তিনিও কন্দর্পমদে সম্যক্ মত্ত হইয়া পদ্মিনীজাতীয় প্রিয়া সমূহে অবগাহন অর্থাৎ প্রবেশ করি-লেন ॥ ৪৫—৪৬ ॥

জলকেলিতে প্রথমতঃ শ্রীকৃষ্ণের নয়নযুগল রূপ মদমত্ত গজরাজ দ্বয়ের

কৃষ্ণাক্ষিমত্তগজয়োর্জ্জলকেলিতুষ্ট্যৈ
গোপীততিঃ প্রথমতঃ সরসী তদাসীৎ ॥ ৪৭ ॥
ভীরুস্বভাবাদজলাবগাহাঃ
কাশ্চিত্তটস্থাঃ সলিলৈর্নিষিচ্য।
বলাদ্গৃহীত্বা বসনেঽপযান্তী-
র্নিন্যু র্হসন্ত্যঃ সলিলান্তরন্যাঃ ॥ ৪৮ ॥
কাশ্চিৎ স্বজানুদ্বয়সে স্থিতা জলে
ভীত্যোরুদঘ্নে প্রিয়-সেকতো পরাঃ।

কমলানি যস্যাঃ সা। অলকা লোকভৃঙ্গা যস্যাং সা। বক্ষোজযুগলানি কোক-যুগলানি যত্র সা। তনবঃ শরীরাণি হস্তাশ্চ মৃণালানি যত্র সা ॥ ৪৭ ॥

ভীরুস্বভাবাৎ জলাবগাহরহিতা অতএব তটস্থাঃ কাশ্চিদ্গোপীরন্যাঃ সলিলস্থা গোপ্যঃ সলিলৈর্নিষিচ্য অতএবাপযান্তীঃ পলায়ন্তীস্তা হসন্ত্যঃ সত্যঃ বলাৎ বসনে গৃহীত্বা সলিলমধ্যে নিন্যুঃ ॥ ৪৮ ॥

হরিঃ স্বস্য নাভিপরিমিতে জলে স্থিতঃ সন্ প্রিয়স্য তস্য হরেঃ সেকতো-

---

জলক্রীড়া বিষয়ে আনন্দ সম্পাদন করিবার নিমিত্ত গোপীসকলই সরোবরের ন্যায় শোভা পাইতে লাগিলেন, যে হেতু নেত্রোৎপল ও মুখপদ্মই কমল, অলকশ্রেণীই ভৃঙ্গপংক্তি, স্তনযুগলেই চক্রবাক দ্বয় এবং দেহলতা ও ভুজলতাই মৃণাল রূপে শোভা পাইতে লাগিল ॥ ৪৭ ॥

ভীরুস্বভাবপ্রযুক্ত কতিপয় ব্রজসুন্দরী, সরোবরের জলে অবগাহন না করিয়া তীরে অবস্থিতা ছিলেন, জলমধ্যবর্ত্তিনী অন্য অতিপয় ব্রজাঙ্গনা তাঁহাদিগের অঙ্গে জলসেচন করিতে থাকিলে তাঁহারা যখন পলায়ন পরায়ণা হইলেন তখন ঐ জলস্থা গোপী হাস্য করিতে করিতে বলপূর্ব্বক বস্ত্র ধারণ করিয়া তাঁহাদি-গকে জলমধ্যে আনয়ন করিতে লাগিলেন ॥ ৪৮ ॥

কতিপয় গোপাঙ্গনা জানুপরিমিত জলে অবস্থিত এবং অন্যান্য কোন কোন ব্রজাঙ্গনা প্রিয়তম শ্রীকৃষ্ণের জলসেচনভয়ে স্বীয় উরুপরিমিত জলে

স্বনাভিমাত্রে সলিলে স্থিতো হরিঃ
সর্ব্বান্যসিঞ্চদ্বিহসন্ বলাজ্জলৈঃ ॥ ৪৯ ॥
ক্লিন্নাতিসূক্ষ্মবসনান্তরুদীর্ণতত্ত-
দঙ্গালিসৌষ্ঠবসরিৎসুষমাপ্সু তাসাম্।
মগ্নং হরের্লসতি নেত্রমদেভযুগ্মং
তস্যাপি তাসু দয়িতাদৃগিভী-ঘটাপি ॥ ৫০ ॥

ভীত্যা স্বস্য জানুপরিমিতে জলে স্থিতাঃ সর্ব্বা গোপী বিহসন্ জলৈ র্বলাৎ অসিঞ্চৎ ॥ ৪৯ ॥

তাসাং ক্লিন্নাতিসূক্ষ্মবস্ত্রমধ্যে উদীর্ণানাং ব্যক্তানাং তত্তদঙ্গালীনাং সৌষ্ঠবরূপসরিতাং শোভারূপাপ্সু হরের্নেত্ররূপমত্তহস্তিযুগ্মং মগ্নং সল্লসতি। তস্য কৃষ্ণস্যাপি তাসু ক্লিন্নাতিসূক্ষ্মবসনান্তরুদীর্ণাঙ্গসৌষ্ঠবসরিৎশোভাপ্সু দয়িতানাং গোপীনাং দৃগ্‌রূপা ইভী হস্তিনী তাসাং ঘটাপি মগ্না সতী লসতি ॥ ৫০ ॥

অবস্থিত হইলে শ্রীকৃষ্ণ নাভিমাত্র জলে অবস্থিত হওত হাস্যবদনে সেই সকল প্রিয়াদিগকে বলপূর্ব্বক জল দ্বারা সেচন করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

অনন্তর জলসিক্তাঙ্গী সেই সেই ব্রজসুন্দরীদিগের জলক্লিন্ন অতিসূক্ষ্ম বসন মধ্যে সুস্পষ্ট অঙ্গসৌষ্ঠবরূপ নদী সমূহের শোভারূপ জলমধ্যে শ্রীকৃষ্ণের নয়নরূপ মদমত্ত হস্তী দুইটী মগ্ন হইয়া শোভা পাইতে লাগিল এবং শ্রীকৃষ্ণের জলক্লিন্ন বস্ত্র—অঙ্গ সংলগ্ন হইলে তন্মধ্য হইতে নিঃসৃত দেহকান্তিরূপ নদী সমূহের শোভারূপ জলমধ্যে গোপীদিগের দৃষ্টিরূপ করিণীগণ মগ্ন হইয়া অত্যাশ্চর্য্য শোভা পাইতে লাগিল। তাৎপর্য্য এই যে, দেহ জলসিক্ত হওয়ায় পরস্পরের দেহসৌন্দর্য্য পরস্পর দর্শন করিতে লাগিলেন ॥ ৫০ ॥

উদ্দামমৃাদনবতিতীর্ষবোঽপি সর্ব্বাঃ
শীতার্ত্তা ইব রুদিতস্মিতাদ্র বক্ত্রাঃ।
আকৃষ্টা যুগপদনেন নাভিদঘ্নে
তোয়ে হমুমমুমভিতঃ স্থিতা বিরেজুঃ ॥ ৫১ ॥
রাজীবরক্তোৎপলপুণ্ডরীক-
কহ্লারনীলোৎপলকৈরবাণাম্।
শ্রবন্মরন্দৈশ্চ পতৎপরাগৈঃ
সৌরভ্যভাজ্যম্ভসি তা বিজহ্রুঃ ॥ ৫২ ॥

উৎ উৎকৃষ্টবাম্যভাবাৎ অনবতিতীর্ষবো জলমধ্যে গন্তুমিচ্ছারহিতাঃ সর্ব্বাঃ শীতার্ত্তা ইব রুদিতেন সস্মিতাদ্র মুখ্যো অমূর্গোপ্যঃ নাভিপরিমিতে জলে অমুনা কৃষ্ণেন যুগপদাকৃষ্টা অমুং কৃষ্ণং মধ্যে কৃত্বা অভিতঃ স্থিতাস্তা বিরেজুঃ ॥ ৫১ ॥

রাজীবাদীনাং শ্রবদ্ভির্মরন্দৈঃ পতদ্ভিঃ পরাগৈঃ পুষ্পধূলিভিঃ সৌরভযুক্তে অম্ভসি তাঃ বিজহ্রুঃ ॥ ৫২ ॥

সে যাহা হউক, তখন সখীসকল বাম্য বশতঃ জলমধ্যে অবতরণে অনিচ্ছুক ও শীতার্ত্ত হইয়াই যেন রোদন করিতে লাগিলেন এবং ঈষৎ হাস্যে আর্দ্রবদনা হওত নাভিপরিমিত জলে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এক সময়ে আকৃষ্ট হইয়া শ্রীকৃষ্ণকে মধ্যে রাখিয়া সকলে চতুর্দ্দিকে অবস্থিতি করত শোভা পাইতে লাগিলেন ॥ ৫১ ॥

তদনন্তর কমল, রক্তোৎপল, শ্বেতকমল, কহ্লার, নীলকমল ও কৈরবের বিগলিত মকরন্দ ও পতিত পুষ্পধূলি কুসুমপরাগে সৌরভান্বিত জলমধ্যে গোপাঙ্গনাগণ বিহার করিতে প্রবৃত্ত হইলেন ॥ ৫২ ॥

নান্দীবৃন্দাধনিষ্ঠাদ্যাঃ স্থিতাস্তীর্থৈককুট্টিমে।
জয়শব্দৈঃ পুষ্পবর্ষৈ রাধাদীনাং জয়েপ্সবঃ॥ ৫৩॥
বটুঃ সুবলকৌন্দীভ্যাং স্থিতস্তীর্থান্যকুট্টিমে।
কৃষ্ণস্য বিজয়ং বাঞ্ছন্ পুষ্পবর্ষাদিকং ব্যধাৎ॥ ৫৪॥
ব্যাত্যুক্ষীপ্রধনং তদা সমভবত্তাভিঃ সমং শ্রীহরে-
র্যত্রাসাং মৃদুসেচনৈঃ স বিদধে প্রোৎসাহবৃদ্ধিং ক্ষণং।
সিঞ্চন্ত্যঃ পরিতো নিরন্তরজলাসারৈরমুং তা ব্যধু-
র্ভীত্যা হ্যধোবদনং করাঙ্গুলিদলৈরুদ্ধাক্ষিনাসাশ্রুতিং॥৫৫॥

নান্দ্যাদয়ো রাধাদীনাং। সুবলকৌন্দীভ্যাং বটুঃ কৃষ্ণস্য বিজয়ং বাঞ্ছন্ পুষ্পবর্ষাদিকং ব্যধাৎ॥ ৫৩—৫৪॥

তাভিঃ সমং হরেঃ ব্যাত্যুক্ষীপ্রধনং পরস্পরজলযুদ্ধং তদা সমভবৎ। যত্র যুদ্ধে স কৃষ্ণঃ আসাং মৃদুসেচনৈঃ স্বস্য প্রোৎসাহবৃদ্ধিং ক্ষণং। স্বস্য মৃদুসেচনৈরাসাং প্রোৎসাহবৃদ্ধিং চ বিদধে। ততঃ পরং তাঃ গোপ্যঃ অমুং কৃষ্ণং নিরন্তরজলধারাসম্পাতৈঃ পরিতঃ সিঞ্চন্ত্যঃ সত্যঃ অমুনা নিরন্তরজলাসারৈর্নিষিক্তাঃ সত্যো ভীত্যা করাঙ্গুলিদলৈঃ রুদ্ধাক্ষিনাসাশ্রুতিমধোবদনং চ ব্যধুঃ। অক্ষিনাসাশ্রুতীনাং রোধং বদনানাং অধস্ত্বং চ ধর্ম্মং ব্যধুরিত্যর্থঃ॥ ৫৫॥

ঐ সময়ে নান্দীমুখী, বৃন্দা ও ধনিষ্ঠা প্রভৃতি সখীসকল সরোবরের একটী কুট্টিমে (বেদীতে) অবস্থিতি পূর্ব্বক শ্রীরাধার জয়াকাঙ্ক্ষা করিয়া "জয় জয়" শব্দ এবং কুসুমবর্ষণ দ্বারা জয় বিধান করিলেন। তথা সুবল ও কুন্দবল্লীর সহিত মধুমঙ্গল—সরোবরের অন্য কুট্টিমে অবস্থিত হইয়া শ্রীকৃষ্ণের বিজয়াভিলাষ করত "জয় জয়" শব্দ ও পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন॥ ৫৩—৫৪॥

তৎকালীন ব্রজাঙ্গনাগণের সহিত শ্রীকৃষ্ণের মহান্ জলযুদ্ধ আরব্ধ হইল, যে যুদ্ধে শ্রীকৃষ্ণ, স্বীয় কান্তাদিগের মৃদু মৃদু জল সেচনে ক্ষণকাল নিজের উৎসাহ এবং নিজের মৃদু মৃদু জল সেচন দ্বারা তাহাদিগের উৎসাহ বৃদ্ধি করিতে লাগিলেন। অনন্তর প্রিয়াগণ নিরন্তর শ্রীকৃষ্ণকে জলধারায় সেচন করিতে

উরীচকারেব সহস্রনেত্রতাং
তাসাং স সৌন্দর্য্যবিলোকনে হরিঃ।
সহস্রপাদত্বমথান্তিকে গতৌ
সহস্রবাহুত্বমিহোপগূহনে ॥ ৫৬ ॥
এণীদৃশামুদরদঘ্নজলে স্থিতানাং
সেকেঽম্বুভির্বদনপদ্মবিকাশনে চ।

ইহ জলকেলৌ স হরিস্তাসাং সৌন্দর্য্যস্য বিলোকনে সহস্রনেত্রতাং, তাসাং নিকটগতৌ সহস্রপাদত্বং, তাসামুপগূহনে সহস্রবাহুত্বমুরীচকার বভূবেতি শেষঃ। নেত্রাঙ্ঘ্রিবাহূনাং দ্বাভ্যামেবাচিন্ত্যশক্তিতঃ সহস্রেণেব দর্শনগমনালিঙ্গনানি চকার ইত্যর্থঃ। ইব শব্দ এবার্থোঽপি। অত উরীচকার এবেতি বার্থঃ ॥ ৫৬ ॥

কৃষ্ণঃ অম্বুভিঃ সেকে জলসেচনে বিষয়ে। উদরপরিমিতে জলে স্থিতানাং তাসাং মৃগীদৃশাং বদনপদ্মবিকাশনে সংমার্জ্জনেচ স্তনরূপচক্রবাকমিথুনশ্রেণীনাং লালনেঽপি সহস্রবাহুত্বমুরীচকার। পক্ষে সহস্রকিরণত্বং সূর্য্যত্বং

লাগিলে শ্রীকৃষ্ণ কর্তৃক তাহারাও অবিরত জলধারায় অভিষিক্ত হইয়া ভয়হেতু হস্তাঙ্গুলিদলে স্ব স্ব নেত্রযুগল, নাসিকা ও শ্রবণদ্বয় সহিত বদন আচ্ছাদন পূর্ব্বক অধোবদনা হইলেন ॥ ৫৫ ॥

এই জলক্রীড়াতে শ্রীকৃষ্ণ কান্তাদিগের সৌন্দর্য্যদর্শন বিষয়ে সহস্রলোচনত্ব, নিকটে আগমন বিষয়ে সহস্র পাদত্ব এবং তাহাদিগের আলিঙ্গন বিষয়ে সহস্রবাহুত্বই যেন অঙ্গীকার করিলেন ॥ ৫৬ ॥

অপর উদর পরিমিত জলে অবস্থিত হরিণাক্ষী ব্রজাঙ্গনাগণের প্রতি জলবর্ষণে মুখপদ্মের বিকাশ বিষয়ে এবং স্তনরূপ চক্রবাকদ্বয়ের লালন বিষয়ে শ্রীকৃষ্ণ সহস্র করত্ব অর্থাৎ সহস্র বাহুতা স্বীকার করিলেন, পক্ষে সহস্রকিরণ

বক্ষোজকোকমিথুনাবলিলালনেঽপি
কৃষ্ণঃ সহস্রকরতামুররীচকার ॥ ৫৭ ॥
সহস্রপাৎ সহস্রাক্ষঃ সহস্রবাহুরীশ্বরঃ।
ইতি শ্রুত্যর্থমপঠৎ কৃষ্ণং বীক্ষ্য মুদা বটুঃ ॥ ৫৮ ॥
সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্।
হসন্তীতি স্মৃতিং নান্দীমুখী তীরস্থিতাপঠৎ ॥ ৫৯ ॥
উদ্বর্ষন্তী দিশি দিশি তির্য্যক্‌পাতান্
তোয়াসারান্ ব্রজরমণীবল্লীনাম্।

উরীচকার। সূর্য্যস্য জলবর্ষণপদ্মবিকাশনকোকাহ্লাদনৈকাধিকারাৎ। অর্থাৎ যথেষ্টং তত্তচ্চকারেতি ভাবঃ ॥ ৫৭ ॥

বটুঃ কৃষ্ণং তথাভূতং বীক্ষ্য সহস্রপাদাদি শ্রুত্যর্থমপঠৎ ॥ ৫৮ ॥

তীরস্থিতা নান্দীমুখী হসন্তী সর্ব্বতঃ পাণিপাদমিত্যাদি স্মৃতিমপঠৎ ॥ ৫৯ ॥

দিশি দিশি তির্য্যক্‌পাতান্ তোয়স্যাসারান্ ধারাসম্পাতান্ উদ্বর্ষন্তী কার্ষ্ণী মূর্ত্তিঃ শ্রীকৃষ্ণবিগ্রহঃ ব্রজরমণীবল্লীনামবিরতসেকে কেলৌ চ জলধর-

---

সূর্য্যত্ব অঙ্গীকার করিলেন, অর্থাৎ সূর্য্য যেরূপ বারিবর্ষণ, কমলবিকাশন ও চক্রবাকের আনন্দ উৎপাদন করিয়া থাকেন তদ্রূপ করিতে লাগিলেন ॥ ৫৭ ॥

তৎপর মধুমঙ্গল—শ্রীকৃষ্ণকে তদবস্থাগত দর্শন করিয়া আনন্দভরে "সহস্রপাৎ সহস্রাক্ষঃ সহস্র বাহুরীশ্বরঃ" অর্থাৎ "ঈশ্বর সহস্র পাদ, সহস্র নয়ন ও সহস্রবাহু" এই শ্রুতির অর্থ পাঠ করিতে লাগিলেন ॥ ৫৮ ॥

অনন্তর তীরস্থিতা নান্দীমুখী হাস্য করিতে করিতে "সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখং" অর্থাৎ যাহার কর, চরণ, নয়ন, মস্তক ও বদন সমস্ত দিকে পরিব্যাপ্ত এই স্মৃতির অর্থ পাঠ করিলেন ॥ ৫৯ ॥

তখন শ্রীকৃষ্ণের মূর্ত্তি দিগ্বিদিকে বক্রিম ভাবে জলধারা বর্ষণ করায় ব্রজ

ব্যালোলানামবিরতসেকে কেলৌ
কার্ষ্ণীমূর্ত্তি র্জলধরমালা সাসীৎ ॥ ৬০ ॥
পাদপ্রান্তে হৃত্যরুণতয়া কিং তাসাং
যাবৈশ্চেত্থং চিরজলবাসৈ র্যত্নাৎ।

মালা মেঘস্য শ্রেণীবাসীৎ। "কেলৌ" ইত্যত্র "লোলা" ইতি পাঠে মূর্ত্তে-বিশেষণং ॥ ৬০ ॥

এষা জলধরমালা মূর্ত্তিঃ কৃষ্ণঃ তাসাং ব্রজসুন্দরীণাং পাদপ্রান্তে যাবৈ র্যাবক-রঙ্গৈরত্যরুণতয়া কিং স্বতঃসিদ্ধারুণতৈব ভদ্রং, যদ্বা অত্যরুণপাদপ্রান্তে যাবৈঃ কিং ইত্থমনেন প্রকারেণ চিরকালং ব্যাপ্য জলে বাসৈ র্বসতিভি র্যত্না-দাসামুচ্চৈঃ বর্ণদ্বয়োরিত্যেকস্যারুণবর্ণস্য যাবজন্যস্বতঃ সিদ্ধত্বভেদাৎ দ্বিত্বং প্রাপ্তয়োরিতি বর্ণদ্বয়স্য হৃতিং নাশং কৃত্বা মত্তা আসীৎ। তাবৎকালং ব্যাপ্য জলক্রীড়াঽভূৎ। যাবৎকালেন তাসাং চরণয়ো র্যাবকরঙ্গো লুপ্তোঽভূদিত্যর্থঃ। শ্লেষেণ জলধরমালা নাম ছন্দঃ। পাদপ্রান্তে পদ্যস্য চরণানামন্তে বর্ণদ্বয়স্য হৃতিং কৃত্বা মত্তা নাম ছন্দ আসীৎ। অস্য পদ্যস্য প্রথমপাদস্যান্তে চাসাং দ্বিতীয়ে

রমণীরূপা লতার সম্বন্ধে অবিরত সেচন লীলায় মেঘশ্রেণীর ন্যায় প্রতীয়মান হইতে লাগিল ॥ ৬০ ॥

"এই ব্রজসুন্দরীদিগের পদপ্রান্তে যাবক রঙ্গে যে অতিশয় অরুণবর্ণ তাহা দ্বারা প্রয়োজন কি ? স্বভাবসিদ্ধ অরুণবর্ণই অত্যুৎকৃষ্ট" এই বিবেচনা করিয়া শীঘ্র যত্ন সহকারে এই জলধরমালা কৃষ্ণমূর্ত্তি অর্থাৎ নবমেঘকান্তি-বিশিষ্ট শ্রীকৃষ্ণ উক্ত দুই বর্ণকেই সুদীর্ঘ জলবাসে অর্থাৎ জলে পাদ স্থাপন করাইয়া বিনষ্ট করিলেন, তাৎপর্য্য এই যে জলক্রীড়ায় গোপীগণকে অধিক ক্ষণ জলে বাস করাইয়া যেন মত্তা অর্থাৎ উন্মত্তপ্রায় হওত তাঁহাদিগের পদ-

কৃত্বা বর্ণদ্বয়-হৃতিমাসাম্মুচ্চৈ-
র্মত্তৈবাসীজ্জলধরমালাপ্যেষা ॥ ৬১ ॥
প্রিয়করমিলিতাম্বুস্পর্শহৃষ্টাপি পর্য্যক্
সততনিপতদম্ভোধারয়োদ্বিগ্নচিত্তা।
শিথিলিতভুজবল্লীশ্রস্তকেশাম্বরস্রক্
জলযুধি বিমুখী সা সুন্দরীপালিরাসীৎ ॥ ৬২ ॥

যত্নাৎ। তৃতীয়ে উচ্চৈঃ। চতুর্থে এষা ইতি বর্ণদ্বয়ং জ্ঞেয়ং। অস্য জলধর-মালাখ্যশ্লোকস্য পাদান্তে বর্ণদ্বয়স্য দানাভাবেঽপি স এবার্থো ভবতীতি কাব্য-কৌশলং। বর্ণদ্বয়াভাবে শ্লোকে যথা,—পাদপ্রান্তেত্যরুণতয়া কিং, যাবৈশেচথং চিরজলবাসৈঃ। কৃত্বা বর্ণদ্বয়হৃতিমাসাং, মত্তৈবাসীজ্জলধরমালা ॥ ৬১ ॥

সা সুন্দরীশ্রেণী। কৃষ্ণকরমিলিতাম্বুস্পর্শেন হৃষ্টাপি। পর্য্যচ্যা চতুর্দ্দিক্ষু চলন্ত্যা। সদা নিপতদম্ভসাং ধারয়া উদ্বিগ্নচিত্তা জলযুদ্ধে বিমুখী আসীৎ ॥৬২॥

প্রান্তের অলক্তক চিহ্ন ধৌত করিলেন এবং স্বাভাবিক অরুণবর্ণও শুক্লপ্রায় হইয়া গেলে। শ্লেষ পক্ষে—পাদপ্রান্তে অর্থাৎ জলধরমালা ছন্দে রচিত শ্লোকের চারিচরণের অন্তে দুইটী করিয়া বর্ণের বিনাশ করিলে জলধরমালা* ছন্দই মত্তা নামক ছন্দ হয় ॥ ৬১ ॥

অনন্তর ব্রজাঙ্গনা সকল শ্রীকৃষ্ণের করমিলিত জল স্পর্শে আহ্লাদিতা হইয়াও চতুর্দ্দিকে সতত নিপতিত জলধারায় উদ্বিগ্নচিত্তা হইলেন, সুতরাং

* "জলধরমালা" ছন্দ এই যে, "মো ভঃ স্মৌচেজ্জলধরমালাব্ধ্যষ্টৈঃ" অর্থাৎ ম, ভ, স, ম, এই চারিটী গণে "জলধরমালা" ছন্দ হয় ॥

মত্তা ছন্দ যথা—"জ্ঞেয়া মত্তা ম, ভ, স, গ সৃষ্টা" অর্থাৎ ম, ভ, স, গ, এই চারিটী গণে "মত্তা" ছন্দ হয়, কিন্তু পূর্ব্বোক্ত "জলধরমালা" এই শেষের দুইটী করিয়া বর্ণের লোপ করিলে এই ছন্দই "মত্তা" নামক ছন্দ হয়, যেমন তাসাং, যত্নাৎ, উচ্চৈঃ, প্যেষা এই চারিটী পদ লোপ করিলে তাহা মত্তা ছন্দের

জলে বলাদত্যমলে হৃবলানাং
নিরুদ্ধ্য কান্তেন হৃতাম্বরাণাম্।
দলালিদানেন তরঙ্গহস্তৈ-
র্ব্যধায়ি সখ্যং দ্রুতমব্জিনীভিঃ ॥ ৬৩ ॥
ইহ রাধিকাপ্রতিপদং পরাভবৈ-
র্মুখবর্ণযুগ্মবিরহাৎ সখীততেঃ।

অত্যমলে জলে কান্তেন বলান্নিরুদ্ধ্য হৃতাম্বরাণামবলানাং সম্বন্ধেঽব্জিনীভিঃ পদ্মিনীভিঃ তরঙ্গহস্তৈর্দলালিদানেন সখ্যং ব্যধায়ি ॥ ৬৩ ॥

অথানন্তরং ইহ জলক্রীড়ায়াং প্রতিপদং প্রতিক্ষণং পরাভবৈঃ শ্রীকৃষ্ণ-কর্ত্তৃকজলপ্রহারৈঃ সখীততের্মুখবর্ণযুগ্মবিরহাৎ পূর্ব্ববৎ ওষ্ঠাধরাণাং তাম্বূল-রাগস্য স্বতঃসিদ্ধরাগস্য চ। কিম্বা মুখমণ্ডলানাং গৌরবর্ণস্য ওষ্ঠাধরাণাং রাগস্য চ বিচ্ছেদং দৃষ্ট্বা মঞ্জুভাষিণী রাধা দয়িতমপি বিজেতুং জলসেচনে মুহু-রুদ্ধতাভবৎ। শ্লেষেণ মঞ্জুভাষিণী নামছন্দঃ প্রতিপদং পদং পদং চতুর্মু

তাঁহাদিগের ভুজলতা শিথিল, কেশ, বসন ও মালা অঙ্গ হইতে বিগলিত হইল অতএব সুন্দরীগণ জলযুদ্ধে বিমুখী হইলেন ॥ ৬২ ॥

তখন কান্ত শ্রীকৃষ্ণ সেই সুনির্ম্মল জলমধ্যে তাহাদিগকে অবরোধ করিয়া বস্ত্র হরণ করিতে লাগিলে পদ্মিনীগণ তৎক্ষণাৎ তরঙ্গরূপ হস্ত দ্বারা স্বীয় দল-সকল অর্পণ করিয়া তাঁহাদিগের সহিত সখ্য বিধান করিলেন ॥ ৬৩ ॥

অনন্তর জলক্রীড়ায় ক্ষণে ক্ষণে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক জল প্রহার দ্বারা সখীগণের মুখের বর্ণযুগলের অর্থাৎ পূর্ব্বের ন্যায় ওষ্ঠাধরের তাম্বূল রাগের ও স্বভাবসিদ্ধ

লক্ষণেরও লক্ষ্য হইবে, ইহাতে গ্রন্থকারের কাব্যের অতিশয় কৌশল দেখা যাইতেছে ॥

দয়িতং বিজেতুমপি মঞ্জুভাষিণী
জলসেচনে মুহুরথোদ্ধতাঽভবৎ ॥ ৬৪ ॥
নিবারিতসখীপালোর্ম্মিণঃসংস্পর্দ্ধিনোস্তয়োঃ ।
ঈশয়োর্দ্বন্দ্বযুদ্ধঞ্চাভবদাদৌ জলাঞ্জলি ॥ ৬৫ ॥

পাদেষু মুখে আদৌ বর্ণযুগ্মস্যাক্ষরদ্বয়স্য বিরহাদথোদ্ধতানাম ছন্দোঽভবৎ। বর্ণদ্বয়াভাবেঽপি পদ্যস্যার্থসাম্যং। যথা,—রাধিকা প্রতিপদং পরাভবৈ-র্বর্ণযুগ্ম বিরহাৎ সখীততেঃ। তং বিজেতুমপি মঞ্জুভাষিণী, সেচনে মুহুরথো-দ্ধতাঽভবৎ ॥ ৬৪ ॥

নিবারিতা সখীনাং পালির্যাভ্যাং তথা ভূতয়োর্ম্মিণঃ পরস্পরং সম্যক্

রাগের অথবা মুখমণ্ডলের গৌরবর্ণ ও ওষ্ঠাধরের রক্তিমা অপগত (ধৌত) হইলে মঞ্জুভাষিণী শ্রীরাধা প্রিয়তম শ্রীকৃষ্ণকেও পরাজয় করিতে মুহুরথোদ্ধতা(১) অর্থাৎ বারম্বার উদ্ধত হইয়া উঠিলেন ॥ ৬৪ ॥

অনন্তর শ্রীরাধাকৃষ্ণ সখীবৃন্দকে নিবারণ পূর্ব্বক উভয়ে পরস্পর জয়

১। শ্লেষে মঞ্জুভাষিণী নামক ছন্দ ও মুখবর্ণযুগ্মবিরহ অর্থাৎ প্রত্যেক পাদের প্রথম দুই দুইটী বর্ণ লোপ করিলে রথোদ্ধতা ছন্দ হয়। এই শ্লোকে মঞ্জুভাষিণী ছন্দ "স জ সা জ গৌচ যদি মঞ্জুভাষিণী অর্থাৎ স, জ, স, জ, গ এই পাঁচটী গণে মঞ্জুভাষিণী ছন্দ হয়। "রাৎ পরৈর্ণরলগৈ রথোদ্ধতা" অর্থাৎ র, ন, র, ল, গ এই পাঁচটী গণে রথোদ্ধতা ছন্দ হয়। কিন্তু পূর্ব্বোক্ত মঞ্জুভাষিণী ছন্দের এই প্রথম দুইটী করিয়া বর্ণ লোপ করিলে উক্ত বিলুপ্ত দ্বিবর্ণা মঞ্জুভাষিণীই রথোদ্ধতা হয় অর্থাৎ তাদৃশ স্থলে রথোদ্ধতার লক্ষণ যাইতে পারে ॥

সখীপাল্যাবৃতৌ সত্যাং করাকরি ভুজাভুজি।
নখানখি চ তৎপশ্চান্মুখামুখি রদারদি ॥ ৬৬ ॥
অন্যোন্যাসঙ্গসংহর্ষাৎ কৃষ্ণমানন্দমন্থরম্।
রাধাং ভাবোদ্গমৈর্লোলাং বীক্ষ্যামুং ললিতাব্রবীৎ ॥৬৭॥
চূড়া পশ্চাদপসৃতবতী কৌস্তুভো বিম্বদম্ভা-
দ্গণ্ডে তেহসৌ শরণমভজৎ কুণ্ডলে কম্পলোলে।

স্পর্দ্ধা জেতুং বিবাদো যয়োস্তয়োরীশয়োঃ রাধাকৃষ্ণয়োর্দ্বন্দ্বযুদ্ধঞ্চাভবৎ। তত্রাদৌ জলেন জলেন প্রহৃত্য যুদ্ধং বৃত্তং জলাজলি অভবৎ ॥ ৬৫ ॥

সখীপালিভিরাবৃতৌ সত্যাং করাকরি ভুজাভুজি নখানখিচ। তৎপশ্চাৎ মুখামুখি রদারদি চেতি ক্রমেণৈতৎ সর্ব্বং যুদ্ধমভবদিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৬৬ ॥

অন্যোন্যাসঙ্গেন সম্যক্ হর্ষাৎ আনন্দমন্থরং কৃষ্ণং ভাবোদ্গমেন লোলাঞ্চ-রাধাং বীক্ষ্য ললিতাঽমুং রাধামব্রবীৎ ॥ ৬৭ ॥

হে সখি রাধে! যুদ্ধাদ্বিরম। কাতরমমুং কৃষ্ণং মা পীড়য়। কাতরপ্রকার-

---

করিবার নিমিত্ত স্পর্দ্ধা করিয়া প্রথমতঃ জলাজলি অর্থাৎ উভয়ে জলক্ষেপণ-রূপ প্রহার দ্বারা যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥ ৬৫ ॥

তদনন্তর সখীসকল আসিয়া শ্রীরাধাকৃষ্ণকে আবরণ করিলে প্রথমতঃ তাহাদিগের হস্তাহস্তি, তৎপরে ভুজাভুজি, তৎপরে নখানখি, তৎপরে মুখামুখি এবং তৎপশ্চাৎ দন্তাদন্তি যুদ্ধ আরম্ভ হইল ॥ ৬৬ ॥

পরস্পর সঙ্গ দ্বারা সম্যক হর্ষহেতু শ্রীকৃষ্ণকে আনন্দমন্থর অর্থাৎ আনন্দে স্তম্ভিত এবং ভাবোদয়ে শ্রীরাধাকে চঞ্চলা দর্শন করিয়া ললিতা শ্রীরাধাকে কহিলেন ॥ ৬৭ ॥

হে রাধে! যুদ্ধ হইতে নিবৃত্ত হও, ঐ দেখ শ্রীকৃষ্ণের চূড়া পশ্চাৎদেশে লম্বমান হইয়াছে, কৌস্তুভমণি প্রতিবিম্বচ্ছলে তোমার গণ্ডদেশে আশ্রয় লইয়াছে, অর্থাৎ তোমার গণ্ডদেশে কৌস্তুভমণির ছায়া পতিত হইয়াছে। তথা

লীনঞ্চাসীত্তিলকমলিকে ছিন্নভিন্নস্য মালা
তস্মাদযুদ্ধাদ্বিরম সখি ! মা কাতরং পীড়য়ামুম্ ॥ ৬৮ ॥
ব্যাত্যুক্ষ্যাং সলিলে যদ্বম্মুহুর্জয়পরাজয়ৌ ।
তেষাং জাতৌ ব্যাবহাস্যাং তীরে তৌ সুহৃদাং তথা ॥৬৯॥
আকৃষ্য রাধাং সবলান্মুকুন্দঃ
স্বকণ্ঠদঘ্নেঽম্ভসি তাং নিনায়॥
মগ্নামিবৈনাং পুনরুদ্দধার
তরঙ্গলোলাং নলিনীমিবেভঃ ॥ ৭০ ॥

মাহ। অস্য চূড়া পশ্চাদ্গতা। কৌস্তুভো বিস্বচ্ছলেন তে তব গণ্ডে শরণমভজৎ ॥ ৬৮ ॥

ব্যাত্যুক্ষ্যাং জলযুদ্ধে কৃষ্ণাদীনাং মুহুর্যদ্বৎ জয়পরাজয়ৌ জাতৌ। তথা তীরে তেষাং সুহৃদাং স্ববলাদীনাং ব্যাবহাস্যাং পরস্পরহাস্যবিশেষে তৌ জয়পরাজয়ৌ জাতৌ ॥ ৬৯ ॥

স মুকুন্দো বলাৎ রাধামাকৃষ্য স্বস্য কণ্ঠজলে তাং নিনায়। এনাং রাধাং মগ্নামিব পুনরুদ্দধার। ইভো হস্তী তরঙ্গলোলাং পদ্মিনীমিব ॥ ৭০ ॥

কর্ণযুগলের কুণ্ডলদ্বয় কম্প বশতঃ চঞ্চল, ললাটের তিলক ললাটেই বিলীন এবং গলদেশের মালাও ছিন্ন ভিন্ন হইয়াছে, অতএব হে সখি ! শ্রীকৃষ্ণ অতিশয় কাতর হইয়াছেন, ইঁহাকে আর পীড়া প্রদান করিও না ॥ ৬৮ ॥

ব্যাত্যুক্ষী অর্থাৎ জলযুদ্ধে জলমধ্যে শ্রীকৃষ্ণাদির যেমন জয় পরাজয় হইল তদ্রূপ সরোবরের তীর প্রদেশেও সুবলাদি সখাসকলের ব্যবহাসী অর্থাৎ পরস্পর হাস্য বিশেষে জয় পরাজয় হইল ॥ ৬৯ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ সবলে শ্রীরাধাকে আকর্ষণ করিয়া নিজের কণ্ঠ পরিমিত জলমধ্যে লইয়া গেলেন এবং যেমন হস্তী শুণ্ডাদণ্ড দ্বারা তরঙ্গবেগে চঞ্চলা

তৎকণ্ঠদেশার্পিতদোর্ম্মৃণালা
কেশালিশৈবালবৃতাননাব্জী।
কৃষ্ণেভহস্তোৎকলিতাতিলোলা
রাধাব্জিনীবাম্ভসি সন্ততার ॥ ৭১ ॥

তাবৎপ্রফুল্লকনকাব্জবনে প্রমোদা-
ল্লীনাসু তাসু গলদঘ্নজলে সখীষু।
কান্তা জগাদ দয়িতং প্রিয়মেব যস্যা
যাতা দ্রুতং ক নু গবেষয় তূর্ণমেতাঃ ॥ ৭২ ॥

কৃষ্ণ এব ইভো হস্তী তেন হস্তেন উৎকলিতা উত্থাপ্য ধৃতা সতী রাধারূপ-পদ্মিনী অতিলোলা সতী জলে সংততার। কীদৃশী? তত্তস্য কৃষ্ণেভস্য কণ্ঠদেশেঽর্পিতং ভুজরূপমৃণালং যয়া সা। কেশালিরূপশৈবালেন আবৃতমাননরূপমব্জং যস্যাঃ সা ॥ ৭১ ॥

গলপরিমিতজলে লীনাসু সখীষু তাসাং মুখকমলস্বর্ণকমলয়োরভেদজ্ঞানাৎ তাঃ কুত্রাপি গতাঃ। ইতি মত্বা দয়িতং সা জগাদ। হে প্রিয় তাস্তূর্ণং গবেষয় অন্বেষয় ॥ ৭২ ॥

নলিনীকে একবার জলমগ্ন করিয়া পুনর্ব্বার তাহাকে উত্তোলিত করে তদ্রূপ শ্রীরাধাকে জলমগ্ন করিয়া পুনর্ব্বার তাঁহাকে উত্তোলিত করিলেন ॥ ৭০ ॥

তৎপর পদ্মিনী যেমন হস্তির হস্তে মজ্জনানন্তর উত্তোলিত হইয়া ভাসমান হইয়া থাকে, তদ্রূপ হস্তিরূপি-শ্রীকৃষ্ণের হস্তে পদ্মিনীরূপা শ্রীরাধা জল হইতে উত্থিত হইয়া চঞ্চলভাবে জলে সন্তরণ করিতে লাগিলেন এবং সন্তরণ কালে শ্রীকৃষ্ণের গলদেশে স্বীয় ভুজরূপ মৃণাল অর্পণ করিলেন, তথা আলুলায়িত কেশপাশরূপ শৈবালসমূহে তাহার বদনকমল আবৃত হইয়া গেল ॥ ৭১ ॥

তখন সখীসকল গণ্ড পরিমিত জলে নিমগ্ন হইলে তাহাদিগের বদনকমল স্বর্ণকমলের সহিত অভেদ হেতু "সখীগণ কোনও স্থানে গমন করিয়াছে" এই

নিধায় তাং তদ্গলমাত্রপুষ্করে
শ্রীপুষ্করাক্ষে প্রবিশত্যথালিকাঃ।
অন্বেষ্টুমস্মিন্ স্ফুটপুষ্করাটবীং
রাধাস লীনা বরপুষ্করাননা ॥ ৭৩ ॥
নাত্যুত্থিতানি জলতঃ কনকাম্বুজানি
ফুল্লাসিতোৎপলযুগাতিবিরাজিতানি।
দৃষ্ট্বা তরঙ্গচলশৈবলসংযুতানি
তৎপানচঞ্চলমতির্মধুসূদনোহভূৎ ॥ ৭৪ ॥

তদ্গলমাত্রপুষ্করে রাধায়াঃ গলমাত্রজলে তাং রাধাং নিধায়। অস্মিন্ শ্রীপুষ্করেক্ষণে কৃষ্ণে আলিকাঃ সখীরন্বেষ্টুং স্ফুটপুষ্করাটবীং প্রবিশতি সতি। বরপুষ্করাননা রাধা লীনা আস লীনা বভূব ॥ ৭৩ ॥

মধুসূদনঃ কৃষ্ণঃ কনকাম্বুজানি দৃষ্ট্বা তত্তেষাং সখীনাং মুখকমলানাং পানে চঞ্চলমতিরভূৎ। কীদৃশানি। জলান্নাত্যুত্থিতানি ফুল্লাসিতোৎপলযুগেনাতি-বিরাজিতানি তরঙ্গৈশ্চঞ্চলানি শৈবলৈঃ সংযুতানি চেতি ॥ ৭৪ ॥

মনে করিয়া শ্রীরাধা কৃষ্ণকে কহিলেন, হে প্রিয়! আমার সখীগণ কোথায় গেল? তুমি তাহাদিগকে অন্বেষণ কর ॥ ৭২ ॥

শ্রীরাধা এই বাক্য শ্রবণ করিয়া কমললোচন শ্রীকৃষ্ণ গলপরিমিত জলে শ্রীরাধাকে স্থাপন করিয়া বিকসিত পদ্মবনে সখীসকলকে অন্বেষণ করিতে প্রবেশ করিলে প্রশস্ত কমলাননা শ্রীরাধা জলমধ্যে লীনা হইয়া লুক্কায়িত ভাবে অবস্থিতা রহিলেন ॥ ৭৩ ॥

মধুসূদন শ্রীকৃষ্ণ প্রফুল্ল নীলকমলযুগলে বিরাজিত, তরঙ্গবেগে চঞ্চল শৈবালমালায় সঙ্গত এবং জলমধ্য হইতে ঈষৎ উন্নমিত স্বর্ণকমল শ্রেণী দেখিয়া সখীগণের মুখপদ্ম পানে চঞ্চলমতি হইলেন ॥ ৭৪ ॥

মুখেষু তাসাং কনকারবিন্দ-
বৃন্দায়মানেষু মরন্দপানম্ ।
চক্রে হরিঃ প্রত্যরবিন্দমঞ্চন্
তৃষার্ত্তরোলম্বকদম্বকং বা ॥ ৭৫ ॥
দ্রুতমুপনয়তাস্যং স্বস্ববক্ত্রান্তিকে স্বং
ক্ষণমিহ দয়িতেন দ্বন্দ্বযুদ্ধং সমৃদ্ধম্ ।
নিভৃতমিলিতয়া শ্রীরাধয়াপ্যন্বিতানাং
যুগপদভবদাসামাননাজাননাজি ॥ ৭৬ ॥

তৃষ্ণার্ত্তং রোলম্বকদম্বকং ভ্রমরসমূহঃ প্রত্যরবিন্দং অরবিন্দমরবিন্দং প্রত্যঞ্চন্ গচ্ছন্। বা ইব। হরিস্তাসাং স্বর্ণপদ্মবৃন্দনিবাচরিতেষু মধুপানং চুম্বনাদি চক্রে ॥ ৭৫ ॥

স্বস্ববক্ত্রান্তিকে গোপীনাং স্বস্বমুখসমীপে দ্রুতং সত্বরং স্বীয়ং মুখং উপনয়তা দয়িতেন সহ আসাং সখীনাং ক্ষণং দ্বন্দ্বযুদ্ধং সম্যক্ ঋদ্ধং বৃদ্ধং বর্দ্ধমানমভবৎ। তাসাং কীদৃশানাং? নিভৃতমিলিতয়া রাধয়া সহান্বিতানাং। দ্বন্দ্বযুদ্ধং কীদৃশং? আননাজেন অননাজেন প্রবৃত্তা বৃত্তং যুদ্ধং আননাজাননাজি ॥ ৭৬ ॥

তৃষ্ণাতুর ভ্রমরসমূহ যেমন প্রত্যেক অরবিন্দকে চুম্বন করিতে করিতে গমন করে, তাহার ন্যায় শ্রীকৃষ্ণও তৃষ্ণার্ত্ত হইয়া সুবর্ণকমল সদৃশ ব্রজসুন্দরীগণের মুখকমলের মধুপান ও চুম্বন করিতে লাগিলেন ॥ ৭৫ ॥

অনন্তর সখীগণ গুপ্তভাবে শ্রীরাধার সহিত সম্মীলিত হইলে প্রিয়তম শ্রীকৃষ্ণ সখীদিগের স্ব স্ব বদনকান্তিকে নিজ বদন লইয়া গিয়া ক্ষণকাল মুখপদ্মে মুখপদ্মে যুদ্ধারম্ভ করিলেন ॥ ৭৬ ॥

গোপীস্তনাস্ফালনজৈস্তরঙ্গকৈ-
র্লোলাম্বুজান্যুল্ললষট্পদান্যলং ।
আসাং মুখানীব দদর্শ চুম্বনে
বৈমত্যলোলানি চলেক্ষণানি সঃ ॥ ৭৭ ॥
আসাং প্রিয়েণ বলয়াবলিপার্শ্বযুগ্মে
প্রেম্ণা মৃণালকৃতকঙ্কণসন্নিবেশঃ ।
নানাবিলাসবিততিশ্রমজাঙ্গকার্শ্যাৎ
পাতোন্মুখান্ সবলয়ান্ পরিতো রুরোধ ॥ ৭৮ ॥

গোপীস্তনানামাস্ফালনমাঘাতস্তজ্জৈস্তরঙ্গৈঃ কল্লোলাশ্চঞ্চলা ভ্রমরা যত্র তানি লোলাম্বুজানি স কৃষ্ণঃ দদর্শ। কানীব। চুম্বনে চুম্বনসময়ে বৈমত্যেন লোলানি। চঞ্চলে ঈক্ষণে যেষু তানি। আসাং সখীনাং মুখানীব। মুখস্থানী, য়ানি পদ্মানি। নেত্রস্থানীয়াঃ ভ্রমরাঃ ॥ ৭৭ ॥

আসাং বলয়াবলিপার্শ্বযুগ্মে প্রিয়েণ কৃষ্ণেন প্রেম্ণা মৃণালেন কৃতো যঃ কঙ্কণসন্নিবেশঃ। আসাং নানাবিলাসবিততিশ্রমজাঙ্গকার্শ্যাৎ পতনোন্মুখান্ বলয়ান্ রুরোধ ॥ ৭৮ ॥

তখন চুম্বনকালে অনিচ্ছা বশতঃ চঞ্চলনেত্রে শোভিত মুখকমলের ন্যায় ব্রজরামাদিগের স্তনযুগলের আস্ফালনজনিত তরঙ্গমালায় কমলনিচয় দোদুল্যমান হওয়ায় ভ্রমরশ্রেণী তাহাতে নিশ্চয়ভাবে উপবেশন করিতে না পারিয়া ইতস্ততঃ পরিভ্রমণ করিতেছে, এবম্বিধ কমলশ্রেণীকে শ্রীকৃষ্ণ সন্দর্শন করিতে লাগিলেন ॥ ৭৭ ॥

তদনন্তর ব্রজাঙ্গনাগণের নানাপ্রকারে বিলাসে ক্লান্তিবশতঃ অঙ্গ সকল অতিশয় কৃশ হওয়াতে হস্তস্থিত বলয় সমূহ পতনোদ্যত হইলে শ্রীকৃষ্ণ প্রেমপ্রযুক্ত ঐ বলয় সমূহের পার্শ্বদেশে যে মৃণাল নির্ম্মিত কঙ্কণ পরিধান করাইলেন, তাহা ঐ পতনোন্মুখ বলয়াবলীকে পতন হইতে অবরুদ্ধ করিল ॥ ৭৮ ॥

কুমুদবিসমরালাম্ভোজচক্রোৎপলানি
স্মিতভুজগতিবক্ত্রোরোজনেত্রৈর্বিজিত্য।
নিবিড়কুচনিতম্বাস্ফালনৈঃ কম্পয়িত্বা
জলমপি সরসী সা ক্ষোভিতাসীদ্বধূভিঃ ॥ ৭৯ ॥
লীলাক্ষুভ্যৎ সলিলোত্থৈস্তরঙ্গৈ-
র্বাতোর্ম্মীণাং মিলিতানাং পুরস্তাৎ।
সংঘট্টোহভূন্মিথুনং যত্র বীনাং
স্থাতুং গন্তুং ক্ষমমাসীন্ন লোলম্ ॥ ৮০ ॥

বধূভিঃ স্মিতেন কুমুদং। ভুজেন বিসং মৃণালং। গতিভির্মরালং হংসং। বক্ত্রেণ পদ্মং। উরোজেন চক্রবাকং। নেত্রেণ উৎপলং বিজিত্য কুচনিতম্বানাং আস্ফালনৈর্জলং কম্পয়িত্বা সা সরসী অপি ক্ষোভিতাসীৎ ॥ ৭৯ ॥

লীলাজক্ষুত্তরঙ্গৈঃ সহ পুরস্তান্মিলিতানাং বাতোর্ম্মীণাং সংঘট্টোহভূৎ। যত্র সংঘট্টে বীনাং পক্ষিণাং মিথুনং লোলং সৎ স্থাতুং গন্তুং চ ক্ষমং নাসীৎ ॥৮০॥

তখন বধূগণ ঈষৎ হাস্য দ্বারা কুমুদ, বদন দ্বারা পদ্ম, ভুজ দ্বারা মৃণাল, স্তনযুগল দ্বারা চক্রবাক্ এবং নয়ন দ্বারা উৎপল ও গমন দ্বারা হংসকে জয়, তথা স্তন ও বিশাল নিতম্বের আস্ফালনে জলকেও কম্পিত করিয়া যেন সরোবরকেও বিক্ষোভিত করিলেন ॥ ৭৯ ॥

ঐ সময়ে লীলা বশতঃ বিক্ষুব্ধ সলিল হইতে সমুৎপন্ন তরঙ্গমালার সহিত অগ্রভাগে সম্মিলিত বায়ুপ্রবাহের যে সঙ্ঘট্ট উপস্থিত হইল তাহাতে পক্ষি-মিথুন চঞ্চল হইয়া থাকিতে কিম্বা যাইতে সক্ষম হইল না ॥ ৮০ ॥

তাসাং মুখামৃতরুচামুদয়েঽপি নাপু-
র্বিশ্লেষদুঃখমিহ কোকযুগানি কিন্তু।
তৎসন্নিধৌ প্রবিলসংস্তনকোকযুগ্মা-
ন্যালোক্য বিশ্বসিতধীন্যতিমোদমাপুঃ ॥ ৮১ ॥
রাধামুখেন্দোরুদয়াৎ সরোবরে
ফুল্লেষু নীলোৎপলকৈরবেষ্বপি।

আসাং মুখচন্দ্রাণাং উদয়েঽপি কোকযুগানি প্রকৃতচক্রবাকপক্ষিযুগানি বিশ্লেষদুঃখং নাপুঃ কিন্তু তৎসন্নিধৌ মুখচন্দ্রসমীপে বিশ্বসিতধীনি প্রবিলসৎ-স্তনকোকযুগ্মান্যালোক্যাতিমোদমাপুঃ ॥ ৮১ ॥

রাধামুখচন্দ্রস্যোদয়াৎ রাত্রিবিকাসিনীলোৎপলাদিষু রাত্রিমধুপানজং

অপর ব্রজাঙ্গনাদিগের মুখশশী উদিত হইলেও প্রকৃত চক্রবাক্ যুগল বিরহ দুঃখ লাভ করে নাই, পরন্তু সেই মুখশশী সমীপে বিশ্বস্তবুদ্ধি হইয়া বিলাসবিশিষ্ট স্তনরূপ চক্রবাক্ যুগলকে দর্শন করিয়া আনন্দই লাভ করিল* ॥ ৮১ ॥

কি আশ্চর্য্য! শ্রীরাধিকার মুখচন্দ্রের উদয় হেতু ভ্রমর সকল সরোবরে রাত্রিবিকাসি নীলোৎপল ও শ্বেতোৎপল বা কুমুদাদিতে রাত্রিকালীন মধুপান

* তাৎপর্য্য এই যে, রাত্রিতে চক্রবাক্ ও চক্রবাকী নদীর উভয় পারে অবস্থিত হইয়া পরস্পর বিরহ দুঃখ অনুভব করিয়া থাকে, কিন্তু আশ্চর্য্য এই যে ব্রজাঙ্গনাদিগের বদনচন্দ্রের উদয়ে রজনী অনুমান করিয়াও বিরহ দুঃখ লাভ করিল না, যেহেতু উক্ত মুখচন্দ্রের নিকটেই যখন স্তনরূপ চক্রবাক্ বিশ্বস্ত হয় নাই, সুতরাং চন্দ্রোদয় হইয়াছে রাত্রি হয় নাই, অতএব সূর্য্যদেবও বিদ্যমান আছেন ইত্যাদি ধ্বনি সুতরাং সূর্য্যদেব থাকিতে আর রাত্রি জন্য বিরহের আশঙ্কা কোথায়?

নিশ্যহ্নি যদ্বন্মধুপানজং সুখং
তদ্বদ্দ্বিরেফাঃ সমকালমাপুঃ ॥ ৮২ ॥
ইন্দিন্দিরাণাং যুগপদ্বিলাসং
কুমুদ্বতীষ্বপ্যরবিন্দিনীষু।
সখীচয়ে পশ্যতি সোঽতিচিত্রং
নীলাব্জষণ্ডে হরিরাসলীনঃ ॥ ৮৩ ॥
অন্বেষণায়াস্য গতাস্তদাল্যো-
নীলাম্বুজান্যস্য মুখানি মত্বা।
আনন্দমত্তাঃ পরিচুম্ব্য হ্রীণাঃ
পরস্পরালোকনতো বভূবুঃ ॥ ৮৪ ॥

সুখং, দিনবিকাসিপদ্মাদিষু দিনমধুপানজং সুখং, দ্বিরেফা ভ্রমরাঃ সমকালমাপুঃ ॥ ৮২ ॥

ইন্দিন্দিরাণাং ভ্রমরাণাং নিশি অহ্নি ফুল্লেষু কুমুদেষু পদ্মেষু চ যুগপদ্বিলাসমিতিচিত্রং সখীচয়ে পশ্যতি সতি। নীলাব্জসমূহে হরির্লীন আস ॥ ৮৩ ॥

অস্যান্বেষণায় গতাঃ আল্যো নীলাম্বুজানি কৃষ্ণমুখানি মত্বা পরিচুম্ব্য সখ্যঃ পরস্পর দর্শনাৎ হ্রীণা লজ্জিতা বভূবুঃ ॥ ৮৪ ॥

জনিত সুখ এবং দিন বিকাসি পদ্ম সকলে দিবা ভাগে মধুপান জনিত সুখ এক সময়ে অনুভব করিতে লাগিল ॥ ৮২ ॥

রাত্রি ও দিবাভাগে বিকাসশীল কুমুদ ও পদ্মসমূহে ভ্রমরসকল এক সময়ে বিলাস করিতেছে সখীগণ এই আশ্চর্য্য সন্দর্শন করিলে শ্রীকৃষ্ণ নীলপদ্ম সকলের মধ্যে গিয়া লুক্কায়িত হইয়া রহিলেন ॥ ৮৩ ॥

তখন শ্রীকৃষ্ণকে অন্বেষণ করিবার নিমিত্ত সখীসকল নীলাম্বুজ সমূহকে শ্রীকৃষ্ণের মুখকমল মনে করিয়া চুম্বন করতঃ পরস্পরের দর্শনে লজ্জিত হইলেন ॥ ৮৪ ॥

রাধাস্তু দৈবাৎ প্রিয়বক্ত্রপার্শ্ব-

মাসাদয়ন্তীং প্রবিলোক্য চিত্রা ।

সখীঃ সমাভাসত পশ্যতাল্যঃ

পুরোঽব্জখণ্ডে মহদদ্ভুতং নঃ ॥ ৮৫ ॥

প্রলম্বশৈবালকদম্বসম্বৃতং

মধ্যে নটৎখঞ্জনযুগ্মসদ্ভুতম্ ।

লোলালিমালং চলহেমপঙ্কজং

তথাবিধং চঞ্চতি নীলপঙ্কজম্ ॥ ৮৬ ॥

লসদতনুতরঙ্গৈশ্চাল্যমানং পুরস্তাৎ

কনককমলমেতন্নীলপদ্মে ললাগ ।

চিত্রা প্রিয়বক্ত্রপার্শ্বং রাধামাসাদয়ন্তীং প্রাপ্নুবন্তীং প্রবিলোক্য সখীঃ সমাভাষত । নঃ পুরোঽব্জখণ্ডে মহদদ্ভুতং পশ্যত । হে আল্যঃ ॥ ৮৫ ॥

প্রলম্বশৈবালসমূহবেষ্টিতং মধ্যে নটৎখঞ্জনযুগ্মং যস্য তৎ । লোলা অলিমালা যত্র তথাবিধমদ্ভুতং চলহেমপঙ্কজং রাধামুখং প্রতি তথাবিধং প্রলম্বশৈবালাদি-সংযুতং নীলপঙ্কজং কৃষ্ণমুখং কর্তৃ চঞ্চতি গচ্ছতি ॥ ৮৬ ॥

লসদ্ভিরতনুভি র্বৃহদ্ভিস্তরঙ্গৈশ্চাল্যমানং কনককমলং রাধাবক্ত্রং নীলপদ্মে কৃষ্ণমুখে ললাগ । তস্মান্নীলপদ্মাৎ কৃষ্ণমুখাৎ বিরলিতং পৃথক্ স্থিতমপি

অনন্তর চিত্রা প্রিয়তম শ্রীকৃষ্ণের বদন পার্শ্বগতা শ্রীরাধাকে অবস্থান করিতে দেখিয়া সখীসকলে কহিলেন, অহে সখীগণ! আমাদিগের অগ্রভাগে পদ্মখণ্ডে একটী মহান্ আশ্চর্য্য দর্শন কর ॥ ৮৫ ॥

আশ্চর্য্য এই যে, যাহা লম্বমান শৈবাল সমূহে বেষ্টিত, যাহার মধ্যে খঞ্জন-দ্বয় নৃত্য করিতেছে এবং ভ্রমর সকল যাহাতে চঞ্চল হইয়া রহিয়াছে, এতাদৃশ অত্যাশ্চর্য্য চঞ্চল স্বর্ণকমল স্বরূপ শ্রীরাধার বদনের প্রতি প্রলম্ব শৈবালাদি সংযুক্ত নীলাম্বুজ স্বরূপ শ্রীকৃষ্ণের বদন ভ্রমণ করিতেছে ॥ ৮৬ ॥

আর দেখ শোভমান বৃহত্তরঙ্গ দ্বারা বিচলিত সুবর্ণ কমল স্বরূপ শ্রীরাধার

বিরলিতমপি তস্মাৎ প্রেরিতং তৈস্তদস্মি-
ন্মুহুরতিচলমাসীৎ সংযুতং চাযুতঞ্চ ॥ ৮৭ ॥
ক্বচিদিহ জলমধ্যাদুত্থিতৌ চক্রবাকৌ
তত উদিতমকস্মাদাবৃণোৎ পদ্মযুগ্মম্।
তদপি সমুদিতং শ্রীহল্লকদ্বন্দ্বমস্মা-
দিতি তদতিশয়োক্ত্যা লেভিরে মোদমাল্যঃ ॥ ৮৮ ॥

তৈরতনুতরঙ্গৈঃ প্রেরিতং তৎ কনককমলং রাধাবক্ত্রং অস্মিন্নীলকমলে কৃষ্ণমুখে অতিচলং যথা স্যাত্তথা সংযুতং অসংযুতং চাসীৎ ॥ ৮৭ ॥

ক্বচিচ্চ জলমধ্যাৎ চক্রবাকৌ স্তনাবুত্থিতৌ ততো জলাদুদিতং পদ্মযুগ্মং কৃষ্ণহস্তযুগ্মং তৌ স্তনাবাবৃণোৎ। সমুদিতং শ্রীহল্লকদ্বন্দ্বং রাধাকরদ্বয়মস্মাৎ চক্রবাকাৎ স্তনদ্বয়াদপি কৃষ্ণহস্তযুগমপাবৃণোৎ দূরমকরোৎ। আল্যঃ ললিতাদয়ঃ অতিশয়োক্ত্যা মোদং লেভিরে। অতিশয়োক্ত্যলঙ্কারেণ চিত্রয়া শৈবালশব্দেন কেশঃ খঞ্জনেন নেত্রমিত্যাদিকং যদুক্তং তৎশ্লোকব্যাখ্যায়ামেব দর্শিতং অত্রাপি চক্রবাকঃ স্তনঃ। পদ্মযুগ্মং কৃষ্ণকরদ্বন্দ্বং। হল্লকং রাধাকরং দর্শিতং। "হল্লকং রক্তসন্ধ্যক"মিত্যমরঃ ॥ ৮৮ ॥

বদন নীলকমল-স্থানীয় শ্রীকৃষ্ণের বদনে সংযুক্ত হইল এবং সেই নীলকমলসদৃশ শ্রীকৃষ্ণবদন হইতে কনককমলরূপ শ্রীরাধার বদন পৃথকরূপে অবস্থিত হইয়াও বৃহত্তরঙ্গমালার বেগবশতঃ ইতস্ততঃ সঞ্চালিত হওত এই নীলকমলস্বরূপ শ্রীকৃষ্ণবদনে অত্যন্ত চঞ্চলভাবে সংযুক্ত ও অসংযুক্ত উভয় ভাবেই বর্ত্তমান রহিল ॥ ৮৭ ॥

আর দেখ, কোন এক স্থলে জলমধ্য হইতে স্তনরূপ চক্রবাকদ্বয় উত্থিত হইয়া তৎপর অকস্মাৎ জল হইতেই সমুত্থিত শ্রীকৃষ্ণের হস্তরূপ পদ্মযুগল এই স্তনরূপ চক্রবাকদ্বয়কে আবৃত করিল এবং জলোত্থিত রক্তসন্ধ্যক (রক্তবর্ণ কহ্লার) কুসুমরূপ শ্রীরাধার করযুগল ঐরূপ চক্রবাক সদৃশ স্তন হইতে শ্রীকৃষ্ণের করদ্বয়কে দূর করিল, এই অতিশয়োক্তি ঘটনা দর্শন করিয়া ললিতাদি সখীসকল অত্যন্ত আনন্দ লাভ করিলেন ॥ ৮৮ ॥

তামাদায়াগতে কৃষ্ণে তাসাং মধ্যেঽথ তন্মুখম্।
বভৌ হেমাব্জমণ্ডল্যা বেষ্টিতং নীলপদ্মবৎ ॥ ৮৯ ॥
জলমণ্ডুকবাদ্যানি কৃষ্ণস্তাভিরবাদয়ৎ।
পটহধ্বনিবৎ ক্বাপি দুন্দুভিধ্বনিবৎ ক্বচিৎ ॥ ৯০ ॥
হরিহরিদয়িতানাং গাত্রসৌরভ্যশৈত্যৈ-
রধিকসুরভিশীতং তোয়মাসীৎ সরস্যাঃ।

কৃষ্ণে তাং রাধাং গৃহীত্বা তাসাং মধ্যে আগতে। তন্মুখং কৃষ্ণমুখং ॥ ৮৯ ॥

তাভিঃ সহ কৃষ্ণঃ জলমণ্ডুকাখ্যবাদ্যান্যবাদয়ৎ। বাদ্যভেদমাহ। ক্বাপি সময়ে পটহধ্বনিবৎ। ক্বচিৎ দুন্দুভিধ্বনিবৎ ॥ ৯০ ॥

গাত্রাণাং সৌরভ্যশৈত্যৈঃ সরস্যাস্তোয়ং জলমধিকসুরভিশীতমাসীৎ অসিতঃ শ্যামঃ সিতঃ শুক্লঃ পিঙ্গলশ্চ এভির্বর্ণৈরঙ্গরাগৈঃ সংস্থা জলং

অনন্তর শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে ধারণ পূর্ব্বক সখীসকলের মধ্যগত হইলে কনককমলের মণ্ডলী মধ্যে পরিবেষ্টিত নীলপদ্মের ন্যায় সখীবৃন্দের বদনরূপ স্বর্ণকমলের মধ্যে শ্রীকৃষ্ণের বদনরূপ নীলকমল—শোভা পাইতে লাগিল ॥ ৮৯

তদনন্তর শ্রীকৃষ্ণ সেই সখীসকলের সহিত জলমণ্ডুক বাদ্য* বাজাইতে লাগিলেন, ঐ বাদ্য কোন সময়ে পটহ (ঢক্কা) ধ্বনির ন্যায় এবং কখনও বা দুন্দুভিধ্বনির সদৃশ হইল ॥ ৯০ ॥

অপর শ্রীকৃষ্ণ এবং কৃষ্ণপ্রিয়া ব্রজসুন্দরীদিগের অঙ্গের সৌরভ্য ও শৈত্য-গুণে সরোবরের জল অতিশয় সুরভি ও শীতল হইল এবং অসিত অর্থাৎ শ্যামবর্ণ মৃগমদ, সিত অর্থাৎ শুক্লবর্ণ চন্দন ও পিঙ্গলবর্ণ কুঙ্কুম এই ত্রিবিধ

* এক হস্তে উত্থাপিত জলকে অপর হস্ত দ্বারা আঘাত করিলে মণ্ডুকবৎ যে শব্দ হয় তাহাকে জলমণ্ডুক কহে।

যথা—জলমেব মণ্ডুকবাদ্যং বাদ্যবিশেষঃ। জলমেকেন পাণিনোত্থাপিতমপরেণ তাড়িতং মণ্ডুকবৎ স্বনতীতি প্রাসঙ্গঃ। মল্লীনাথঃ।

অসিতসিতপিসঙ্গৈঃ কর্ব্বুরং চাঙ্গরাগৈ-
র্ভবতি হি গুণিসঙ্গান্নির্ম্মলানাং গুণাপ্তিঃ ॥ ৯১ ॥
প্রোদ্ভিন্নপদ্মীব সপদ্মিনীগণৈঃ
সংসিচ্যমানঃ করপুষ্করেণ তান্।
সিঞ্চন্ হরিঃ প্রস্ফুটপদ্মিনীবনা-
দুত্তীর্য্য তোয়াদথ তীর্থমাগমৎ ॥ ৯২ ॥

কর্ব্বুরং মিলিতং চিত্রমাসীৎ। দৃষ্টান্তমাহ,—নির্ম্মলানাং স্ফটিকাদীনাং রক্তাদি-গুণিসঙ্গাৎ গুণপ্রাপ্তির্হি নিশ্চিতং ভবতি ॥ ৯১ ॥

পদ্মিনীগণৈঃ সংসিচ্যমানঃ স হরিঃ প্রোদ্ভিন্নপদ্মীব মত্তহস্তীব করপুষ্করেণ তান্ পদ্মিনীগণান্ সিঞ্চন্ স্ফুটং পদ্মিনীনাং বনং যত্র তস্মাৎ তোয়াৎ উত্তীর্য্য তীর্থং ঘাটাখ্যমগমৎ ॥ ৯২ ॥

বর্ণের অঙ্গরাগ দ্বারা ঐ জল কর্ব্বুর অর্থাৎ বিবিধ বিচিত্র বর্ণে যুক্ত হইল। দৃষ্টান্ত এই যে, যেমন গুণিগণের সংসর্গে নির্গুণ ব্যক্তিরও গুণ প্রাপ্তি হয় এবং নির্ম্মল স্ফাটিক মণিও রক্তবর্ণের সংসর্গে তদীয় রক্তিমা স্বয়ং ধারণ করে তদ্রূপ ॥ ৯১ ॥

অপিচ, পদ্মিনী অর্থাৎ হস্তিনীগণ কর্তৃক শুণ্ডাদণ্ড দ্বারা অভিষিক্ত হইয়া যেমন পদ্মী অর্থাৎ হস্তিগণও স্বীয় শুণ্ডাদণ্ডে তাহাদিগের অভিষেক করত ঘট্ট প্রদেশে উত্থিত হয়, তদ্রূপ শ্রীকৃষ্ণ পদ্মিনীগণ কর্তৃক পুষ্কর শ্রেণী দ্বারা অভিষিক্ত হওত ঐ পদ্মিনী গোপাঙ্গনাগণকে অভিষিক্ত করিয়া বিকশিত পদ্মসমন্বিত সরোবর হইতে ঘট্ট প্রদেশে উত্থিত হইলেন ॥ ৯২ ॥

সেবালীভিঃ কৃষ্ণকৃষ্ণপ্রিয়াস্তা-
স্তৈস্তৈর্গন্ধোদ্বর্ত্তনৈঃ সেবিতাঙ্গাঃ ।
প্রেম্নাঽন্যোন্যং স্নাপয়িত্বা প্রহর্ষাৎ
স্নাত্বোত্তস্থুর্নীরতস্তীর্থতীরে ॥ ৯৩ ॥
গৌরাঙ্গীণামঙ্গলগ্নাম্বরান্তা-
দ্বারাং ধারা নিষ্পতন্ত্যো বিরেজুঃ ।
যদ্বৎসৌবর্ণাচলক্ষুদ্রশৃঙ্গ-
শ্রেণীলগ্নাচ্ছারদম্ভোদবৃন্দাৎ ॥ ৯৪ ॥

সেবাপরাসখীভিঃ কৃষ্ণেন সহ তাঃ কৃষ্ণপ্রিয়াঃ তৈস্তৈর্গন্ধোদ্বর্ত্তনৈশ্চ সেবিতাঙ্গাঃ প্রেম্না অন্যোন্যং স্নাপয়িত্বা প্রহর্ষাৎ স্নাত্বা নীরতো জলাত্তীর্থস্য তীরে উত্তস্থুঃ ॥ ৯৩ ॥

অত্র তাসামঙ্গান্যেব সৌবর্ণপর্ব্বতস্য ক্ষুদ্রশৃঙ্গাণি তত্র লগ্না শুক্লবস্ত্রমেব শারদমেঘস্তস্মাৎ নিষ্পতন্ত্যো জলধারা বিরেজুঃ ॥ ৯৪ ॥

এবং সেবাপরায়ণা সখীসকল ও শ্রীকৃষ্ণের সহিত কৃষ্ণপ্রিয়াগণ সুগন্ধ তৈলাদি ম্রক্ষণ দ্রব্য দ্বারা স্বীয়াঙ্গ ম্রক্ষিত করিয়াও প্রেমবশে পরস্পর আনন্দসহকারে স্নান করিয়া জল হইতে তীর্থ তীরে উত্থিত হইলেন ॥ ৯৩ ॥

ঐ স্থানে সুবর্ণবর্ণ বিশিষ্ট পর্ব্বতের ক্ষুদ্র শৃঙ্গদেশে সংলগ্ন শারদীয় শুভ্রবর্ণ মেঘ হইতে নিপতিত জলধারা যেরূপ শোভা পাইয়া থাকে, সেইরূপ গৌরাঙ্গী ব্রজাঙ্গনারূপ সৌবর্ণ পর্ব্বতের অঙ্গ লগ্ন শুভ্রবর্ণ মেঘরূপ বস্ত্র হইতে নিপতিত জলধারা সকল শোভা পাইতে লাগিল ॥ ৯৪ ॥

বিস্রস্তকুন্তলততেঃ শিখরাদ্গলন্ত-
স্তাসাং গুণগ্রথিতমৌক্তিকপাঙ্‌ক্তিতুল্যাঃ।
অন্তর্হৃদীশিতুরলং জলবিন্দবোঽমী
একাবলীনিচয়তামুপলভ্য রেজুঃ॥ ৯৫॥
স্বপ্নেঽপি দুর্লভবিলোকলবস্য তস্য
দিষ্ট্যাপ্তবিঘ্নরহিতেষ্টসুসঙ্গমস্য।
চিত্রং চিরান্মধুরিমামৃতমাপিবন্ত্য-
স্তৃষ্ণাভিবৃদ্ধিমগমন্ দ্বিগুণাং মৃগাক্ষ্যঃ॥ ৯৬॥

তাসাং বিস্রস্তকেশততেরগ্রাৎ গলন্তোঽমী জলবিন্দবঃ গুণেন সূত্রেণ গ্রথিত-মুক্তাশ্রেণীতুল্যাঃ। ঈশিতুঃ কৃষ্ণস্যান্তর্হৃদি একাবল্যা নিচয়তাং সমূহতাং প্রাপ্য রেজুঃ। ক্রমেণৈকৈকমুক্তানির্ম্মিতা মালা একাবলী॥ ৯৫॥

স্বপ্নেঽপি দুর্ল্লভো দর্শনলবো যস্য। ইদানীন্তু দিষ্ট্যা প্রাপ্তো বিঘ্নরহিত ইষ্টো বাঞ্ছিতঃ সুসঙ্গমো যস্য কৃষ্ণস্য মধুরিমামৃতং চিরমাপিবন্ত্যো মৃগাক্ষ্যঃ দ্বিগুণাং তৃষ্ণায়া অভিবৃদ্ধিমগমন্নিতিচিত্রং॥ ৯৬॥

অপর স্নানোত্থিত ব্রজাঙ্গনাগণের আলুলায়িত কেশনিচয়ের অগ্রভাগ হইতে সূত্র গ্রথিত মৌক্তিক শ্রেণীসদৃশ জলবিন্দু সমূহ পতিত হইতে থাকিলে বোধ হইল যেন ঐ সকল জলবিন্দু—প্রাণেশ্বর শ্রীকৃষ্ণের হৃদয়ে একাবলী নামক হারের সমতা প্রাপ্ত হইয়াই শোভা পাইতেছে॥ ৯৫॥

আহা! কি আশ্চর্য্য! স্বপ্নেও যে শ্রীকৃষ্ণের দর্শনলেশ সুদুর্ল্লভ হইয়া থাকে, অধুনা ভাগ্য বশতঃ শ্রীকৃষ্ণের সেই বিঘ্নরহিত বাঞ্ছিত সঙ্গ প্রাপ্ত হওয়ায় যদিচ মৃগনয়না ব্রজসুন্দরীসকল শ্রীকৃষ্ণের মধুরিমামৃত চিরকাল পান করিতেছেন তথাপি তাঁহাদিগের তৃষ্ণা দ্বিগুণতর বৃদ্ধিশীল হইয়া উঠিল॥৯৬॥

তাসামসম্ভাবিতদর্শনানাং
দিষ্ট্যাপ্তরত্যাদিকশর্ম্মণোঽপি।
ক্লিন্নাম্বরান্তঃসমুদীর্ণতত্ত-
দঙ্গালিসন্দর্শনজা মুদো যাঃ ॥ ৯৭ ॥
দামানি মাত্রা নিহিতানি যস্যাং
বাল্যেঽপ্যনন্তান্যগমন্ সমন্তাৎ।
বিতস্তিমাত্রত্বমঘদ্বিষোঽস্যাং
তনৌ সমুস্তা ন হি চিত্রমেতৎ ॥ ৯৮ ॥
যুগ্মকং ॥

অঘদ্বিষো যস্যাং তনৌ বাল্যেঽপি মাত্রা যশোদয়া নিহিতানি অনন্তানি দামানি বিতস্তিমাত্রত্বমগমন্। অস্যাং কৈশোরে তনৌ দিষ্টা যাভিঃ সহাপ্তং প্রাপ্তং রত্যাদিনা শর্ম্ম সুখং যেন তস্য কৃষ্ণস্যাসম্ভাবিতং দর্শনং যাসাং তাসাং ক্লিন্নাম্বরস্যান্তর্মধ্যে তত্তদঙ্গালীনাং সন্দর্শনজা দর্শনজন্যা যা মুদঃ তা মুদো সমুঃ স্থানং প্রাপুঃ। এতচ্চিত্রং নহি। তত্তনো বহূনামল্পকরণ-শক্তিমত্ত্বাৎ। অনেন তাসামঙ্গদর্শনজানন্দস্য পরমাবধিত্বং গুরুত্বং বহুত্বঞ্চ দর্শিতং ॥ ৯৭—৯৮ ॥

অপিচ, বাল্যকালেও যে অঘরিপু শ্রীকৃষ্ণের শরীরে জননী যশোদা অসংখ্য সুদীর্ঘ রজ্জু নিহিত করিলেও সেই অনন্ত রজ্জুসকল বিতস্তি পরিমাণ মাত্র হইয়াছিল ইহা তত আশ্চর্য্য নহে, কারণ যে ব্রজাঙ্গনাগণের দর্শনও অসম্ভব সেই ব্রজাঙ্গনাদিগের জলক্লিন্ন অম্বর মধ্যে সম্যক্ প্রকাশমান অঙ্গ প্রত্যঙ্গের দর্শন করিয়া সম্যক্‌রূপে প্রাপ্তরতি শ্রীকৃষ্ণের কৈশোর কালে হৃদয়ে যে আনন্দ উদিত হইয়াছিল, তাহা যে, পরিমাণ প্রাপ্ত হয় নাই ইহাই অত্যন্ত আশ্চর্য্যতম ॥ ৯৭—৯৮ ॥

আলীচয়েন পরিমার্জ্জিতদেহকেশ-
শ্চীনাংশুকৈঃ পরিহিতোদ্গমনীয়চেলঃ।
কৃষ্ণশ্চ কৃষ্ণরমণীনিচয়ঃ সসভ্যঃ
শ্রীপদ্মমন্দিরমিতো দ্রুতমারুরোহ ॥ ৯৯ ॥
অনল্পৈরাকল্পৈঃ কুসুমরচিতৈর্ভূষণচয়ৈ-
র্নিবিষ্টং তং যাম্যে কমলগৃহসৎকুট্টিমবরে।
নিজপ্রাণপ্রেষ্ঠং প্রণয়পরিপাটীঘটনয়া
স্বয়ং শ্রীরাধালীনিচয়সহিতা মণ্ডয়তি সা ॥ ১০০ ॥

আলীচয়েন চীনাংশুকৈঃ সূক্ষ্মবস্ত্রৈঃ পরিমার্জ্জিতো দেহঃ কেশশ্চ যস্য সঃ। পরিহিতং উদ্গমনীয়চেলং। পরিধানোত্তরীয়বসনযুগং যেন সঃ। ইত্থম্ভূতঃ সন্ কৃষ্ণঃ কৃষ্ণরমণীচয়শ্চ সভ্যেন বৃন্দাদিনা সহিতঃ সন্ ইতঃ শ্রীকুণ্ডতটাৎ শ্রীপদ্মমন্দিরমারুরোহ। "শ্রীপদ্মমন্দিরং নাম নৈঋর্ত্যাং রাজতে দল"মিত্যুক্ত শ্রীললিতাকুঞ্জস্য নৈঋর্তকোণকুঞ্জং ॥ ৯৯ ॥

যাম্যে দক্ষিণদিশায়াং কমলগৃহস্য সৎকুট্টিমবরে শোভনবেদ্যাং নিবিষ্টং তং নিজপ্রাণপ্রিয়ং অনল্পৈরাকল্পৈঃ কুসুমরচিতৈ ভূষণচয়ৈঃ প্রণয়পরিপাটী-ঘটনয়া সখীভিঃ সহসা স্বয়ং রাধা মণ্ডয়তি ॥ ১০০ ॥

তৎপর সখীসকল সূক্ষ্ম বসনে শ্রীকৃষ্ণের এবং ব্রজসুন্দরীগণের দেহ ও কেশপাশ মার্জ্জন তথা পরিধেয় ও উত্তরীয় বসন পরিধান করাইয়া দিলে শ্রীকৃষ্ণ এবং শ্রীকৃষ্ণের প্রেয়সীবৃন্দ—বৃন্দাদি সভ্যগণের সহিত শ্রীকুণ্ডের তট হইতে নৈঋত কোণাবস্থিত শ্রীপদ্ম মন্দির নামক কুঞ্জের সমীপে আগমন করত আরোহণ করিলেন ॥ ৯৯ ॥

তদনন্তর নিজ প্রাণপ্রিয় শ্রীকৃষ্ণ দক্ষিণদিগ্‌বর্ত্তি কমলগৃহের শোভন বেদীর উপরে উপবিষ্ট হইলে সখীদিগের সহিত মিলিত হইয়া শ্রীরাধা প্রীতি-পূর্ব্বক সবিশেষ পরিপাটী ঘটনা প্রদর্শন করত কুসুম রচিত ভূষণসমূহ দ্বারা তাঁহাকে বিভূষিত করিতে লাগিলেন ॥ ১০০ ॥

ধূপৈরাগুরবৈর্বিশুষ্কসুরভীন্ শ্রীকঙ্কতীশোধিতান্
মল্লীগর্ভকবেষ্টিতান্ স্বদয়িতস্যোদ্যম্য বদ্ধা কচান্।
যাতীরঙ্গণযূথিকাবকুলসদ্গাঙ্গেয়যূথীকৃতৈ-
র্গুচ্ছোৎপল্লবকেতকীদললসচ্চাম্পেয়বর্হান্বিতৈঃ ॥১০১॥
গুঞ্জামৌক্তিকমালাযুগ্মবিলসৎপার্শ্বদ্বয়ৈর্মাল্যকৈ-
রূদ্ধোর্দ্ধক্রমবেষ্টিতাং স্তবকযুক্পিঞ্ছৈর্লসৎশেখরাং।

মণ্ডনপ্রকারমাহ,—শ্রীরাধা স্বদয়িতস্য কৃষ্ণস্য কচান্ অগুরুকৃতৈর্ধূপৈ-র্বিশুষ্কসুরভীন্ কৃত্বা ততঃ শ্রীকঙ্কত্যা শোধিতান্ মল্লীপুষ্পগর্ভকেণ বেষ্টিতান্ কৃত্বা চ উদ্যম্য ঊর্দ্ধীকৃত্য বদ্ধা চূড়াং ব্যধাদিতি পরশ্লোকেনান্বয়ঃ। "কেশমধ্যে তু গর্ভক" ইত্যমরঃ। চূড়াং কীদৃশীং। জাতীরঙ্গণাদিপুষ্পকৃতৈর্মাল্যৈকর্মালাভিঃ কীদৃশীভিঃ পুষ্পগুচ্ছ উত উৎকৃষ্টপল্লবকেতকীদলেন সহ লসচ্চাম্পেয়-বর্হানিতৈঃ ॥ ১০১ ॥

গুঞ্জায়াস্তথা মৌক্তিকস্য চ মাল্যযুগ্মেন বিলসৎ পার্শ্বদ্বয়ং যেষাং তৈ-র্মাল্যকৈরূর্দ্ধোর্দ্ধক্রমেণ বেষ্টিতাং। পুষ্পস্তবকেন যুক্ পিঞ্ছৈর্লসৎশেখর-মগ্রভাগো যস্যাস্তাং। মূলদেশেঽতিস্থূলাং। সুসূক্ষ্মাগ্রাং। কৃষ্টমাকৃষ্টমলিবৃন্দং যয়া তাং। চামরডামরীং চামরতুল্যাং। অলিকগাং ললাটগাং। অত্র ইদ-মায়াতং। আদৌ জাতিপুষ্পমালা তস্যাঃ পার্শ্বদ্বয়ে গুঞ্জামুক্তয়োর্মালা

ভূষণের প্রকার এই যে, শ্রীরাধা স্বপ্রিয়তম শ্রীকৃষ্ণের অগুরু নির্ম্মিত ধূপ দ্বারা কেশকলাপ বিশুষ্ক ও সৌরভযুক্ত করিয়া প্রথমতঃ সুন্দর চিরুণী দ্বারা বিশোধিত করিলেন, তৎপরে মল্লিকাপুষ্পের কেশমধ্যগত মালা দ্বারা বেষ্টিত করিয়া যাতী, রঙ্গণ যূথিকা, বকুল এবং গাঙ্গেয় অর্থাৎ স্বর্ণ যূথীকৃত গুচ্ছ ও উৎকৃষ্ট পল্লব তথা কেতকীদলসহ সম্যক্ চম্পকগুচ্ছের শিরঃপ্রাবরণ কুসুম-ভূষণ যুক্ত এবং গুঞ্জা, মুক্তামালা যুগল ও উভয় পার্শ্বে সুশোভিত মাল্য দ্বারা সম্যক্‌রূপে উর্দ্ধভাগে উত্তোলিত করিয়া যথাক্রমে বেষ্টন পূর্ব্বক চূড়াবন্ধন

মূলে স্থূলতমাং সুসূক্ষ্মশিখরাং কৃষ্টালিবৃন্দাং ব্যধাৎ
চূড়াং চামরডামরীমলিকগাং রাধা জগন্মোহিনীং ॥ ১০২ ॥
যুগ্মকং ॥

যাস্যাং লগ্না ন দৃগলিঘটা নির্জ্জিহীতেহঙ্গনানাং
যা সংলগ্না হৃদয়কমলে জাতু নৈতজ্জহাতি।
যস্যাশ্ছায়া ভ্রমরয়তি সকৃদ্বীক্ষ্যমাণাপি কৃষ্ণং
কাঞ্চী চূড়া বিলসতি জগৎ সা পিবন্তী স্বধাম্না ॥ ১০৩ ॥

গুঞ্জমুক্তামালোপরিরঙ্গণমালা তদুপরি পুনর্গুঞ্জামুক্তামালা এবং ক্রমেণ পূর্ব্বাপেক্ষয়া সূক্ষ্মযূথিকামালা বকুলাদিমালা গুঞ্জামৌক্তিকমাল্যযুগ্মং চ স্তবকং গুচ্ছাদিভিরন্বিতৈরিত্যানেন। জাত্যাদিমালাবেষ্টনসময়ে যথাশোভং মালা-মধ্যে মালাপেক্ষয়া উচ্চং কৃত্বা পুষ্পগুচ্ছাদীনাং চূড়ায়াশ্চতুর্দ্দিক্ষু বামদক্ষিণ-পার্শ্বে বা দানমিতি। স্ববুদ্ধ্যনুসারেণ দিগ্দর্শনমিদং। সর্ব্বাগ্রে পুষ্পগুচ্ছ স্তদু-পরি ময়ূরপুচ্ছং। মূলদেশস্থূলাং লগ্নালঙ্কাঞ্চ ॥ ১০২ ॥

যস্যাং চূড়ায়াং অঙ্গনানাং স্ত্রীণাং দৃগলিঘটা লগ্না সতী জাতু কদাপি ন নির্জ্জিহীতে ন বহির্গচ্ছতি। "ওহাঙ গতৌ"। যা চূড়া স্ত্রীণাং হৃদয়ে সংলগ্না এতৎ হৃদয়ং কদাপি ন জহাতি ন ত্যজতি। যস্যাশ্ছায়া সকৃদ্বীক্ষ্যমাণা কৃষ্ণং অপিশব্দাদন্যানপি ভ্রময়তি। সা কাঞ্চী চূড়া স্বধাম্না স্বমাধুর্য্যেণ জগৎ পিবন্তী বশে কুর্ব্বন্তী বিলসতি ॥ ১০৩ ॥

করিলেন এবং ঐ চূড়ার স্তবক যুগল ও পিচ্ছ দ্বারা শেখর অর্থাৎ বেষ্টনমালা শোভা পাইতে লাগিল, সুতরাং মূলদেশে স্থূল ও অগ্রভাগে সূক্ষ্ম হইল এবং ঐ চূড়ার সৌরভে ভ্রমর সকল আকৃষ্ট হইতে লাগিল ও অবিকল চামরের সদৃশ তথা ত্রিজগতের মনোমোহিনী হইয়া উঠিল ॥ ১০১—১০২ ॥

আহা! শ্রীকৃষ্ণের যে চূড়ায় ব্রজাঙ্গনাদিগের নেত্রপঙ্‌ক্তিরূপ ভ্রমর মালা সংলগ্ন হইয়া কখন ও আর বাহিরে গমন করে না এবং যে চূড়া গোপী সকলের হৃদয়ে সংলগ্ন কখন পরিত্যাগ করে না, আর অধিক কি, চূড়ার

যৎ কৌঙ্কুমং ললিতয়া তিলকং ললাটে
সৃষ্টং হরেঃ শশিনিভং মদবিন্দুমধ্যম্ ।
শ্রীখণ্ডবিন্দুনিচিতং বহিরেতদাসাং
হৃৎখণ্ডনে মদনহাটকচক্রমাসীৎ ॥ ১০৪ ॥
ভক্তিচ্ছেদৈরন্বিতাং যাং সুচর্চ্চাং
চিত্রা চক্রে কৌঙ্কুমীং তত্তনৌ সা ।
লাবণ্যোর্ম্মীচঞ্চলাস্মারয়ত্তাং
দীব্যদ্গোপীকৃষ্ণযুগ্মানি রাসে ॥ ১০৫ ॥

ললিতয়া হরের্ললাটে শশিনিভং কৌঙ্কুমং যত্তিলকং সৃষ্টং। কীদৃশং মদস্য মৃগমদস্য বিন্দুমধ্যে যস্য তৎ। বহিশ্চন্দনবিন্দুভির্নিচিতং ব্যাপ্তং। এতত্তিলকং আসাং হৃদয়স্য খণ্ডনে মদনস্য হাটকচক্রং স্বর্ণচক্রমাসীৎ ॥ ১০৪ ॥

চিত্রা সখী হরেস্তনৌ যাং ভক্তিচ্ছেদৈঃ খোর ইত্যাখ্যৈর্যুক্তাং কৌঙ্কুমীং সুচর্চ্চাং চক্রে সা সুচর্চ্চা লাবণ্যতরঙ্গৈশ্চঞ্চলা সতী তাং চিত্রাসখীং রাসে রাসলীলায়াং দীব্যদ্গোপীকৃষ্ণয়োর্যুগ্মান্যস্মারয়ৎ। কৃষ্ণতনুরেখা কৃষ্ণস্মৃতিং কুঙ্কুমরেখা গোপীস্মৃতিমকারয়দিত্যর্থঃ ॥ ১০৫ ॥

ছায়া দর্শন করিয়া শ্রীকৃষ্ণ ও স্বয়ং উদ্ভ্রান্ত হইয়া পরেন, শ্রীকৃষ্ণের সেই চূড়া স্বীয় মাধুর্য্য দ্বারা জগৎ বশীভূত করিয়া বিলাস করিতেছেন ॥ ১০৩ ॥

অনন্তর ললিতা শ্রীকৃষ্ণের ললাটপ্রদেশে মৃগমদ বিন্দুর মধ্যগত চন্দ্রতুল্য কুঙ্কুমের যে তিলক রচনা করিলেন এবং যাহার বাহিরে চন্দনবিন্দু সমূহে পরিব্যাপ্ত, সেই তিলক ব্রজাঙ্গনাগণের হৃদয় খণ্ডনে কন্দর্পের স্বর্ণচক্র হইয়া উঠিল ॥ ১০৪ ॥

তৎপরে চিত্রাসখী শ্রীকৃষ্ণের অঙ্গে খোরযুক্ত যে কুঙ্কুম চর্চ্চা বিধান অর্থাৎ কুঙ্কুম চিত্রিত করিলেন, তাহা লাবণ্য তরঙ্গে চঞ্চল হইয়া চিত্রাসখীকেও রাস-

চিত্রাথ চিত্রমকরোন্নিজমিত্রগাত্রে
মৈত্রীপবিত্রচরিতাম্বুদজৈত্রকান্তৌ।
যত্তৎ সখীনয়নখঞ্জন-বন্ধনায়
কন্দর্পশাকুনিক-বিস্তৃতজালমাসীৎ ॥ ১০৬ ॥
নানাবর্ণসুগন্ধপুষ্পমুকুলৈঃ পুষ্পৈঃ কৃতৈঃ পল্লবৈঃ
ক্লৃপ্তৈঃ কুণ্ডলহারকঙ্কণসন্মঞ্জীরকাঞ্চ্যঙ্গদৈঃ।
তাভির্যাভরণৈর্মুদা প্রিয়তনৌ শ্রীবেশভঙ্গীকৃতা
সৈবাসাং নয়নৈণবন্ধনবিধৌ কামস্য পাশায়তে ॥ ১০৭ ॥

মৈত্রী মিত্রস্য ভাব স্তয়া পবিত্রং চরিতং যস্যাঃ সা চিত্রা নিজমিত্রস্য কৃষ্ণস্য গাত্রেঽম্বুদজৈত্রকান্তৌ যচ্চিত্রমকরোৎ তচ্চিত্রং সখ্যাঃ রাধায়াঃ নয়নখঞ্জনস্য বন্ধনায় কন্দর্পরূপশাকুনিকস্য ব্যাধস্য বিস্তৃতজালমাসীৎ ॥ ১০৬ ॥

তাভি র্গোপীভি র্নানাবর্ণনানাসুগন্ধযুক্তপুষ্পমুকুলৈঃ পুষ্পৈশ্চ কৃতৈস্তথা পল্লবৈশ্চ ক্লৃপ্তৈঃ কৃতৈঃ কুণ্ডলাদৈরাভরণৈঃ প্রিয়স্য তনৌ মুদা হর্ষেণ যা শ্রীর্বেশভঙ্গীঃ কৃতা সা বেশভঙ্গী আসাং নয়নরূপস্য এণস্য বন্ধনবিধৌ কামস্য পাশবৎ রজ্জুবৎ আচরতি ॥ ১০৭ ॥

লীলায় শোভমান গোপী ও শ্রীকৃষ্ণের মূর্ত্তিযুগল স্মরণ করাইতে লাগিল অর্থাৎ কৃষ্ণাঙ্গরেখা—কৃষ্ণস্মৃতি এবং কুঙ্কুমরেখা—গোপীস্মৃতি করাইল ॥ ১০৫ ॥

তদনন্তর মিত্রভাবে বিশুদ্ধ চরিত্রা চিত্রাসখী আপন মিত্র শ্রীকৃষ্ণের নব-জলধর বিজয়ি কান্তিতে যে চিত্র বিচিত্র তিলক রচনা করিলেন, সেই তিলক সখী শ্রীরাধার নয়ন খঞ্জনের বন্ধনের নিমিত্ত কন্দর্পরূপ ব্যাধের সুবিস্তৃত জাল স্বরূপ হইল ॥ ১০৬ ॥

অপর নানা বর্ণ সুগন্ধ কুসুম মুকুল, পুষ্প এবং পল্লব রচিত কুণ্ডল, হার, কঙ্কণ, সুন্দর নূপুর, কাঞ্চি এবং বলয় রূপ আভরণ দ্বারা ব্রজসুন্দরীগণ

পৌষ্পৈশ্চাভরণৈস্তত্র রাধাকাণ্ডপটাবৃতা।
আলীভি র্ভূষিতালাশ্চ সেবিকানিচয়ৈঃ ক্রমাৎ ॥ ১০৮ ॥
নীতোঽসৌ বৃন্দয়ানীতস্তাশ্চ তৎসৌম্যকুট্টিমম্।
দদৃশুস্তত্র ভক্ষ্যাণি ফলমুখ্যান্যনেকশঃ ॥ ১০৯ ॥
পলাশশালপত্রাণাং রম্ভাবল্কলপত্রয়োঃ।
কুণ্ডীস্থাল্যাদিপাত্রেষু সম্ভৃতানি পৃথক্ পৃথক্ ॥ ১১০ ॥
যুগ্মকং ॥

তত্র স্থলে আলীভিঃ রাধা কাণ্ডেন কালানুরূপেণ পটাবৃতা পৌষ্পেরাভরণৈ র্ভূষিতা কৃতা। সেবিকানিচয়ৈঃ সেবাপরায়ণসখীসমূহৈরালাঃ সখ্যশ্চ ক্রমাৎ ভূষিতাঃ কৃতাঃ ॥ ১০৮ ॥

বৃন্দয়া তত্তস্য পদ্মমন্দিরস্য সৌম্যদিগ্বর্ত্তিকুট্টিমমসৌ কৃষ্ণঃ নীতঃ তা রাধাদাশ্চ নীতাঃ। তত্র সৌম্যকুট্টিমে ফলমুখ্যানি ভক্ষ্যাণি পলাশপত্রশালপত্ররম্ভাপত্ররম্ভাবল্কলকৃতকুণ্ডীস্থাল্যাদিপাত্রেষু পৃথক্ পৃথক সম্ভৃতানি দদৃশুঃ ॥ ১০৯—১১০ ॥

প্রিয়তম শ্রীকৃষ্ণের শরীরে যে সুন্দর বেশ রচনার ভঙ্গী বিস্তার করিলেন, সেই ভঙ্গী ব্রজাঙ্গনাগণের নয়নরূপ হরিণের বন্ধন ব্যাপারে কন্দর্প পাশের ন্যায় আচরণ করিতে লাগিল ॥ ১০৭ ॥

তদনন্তর সখীসকল শ্রীরাধাকে কাণ্ডপট অর্থাৎ কালানুরূপ বসনে আবৃতাঙ্গী ও পুষ্পাভরণ দ্বারা ভূষিত করিলেন এবং সেবাপরায়ণা সখীগণ অন্যান্য সখীগণকেও যথাক্রমে বিভূষিত করিলেন ॥ ১০৮ ॥

তাহার পর বৃন্দাদেবী সেই পদ্মমন্দিরের উত্তর দিগ্বর্ত্তি কুট্টিমে শ্রীকৃষ্ণ এবং শ্রীরাধা প্রভৃতি সকলকে লইয়া গেলে তাঁহারা সেই কুট্টিমে পলাশ, শাল এবং কদলী পত্র ও কদলী বল্কলের কুণ্ডী অর্থাৎ দোনা ও স্থাল্যাদি পাত্রে

ভোক্তুং তান্যুপবিষ্টোঽসৌ শুভ্রপুষ্পাংশুকাসনে।
সব্যে শ্রীসুবলস্তস্য দক্ষিণে মধুমঙ্গলঃ॥ ১১১॥
উপবিষ্টা পুরো রাধা তানি সালীবনেশয়া।
আনীয়ানীয় দত্তানি তেভ্যঃ পরিবিবেশ সা॥ ১১২॥
শ্বেতরক্তহরিৎপীতবর্ণানি জাতিভেদতঃ।
অসস্যশ্লথসস্যেষদ্দৃঢ়সস্যান্যনেকশঃ॥ ১১৩॥

শুভ্রপুষ্পাসনোপরি শুভ্রবস্ত্রাচ্ছন্নাসনে অসৌ কৃষ্ণঃ তানি ভক্ষ্যাণি ভোক্তুমুপবিষ্টোঽভূৎ। তস্য কৃষ্ণস্য বামে শ্রীসুবলঃ দক্ষিণে মধুমঙ্গলঃ উপবিষ্টঃ॥১১১॥

পুরোঽগ্রে আলীভিঃ সহ শ্রীরাধা উপবিষ্টা। বৃন্দয়া আনীয় আনীয় দত্তানি তানি ভক্ষ্যাণি তেভ্যঃ কৃষ্ণাদিভ্যঃ সা রাধা পরিবিবেশ॥ ১১২॥

শুক্লরক্তাদিবর্ণানি যানি জাতিভেদতোঽনেকেশঃ নারিকেলফলানি সন্তি। কীদৃশানি। অসস্যানি সস্যরহিতানি। শ্লথসস্যানি হস্তাগ্রাহ্যজলবৎ সস্যানি

নিচয়ে ফল প্রভৃতি ভোজ্য বস্তু সমূহ পৃথক্ পৃথক ধৃত হইয়াছে দর্শন করিতে লাগিলেন॥ ১০৯—১১০॥

অনন্তর শ্রীকৃষ্ণ সেই সমস্ত ভক্ষ্য দ্রব্য ভোজন করিবার নিমিত্ত শুভ্রবর্ণ পুষ্পাসনোপরি শুভ্রবস্ত্রাচ্ছন্ন আসনে উপবিষ্ট হইলেন এবং তাঁহার বামপার্শ্বে সুবল ও দক্ষিণ পার্শ্বে মধুমঙ্গল উপবেশন করিলেন॥ ১১১॥

তখন শ্রীরাধা সখীসকলের সহিত সম্মুখে উপবিষ্টা হইয়া বনাধিষ্ঠাত্রী বৃন্দাদেবী বারম্বার যে যে বস্তু আনয়ন করিয়া প্রদান করিলেন তৎসমুদায়ই শ্রীকৃষ্ণ, সুবল ও মধুমঙ্গলকে পরিবেশন করিলেন॥ ১১২॥

শুক্ল, রক্ত, হরিৎ, পীতবর্ণ জাতিভেদে বহু প্রকার নারিকেল আছে, তাহার মধ্যে যে সকল ফলের শস্য হয় নাই, যাহাদের শ্লথ অর্থাৎ হস্তের

সুকৃত্তবল্কলতয়া শঙ্খবর্ণাকৃতীনি চ।
নারিকেলফলান্যাদৌ তেভ্যঃ পরিবিবেশ সা ॥ ১১৪ ॥
যুগ্মকং ॥

তেষাং তৈঃ পীততোয়ানাং ভিত্ত্বা নিষ্কাষিতান্যমী।
সস্যান্যালীযুজা দত্তান্যাহুঃ স্বাদূনি রাধয়া ॥ ১১৫ ॥
জাতিবর্ণাকৃতিস্বাদুপাকসংস্কারভেদতঃ।
নানাবিধানি চাম্রাণি দদৌ তেভ্যঃ ক্রমেণ সা ॥ ১১৬ ॥

ঈষৎসস্যানি দৃঢ়সস্যানি চ তানি সুকৃত্তং সুচ্ছিন্নং বল্কলং যেষাং তথাভূতত্বেন। শঙ্খবদ্বর্ণানি শঙ্খাকারাণি নারিকেলফলানি আদৌ সা রাধা পরিবিবেশ ॥ ১১৩—১১৪ ॥

তৈঃ কৃষ্ণাদ্যৈঃ পীতং তোয়ং যেষাং তেষাং সস্যানি জলরহিতনারিকেলফলানি তানি ভিত্ত্বা নিষ্কাষিতানি স্বাদূনি আলিযুজা রাধয়া দত্তানি। অমী কৃষ্ণাদয়ঃ আহুঃ বুভুজুঃ ॥ ১১৫ ॥

জাত্যাদিভেদতো নানাবিধানি চাম্রাণি দদৌ ॥ ১১৬ ॥

অগ্রাহ্য জলবৎ তরল সস্য এবং যাহাদের ঈষৎ সস্য বা দৃঢ় সস্য হইয়াছে সুন্দররূপে বল্কল ছেদন হওয়ায় শঙ্খ সদৃশ শুভ্রবর্ণ সেই সকল নারিকেল ফল প্রথমতঃ শ্রীরাধা তাঁহাদিগকে পরিবেশন করিলেন ॥ ১১৩—১১৪ ॥

শ্রীকৃষ্ণ প্রভৃতি সকলে নারিকেলের জলপান করিলে শ্রীরাধা সখীগণের সহিত সেই সকল জলশূন্য নারিকেল ফল ভগ্ন করিয়া তন্মধ্যস্থিত সুস্বাদু সস্য নিষ্কাষিত করিয়া তাহাদিগকে প্রদান করিলেন শ্রীকৃষ্ণ প্রভৃতি সকলেই তাহা ভোজন করিতে লাগিলেন ॥ ১১৫ ॥

তৎপরে শ্রীরাধা—জাতি, বর্ণ, আকৃতি ও পাকসংস্কার ভেদে নানাবিধ আম্র ফল তাঁহাদিগকে ক্রমশঃ সমর্পণ করিতে লাগিলেন ॥ ১১৬ ॥

দরপক্কানি শকলীকৃতান্যাম্রাণি কানিচিৎ।
নিকৃত্তবল্কলাষ্ঠীনি চর্ব্ব্যাণ্যাস্বাদয়ন্ত্যমী ॥ ১১৭ ॥
সবল্কলানিকৃত্তানি কিঞ্চিদ্ঘনরসানি চ।
ওষ্ঠাধরেণোপ্যালেহ্যানি পক্কান্যাদন্ পরাণি তে ॥ ১১৮ ॥
পক্তিমাণি রসৈঃ পূর্ণান্যাচ্ছিন্নাস্যানি কানিচিৎ।
সাংশানি মধুরাণ্যেতে চুষ্যন্তো মুদমাযযুঃ ॥ ১১৯ ॥

কানিচিৎ দরমীষৎ পক্কানি। কানিচিৎ শকলীকৃতানি খণ্ডীকৃতানি। কানিচিৎ বল্কলং অষ্টির্বীজং তদ্রহিতানি চর্ব্ব্যাণি অমী কৃষ্ণাদয়ঃ আস্বাদয়ন্তি। "ভিত্তং শকলখণ্ডে বা" ইত্যমরঃ ॥ ১১৭ ॥

বল্কলসহিতানি কৃত্তানি ছিন্নানি। কিঞ্চিদ্ঘনরসানি ওষ্ঠাধরচেষ্টয়া লেহ্যানি। পক্কানি পরাণি আম্রাণি তে আদন্ ॥ ১১৮ ॥

কানিচিৎ আম্রাণি পক্তিমাণি রসৈঃ পূর্ণানি আ সম্যক্ ছিন্নানি আস্যানি যেষাং তানি। সাংশানি সবল্কলানি। চুষ্যন্ত এতে মুদমাযযুঃ ॥ ১১৯ ॥

অনন্তর শ্রীকৃষ্ণাদি সকলে সেই সমস্ত আম্র ফল সকল আস্বাদন করিতে লাগিলেন, তন্মধ্যে অনেক ফল ঈষৎ পক্ক, কতক গুলি ফল খণ্ড খণ্ড, কতকগুলি ফল বল্কল ও বীজ বিহীন ॥ ১১৭ ॥

অপর কতক গুলি বল্কল সহিত ছিন্ন কতক গুলি ঘনরস বিশিষ্ট, তন্মধ্যে কতকগুলি সুপক্ক ওষ্ঠ দ্বারা গ্রহণ করিয়াই লেহ্য অর্থাৎ লেহন করিয়া খাইবার যোগ্য এবং কতক গুলি চর্ব্ব্য, এবম্বিধ ফল সকল তাঁহারা ভোজন করিলেন ॥ ১১৮ ॥

তৎপরে তাঁহারা সুপক্ক, রসপূর্ণ ও সম্যক্ প্রকারে ছিন্ন মুখবল্কল সহিত ও সুমধুর ফল চোষণ করিয়া পরম আনন্দ লাভ করিলেন ॥ ১১৯ ॥

তে কণ্টকিফলান্নিষ্কাষিতান্ কোষান্নিরষ্টিকান্।
সৌবর্ণোৎপলচাম্পেয়কোরকাভানথাদিষুঃ ॥ ১২০ ॥
পীলূনি বহুভেদানি দ্রাক্ষাখর্জ্জূরকাণি চ।
তালশ্রীফলজম্বূনি লবলীলকুচানি চ ॥ ১২১ ॥
কদলীবদরীণাঞ্চ নানাভেদান্ ফলোচ্চয়ান্।
শৃঙ্গাটতালবীজানি ক্ষীরিকাতূতকানিচ ॥ ১২২ ॥
অঙ্গীরাণ্যমৃতাঙ্কানি নাসপাতীফলানি চ।
নারঙ্গকামরঙ্গাণি বিকঙ্কতফলানি চ ॥ ১২৩ ॥

তে কৃষ্ণাদয়ঃ কণ্টকিফলান্নিষ্কাষিতান্ কোষান্ নিরষ্টিকান্ বীজরহিতান্ স্বর্ণপদ্মচাম্পেয়কালিকাবর্ণান্ অথাদিষুঃ ॥ ১২০ ॥

পীলূনি ব্রজে প্রসিদ্ধানি। দ্রাক্ষা খর্জ্জূরয়ো বহুভেদানি তালাদীনি প্রসিদ্ধানি। লবলী "লোয়ালি" ইত্যাখ্যঃ। "লকুচো লিকুচো ডহু"রিত্যমরাৎ- গৌড়ে "ডেয়োমাদার" ইত্যাখ্যঃ ॥ ১২১ ॥

শৃঙ্গাটঃ "সিংহাড়া" ইতি, ব্রজে "পাণিফল" ইতি গৌড়ে প্রসিদ্ধঃ। ক্ষীরিকা ক্ষীরা ক্ষিরণি ইতি তূত ইতি চ ব্রজে প্রসিদ্ধঃ ॥ ১২২ ॥

অঙ্গীরাদীনি ত্রীণি। অঞ্জীর ইতি নাসপাতী ইতি মেয়াখ্যানি। নারঙ্গ নারেঙ্গি ইতি কামরাঙ্গা ইতি বিকঙ্কত বুঙিছি ইতি ॥ ১২৩ ॥

তাহার পর তাঁহারা কণ্টকি ফল হইতে নিষ্কাষিত সুবর্ণ পদ্ম ও চম্পক-কোরকের বর্ণসদৃশ অষ্টিরহিত কোষ সকল ভোজন করিতে লাগিলেন ॥১২০॥

অনন্তর, বহুবিধ পীলুফল, দ্রাক্ষা, খর্জ্জুর, তাল, বিল্ব, জম্বু, লবলী (লোয়ালী) লকুচ (ডেয়ো মাদার) ॥ ১২১ ॥

কদলী, নানাবিধ বদরী, শৃঙ্গাট (পাণিফল) তালবীজ, ক্ষীরিকা (ক্ষীরা) তূত ফল ॥ ১২২ ॥

সুষেণমাতুলাঙ্গাদিকপিত্থকফলানি চ।
নানাভেদানি বীজানি নিষ্কুলাকৃতদাড়িমাৎ॥ ১২৪ ॥
মায়াম্বূনিঃসুখাশানি কর্কটীখর্ব্বুরাণি চ।
গুড়ালুকেশরাজাদি মূলানি মূলকানি চ॥ ১২৫ ॥

সুষেণঃ করমর্দ্দকঃ "করোন্দা" ইতি খ্যাতঃ। মাতুলাঙ্গো বীজপূরঃ "বিজুরা" ইতি খ্যাতঃ। ইত্যাদীনাং "কৃষ্ণপাকফলাবিগ্নসুষেণঃ করমর্দ্দকাঃ। ফলপূরো বীজপূরো রুচকো মাতুলাঙ্গকে"ইত্যমরঃ। কপিত্থকঃ 'কপিত্থ' ইতি প্রসিদ্ধঃ স্বার্থে কঃ। তস্য ফলানিচ। নিষ্কুলাকৃতং স্ফারীকৃতং, চ্যুর্থেডা, যদ্দাড়িমং তস্মাৎ। জাতাবেকবচনং দাড়িমেভ্য ইত্যর্থঃ। নানাভেদানি দাড়িমভেদাৎ মধুরাণি চাম্লানিচ মধুরাম্লানি চেতি পৃথক্ পৃথক্ আস্বাদ্যানি বীজানিচ ॥১২৪॥

সুখেনাশ্যন্ত ইতি সুখাশানি মায়য়া অম্বূনীব তানি মুখমধ্যে জলবত্বাৎ কর্কটিকা কড়ি ইতি খর্ব্বুরাণি খরবুজা ইতি খ্যাতানিচ ফলবিশেষাণি গুড়ালু ইতি কেশরাজ ইতি চাদৌ যেষাং তানি মূলানি মূলকানি মূলা ইতি খ্যাতানিচ ॥ ১২৫ ॥

অমৃত তুল্য সুস্বাদু অঞ্জীর (পেয়ারা) নাসপাতী (মেওয়া) নারঙ্গ (নারেঙ্গি) কামরঙ্গ (কামরাঙ্গা) বিকঙ্কত (বুঁইচি)॥ ১২৩॥

সুষেণ (করোন্দা) মাতুলাঙ্গ (বিজুরা) কপিত্থ (কদবেল) তথা বিবিধ প্রকার অর্থাৎ মধুর, অম্ল ও মধুরাম্ল নিষ্কষিত দাড়িমবীজ॥ ১২৪॥

যাহা সুখে ভোজন করা যায় এবং যাহা মায়া অর্থাৎ ঐন্দ্রজালিক কল্পনাতেই জল সদৃশ হইয়ছে মুখমধ্যে জলবৎ তরল হইয়া থাকে, যেন এমন কর্কটী (কাকড়ি) ও খর্ব্বুর (খরবুজা) তথা গুড়ালু এবং কেশরাল (মূল বিশেষ) আর মূলক (মূলা)॥ ১২৫॥

শালূকার্দ্রপদ্মবীজশস্যানি চ বিসানিচ।
প্রিয়ালপীলুবদ্দামবীজশস্যান্যনেকশঃ॥ ১২৬॥
সিতাভিঃ ক্ষীরসারৈশ্চ কৃতান্ শ্রীরাধয়ালয়ে।
নারঙ্গরুচকাম্রাদিফলাকারবিকারকান্॥ ১২৭॥
ফলপুষ্পযুতান্ বৃক্ষান্ শর্করাপাকনির্ম্মিতান্।
বিল্বদাড়িমশীর্য্যাম্রনারঙ্গরুচকাদিকান্॥ ১২৮॥

শালূকং পদ্মমূলঞ্চ "শালূকমেষাং কন্দঃ" স্যাদিত্যমরঃ। আর্দ্রাণাং কোমলানাং পদ্মবীজানাং সস্যানিচ। বিসানি পদ্মমৃণালানিচ। প্রিয়ালাদীনামনেকশঃ। বীজসস্যানি চাত্রে চকার উহ্যঃ॥ ১২৬॥

শ্রীরাধয়ালয়ে স্বগৃহে সিতাভিঃ ক্ষীরসারৈশ্চ পৃথক্ কৃত্বা কৃতান্ নারঙ্গাদিফলাকারবিকারান্। তয়া রাধয়া গেহে কৃতান্ শর্করাপাকেন নির্ম্মিতান্। বিল্বদাড়িমাদিকান্ ফলপুষ্পযুতান্ বৃক্ষান্ বৃক্ষাকারবিকারান্। কিম্ভূতান্ এতান্ ফলবৃক্ষাকারবিকারান্ কৃষ্ণস্য পঞ্চেন্দ্রিয়াণামাহ্লাদী গুণো যেষাং তান্। ইত্যেকসঙ্গতং সার্দ্ধশ্লোকদ্বয়ং। অত্র রাধয়ালয়ে কৃতানিতি পদত্রয়স্য পুনরুক্তিঃ। বৃক্ষাকারবস্তূপগতা অতো ন দোষঃ॥ ১২৭—১২৮॥

শালূক (পদ্মমূল) সুকোমল পদ্মবীজের সস্য, মৃণাল, বহুবিধ পিয়াল, পিলুফল, বাদাম ও বীজের সস্য॥ ১২৬॥

অপর শ্রীরাধা কর্ত্তৃক স্বভবনে সিতা (চিনী) ও ক্ষীরসার (চাঁছি) দ্বারা নির্ম্মিত নারঙ্গ, রুচক এবং আম্র ফলের আকৃতি দুগ্ধ বিকার অর্থাৎ চিনিপাকে বিরচিত ও ফলপুষ্প শোভিত বিল্ব, দাড়িম্ব, শীর্য্য আম্র, নারঙ্গ ও রুচকাদি বৃক্ষ (বৃক্ষাকার সন্দেশের ছাঁচ)॥ ১২৭—১২৮॥

কৃষ্ণপঞ্চেন্দ্রিয়াহ্লাদিগুণান্ গেহে তয়া কৃতান্।
লড্ডুকানি চন্দ্রকান্তিগঙ্গাজলমুখানিচ ॥ ১২৯ ॥
শর্করেন্দুলবঙ্গৈলা মরিচাদিভিরন্বিতাঃ।
স্থূলসন্তানিকাঃ পিষ্টাঃ কৃতানি লড্ডুকানি চ ॥ ১৩০ ॥
পনসাম্রাদিকরসান্ মধুচন্দ্রশিতান্বিতান্।
কর্পূরামৃতকেল্যাদীন্যানীতানি প্রিয়ালিভিঃ ॥ ১৩১ ॥
পর্য্যবেশয়দেতানি সর্ব্বাণি রাধিকাক্রমাৎ।
তাভ্যাং সহ হরিস্তানি বুভুজে কমলেক্ষণঃ ॥ ১৩২ ॥

একাদশভিঃ কুলকং ॥

শর্করাকর্পূরলবঙ্গ এলামরিচাদিযুক্তাঃ স্থূলসন্তানিকাঃ দুগ্ধসারান্ পিষ্টা গেহে কৃতানি স্বয়া কৃতানি চন্দ্রকান্তিগঙ্গাজলাদীনি লড্ডুকানিচ। ইত্যেক-সঙ্গতঃ সার্দ্ধৈকশ্লোকঃ ॥ ১২৯—১৩০ ॥

মধুকর্পূরশর্করান্বিতান্ পনসাম্রাদিরসান্ গৃহে কৃত্বা প্রিয়সখীভিরানী-তানি। কর্পূরকেল্যামৃতকেল্যাদীনিচ। অয়ঞ্চ উহ্যঃ ॥ ১৩১ ॥

এতানি সর্ব্বাণি রাধিকা ক্রমাৎ পর্য্যবেশয়ৎ। তাভ্যাং সুবলমধুমঙ্গলাভ্যাং সহ হরিস্তানি বুভুজে ॥ ১৩২ ॥

এবং শ্রীরাধা কর্ত্তৃক স্বগৃহে কৃত শ্রীকৃষ্ণের পঞ্চেন্দ্রিয়ের আনন্দজনক গুণবিশিষ্ট চন্দ্রকান্তি ও গঙ্গাজল প্রভৃতি লড্ডুক ॥ ১২৯ ॥

তথা শর্করা, কর্পূর, লবঙ্গ, এলাচী ও গোলমরিচাদি সংযুক্ত স্থূলতর দুধের সরকে পেষণ পূর্ব্বক নির্ম্মিত লড্ডুক ॥ ১৩০ ॥

অপর মধুর, কর্পূর, এবং শর্করা মিশ্রিত পনস, (কাঁঠাল) ও আম্রাদির রস তথা কর্পূরকেলি ও অমৃতকেলি এই সমস্ত ভোজ্যদ্রব্য সখীগণ আনয়ন করিলে পর ॥ ১৩১ ॥

শ্রীরাধা তৎসমুদায় যথাক্রমে পরিবেশন করিলে শ্রীকৃষ্ণ, সুবল ও মধু-মঙ্গলের সহিত সেই সমস্ত ভোজ্য দ্রব্য ভোজন করিলেন ॥ ১৩২ ॥

পত্রপুষ্পফলস্কন্ধ শাখামূলানি ভূরুহাম্ ।
সৈতানাং ক্ষৈরসারাণাং ছেদং ছেদমদন্ত্যমী ॥ ১৩৩ ॥
বটু র্নিন্দন্ প্রশংসংশ্চ ভক্ষ্যাণিচ তদর্পিকাঃ ।
সর্ব্বাস্তা হাসয়ামাস সনর্ম্মমুখবৈকৃতৈঃ ॥ ১৩৪ ॥
কর্পূরবাসিতং তোয়ং পপুস্তেহত্র যথাসুখম্ ।
ততশ্চাচচমুস্তোয়ৈঃ সখীদত্তৈঃ সুবাসিতৈঃ ॥ ১৩৫ ॥

সৈতানাং শর্করাকৃতানাং ক্ষৈরসারাণাং দুগ্ধসারকৃতানাং বৃক্ষাণাং পত্রাদীনি ছেদং ছেদং অমী কৃষ্ণাদয়ো অদন্তি ॥ ১৩৩ ॥

বটুঃ ভক্ষ্যাণি তদর্পিকাস্তানি ভক্ষ্যানি আনয়িত্রীঃ পরিবেশয়িত্রীশ্চ । ইদমস্বাদু ইদং স্বাদু ইতি । ইয়মনিপুণেয়ং নিপুণাচ নিন্দন্ প্রশংসংশ্চ নর্ম্মণা সহ মুখবৈকৃতৈ স্তাঃ সর্ব্বা রাধিকাদী হাসয়ামাস ॥ ১৩৪ ॥

তে যথাসুখং সুবাসিতং তোয়ং পপুঃ । সখীদত্তৈ স্তাদৃশৈ স্তোয়ৈরাচচমুশ্চ ॥ ১৩৫ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ প্রভৃতি সকলে শর্করা ও দুগ্ধসার দ্বারা নির্ম্মিত বৃক্ষ সকলের পত্র, পুষ্প, ফল, স্কন্ধ, শাখা এবং মূলকে খণ্ড খণ্ড করিয়া ভোজন করিতে লাগিলেন ॥ ১৩৩ ॥

অনন্তর বটু মধুমঙ্গল ভক্ষ্য দ্রব্য সকলকে এবং যাঁহারা ঐ সমস্ত দ্রব্য আনয়ন করিয়াছেন সেই সকল সখীগণকে ও পরিবেশনকর্ত্রীকে "এইটী অস্বাদু এইটি সুস্বাদু এবং এই সখী প্রস্তুত করণে অনিপুণা, এই সখী নিপুণা" এইরূপ পরিহাস বাক্যে ও ঘৃণাসূচক মুখভঙ্গী দ্বারা শ্রীরাধিকাদি সকলকে হাস্য করাইতে লাগিলেন ॥ ১৩৪ ॥

তদনন্তর শ্রীকৃষ্ণ প্রভৃতি পরমসুখে কর্পূরাদি সুবাসিত জল পান করিলেন এবং সখীদত্ত ঐ প্রকার সুবাসিত জল দ্বারা আচমন করিলেন ॥ ১৩৫ ॥

যাতস্ততঃ স হরিরম্বুজমন্দিরান্তঃ
শেতেঽত্র সৎকুসুমকল্পিততল্পমধ্যে।
তাম্বূলদানপদলালনবীজনাদ্যৈ-
স্তত্র প্রিয়ালিভিরমুং তুলসী সিষেবে॥ ১৩৬॥
তাম্বূলবীটিকামশ্নন্ তৎপদ্মযাম্যকুট্টিমে।
শেতে শীতলশয্যায়াং সুবলেন সমং বটুঃ॥ ১৩৭॥

স হরিস্ততঃ শ্রীপদ্মমন্দিরাদম্বুজমন্দিরান্তঃ বায়ব্যাং দিশি ভাতি। অষ্টদল-কুঞ্জাম্বুজং দলমিত্যুক্তস্য শ্রীললিতাকুঞ্জবায়ুকোণকুঞ্জস্য মধ্যং। কিম্বা সলিল-কমলসদ্মেত্যুক্তস্য শ্রীমদনমঞ্জর্য্যাঃ কুঞ্জস্য মধ্যং যাতঃ। সৎকুসুমৈঃ কল্পিতস্য তল্পস্য মধ্যে শেতে। তত্র প্রিয়ালিভিঃ সহ তুলসী তাম্বূলাদিভিরমুং শ্রীকৃষ্ণং সিষেবে॥ ১৩৬॥

ততস্তু কৃতভোজনস্য পদ্মমিত্যেকদেশগ্রহণে সর্ব্বগ্রহণমিতি পদ্মমন্দিরস্য। পদ্মেতি পাঠেতু তদেবার্থঃ। তস্য দক্ষিণে কুট্টিমে সুবলেন সহ বটুঃ শেতে॥ ১৩৭॥

তাহার পর শ্রীকৃষ্ণ পদ্মমন্দির হইতে পদ্ম মন্দিরের মধ্যে গমন করিয়া কুসুম বিরচিত শয্যায় শয়ন করিলে তথায় তুলসী—প্রিয়তম সখীবৃন্দের সহিত তাম্বূল দান, পাদ সম্বাহন ও চামর ব্যজনাদি দ্বারা শ্রীকৃষ্ণের সেব করিতে লাগিলেন॥ ১৩৬॥

তৎপরে তাম্বূল ভোজন করিয়া মধুমঙ্গল ও সুবলের সহিত সেই পদ্ম-মন্দিরের দক্ষিণদিগ্বর্ত্তি কুট্টিমে (বেদীতে) গিয়া শীতল শয্যায় শয়ন করি-লেন॥ ১৩৭॥

শ্রীরাধিকাথ সগণা মুদিতোপবিষ্টা
কান্তাধরামৃততয়া পরিবাঞ্ছিতানি ।
শ্রীরূপমঞ্জরিকয়া চ বনেশয়া চ
ভক্ষ্যাণি তানি বুভুজে পরিবেশিতানি ॥ ১৩৮ ॥

তত্র নান্দীকুন্দবল্ল্যোঃ সখীভি র্নর্ম্মবিস্তৃতিঃ ।
আলীবাসাসভূৎ সগ্ধিসুখস্য পরিবেশিকা ॥ ১৩৯ ॥

অথাচম্যাযযুঃ সর্ব্বাঃ শ্রীপদ্মমন্দিরান্তরম ।
তল্পে রাধাসখীপালিঃ পরিতঃ সমুপাবিশৎ ॥ ১৪০ ॥

অথানন্তরং শ্রীরাধা সগণা শ্রীললিতাবিশাখাদিসখীগণযুক্তোপবিষ্টা সতী শ্রীরূপমঞ্জরিকয়া বৃন্দয়াচ পরিবেশিতানি তানি ভক্ষ্যাণি বুভুজে। কীদৃশানি? কান্তস্যাধরামৃতত্বেন পরিবাঞ্ছিতানি ॥ ১৩৮ ॥

তত্র নান্দীকুন্দবল্ল্যো র্নর্ম্মবিস্তৃতিরালীব সখীবৎ সখীভিঃ সহাসাং শ্রীরাধাদীনাং সগ্ধিসুখস্য সহভোজনসুখস্য পরিবেশিকাভূৎ আসাং নর্ম্মজন্যা সহ ভোজনজন্যাচ সুখবৃত্তিরভূদিত্যর্থঃ ॥ ১৩৯ ॥

সর্ব্বা আচম্য পদ্মমন্দিরমধ্যং যযুঃ। রাধা তল্পে সমাবিশৎ। সখীপালিঃ পরিতঃ সমুপাবিশৎ ॥ ১৪০ ॥

অনন্তর শ্রীরাধা—ললিতা ও বিশাখা প্রভৃতি সখীগণের সহিত সহর্ষে উপবেশন করিয়া রূপমঞ্জরী ও বৃন্দাদেবী কর্ত্তৃক পরিবেশিত কান্ত শ্রীকৃষ্ণের অধরামৃত সুতরাং যাহা অতি বাঞ্ছনীয় সেই ভুক্তাবশিষ্ট ভক্ষ্যদ্রব্য সমস্ত ভোজন করিতে লাগিলেন ॥ ১৩৮ ॥

ঐ স্থানে নান্দীমুখী ও কুন্দলতা যে পরিহাস বাক্য বিস্তার করিলেন তাহাই যেন সখীর ন্যায় শ্রীরাধাদি সখীগণের সহভোজন সুখের পরিবেশনকারিণী হইল, তাৎপর্য্য এই যে, ইহাঁদিগের পরিহাস ও ভোজনজন্য সুখবৃদ্ধি পাইতে লাগিল ॥ ১৩৯ ॥

অনন্তর রাধাদি সখীগণ আচমন করিয়া পদ্মমন্দিরের মধ্যে গমন করি-

তাম্বূলচর্ব্বিতং তাভ্যঃ শ্রীহরেস্তুলসী দদৌ।
নান্দীমুখৈ্য ধনিষ্ঠায়ৈ কুন্দবল্ল্যৈ চ বীটিকাঃ ॥ ১৪১ ॥
ততঃ সা তুলসী রূপমঞ্জরী চ বনেশ্বরী।
ভক্ষ্যাণ্যুর্ব্বরিতান্যাহুঃ সেবিকালীচয়ৈঃ সমং ॥ ১৪২ ॥
তাসু ভুক্ত্বাগতাস্বত্র সখ্যস্তৎপূর্ব্বকুট্টিমে।
নির্গত্য সুষুপুঃ সর্ব্বা নান্দীমুখ্যাদয়শ্চ তাঃ ॥ ১৪৩ ॥

হরেস্তাম্বূলচর্ব্বিতং তুলসী তাভ্যো রাধাদিভ্যঃ নান্দীমুখীধনিষ্ঠাকুন্দলতাভ্যো বীটিকাং দদৌ ॥ ১৪১ ॥

তুলস্যাদ্যাঃ সেবিকানিচয়ৈঃ সহ উর্ব্বরিতানি অবশেষাণি ভক্ষ্যাণি আহুঃ ॥ ১৪২ ॥

ভুক্ত্বা তাসু সেবিকালীষু আগতাসু সখ্যো নান্দীমুখ্যাদয়শ্চ নির্গত্য তৎপূর্ব্বকুট্টিমে সুষুপুঃ ॥ ১৪৩ ॥

লেন এবং শ্রীরাধা শয্যায় উপবেশন করিলে সখীসকল তাঁহার চতুর্দ্দিকে উপবিষ্ট হইলেন ॥ ১৪০ ॥

তখন তুলসীদেবী শ্রীরাধা প্রভৃতি সখীগণকে শ্রীকৃষ্ণের চর্ব্বিত তাম্বূল এবং নান্দীমুখী, ধনিষ্ঠা ও কুন্দলতাকে তাম্বূল বীটিকা প্রদান করিলেন ॥১৪১॥

তদনন্তর তুলসী, রূপমঞ্জরী ও বৃন্দাদেবী সেবাপরায়ণা সখীসকলের সহিত অবশিষ্ট ভক্ষ্য দ্রব্য সমস্ত ভোজন করিতে লাগিলেন ॥ ১৪২ ॥

অনন্তর সেবিকা সকল ভোজনান্তে আচমন করিয়া আগমন করিলে, নান্দীমুখী প্রভৃতি সখীবৃন্দ পদ্মমন্দির হইতে বাহির হইয়া তাহার পূর্ব্ব দিগ্বর্ত্তি কুট্টিমে গিয়া শয়ন করিলেন ॥ ১৪৩ ॥

ততঃ শ্রীরাধিকা তাভ্যো দদৌ তাম্বূলচর্ব্বিতম্।
বৃন্দায়ৈ বীটিকাং সাচ তামদন্তী বহির্যযৌ ॥ ১৪৪ ॥
কৃষ্ণঃ কান্তাং তাং সমাকৃষ্য হ্রীণাং
হাসং হাসং যত্নতঃ স্বাননাব্জাৎ।
তাম্বূলীয়ং চর্ব্বিতং তন্মুখাব্জে
ন্যস্যন্ হৃষ্যন্ শায়য়ামাস পার্শ্বে ॥ ১৪৫ ॥
শ্রীরূপমঞ্জরীমুখ্যসখীভি বীজনাদিভিঃ।
সেবিতৌ তৌ ক্ষণং তত্র নিদ্রাসুখমবাপতুঃ ॥ ১৪৬ ॥

রাধা তাভ্যো রূপমঞ্জর্য্যাদিভ্য স্তাম্বূলচর্ব্বিতং দদৌ বৃন্দায়ৈ বীটিকাং দদৌ। বৃন্দা তাং বীটিকাং অদন্তী বহির্যযৌ ॥ ১৪৪ ॥

কৃষ্ণঃ হ্রীণাং তাং রাধাং হাসং হাসং যত্নতঃ সমাকৃষ্য তন্মুখে স্বমুখাৎ তাম্বূলচর্ব্বিতং নস্যন্ হৃষ্যন্ সন্ পার্শ্বে শায়য়ামাস ॥ ১৪৫ ॥

তৌ রাধাকৃষ্ণৌ ॥ ১৪৬ ॥

তদনন্তর শ্রীরাধা রূপমঞ্জরী প্রভৃতিকে চর্ব্বিত তাম্বূল ও বৃন্দাদেবীকে তাম্বূল বীটিকা প্রদান করিলেন এবং সেই তাম্বূল বীটিকা ভক্ষণ করিতে করিতে বহির্দ্দেশে গমন করিলেন ॥ ১৪৪ ॥

তখন শ্রীকৃষ্ণ হাস্য করিতে করিতে লজ্জিতা শ্রীরাধাকে সযত্নে আকর্ষণ করিয়া স্বীয় মুখপদ্ম হইতে চর্ব্বিত তাম্বূল তাঁহার মুখকমল প্রদান করত আনন্দিত হইয়া স্বীয় পার্শ্বে শয়ন করাইলেন ॥ ১৪৫ ॥

এবং শ্রীরূপমঞ্জরী প্রভৃতি প্রধান প্রধান সখীগণ চামর ব্যজনাদি দ্বারা সেবা করিতে থাকিলে, তাঁহারা উভয়ে সেই পদ্মমন্দিরে ক্ষণকাল নিদ্রাসুখ লাভ করিলেন ॥ ১৪৬ ॥

শ্রীচৈতন্য-পদারবিন্দমধুপ শ্রীরূপসেবাফলে
দিষ্টে শ্রীরঘুনাথদাসকৃতিনা শ্রীজীবসঙ্গোদ্গতে।
কাব্যে শ্রীরঘুনাথভট্টবরজে গোবিন্দলীলামৃতে
সর্গঃ পঞ্চদশাভিধোঽয়মগমন্ মধ্যাহ্নলীলাময়ঃ ॥ ১৫ ॥*

ইতি শ্রীগোবিন্দলীলামৃতে মধ্যাহ্নলীলায়াং পঞ্চদশঃ সর্গঃ সমাপ্তোঽভূৎ।
ইতি সদানন্দবিধায়িন্যাং পঞ্চদশসর্গার্থঃ ॥ ১৫ ॥

শ্রীকৃষ্ণ চৈতন্যমহাপ্রভুর পদারবিন্দের মধুপায়ি ভ্রমর স্বরূপ শ্রীরূপ গোস্বামীর সেবার ফল, শ্রীরঘুনাথ দাস গোস্বামি কর্ত্তৃক প্রেরিত, শ্রীমজ্জীব গোস্বামীর সঙ্গহেতু সমুদ্ভূত এবং শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীর বর-প্রভাবে প্রাদুর্ভূত শ্রীগোবিন্দলীলামৃত নামক মহাকাব্যে মধ্যাহ্নলীলাময় পঞ্চদশ সর্গ সমাপ্ত হইল ॥

অথ ক্ষণান্তৌ প্রতিলব্ধবোধা-
বুত্থায় তল্পোপরিসন্নিবিষ্টৌ।
পূর্ব্বং প্রবুদ্ধাঃ প্রসমীক্ষ্য সখ্যো
যযুঃ সখীভ্যাং সহ তৎসমীপম্ ॥ ১ ॥
বৃন্দাপ্যায়াৎ স্বশিষ্যৌ সা বালৌ বিদ্যাবিশারদৌ।
কলোক্তিমঞ্জুবাক্ সংজ্ঞৌ গৃহীত্বা সারিকাশুকৌ ॥ ২ ॥
ততস্তৌ পঠতো নম্রৌ জয় বৃন্দাবনেশ্বর!।
জয় বৃন্দাবনেশানি! জয়তাল্যঃ প্রসীদত ॥ ৩ ॥

তৌ রাধাকৃষ্ণৌ উত্থায় তল্পোপরি উপবিষ্টৌ প্রসমীক্ষ্য সখ্যঃ। সখীভ্যাং। সুবলমধুমঙ্গলাভ্যাং সহ তয়োঃ সমীপং যযুঃ ॥ ১ ॥
বৃন্দা স্বশিষ্যৌ বালৌ সারীশুকৌ গৃহীত্বা আয়াৎ ॥ ২ ॥
ততস্তৌ নম্রৌ সন্তৌ পঠতঃ। পাঠমাহ জয়েত্যাদি ॥ ৩ ॥

অনন্তর শ্রীরাধাকৃষ্ণ ক্ষণকাল মধ্যে জাগরিত হইয়া উত্থান পূর্ব্বক শয্যায় উপবেশন করিলেন, পূর্ব্ব জাগরিত সখীসকল শ্রীরাধাকৃষ্ণকে শয্যোপরি উপবিষ্ট দেখিয়া সুবল ও মধুমঙ্গলের সহিত তাহাদিগের নিকট গমন করিলেন ॥ ১ ॥

তদনন্তর বৃন্দাদেবী স্বীয় শিষ্য বিদ্যাবিশারদ "কলোক্তি ও মঞ্জুবাক্" নামক দুইটী সারিকা ও শুকশিশুকে গ্রহণ করিয়া শ্রীরাধাকৃষ্ণ আগমন করিলেন ॥ ২ ॥

তৎপর সেই সারিকা ও শুক অতি বিনীতভাবে পড়িতে লাগিল "হে বৃন্দাবনেশ্বর! জয় যুক্ত হউন, হে বৃন্দাবনেশ্বরি! জয় যুক্ত হউন

রাধাদৃগিঙ্গিতাভিজ্ঞা বৃন্দা বিজ্ঞা সমাদিশৎ।
পঠেতি কীরং কীরোঽপি পপাঠানন্দয়ন্ সভাম্ ॥ ৪ ॥
গুণৈঃ স্বৈর্হীনা মে যদপি কবিতা নাতিমধুরা
সতাং স্বাদ্যাপ্যাথাচ্যুতগুণযুতত্বেন ভবিতা।

বিজ্ঞা পণ্ডিতা বৃন্দা রাধায়া দৃগিঙ্গিতস্যাভিজ্ঞা সতী কীরং পঠেতি সমাদিশৎ। সোঽপি কীরঃ সভামানন্দয়ন্ পপাঠ ॥ ৪ ॥

মে কবিতা অতি মধুরা ন স্বৈর্গুণৈ র্হীনা যদপি অথাপ্যচ্যুতগুণযুতত্বেন সতাং স্বাদ্যা ভবিতা দৃষ্টান্তমাহ। অয়ো লৌহঃ ধাতূনাং মধ্যে হীনগুণস্তত্রাপি শস্ত্রী স্বল্পপ্রমাণা। "স্যাৎ শস্ত্রী চাসিপুত্রী চ ছুরিকা" ইত্যমরঃ। ব্যাধেন স্পৃষ্টা ততো ব্যাধস্য গৃহং গতা দৈবাৎ স্পর্শমণিনা স্পৃষ্টা সুবর্ণত্বং প্রাপ্তা সতী মহতাং ভূষণকৃতে ভবতি। "সর্ব্বেষামেব ধর্ম্মাণাং দৃষ্টান্তঃ প্রতিবিম্বব"দিতি দৃষ্টান্ত-

---

হে সখীগণ ! জয় যুক্ত হউন এবং আমাদিগের প্রতি প্রসন্ন হউন" এই বলিয়া স্তোত্র পাঠ করিল ॥ ৩ ॥

অনন্তর বিজ্ঞা বৃন্দাদেবী শ্রীরাধার নয়নভঙ্গী জানিতে পারিয়া নিজের শুককে "পাঠ কর" এই বলিয়া আদেশ করিলেন এবং শুকও আদিষ্ট হইয়া সখীসভাবে আনন্দিত করত পাঠ করিতেলাগিল ॥ ৪ ॥

যদিচ আমার কবিতা অতিশয় মধুরা নহে এবং স্বীয় প্রসাদ ও লালিত্যাদি গণে বিহীন হউক, তথাপি শ্রীকৃষ্ণের গুণযুক্ত বশতঃ সাধুগণের আস্বাদনীয় হইবে তাহাতে আর সন্দেহ নাই। কারণ এই যে, ধাতুর মধ্যে লৌহ যেরূপ হীনগুণ, তাহাতে আবার শস্ত্রী (ছুরিকা) অত্যল্পপ্রমাণা এবং ব্যাধ কর্ত্তৃক স্পৃষ্ট

অয়ঃশস্ত্রী স্পৃষ্টা মৃগয়ুগৃহগা স্পর্শমণিনা
সুবর্ণত্বং প্রাপ্তা ভবতি মহতাং ভূষণকৃতে ॥ ৫ ॥
দৃষ্টান্তঃ ॥ *

চক্রার্দ্ধেন্দুযবাষ্টকোণকলসৈশ্ছত্রত্রিকোণাম্বরৈ-
শ্চাপস্বস্তিকবজ্রগোষ্পাদদরৈর্মীনোর্দ্ধরেখাঙ্কুশৈঃ ।

লক্ষণাৎ। অলঙ্কারাদিগুণৈর্হীনা স্বল্পপ্রমাণা মৃগয়ুবদম্মমপবিত্রঃ স্পর্শমণিবৎ অচ্যুতগুণঃ লৌহস্থ সর্ব্বধর্ম্মো জ্ঞেয়ঃ ॥ ৫ ॥

শ্রীপুরুষোত্তমত্বস্থ গমকৈ র্দ্ধ্বাপকৈশ্চক্রাদিসল্লক্ষণৈরঙ্কিতং শ্রীকৃষ্ণপদদ্বয়ং জীয়াৎ সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তমানং ভূয়াৎ। কুত্র পদে কিং চিহ্নং, চিহ্নানাং কুত্র বা স্থিতিরিতি জ্ঞানার্থং শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তিঠক্কুরকৃতস্তবমালামধ্যে শ্রীরাধাকৃষ্ণ-

---

হইয়া তাহার গৃহে অবস্থিত হইয়াও দৈবাৎ স্পর্শমণির সংস্পর্শে সুবর্ণত্ব প্রাপ্ত হইলে মহদ্গণের উপযুক্ত হয় অর্থাৎ মহদ্গণের গ্রাহ্য হয় তদ্রূপ ॥ ৫ ॥

চক্র, অর্দ্ধচন্দ্র, যব, অষ্টকোণ, কলস, ছত্র, ত্রিকোণ, অম্বর (আকাশ অর্থাৎ শূন্য ০ এই চিহ্ন,) ধনু, স্বস্তিক, বজ্র, গোষ্পদ, শঙ্খ, মীন, উর্দ্ধরেখা, অঙ্কুশ,

---

* এই শ্লোকে দৃষ্টান্তনামক অলঙ্কার তল্লক্ষণ যথা,—

সর্ব্বেষামেব ধর্ম্মাণাং দৃষ্টান্তঃ প্রতিবিম্ববৎ।

অস্যার্থঃ। জলে যেমন সর্ব্বাঙ্গেরই প্রতিবিম্ব পতিত হয়, তদ্রূপ যে স্থলে উপমান ও উপমেয়ের সমস্তাংশেরই উপমান ও উপমেয় ভাব হয় তাহাকে দৃষ্টান্ত কহে। এই শ্লোকেও আমি ১। আমার কবিতা ২। শ্রীকৃষ্ণ ৩ ও তাঁহার গুণ ৪। এই ৪টী উপমেয়। আর ব্যাধ ১। লৌহনির্ম্মিত ক্ষুদ্রছুরী ২। স্পর্শমণি ৩। তাহার সংস্পর্শ ৪। এই ৪টী উপমান। ইহাদের পরস্পর সাদৃশ্য ভাব কল্পিত হইয়াছে ॥

অম্ভোজধ্বজপক্বজাম্বফলৈঃ সল্লক্ষণৈরঙ্কিতং
জীয়াচ্ছ্রীপুরুষোত্তমত্বগমকৈঃ শ্রীকৃষ্ণপাদদ্বয়ম্ ॥ ৬ ॥

স্বভাবোক্তিঃ ॥ †

শ্রীকৃষ্ণাঙ্ঘ্রিযুগং সকৃচ্ছ্রুতিগতং সর্ব্বান্যতৃষ্ণাহরং
ধ্যাতং যদ্বিপদাং বিলোপনিপুণং সৎসম্পদাং দায়কম্ ॥

রূপচিন্তামণাবুক্তং লিখামি। অথাঙ্গুষ্ঠমূলে যবার্য্যাতপত্রং, তন্নুং তর্জ্জনীসন্ধি-ভাগোর্দ্ধরেখাং। পদার্দ্ধাবধিং কুঞ্চিতাং মধ্যমাধো, হস্বুজং তত্তলস্থং ধ্বজং সৎ-পতাকং॥ কনিষ্ঠাতলে ত্বঙ্কুশং বজ্রমেষাং, তলে স্বস্তিকানাং চতুষ্কং চতুর্ভিঃ। বৃতং জম্বুভি র্মধ্যভাতাষ্টকোণং, মনো রে স্মর শ্রীহরে র্দক্ষিণাঙ্ঘ্রৌ॥ বিয়ন্মধ্যমাধঃ স্মরাঙ্গুষ্ঠমূলে,দরং তদ্দ্বয়াধোধনুর্জ্যাবিহীনং। ততো গোষ্পদং তত্তলেতু ত্রিকোণং, চতুষ্কুম্ভমর্দ্ধেন্দুমীনৌ চ বামে॥ স্বভাবোক্তিঃ—"স্বভাববর্ণনং যৎ। চরণচিহ্নং স্বভাবসিদ্ধং॥ ৬॥

যৎ কৃষ্ণাঙ্ঘ্রিযুগং সকৃদেকবারং শ্রুতিগতং সৎ সর্ব্বান্যতৃষ্ণাং কৃষ্ণচরণভিন্নে তৃষ্ণাং হরতীতি তৎ। যদঙ্ঘ্রিযুগ্মং ধ্যাতং সৎ বিপদাং নাশে নিপুণং। সৎ

পদ্ম, ধ্বজ ও পক্ব জম্বুফল, শ্রীপুরুষোত্তমত্ব—ভগবত্ত্বের পরিচায়ক ঐসকল সল্লক্ষণ চিহ্ন দ্বারা অঙ্কিত শ্রীকৃষ্ণের চরণযুগল সর্ব্বোৎকৃষ্ট হইয়া বর্ত্তমান হউন॥ ৬॥

অপর শ্রীকৃষ্ণের যে চরণ যুগলের কথা একবার মাত্র কর্ণপথ গত হইলে শ্রীকৃষ্ণ চরণ ভিন্ন অন্যান্য সমস্ত তৃষ্ণা হরণ করে, যে শ্রীচরণ মনোমধ্যে চিন্তিত

---

† এই শ্লোক স্বভাবোক্তিনামক অলঙ্কার তল্লক্ষণ যথা,—

"স্বভাববর্ণনং স্বভাবোক্তিঃ॥

স্বভাবের যে বর্ণন তাহার নাম স্বভাবোক্তি।

এস্থলে শ্রীকৃষ্ণে চরণচিহ্ন স্বভাবসিদ্ধ রহিয়াছে বলিয়া স্বভাবোক্তি হইয়াছে।

দৃষ্টং চারুতয়া চমৎকৃতিপদং সর্ব্বেন্দ্রিয়াহ্লাদকং
পৃষ্টং যৎ ক্লম-হন্তৃ নির্বৃতিকরং তন্মে ক্রিয়াৎ কাঙ্ক্ষিতম্ ॥৭॥

উদাত্তস্বভাবোক্তী ॥ * ॥

সৌভাগ্যানাং সদ্রুচাং সদ্‌গুণানাং
সম্পত্তীনাং প্রাকৃতাপ্রাকৃতানাম্ ।

সম্পদাং দায়কঞ্চ। দৃষ্টং চারুতয়া সৌন্দর্য্যেণ চমৎকৃতীনাং পদং স্থানং সর্ব্বেন্দ্রিয়াণামানন্দকরঞ্চ। স্পৃষ্টং ক্লমস্য দুঃখস্য হন্তৃ সুখকরঞ্চ। তৎ চরণযুগং মে কাঙ্ক্ষিতং ক্রিয়াৎ। উদাত্তলক্ষণং—"সমৃদ্ধিকৃদাত্তং বস্তুনঃ পরা।" অত্র শ্রীকৃষ্ণচরণযুগস্যান্যতৃষ্ণানাশকাদিরূপা পরা সমৃদ্ধিরুদাত্তং। কৃষ্ণাঙ্ঘ্রি-যুগস্যান্যতৃষ্ণাহরত্বাদিরূপং স্বভাববর্ণনং স্বভাবোক্তিশ্চ ॥ ৭ ॥

যৎ কৃষ্ণপাদাব্জং ধ্যাতমাত্রং প্রাকৃতাঽপ্রাকৃতানাং সৌভাগ্যাদীনাং দাতৃ

হইলে সমস্ত কাল বিপদ্ বিনাশ বিষয়ে নিপুণ এবং সৎ সম্পত্তির দায়ক হয়েন, ঐ পদযুগল অলোকিত হইলে সুন্দর আশ্চর্য্য পদ অর্থাৎ অসীম বিস্ময় উৎ-পাদন করেন এবং নিখিল ইন্দ্রিয়নিচয়ের আহ্লাদ প্রদান করেন, সেই শ্রীকৃষ্ণের সর্ব্ব সুখ-প্রদায়ক চরণ যুগল আমার অভিলাষ পূর্ণ করুন ॥ ৭ ॥

আর যে চরণকমল ধ্যানমাত্রই, কি প্রাকৃত কি অপ্রাকৃত নিখিল সৌভাগ্য,

---

† "সমৃদ্ধিকৃদাত্তং বস্তুনঃ পরা" অর্থাৎ বস্তুর যে অতিশয় সমৃদ্ধি বর্ণন তাহাকেই উদাত্ত কহে যথা—

এস্থলে "শ্রীকৃষ্ণের চরণযুগল জনগণের নিখিল বিষয় হইতে তৃষ্ণা নাশ

লীলাগারং দাতৃ চ ধ্যাতমাত্রং
সর্ব্বস্বং নঃ কৃষ্ণপাদাব্জমস্তু ॥ ৮ ॥

উদাত্তস্বভাবোক্তী ॥ * ॥

যস্যোপাসনয়াপ্তশক্তিলবতশ্চিন্তামণিত্বং শিলাঃ
কাশ্চিৎ কামগবীত্বমেত্য ধবলাঃ কাশ্চিচ্চ কল্পাগতাম্।

দায়কং লীলাগৃহঞ্চ। তচ্চরণং নোঽস্মাকং সর্ব্বস্বমস্তু। অত্রাপি পূর্ব্ববৎ চরণস্য পরা সমৃদ্ধিঃ। চরণস্য স্বভাববর্ণনং। উদাত্ত স্বভাবোক্তী জ্ঞেয়ে ॥৮॥

যস্য কৃষ্ণপাদাব্জস্য উপাসনয়া প্রাপ্তশক্তিলবাৎ কাশ্চিৎ শিলাশ্চিন্তামণিত্ব-মেত্য প্রাপ্য, তথা কাশ্চিদ্গাবঃ কামগবীত্বং কামধেনুত্বমেত্য, কেচিদ্বৃক্ষাঃ কল্পাগতাং কল্পবৃক্ষতামেত্য, প্রাণিনামখিলাভীষ্টপ্রদা বভুবুঃ। তৎ কৃষ্ণ-পাদপদ্মযুগলং কো জনো নাশ্রয়েৎ। কীদৃশং স্বপ্রদং স্বং প্রদদাতীতি তৎ। তে ত্বভীষ্টদা এব নতু স্বপ্রদাঃ। কাব্যলিঙ্গলক্ষণং,—"পদবাক্যার্থতাহেতোঃ কাব্যলিঙ্গং প্রকীর্ত্ত্যতে"। অস্যার্থঃ। পদার্থতারূপহেতৌ যত্র কার্য্যসিদ্ধি-

---

সৎকান্তি, সদ্গুণ এবং সম্পত্তি প্রদান করেন সেই নিখিল লীলার ভবনস্বরূপ শ্রীকৃষ্ণের পদকমল আমাদিগের সমস্ত ধন স্বরূপ হউন ॥ ৮ ॥

অপর যে চরণ কমলের উপাসনালব্ধ শক্তির লেশ মাত্রও কতিপয় শিলা চিন্তামণি, কতিপয় গাভী—কামধেনু এবং কতিপয় তরু—কল্পতরুত্ব লাভ করিয়া

করে" ইহাই সমৃদ্ধিবর্ণন হেতু উদাত্ত নামক অলঙ্কার হইয়াছে। এবং "অন্য তৃষ্ণা নাশ করা শ্রীকৃষ্ণ চরণের স্বভাবসিদ্ধ কার্য্য, সুতরাং "স্বভাবোক্তিও বটে। পরবর্ত্তি শ্লোকেও এইরূপ অলঙ্কার জানিতে হইবে ॥

কেচিদ্ভূমিরুহা বভূবুরখিলাভীষ্টপ্রদাঃ প্রাণিনাং
তচ্ছ্রীকৃষ্ণপদারবিন্দযুগলং কো নাশ্রয়েৎ স্বপ্রদম্ ॥ ৯ ॥
পদগতকাব্যলিঙ্গং ॥ *

পরিমলবাসিতভুবনং, স্বরসামোদিতরসজ্ঞরোলম্বম্।
গিরিধরপাদাম্ভোজং, কঃ খলু রসিকঃ সমীহতে হাতুং ॥ ১০ ॥

স্তথা বাক্যার্থতারূপহেতোঃ সকাশাৎ কার্য্যসিদ্ধিস্তত্র কাব্যলিঙ্গং। যস্যোপাসনাপ্তশক্তিলবাৎ শিলাদীনামখিলাভীষ্টপ্রদত্বরূপকার্য্যসিদ্ধিরত্র পদার্থতা হেতুকং কাব্যলিঙ্গং ব্যাপ্তং ॥ ৯ ॥

কৃষ্ণপদাম্ভোজং কঃ হাতুং ত্যক্তুং সমীহতে। কীদৃশং পরিমলেন সৌগন্ধ্যেন বাসিতং সুগন্ধীকৃতং ভুবনং যেন তৎ। স্বস্য রসেনামোদিতা হর্ষিতা রসজ্ঞরূপরোলম্বা ভ্রমরা যেন তৎ ॥ ১০ ॥

সমস্ত প্রাণিগণের নিখিল বাসনা প্রদান করিয়া থাকেন শ্রীকৃষ্ণের সেই সর্ব্বধনপ্রদ পাদপদ্ম, কে না আশ্রয় করিয়াথাকে ॥ ৯ ॥

যাঁহার পরিমল (সৌরভ) ত্রিভুবনকে সুবাসিত ও স্বীয় রসে রসজ্ঞ ভৃঙ্গশ্রেণীকে আমোদিত করিয়াছে, শ্রীকৃষ্ণের সেই চরণ যুগল কোন্ রসিক পুরুষ পরিত্যাগ করিতে অভিলাষ করিয়া থাকে অর্থাৎ কেহই করে না ॥ ১০ ॥

---

* পদবাক্যার্থতা হেতোঃ কাব্যলিঙ্গং প্রকীর্ত্ত্যতে।

অস্যার্থঃ। যে স্থানে কার্য্যের প্রতিপদ কিম্বা বাক্যই কারণ হয় তথায় "কাব্যলিঙ্গ" নামক অলঙ্কার হইয়া থাকে ॥

"যাঁহার উপাসনালব্ধ শক্তিলেশেই তরু সমস্ত—সর্ব্বভীষ্ট প্রদান করেন" এ স্থলে অভীষ্ট দান রূপ কার্যের প্রতি উপাসনালব্ধ শক্তিলেশই কারণ, সুতরাং কাব্যলিঙ্গ।

লবণিমমধুপূর্ণং স্বাঙ্গুলিশ্রেণিপর্ণং
যুবতিনয়নভৃঙ্গব্যূহপীতং সুশীতম্।
নখরনিকররোচিঃ কেশরং সৌরভোর্ম্মী
পরিমলিতদিগন্তং কৃষ্ণপাদাব্জমীড়ে॥ ১১॥

রূপকং॥ *॥

কৃষ্ণপাদাব্জমীড়ে স্তৌমি। কীদৃশং লবণিমমধুপূর্ণং। পদাঙ্গুলিশ্রেণয়ঃ পত্রাণি যস্য তৎ। যুবতীনাং নেত্ররূপভ্রমরসমূহেন পীতং। নখানাং কান্তয়ঃ কেশরা যত্র তৎ। সৌরভপরম্পরয়া পরিমলিতা বাসিতা দিগন্তা দিশামন্তাঃ প্রান্তঃ-সীমানো বা যেন তৎ। "অন্তঃ প্রান্তস্বরূপয়োরিতি বিশ্বঃ।" "রূপকং তু তৎ যত্তা দাত্ম্যং দ্বয়োঃ"। অস্যার্থঃ। দ্বয়োরুপমানোপমেয়য়োঃ। অতিশয়াভেদাদপ-হ্নুতিভেদত্বং তাদাত্ম্যং। যত্রারোপবিষয়স্যোপমেয়স্য তথারোপ্যমাণস্য উপ-মানস্য চ দ্বয়োরেব বোধকশব্দৌ বর্ত্তেতে। তত্র সমস্তবস্তুবিষয়কং রূপকং। তদুক্তং। তচ্চ, দ্বিধৈবেতি বিদুর্বুধাঃ। সমস্তবস্তুবিষয়মেকদেশবিবর্ত্তি চ।

লবলীলতার মধুর ন্যায় যাহাতে মধু পরিপূর্ণ, অঙ্গুলী শ্রেণী যাহাতে পত্রসমূহ যুবতীগণের নেত্রভৃঙ্গ কর্তৃক পরিপীত নখরকান্তিই যাহার কেশর এবং সৌরভতরঙ্গে যে দিক্ দিগন্তকে পরিমল যুক্ত করিয়াছে, সেই শ্রীকৃষ্ণের সুশীতল পাদপদ্মকে স্তব করি॥ ১১॥

† রূপকের লক্ষণ এই যে, "রূপকন্তু তৎ যৎ তাদাত্ম্যং দ্বয়োঃ॥"

অস্যার্থঃ। উপমান ও উপমেয়ের অতিশয় অভেদ তাহাই তাদাত্ম্য যে স্থানে আরোপ্যমাণ উপমেয় ও উপমানের বোধক দুইটী শব্দই বিদ্যমান থাকে, সেই স্থানে সমস্তবস্তু বিষয়ক রূপক হয়। ঐ রূপক দ্বিবিধ; সমস্তবস্তু-বিষয়ক ও একদেশবিবর্ত্তি। যে স্থানে আরোপ্যমাণ ও আরোপ্য এই দুইটি বিষয়ক শব্দ দ্বারা জানা যায় তাহাকে সমস্ত বস্তুবিষয়ক রূপক কহে। এস্থলে পদ্ম ও শ্রীকৃষ্ণের পদ এই দুইয়ের অভেদ, পরিমল ও মধ্বাদির অভেদটি শব্দবোধ্য সুতরাং এই রূপকটী সমস্ত বস্তুবিষয়ক। এবং অনেক সজাতীয় পদার্থ বিদ্যমান থাকায় প্রসঙ্গিক রূপকও হইয়াছে॥ ১১॥

পঞ্চেন্দ্রিয়াহ্লাদিগুণৈর্মহত্তমৈ-
রক্তোৎপলাব্জানি বদান্যতাদিভিঃ।
কল্পদ্রুমাণাং জিতবচ্চ পল্লবান্
কেনোপমেয়ং চরণাম্বুজং হরেঃ॥ ১২॥

ব্যতিরেকঃ॥ *॥

আরোপ্যমাণারোপ্যবিষয়ৌ যত্র শব্দগৌ তদাদি। অত্র পদ্মশ্রীকৃষ্ণপদয়ো-স্তাদাত্ম্যং পরিমলমধ্বাদীনাং তাদাত্ম্যং সমস্তবস্তুবিষয়ং রূপকং। অনেক-সজাতীয়রূপস্য বিদ্যমানাৎ প্রাসঙ্গিকঞ্চ॥ ১১॥

মহত্তমৈঃ পঞ্চেন্দ্রিয়াণ্যাহ্লাদয়িতুং শীলং যেষাং তথাভূতৈর্গুণৈরক্তোৎ-পলাব্জানি জিতবৎ। বদান্যতাদিভির্মহত্তমৈর্গুণৈঃ কল্পদ্রুমাণাং পল্লবান্ জিতবৎ। "সমস্তস্যাসমস্তেন নিত্যাপেক্ষেণ সঙ্গ..." রিতি সংস্তানাং গুণানাং বিশেষ্যাণাং বদান্যতাদিভিরসমস্তৈর্নিত্যাপেক্ষৈর্বিশেষণৈঃ সঙ্গতিঃ। ইত্থম্ভূতং হরেশ্চরণাম্বুজং কেনোপমেয়ং ন কেনাপীত্যর্থঃ। উপমানাদ্বিলক্ষণো ব্যতি-রেকঃ। গুণেন দোষেণ চাত্র উপমানাৎ রক্তোৎপলাব্জাৎ কল্পদ্রুমপল্লবাৎ। হরেঃ পদাম্বুজং বিলক্ষণং। গুণেনাধিকং ব্যতিরেকঃ॥ ১২॥

বদান্যতাদি মহত্তম গুণ সকল দ্বারা কল্পতরুর পল্লবগণকে জয় করিয়াছেন সেই শ্রীকৃষ্ণের পদকমলকে এই ভুবনে কোন্ বস্তু দ্বারা উপমিত করিতে হইবে? অর্থাৎ এই পদকমল কোন্ বস্তু দ্বারাই উপমিত হয় না॥ ১২॥

---

* উপমানাদ্বিলক্ষণো ব্যতিরেকঃ। অর্থাৎ যে কোন গুণ বা দোষ বশতঃ উপমেয় বস্তুটি উপমান বস্তু হইতে বিভিন্নরূপ হইলে তথায় "ব্যতিরেক" হইয়া থাকে। এস্থলেও শ্রীকৃষ্ণ চরণের স্বকীয় বদান্যতাদি গুণবশতঃ রক্তপদ্ম ও কল্পতরু হইতে আধিক্য হইয়াছে। রক্তোৎপল কেবল চক্ষুরিন্দ্রিয়েরই তৃপ্তিপ্রদ ও কল্পবৃক্ষ সমস্ত দাতা বটেন, কিন্তু বদান্য অর্থাৎ বহুদাতা নহেন।

নখশ্রিতিভিরুচিগঙ্গা কৃষ্ণপাদপ্রয়াগে
তদুপরিশিতিভিরোচির্ভানুজা সঙ্গতাসীৎ।
অরুণকিরণধারাধাতৃকন্যাপ্যধস্তা-
ল্লসতি নিখিলসর্ব্বাভীষ্টদেয়ং ত্রিবেণী ॥ ১৩ ॥

রূপকোৎপ্রেক্ষে ॥ ।

কৃষ্ণপাদপ্রয়াগে নিখিলানাং জনানাং সর্ব্বাভীষ্টদেয়ং ত্রিবেণী লসতি। ত্রিবেণীত্বমাহ,—চরণাগ্রস্থিতানাং নখানাং শুক্লকান্তিরেব গঙ্গা চরণোপরিশিতিরোচিঃ কৃষ্ণকান্তির্ভানুজা যমুনা। অধস্তাচ্চরণয়োরধস্তদরুণকিরণধারা ধাতৃকন্যা সরস্বতী চ সঙ্গতা মিলিতাসীৎ। "শিতিধবলমেচকাবিত্যমরঃ রূপকমত্রোপমানোপমেয়য়োঃ। ত্রিবেণী কৃষ্ণচরণসমন্ধিত্রিবিধকান্ত্যো স্তাদাত্ম্যং অতিশয়াভেদাদপহ্নুতিপ্রভেদত্বং তাদাত্ম্যং। সমস্তবস্তুবিষয়ং উপমানোপমেয়য়োর্বিদ্যমানত্বাৎ প্রাসঙ্গিকঞ্চ। অনেকসজাতীয়রূপকস্য বিদ্যমানত্বাৎ রূপকমত্র। উৎপ্রেক্ষালক্ষণং সম্ভাবনোপমানোপমেয়য়োরুৎকর্ষহেতুকা উৎপ্রেক্ষা নূনমিত্যাদিশব্দদ্যোত্যা। অস্যার্থঃ। উপমানেন নূনমিত্যাদিশব্দদ্যোত্যা উপমেয়োৎকর্ষহেতুকা সম্ভাবনা উৎপ্রেক্ষা সম্ভাবনা হেত্বন্তরোপন্যাসেন। বিতর্কণং নূনং মন্যে শঙ্কে ইব ধ্রুবং নু কিং কিমুতেত্যাদয়ো নূনমাদয়ঃ। ত্রিবেণ্যাং শরীরত্যাগিনামেব সর্ব্বাভীষ্টদা ত্রিবেণী। কৃষ্ণপাদস্থত্রিবেণীতু

শ্রীকৃষ্ণের চরণরূপ প্রয়াগে নিখিল জনের অভীষ্ট দাত্রী এই ত্রিবেণী অর্থাৎ গঙ্গা, যমুনা ও সরস্বতীর ন্যায় শোভা পাইতেছেন, যে হেতু, চরণের অগ্রবর্ত্তি শুভ্রবর্ণ নখরকান্তিই গঙ্গা, শ্রীপদের উপরিস্থিত কৃষ্ণকান্তিই ভানুপুত্রী (যমুনা) এবং চরণের অধঃস্থিত অরুণকিরণ ধারাই ধাত্রী কন্যা (সরস্বতী) হইয়াছেন ॥ ১৩ ॥

কৃষ্ণ পদকমল চক্ষুরাদি পঞ্চেন্দ্রিয়ের আহ্লাদক ও সর্ব্বাভীষ্টপ্রদ সুতরাং তাহার উপমা নাই, এতদ্দ্বারা কৃষ্ণপাদপদ্মের গুণাধিক্যই ব্যতিরেক হইয়াছে ॥

। রূপক ও উৎপ্রেক্ষার অর্থ যথাক্রমে করা যাইতেছে। উপমান ও উপ-

অপূর্ব্বঃ কংসারেশ্চরণযুগলস্যৈষ মহিমা
যদাশ্রিত্য ধ্বান্তং স্বকদনকৃতে প্রাপ্তমরুণম্ ।

ধ্যানার্চ্চনাদিভিরেব সর্ব্বাভীষ্টদেতি তত্তদ্রূপহেত্বন্তরোপন্যাসেন কিং শব্দ-দ্যোত্যা তস্যা অপ্যুৎকৃষ্টা ॥ ১৩ ॥

কৃষ্ণপদযুগস্যৈষ মহিমা অপূর্ব্বঃ। যচ্চরণযুগমাশ্রিত্য ধ্বান্তং তমঃ—তস্য ধ্বান্তস্য কদনকৃতে নাশায় প্রাপ্তমন্ধকারং নাশয়িষ্যামি ইতি নিশ্চিত্যা-গতমরুণং নিযুদ্ধেঽধঃ কৃত্বা উপরি লসতি। স প্রসিদ্ধঃ পূর্ণঃ উডুপ-শ্চন্দ্রঃ। যৎপদাশ্রিততমসা অরুণনয়নং বীক্ষ্য ভয়াদ্বপুষোঽমলং বৃংহং কুর্ব্বন্ অহো চরণযুগলমহিমেতি বিচার্য্য ইদং চরণযুগলং আশ্রয়ৎ। কিম্বা ইদং পদা-শ্রি ধ্বান্তমাশ্রয়ৎ স্বত্বান্নৈব তদগ্রবর্ত্তী বভূবেতি ভাবঃ। অতিশয়োক্তিলক্ষণং। নিগীর্ণস্যোপমানোপমেয়স্য নিরূপণং যৎ স্যাদতিশয়োক্তিঃ সা। নিগীর্ণং

আহা! শ্রীকৃষ্ণের পদদ্বয়ের কি অপূর্ব্ব মহিমা! যে পদযুগলের আশ্রয় করিয়া অন্ধকার ও আপনার দুঃখ নাশ নিমিত্ত প্রাপ্ত অন্ধকার নাশ-করিব, এই নিশ্চয় করিয়া আগত অরুণকে বাহুযুদ্ধে তিরস্কার করত উপরি

মেঘের অভেদই রূপক” এস্থলে দুইটিই বর্ত্তমান থাকায় সমস্তবস্তুবিষয়ক রূপক এবং ত্রিবেণী কল্পনাতে প্রয়াগ, গঙ্গা, যমুনা ও সরস্বতী এই সজা-তীয় পদার্থ গুলি বিদ্যমান থাকায় প্রসঙ্গিক রূপকও হইয়াছে বস্তুতঃ “নখ-কান্তিই গঙ্গা” ইত্যাদি অভেদই রূপকের বীজ ॥

“উপমান ও উপমেয় এই উভয়ের এমন একটি সম্ভাবনা কর্ত্তব্য যে সম্ভা-বনাটিতে কোন একটী উৎকর্ষ বুঝা যায়। এইরূপ সম্ভাবনা অর্থাৎ অধ্যবসায়-কেই উৎপ্রেক্ষা বলা যায়, মন্যে অর্থাৎ বোধ করি, নূনং, শঙ্কে, বিতর্ক ইত্যাদি কতক গুলি শব্দ দ্বারা এই উৎপ্রেক্ষার বোধ হইয়া থাকে। ত্রিবেণীতে দেহ-পাত না হইলে সকল অভীষ্ট দান করে না পরন্তু কৃষ্ণ পাদপদ্মরূপা ত্রিবেণী ধ্যান ও অর্চ্চনা করিলেই সে—সকল অভিলষিত দান করেন, ইহাই এস্থলে

নিযুদ্ধেঽধঃ কৃত্বোপরি লসতি যদ্বীক্ষ্য সভয়া-
দ্বপুর্ব্বূহং কুর্ব্বন্নমলমুড়ুপোঽপ্যাশ্রয়দিদম্ ॥ ১৪ ॥

প্রথমাতিশয়োক্ত্যুৎপ্রেক্ষে ॥ *

গ্রস্তং। তথাচোপমানস্যৈব প্রয়োগো নতু উপমানেন গ্রস্তস্যোপমেয়স্য। অত্র উপমানানাং ধ্বান্তারুণচন্দ্রাণামেব প্রয়োগঃ নতূপমেয়ানাং শ্যামবর্ণরক্তবর্ণনখানাং প্রয়োগঃ। তদেবান্যতয়া যদি নিরূপ্যতে সা দ্বিতীয়া। অস্যার্থঃ। তদেব প্রকৃতং বস্তু উপমানং বা অন্যদেবেদমিতি নিরূপ্যতে তদা সা অতিশয়োক্তি র্দ্বিতীয়া। অত্র প্রকৃতানাং চরণস্য শ্যামবর্ণরক্তবর্ণনখানাং ধ্বান্তারুণচন্দ্রতয়া নিরূপণমতিশয়োক্তিঃ। ধ্বান্তাদ্যপেক্ষয়া শ্যামাদিবর্ণানামুৎকর্ষ উৎপ্রেক্ষা ॥ ১৪ ॥

ভাগে শোভাশালী এবং প্রসিদ্ধ ও পূর্ণ শশধরও অন্ধকার কর্ত্তৃক অরুণের জয় দেখিয়া ভীতিবশতঃ স্বীয় শরীর সমূহকে নির্ম্মল করিয়া "চরণযুগলের কি আশ্চর্য্য মহিমা" এই বলিয়া তাহাকে আশ্রয় করিয়াছে ॥ ১৪ ॥

সম্ভাবনার উৎকর্ষ। "যেন ত্রিবেণীর মত শ্রীপদের শোভা পাইতেছে" ইহাই গম্যোৎপ্রেক্ষা বুঝিতে হইবে ॥

* অতিশয়োক্তি ও উৎপ্রেক্ষা যথা—

এই শ্লোকে উপমান রূপ ধ্বান্ত, অরুণ ও চন্দ্রেরই প্রয়োগ হইয়াছে কিন্তু উপমেয় রূপ শ্যামবর্ণ ও রক্তবর্ণ নখের প্রয়োগ হয় নাই।

প্রকৃতবস্তু উপমান অথবা, অন্যকে "তাহাই" এই রূপ বলিয়া যদি নিরূপণ করা হয় তবে তাহাকে এক প্রকার অতিশয়োক্তি বলে ॥

এস্থলে প্রকৃত চরণের শ্যামবর্ণ ও রক্তবর্ণ নখসমূহের ধ্বান্ত, অরুণ ও চন্দ্ররূপে যে নিরূপণ তাহাই অতিশয়োক্তি বুঝিতে হইবে ॥

এস্থলে ধ্বান্তাদি অপেক্ষা শ্যামাদিবর্ণের উৎকর্ষই উৎপ্রেক্ষা ॥

কলোক্তিঃ সা ততঃ সারী বৃন্দয়া প্রেরিতা দৃশা।
রসজ্ঞাং বাসিতাং চক্রে কৃষ্ণপাদাব্জবর্ণনৈঃ ॥ ১৫ ॥

চণ্ডাংশোঃ প্লুষ্টবর্ষ্মারুণ ইহ কিরণৈঃ কৃষ্ণপাদাব্জযুগ্মং
শীতচ্ছায়ং প্রবিষ্টোহস্তারুণমিদমভূদ্ব্যাপ্তমস্যারুণিম্না। স্ম্না
উৎপ্রেক্ষেয়ং কবীনাং মমতু মতমিদং কৃষ্ণরাগাতিরক্তং
রাধাচিত্তং মমৈবাস্পদমিদমিতি তদ্ব্যাশ্নুত স্বস্য ধাম্না ॥ ১৬
উৎপ্রেক্ষা ॥ †

বৃন্দয়া দৃশা প্রেরিতা কলোক্তিনাম্নী সা সারী কৃষ্ণপাদাব্জবর্ণনৈঃ রসজ্ঞাং জিহ্বাং বাসিতাং চক্রে ॥ ১৫ ॥

চণ্ডাংশোঃ সূর্য্যস্য কিরণৈঃ প্লুষ্টং দগ্ধং বর্ষ্ম বিগ্রহো যস্য স অরুণঃ শীতচ্ছায়ং কৃষ্ণপাদাব্জযুগ্মং প্রবিষ্টো হস্তি। অস্য অরুণস্য অরুণিম্না ব্যাপ্তমিদং পদযুগ্মমত্যরুণমভূদিতি কবীনামুৎপ্রেক্ষা। মমতু ইদং মতং তৎ কৃষ্ণপাদযুগং মমৈবাস্পদং ইতি মত্বা রাধাচিত্তং কৃষ্ণবিষয়করাগেণাতিরিক্তং সৎ স্বস্য ধাম্না কান্ত্যা ইদং কৃষ্ণপাদযুগং ব্যাশ্নুত ব্যাপ্নোৎ। 'অশুঙ্ ব্যাপ্তৌ সংঘাতে চ।' উৎপ্রেক্ষাত্রারুণাদপ্যরুণাৎ শ্রীকৃষ্ণচরণাদপি শ্রীরাধায়াঃ শ্রীকৃষ্ণবিষয়করাগস্যোৎকর্ষঃ ॥ ১৬ ॥

